জীবনকর্ম সিরিজ

KAZIRKAJ 01830 338105

জীবনকর্ম সিরিজ ১ ইমাম বুখারী রহ. জীবনকর্ম ও হাদীস সংকলনের পদ্ধতি | ড. মুফতী মুহাম্মদ মানজুরুর রহমান

জীবনকর্ম সিরিজ ১

ইমাম বুখারী রহ.

জীবনকর্ম ও হাদীস সংকলনের পদ্ধতি

ড. মুফতী মুহাম্মদ মানজুরুর রহমান

ইমাম বুখারী (রহ.)-এর জীবনকর্ম
ও
হাদীছ সংকলনে তাঁর কর্মপদ্ধতি

(একটি গবেষণামূলক পর্যালোচনা)

md. shafiul-Alam
21-03-2025

ড. মুহাম্মদ মানজুরুর রহমান

পি-এইচ.ডি; এম.ফিল - চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম
বি,টি,আই,এস, (অনার্স); এম,টি,আই,এস (মাষ্টার্স)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
কামিল ট্রিপল (আদব,তাফসীর,ফিক্‌হ)
অল থ্রু ফার্স্ট ক্লাশ

প্রকাশনায়

আশরাফিয়া বুক হাউজ

ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা-১১০০
মোবাইল : ০১৯১১০০৬৮০৬

প্রথম প্রকাশ : জুলাই ২০১৪ ইং
চতুর্থ মুদ্রণ : ফেব্রুয়ারী ২০১৯ ইং

ইমাম বুখারী (রহ.)-এর জীবনকর্ম

(গবেষণামূলক পর্যালোচনা)

প্রকাশক : নজরুল ইসলাম
আশরাফিয়া বুক হাউজ
ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা-১১০০

হাদিয়া : ২৫০.০০ টাকা

ISBN : 978-984-8947-09-15

উৎসর্গ

আমার পরম শ্রদ্ধেয় পিতা
আল-হাজ্ব মাওঃ অধ্যক্ষ মুহাম্মদ মুজিবুর রহমান ও
আমার প্রাণাধিক শ্রদ্ধেয়া মা
মিসেস ছালেহা খাতুন-এর উদ্দেশ্যে
যাঁদের স্নেহধন্য বিশেষ দোয়ার বরকতে
আমি গ্রন্থটি সমাপ্ত করতে সক্ষম হয়েছি।
মহান আল্লাহর নিকট তাঁদের সুস্বাস্থ্য
ও দীর্ঘায়ু কামনা করি।

এবং

আখেরাতে রাসূলুল্লাহ (সা.)-এর
শাফা'আত প্রত্যাশান্তে

–ড. মানজুর

◀◀ ইমাম বুখারী (রহ.) বলেছেন,

"مَا اَدْخَلْتُ فِيْهِ حَدِيْثاً إلاَّ بَعْدَ إسْتَخَرْتُ اللهَ تَعَالَى وَصَلَّيْتُ رَكْعَتَيْنِ وَتَيَقَّنْتُ صِحَّتَهُ."

"আমি আল-জামি'উস সহীহ্ গ্রন্থে প্রতিটি হাদীছ লিখার পূর্বে গোসল করেছি ও দু'রাকা'আত (নফল) নামায আদায় করেছি। এ পদ্ধতি অবলম্বন না করে একটি হাদীছ ও লিপিবদ্ধ করি নি।"(ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী, পৃ.৬৭৫; তাহযীবুত তাহ্যীব, খ.৯ম, পৃ. ৪২; মুহাম্মদ আনোয়ার শাহ্ আল-কাশমীরী : ফায়যুল বারী খ.১ম, পৃ.৫)।

◀◀ ইমাম তিরমিযী (রহ.) (মৃ.২৭৯ হি.) বলেন,

(قال ابوعيسي الترمزي: لم أرَ أعلمُ بالعللِ والأسانيدِ مِنْ محمدِ بن إسماعيلِ البخاريِّ.)

"হাদীছের সনদ ও 'ইলাল (সুক্ষ দোষ-ত্রুটি) সম্পর্কে ইমাম বুখারীর চেয়ে অধিক জ্ঞানী আমি আর কাউকে দেখিনি"। (দ্র.-ইব্ন হাজার : তাহ্যীবুত্ তাহ্যীব, খ.৯ম, পৃ.৪৫; হুদা আস্-সারী, পৃ.৬৭১)।

◀◀ ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (রহ.) (মৃ.২৪১হি.) বলেন,

(مَا أَخْرَجْتُ خَرَسَان مِثْلَ مُحَمَّدْ بْنِ إسْمَاعِيْلُ)

"খুরাসানে মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল-এর মতো অন্য কোন ব্যক্তি জন্ম নেয়নি"। (দ্র.-খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, পৃ.২১০: মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, পৃ. ৩৫৪)।

◀◀ মুহাম্মদ ইব্ন ইসহাক ইব্ন খুযাইমাহ (রহ.) (মৃ.২২৩/৮৩৭-৩১১/৯২৩) বলেন,

(مَارَأَيْتُ تَحْتَ أُدِيْمِ السَّمَاءِ أَعْلَمَ بِحَدِيْثِ رَسُوْلِ اللهِ صلي الله عليه وسلم ولاَ أَحْفَظُ لَهُ مِنْ مُحَمَّدِ بْنَ إسْمَاعِيْلَ الْبُخَارِيِّ)

"আকাশের নীচে ইমাম বুখারী (রহ.) অপেক্ষা হাদীছ শাস্ত্রে সর্বাধিক জ্ঞানী ও অধিক সংরক্ষণকারী আমি আর কাউকে দেখি নি"। (দ্র.-ইব্ন হাজার : হুদা আস্-সারী, পৃ.৬৭১; হাফিয শামসুদ্দীন আয্-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, পৃ.৪৩১)

অভিমত

হাদীস হচ্ছে কুরআ'নের সংক্ষিপ্ত বিশ্লেষণকারী, গোপনীয় তথ্যের স্পষ্ট ব্যাখ্যাদানকারী এবং কুরআ'নের ইঙ্গিতবাহ আয়াতের বিস্তৃত বিশ্লেষণ। আর যে একে অগ্রাহ্য করবে অথবা মুখ ফিরিয়ে নিবে, সে পথ ভ্রষ্ট এবং মহাক্ষতিতে নিমর্জ্জিত হবে। রাসূলুল্লাহ (সা.) মানব সমাজের উদ্দেশ্য আল্লাহ প্রদত্ত অনেক আদেশ, নিষেধ, সুসংবাদ, ভীতি প্রদর্শন এবং অসংখ্য বাস্তব দৃষ্টান্ত প্রদান করে চমৎকার ও মূল্যবান জীবনের পাথেয় উপস্থাপন করেছেন। **"ইমাম বুখারী (রহ.)-এর জীবনকর্ম ও হাদীছ সংকলনে তাঁর কর্মপদ্ধতি"** শিরোনামে গ্রন্থটির লেখক ড. মুহাম্মদ মানজুরুর রহমান "বিশ্ব সেরা হাদীছ বিজ্ঞানী ইমাম বুখারী (রহ.) হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণে যে শতভাগ নির্ভুল ও বিশুদ্ধ ছিলো" তা প্রমান করতে সক্ষম হয়েছেন।

হাদীস অনুসন্ধিস্যু সাধারণ ছাত্র-ছাত্রী, পাঠক-পাঠিকা, হাদীস গবেষক শিক্ষার্থীদের জন্য বেশ গুরুত্বপূর্ণ সহায়ক গ্রন্থ হবে বলে প্রতীয়মান হয়। হাদীসের ব্যাপারে সু-স্পষ্ট ব্যাখ্যা এবং নির্ভুল হাদীস বর্ণনায় মুহাদ্দিসগণের কর্মপদ্ধতি ও বিস্তৃতির ক্ষেত্রেও এক নতুন মাত্রার সংযোজন ও সহায়ক নির্দেশিকা হিসেবে গ্রন্থটি প্রশংসার দাবীদার। আমি এ গ্রন্থটি ও তার লেখক ড. মুহাম্মদ মানজুরুর রহমান-এর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

(ড. এ.এফ.এম. আমীনুল হক)
প্রফেসর- ইসলামিক স্টাডিজ বিভাগ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

অভিমত

ইসলাম বিশ্ব মানবতার শাশ্বত ও চিরন্তন জীবন বিধান। আল-কুরআন ও আল-হাদীস এ ধর্মের মূল চালিকা শক্তি। হাদীস ব্যতীত কুরআন অনুধাবন ও এর সঠিক মর্ম উদ্ধারের প্রচেষ্টা নিতান্তই ব্যর্থ প্রয়াস। ইসলামী জীবন বিধানে কুরআনের পরপরই হাদীসের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

ড. মুহাম্মদ মানজুরুর রহমান হাদীস গবেষক ও শিক্ষার্থীদের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে দীর্ঘদিনের প্রচেষ্টার মাধ্যমে গ্রন্থটি প্রণয়ন করেন। **"ইমাম বুখারী (রহ.)-এর জীবনকর্ম ও হাদীছ সংকলনে তাঁর কর্মপদ্ধতি"** শীর্ষক শিরোনামে এ গ্রন্থটির লেখক গবেষণার সাধ্যমে ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণে তাঁর পদ্ধতিসমূহ উপস্থাপন করেছেন। তিনি বিশ্ববিদ্যালয়ে আমাদের ছাত্র থাকাকালে বিভিন্ন ক্ষেত্রে প্রতিভার স্বাক্ষর রেখেছেন। একজন শিক্ষক ও প্রিন্সিপাল হিসেবে কর্মজীবনেও তিনি বহুমুখী যোগ্যতার পরিচয় দিচ্ছেন এবং গবেষণামূলক লেখালেখিতে মনোযোগী হয়েছেন দেখে আমি অত্যন্ত আনন্দিত। তাঁর ইতোমধ্যে গবেষণামূলক কয়েকটি গ্রন্থ ও গবেষণামূলক পত্রিকায় বেশ কিছু লেখা প্রকাশিত হওয়ায় আমি মুগ্ধ ও আশান্বিত হয়েছি। আশা করি, হাদীস গবেষক ও শিক্ষার ক্ষেত্রে তাঁর এ গুরুত্বপূর্ণ প্রয়াস মুসলিম উম্মার বেশ উপকারে আসবে। আমি এ গ্রন্থটি ও তার লেখকের জন্য দোয়া ও সাফল্য কামনা করি।

(ড. মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান ও প্রফেসর
আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, বাংলাদেশ।

লেখকের কথা

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ جَعَلَ عِلْمَ الحَدِيْثِ اساسا ثَانِيًّا لِشَرِيْعَتِه. وَوَفَّقَ لِعُلَمَاءِ الأمَّةِ. خَاصًّا لِمُحَمَّدِ بْنَ إِسْمَاعِيْلَ الْبُخَارِيِّ مِنْ لِأَصْحَابِ الصِّحَاحِ السِّتَّةِ تَصْحِيْحَ الحَدِيْثِ مِنْ سَقِيْمِه. فَجَعَلُوْا لِتَأْلِيْفِ كِتَابِهِمْ مَنْهَجًا مُعَيَّنًا كَرِيْمًا. وأشهد أَنَّ سَيِّدَنَا مُحَمَّداً عَبْدُه وَرَسُوْلُه. اَلَّذِيْ اتمَّ بِه مَأْمُوْلَه مِنْ إِكْمَالِ الدِّيْنِ. وَآتَاهُ جَوَامِعَ الْكَلِمِ. فَنَطَقَ بِجَوَاهِرِ الْحِكَم. وَصَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِه وَصَحْبِه ذَوِي الأُصُوْلِ الْكَرِيْمَةِ وَالأَمْجَادِ الْمَأْثُوْلَةِ.

সর্বপ্রথম কৃতজ্ঞতা ও শুকরিয়া জ্ঞাপন করছি নিখিল বিশ্বের স্রষ্টা মহান আল্লাহ রাব্বুল 'আ'লামীনের প্রতি, যিনি অপার অনুগ্রহে আমাদেরকে এ গ্রন্থটি সম্পাদনের তাওফীক দিয়েছেন। দুরূদ ও সালাম পেশ করছি মানবতার মুক্তির দিশারী, হাদীছের উৎপত্তিকারী, হেদায়েতের প্রচারকারী ও নাজাতের কাণ্ডারী রাসূলুল্লাহ (সা.)-এর প্রতি। গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি সাহাবীগণের প্রতি, যাঁরা অক্লান্ত পরিশ্রম ও অসংখ্য ত্যাগের বিনিময়ে রাসূলুল্লাহ (সা.)-এর হাদীছসমূহকে সংরক্ষণ করে মুসলিম মিল্লাতের নিকট সঠিকভাবে দায়িত্ব পালন করেছেন।

কৃতজ্ঞতা জানাই বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, বিদগ্ধ পণ্ডিত, খ্যাতিমান শিক্ষাবিদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সাবেক চেয়ারম্যান ও প্রবীণ প্রফেসর, জনাব ড.এ. এফ.এম. আমীনুল হক-এর প্রতি। এ গ্রন্থটি সুচারুরূপে সম্পন্নের ক্ষেত্রে মূল্যবান পরামর্শ, সহযোগিতা, উৎসাহ, উদ্দীপনা ও অনুপ্রেরণা প্রদান করেছেন আমার শ্রদ্ধেয় উস্তাদ ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর বিশিষ্ট খ্যাতিমান শিক্ষাবিদ, প্রফেসর ড. মোঃ শফিকুল ইসলাম স্যার। যিনি ব্যস্ততার মধ্যেও প্রচুর সহযোগিতা, দুর্লভ গ্রন্থ এবং তথ্য-উপাত্তের সন্ধান, মূল্যবান পরামর্শ প্রদান করেছেন।

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, সাবেক ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদের ডিন, সাবেক চেয়ারম্যান আল-হাদীছ এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর ড. আ,খ,ম, ওয়ালী উল্লাহ, প্রফেসর ড. মুহাম্মদ

সেকান্দর 'আলী, প্রফেসর ড.খোন্দকার আ,ন,ম,'আবদুল্লাহ জাহাঙ্গীর; প্রফেসর ড. মুহাম্মদ মুজাম্মিল 'আলী, সহযোগী অধ্যাপক ড. আ,ন,ম, ইকবাল।

এ গ্রন্থটি সম্পাদনের ক্ষেত্রে বিভিন্ন লাইব্রেরী থেকে পত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতা পেয়েছি। বিশেষতঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী, ইসলামী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী, ঢাকা পাবলিক লাইব্রেরী, বাংলা একাডেমী, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, হোগলাডাংগী এম,আই,কামিল মাদ্রাসার লাইব্রেরীসহ আরও অনেক শিক্ষা প্রতিষ্ঠান ও লাইব্রেরীর সহযোগিতা আমাকে বিশেষ উপকৃত করেছে। সংশ্লিষ্ট লাইব্রেরী ও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও সুধীজনদের প্রতি আমার আন্তরিক ধন্যবাদ ও মুবারকবাদ।

আমার পরম শ্রদ্ধেয় পিতা আল-হাজ্জ মাওলানা অধ্যক্ষ মুহাম্মদ মুজিবুর রহমান ও আমার প্রাণাধিক শ্রদ্ধেয় মা মিসেস ছালেহা খাতুন, যাঁদের স্নেহধন্য বিশেষ দোয়ার বরকতে আমি গ্রন্থটি সমাপ্ত করতে সক্ষম হয়েছি। বহু কষ্ট করে আমার শ্রদ্ধেয় আব্বা অধ্যক্ষ মুজিবুর রহমান ও শ্রদ্ধেয় শ্বশুর মাষ্টার বজলুর রহমান মহোদয় এ গ্রন্থটির প্রুপ দেখে সংশোধন করেছেন। মহান আল্লাহর নিকট তাঁদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি।

আমার সহধর্মিণী ড. মনিরা খাতুন গ্রন্থটি তথ্যবহুল করার জন্য বিভিন্নভাবে উৎসাহ, উদ্দীপনা ও অনুপ্রেরণা দিয়েছে। গ্রন্থটি রচনার ক্লান্তিকর্মের এক ঘেঁয়েমিতার মাঝে আমার প্রিয় সন্তান মুতাসিম বিল্লাহ সাফিন (এগার বছর), মুহ্সিনা রহমান মহুয়া (ছয় বছর) ও মুহ্সিন বিল্লাহ সিয়াম (চার মাস) তাদের হাসি-দুষ্টুমি অমাকে প্রাণ চাঞ্চল্যতা দান করেছে। মহান আল্লাহর দরবারে তাদের দুনিয়া ও আখেরাতের সাফল্য ও দীর্ঘায়ু কামনা করি।

আমার সম্মানিত সকল স্তরের উস্তাদ, অসংখ্য শুভাকাংখী ভাই-বোন, আত্মীয় স্বজন ও বন্ধু-বান্ধব যাঁদের অপরিসীম ভালবাসা, দোয়া, আত্মত্যাগ ও অনুপ্রেরণা দিয়ে এ গ্রন্থটির কাজকে ত্বরান্বিত করতে সাহস যুগিছেন, তাঁদের সবাইকে অন্ত রের অন্তরস্থল থেকে শ্রদ্ধা, স্নেহ ও সৌহার্দ জানাই। وَمَا تَوْفِيْقِي إِلاَّ بِاللهِ মহান আল্লাহ রাব্বুল 'আ'লামীন সংলিশ্লষ্ট সকলকে জাযায়ে খায়ের দান করুন। আমীন।

ড. মুহাম্মদ মানজুরুর রহমান
খরখরিয়া, মনোহরগঞ্জ, কুমিল্লা

সংকেত বিবরণী

সংকেত	বিবরণ
অনু.	অনুবাদ
আ.	'আলাইহিস্-সালাম
'আয়নী	'আল্লামা বদরুদ্দীন আবূ মুহাম্মদ মাহ্মূদ ইব্ন আহ্মদ ইব্ন মূসা ইব্ন আহ্মদ 'আয়নী।
আল-ইসাবা	আল-ইসাবা ফী তাময়ীযিস্ সাহাব।
ই.ফা.বা.	ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ।
ইব্নুল আছীর	আবুল হাসান 'আলী ইব্নুল আছীর।
ইব্নুল জাওযী	আবুল ফারাহ্ 'আবদুর রহমান ইব্ন 'আলী ইব্নুল জাওযী।
ইব্ন কাছীর	হাফিয ইমামুদ্দীন আবুল ফিদা ইব্ন কাছীর।
ইব্ন খাল্লিকান	কাযী আহ্মদ ইব্ন খাল্লিকান।
ইব্ন হাজার	আবুল ফযল শিহাব উদ্দীন ইব্ন হাজার আল-'আস্কালানী।
খ্রি.	খ্রিষ্টাব্দ।
ঢাবি	ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। বাংলাদেশ।
চবি	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। বাংলাদেশ।
রাবি	রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। বাংলাদেশ।
ইবি	ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া। বাংলাদেশ।
ওয়াফায়াতুল আ'ইয়ান	ওয়াফায়াতুল আ'ইয়ান ফী আমবা'ই আবনা'ইয্ যামা'ন।
ইং	ইংরেজী।
কাশফুয যুনূন	কাশফুয যুনূন 'আন আসামিল কুতুবি ওয়াল ফুনূন।
খৃ.পূ.	খৃষ্টপূর্ব।
হামাভী	আবূ 'আবদিল্লাহ ইয়াকূত আল-হামাভী।
খুলাসাহ	খুলাসাতুত্ তাহ্যীব ওয়া তাহ্যীবিল কামাল ফী আসমা'ইর রিজাল।

ড.	ডক্টর
ইমাম বুখারী (রহ.)	আবূ 'আবদিল্লাহ মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল আল-বুখারী।
ইমাম মুসলিম (রহ.)	মুসলিম ইব্ন হাজ্জাজ আল-কুশাইরী।
ইমাম আবূ দাঊদ (রহ.)	আবূ দাঊদ সুলাইমান ইব্ন আশ্'আস আস-সিজিস্তানী।
ইমাম আত্-তিরমিযী (রহ.)	আবূ 'ঈসা মুহাম্মদ ইব্ন 'ঈসা আত্-তিরমিযী।
ইব্ন মাজাহ্ (রহ.)	মুহাম্মদ ইব্ন ইয়াযীদ ইব্ন মাজাহ্ আল-কাযভীনী।
ইমাম নাসাঈ (রহ.)	আহ্মদ ইব্ন শু'আয়ব ইব্ন 'আলী ইব্ন বাহার ইব্ন সিনান ইব্ন দীনার আন্-নাসাঈ।
সহীহ্ আল-বুখারী	আল-জামি' আস-সহীহ্ আল-মুসনাদ আল-মুখতাসার মিন 'উমূরি রাসূলিল্লাহে (সা.) ওয়া সুনানিহী ওয়া আইয়্যামিহী।
তিরমিযী	আল-জামি'উত তিরমিযী।
তা.বি.	তারিখ বিহীন।
তাহাভী	আহ্মদ ইব্ন মুহাম্মদ ইব্ন সালমাহ ইব্ন সালমাহ ইব্ন 'আবদিল মালিক ইব্ন সালমাহ ইব্ন সুলাইম ইব্ন সুলাইমান।
দ্র.	দ্রষ্টব্য।
আল-বিদায়াহ্	আল-বিদায়াহ্ ওয়ান-নিহায়াহ্।
পৃ.	পৃষ্ঠা
দেহলভী	শাহ্ ওয়ালী উল্লাহ মুহাদ্দিছ দেহলভী।
(রহ.)	রাহমাতুল্লাহি 'আলায়হি।
(রা.)	রাদিয়াআল্লাহু তা'আলা 'আনহু।
আন-নুজূমুয যাহিরাহ	আন-নুজূমুয যাহিরাহ ফী মূলূকি মিশর ওয়াল কা'হিরাহ।
ফাতহুল মুগীছ	ফাতহুল মুগীছ ফী শরহি আলফিয়াতিল হাদীছ।
মৃ.	মৃত্যু

'আল্লামা মুবারকপূরী	'আল্লামা 'আবদুর রহমান মুবারকপূরী।
বালাযুরী	আহ্মদ ইব্ন ইয়াহ্ইয়া আল-বালাযুরী।
মা'আরিফুস সুনান	মা'আরিফুস সুনান শরহি সুনানুত তিরমিযী।
মির'আতুল জানান	মির'আতুল জানান ওয়া 'ইবরাতুল ইয়াকযান।
সং.	সংস্করণ।
(সা.)	সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম।
আয-যাহাবী	শামসুদ্দীন মুহাম্মদ ইব্ন আহ্মদ আয্-যাহাবী।
আশ-শাফি'ঈ	ইমাম মুহাম্মদ ইব্ন ইদ্রিস আশ-শাফি'ঈ।
হি.	হিজরী।
সম্পা.	সম্পাদনা/সম্পাদক।
সুয়ূতী	হাফিয জালালুদ্দীন 'আবদুর রহমান আস্-সুয়ূতী।
শাজারাতুয যাহাব	শাজারাতুয যাহাব ফী আখবারি মান যাহাব।
আস্-সাম'আনী	'আবদুল করীম ইব্ন মুহাম্মদ আস্-সাম'আনী।
আবূ হানিফা	ইমাম 'আযম নু'মান ইব্ন সাবিত।
Vol	Volume
P.	Page.
Trs	Translation.
Ed.	Edited by.
Adi	Adition.
Op. Cit.	Oper citao

আরবী বর্ণের বাংলা প্রতিবর্ণায়ন

আরবী	বাংলা	আরবী	বাংলা	আরবী	বাংলা
أَ	= আ, া, '	د	= দ	ق	= ক
إِ	= ই, ি	ذ	= য	ك	= ক
أُ	= উ, ু	ر	= র	ل	= ল
ـَ	= া, আ	ز	= য	م	= ম
ـِ	= ি, ই	س	= স	ن	= ন
ـُ	= ু, উ	ش	= শ	و	= ও / ভ
ـً	= আন্	ص	= স	وَا	= ওয়া
ـٍ	= ইন্	ض	= য/দ	وَ	= ওয়া
ـٌ	= উন্	ط	= ত	وِيْ	= বী, ভী
ـْ	= ্, হস্ চিহ্ন	ظ	= য	ه	= হ
ـّ	= বর্ণদ্বিত চিহ্ন অথবা - ্য	ع	= '(উল্টো কমা)	ة	= হ/ত
أُو	= ঊ, ূ	عَ	= 'আ		= ' (ঊর্ধ্ব কমা)
إِيْ	= ঈ, ী	عَا	= 'আ	أَم	= আ'
ب	= ব	عِ	= 'ই	إِم	= ই
ت	= ত	عُ	= 'উ	يَ	= য় / ইয়া
ث	= ছ	عُوْ	= ঊ	إِيْ	= ঈ
ج	= জ	عِيْ	= 'ঈ	يِ	= য়ি
ح	= হ	غ	= গ	يِيْ	= য়ী
خ	= খ	ف	= ফ		

সূচীপত্র

বিষয় — পৃষ্ঠা

প্রথম অধ্যায়

ইমাম বুখারী (রহঃ)–এর সংক্ষিপ্ত জীবন পর্যালোচনা

চতুর্থ পরিচ্ছেদ

পঞ্চম পরিচ্ছেদ :

দ্বিতীয় অধ্যায়

মহাজান, জামি', সুনান, সহীহ্, 'আস-সিহাহ সিত্তাহ' পরিচিতি এবং সহীহ্ হওয়ার শর্তাবলী

প্রথম পরিচ্ছেদ :

দ্বিতীয় পরিচ্ছেদ :

তৃতীয় পরিচ্ছেদ :

তৃতীয় অধ্যায়

আস্-সিহাহ্স সিত্তাহ ব্যতীত অন্যান্য প্রসিদ্ধ হাদীছের গ্রন্থসমূহ

প্রথম পরিচ্ছেদ

দ্বিতীয় পরিচ্ছেদ

চতুর্থ অধ্যায়

সহীহ্ হাদীছ সংগ্রহে ইমাম বুখারী (রহ)-এর কর্মপদ্ধতি

প্রথম পরিচ্ছেদ

দ্বিতীয় পরিচ্ছেদ :

তৃতীয় পরিচ্ছেদ :

চতুর্থ পরিচ্ছেদ :

পঞ্চম অধ্যায়

হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণে ইমাম বুখারী (রহ)-এর কর্মপদ্ধতি

ভূমিকা

রাসূলুল্লাহ (সা.)-এর বাণীসমূহ বিশুদ্ধ ও নির্ভেজালভাবে সংরক্ষিত হয়েছে জগৎ বিখ্যাত হাদীছের অন্যতম বিশুদ্ধতম গ্রন্থ 'সহীহুল বুখারী'-এর সংকলনের মাধ্যমে। উক্ত হাদীছ গ্রন্থের মনীষী 'আলিম ব্যক্তিগণের খনি স্বরূপ 'নায়সাপূরে' মুহাদ্দিছকুল শিরোমনি ইমাম বুখারী (রহ.) (১৯৪/৮০৯-২৫৬/৮৭০) অক্লান্ত পরিশ্রম ও কঠোর সাধনার মাধ্যমে মহান আল্লাহ তা'আলার অশেষ রহ্‌মতে ওহীলব্ধ এ জ্ঞানকে সংরক্ষণ করেছেন। সহীহ্‌ভাবে হাদীছ সংরক্ষণ, সংকলন ও গ্রন্থাবদ্ধকরণের ক্ষেত্রে তিনি নিজেস্ব চমৎকার পদ্ধতি অবলম্বন করেছেন তাঁর অসম্ভব জ্ঞান, অসাধারণ মেধা, অপরিমেয় প্রজ্ঞা, প্রতিভা ও প্রখর স্মৃতিশক্তির কথা বিভিন্ন রিজাল শাস্ত্রবিদগণ উল্লেখ করেন, "ইমাম বুখারী (রহ.) যখন কোন একটি কিতাব মাত্র এক বার দেখতেন, ঐ কিতাবটি তাঁর মুখস্থ হয়ে যেতো"। ইমাম বুখারী (রহ.) সহীহ্ হাদীছ সংকলনের ক্ষেত্রে এমন কিছু মানহাজ বা পদ্ধতি গ্রহণ করলেন, যাতে কোন মানুষের মনে, বিশেষ করে হাদীছ জ্ঞান পিপাসু ও গবেষকদের মনে কোন সন্দেহ না থাকে। যা অত্র গ্রন্থে উপস্থাপন করা হয়েছে।

তিনি হাদীছ বিজ্ঞানের জগতে তাঁর অসাধারণ মেধা ও প্রজ্ঞা দিয়ে অনেক যাচাই-বাছাই করে অক্লান্ত পরিশ্রমের মধ্যেমে সনদ ও মতনসহ ছয় লক্ষ হাদীছের উপর যাচাই-বাছাই ও গভীর গবেষণা চালিয়ে সুদীর্ঘ ষোল বছর ব্যাপী অক্লান্ত পরিশ্রম করে তাঁর নিজেস্ব মানদণ্ডে উত্তীর্ণ বিশুদ্ধ হাদীছের 'সহীহুল বুখারী' গ্রন্থটি সমাপ্ত করেন তিনি অত্যন্ত দক্ষতা ও বিচক্ষণতার সাথে রাবীদের জীবনবৃত্তান্ত ও চারিত্রিক গুণাবলি যাচাই-বাছাই ('ইলমুল জারহ্ ওয়াত তা'দীল)-হাদীছ সমলোচনা বিজ্ঞান-এর এক বিপ্লবী পদক্ষেপের মাধ্যমে হাদীছ পরিশুদ্ধায়নে চরম উৎকর্ষতা সাধন করেছেন। **"সহীহ্ হাদীছ সংগ্রহ ও সংকলনে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি"** শীর্ষক বিষয়টি ইসলামী শিক্ষার চলমান প্রেক্ষাপটে খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। তাই "সিহাহ সিত্তার" সংকলন পদ্ধতি সম্পর্কে জ্ঞাত হওয়া হাদীছ জ্ঞান পিপাসুদের জন্য একটি অপরিহার্য বিষয়।

আস-সিহাহুস সিত্তাহ-এর সংকলকগণ ছিলেন হিজরী তৃতীয় শতাব্দীর হাদীছ বিশেষজ্ঞ। আর এ শতাব্দী ছিল ইসলামী জ্ঞান বিজ্ঞানের তথা হাদীছ সংকলনের স্বর্ণ যুগ। এই যুগেই 'আস-সিহাহুস সিত্তাহ' সংকলন হয়। হাদীছ বিশেষজ্ঞগণ

তাঁদের কর্মবহুল জীবনে হাদীছ সংকলন ও সংগ্রহে রাবীদের সম্পর্কে সূক্ষ্মাতিসূক্ষ্ম আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে সহীহ্ হাদীছ সংকলন করেছেন। সহীহ্ পদ্ধতিতে হাদীছ সংকলন করতে গিয়ে তাঁরা তাঁদের নিজস্ব সংকলন পদ্ধতি, অবস্থান, শ্রেষ্ঠত্ব, বৈশিষ্ট্য এবং কঠোর শর্তাবলী প্রদান করেছেন। যা ছিল অত্যন্ত কঠিন। তাঁরা সমগ্র জীবন বিশুদ্ধ হাদীছ সংকলনের জন্য ব্যাপক গবেষণার দ্বারা রাসূলুল্লাহ (সা.)-এর অমীয় বাণীসমূহকে সহীহ্ ও য'ঈফ হাদীছসমূহের উপর যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে আল্লাহ তা'আলার অশেষ মেহেরবানীতে সহীহ্ হাদীছসমূহ সুসংবদ্ধ পূর্ণাঙ্গ সংকলন তৈরী করতে সক্ষম হয়েছেন।

আস-সিহাহুস সিত্তাহ্-এর প্রণেতাগণ নিজে সহীহ্ হাদীছ নির্বাচনের মাপকাঠি সম্পর্কে কিছুই বলেননি পরবর্তী মুহাদ্দিছগণ তাঁদের রেওয়ায়াতের উপর গভীর গবেষণা চালিয়ে এ সিদ্ধান্তে উপণিত হয়েছেন যে, তাঁরা প্রত্যেকেই সহীহ্ গ্রন্থ প্রণয়নের ক্ষেত্রে এই সব 'মানহাজ' বা নীতিমালা স্বযত্নে অবলম্বন করেছেন। তাঁরা হাদীছ সংকলন ও লিপিবদ্ধের ক্ষেত্রে সাধারণত প্রাথমিকভাবে একটি নির্দিষ্ট অধ্যায় ঠিক করে ঐ অধ্যায়ের উপর যত হাদীছ আছে ঐ সকল বিশুদ্ধ হাদীছসমূহকে তাঁদের মানহাজ অনুযায়ী একত্রিত করেছেন। অতপর প্রত্যেক হাদীছের সনদকে "عِلْمُ الْجَرْحِ وَالتَّعْدِيْل" (হাদীছ সমালোচনা বিজ্ঞান)-এর দৃষ্টিতে সর্বোচ্চ সাবধানতার সাথে সূক্ষ্মাতিসূক্ষ্ম বিশ্লেষণ করেছেন। এ সবের পারস্পারিক পার্থক্য নিশ্চিতভাবে নিরূপন করে একটি হাদীছ অপর হাদীছের সাথে তুলনামূলক বিশ্লেষণের মাধ্যমে তাঁদের স্ব স্ব মানহাজ অনুযায়ী (সহীহ হাদীছের শর্ত মোতাবেক) উত্তীর্ণ হওয়ার পর হাদীছটির বিশুদ্ধতার উপর চূড়ান্ত ভাবে নিশ্চিত হয়ে অত্যন্ত সাবধানতার সাথে হাদীছ সংকলন ও লিপিবদ্ধ করেছেন ইমাম বুখারী (রহ.) হাদীছটি বিশুদ্ধতার উপর চূড়ান্তভাবে দৃঢ় হওয়ার পর সাথে সাথেই হাদীছ না লিখে তাঁর মানহাজ মোতাবেক প্রতিটি হাদীছ লিখার পূর্বে গোসল ও ইস্তেখারার মাধ্যমে নিশ্চিত হয়ে হাদীছ লিপিবদ্ধ করেছেন।

'সহীহুল বুখারী' বা 'আল-জামি' গ্রন্থটি সমগ্র বিশ্বে মুসলিম জনতার নিকট আল-কুরআ'নুল কারীমের পরেই মর্যাদায় সর্বোচ্চ আসনে সমাসীন হয়েছে। আমাদের গবেষণায় ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ গ্রহণ ও সংকলনের মানহাজ তথা হাদীছ গ্রহণ ও সংকলনের পদ্ধতিসমূহ যথাসম্ভব উপস্থাপন করার চেষ্টা করা হয়েছে। তাঁর হাদীছের পাণ্ডুলিপি 'সহীহুল বুখারী' থেকে আমরা গবেষণার উপাদান গ্রহণ করেছি। এ গ্রন্থটির বিষয়বস্তুকে একটি ভূমিকা, চারটি অধ্যায় ও একটি উপসংহারে বিভক্ত করা হয়েছে। প্রত্যেক অধ্যায়ের জন্য পৃথক পৃথক শিরোনাম নির্ধারণ করা হয়েছে।

প্রথম অধ্যায় : ইমাম বুখারী (রহ.)-এর পরিচিতি

প্রথম অধ্যায়ে ইমাম বুখারী (রহঃ)-এর পরিচিতি ও তাঁর জীবনের উল্লেখযোগ্য অবদানের উপর সংক্ষিপ্ত আলোকপাত করা হয়েছে। কেননা ব্যক্তির সামাজিক মান-মর্যাদা নির্ধারণের ক্ষেত্রে তাঁর বংশীয় পরিচয়, পারিবারিক পরিচয়, সামাজিক, ব্যক্তিগত জ্ঞান-গরিমা, শিক্ষা-দীক্ষা ও কর্মোদ্দীপনার মাধ্যমে। তাই তাঁর জীবন চরিত সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সূক্ষ্ম বিশ্লেষণ একান্ত প্রয়োজন। এ চাহিদা পূরণের লক্ষ্যেই আমরা ইমাম বুখারী (রহঃ)-এর সংক্ষিপ্ত জীবনী এ অধ্যায়ে পর্যালোচনা করেছি। খ্যতিমান অন্যান্য মুহাদ্দিছ ও মনীষীদের মন্তব্যসহ তাঁর সমসাময়িক হাদীছ বিশারদগণের দৃষ্টিতে ইমাম বুখারী (রহঃ)-এর মর্যাদাগত অবস্থান তুলে ধরা হয়েছে। এ অধ্যায়কে আমরা পাঁচটি পরিচ্ছেদে বিভক্ত করেছি। প্রথম পরিচ্ছেদে তাঁর নাম ও বংশ পরম্পরা, জন্ম ও বাল্যকাল, শৈশবকালে জ্ঞান সাধনা সম্পর্কে, দ্বিতীয় পরিচ্ছেদে তাঁর শিক্ষা জীবন ও প্রখর স্মৃতিশক্তি, জ্ঞান চর্চার পরিবেশ, হজ্জে গমণ ও হাদীছ বিষয়ক জ্ঞান অর্জন, হাদীছ সংগ্রহের জন্য দেশ ভ্রমণ সম্পর্কে, তৃতীয় পরিচ্ছেদে তাঁর কর্মজীবন, উস্তাদ ও ছাত্রবৃন্দের তালিকা, রচিত গ্রন্থাবলী, চারিত্রিক মাধুর্য ও পরহেযগারী সম্পর্কে, চতুর্থ পরিচ্ছেদে হাদীছ বিশারদগণের দৃষ্টিতে ইমাম বুখারী (রহ.) ও উদারতা সম্পর্কে, পঞ্চম পরিচ্ছেদে তাঁর ইন্তিকাল, ইনতিকালোত্তর অলৌকিক ঘটনা ও ইন্তিকালোত্তর কতিপয় বুযুর্গানেদ্বীনের স্বপ্ন সম্পর্কে তথ্যবহুল আলোচনা করা হয়েছে। ফলে হাদীছ অন্বেষণকারী জ্ঞান পিপাসুদের নিকট হাদীছের বিশুদ্ধতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে দৃঢ়ভাবে অবগত হবে বলে আমার বিশ্বাস।

দ্বিতীয় অধ্যায় : মানহাজ, জামি', সুনান, সহীহ্, 'আস-সিহাহ্ সিত্তাহ' পরিচিতি এবং সহীহ্ হওয়ার শর্তাবলী

যেহেতু আমাদের গ্রন্থের মূল শিরোনাম "সহীহ্ হাদীছ সংগ্রহ ও সংকলনে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি" সেহেতু অত্র অধ্যায়ের প্রথম পরিচ্ছেদে হাদীছ গ্রহণের পদ্ধতি বা মানহাজ শব্দের আভিধানিক ও পারিভাষিক অর্থ; আল-জামি' ও আস-সুনান-এর পরিচিতি; দ্বিতীয় পরিচ্ছেদে আস-'সহীহ্' ও 'আস-সিহাহ্ সিত্তাহ' পরিচিতি; তৃতীয় পরিচ্ছেদে সহীহ্ হাদীছ সংগ্রহ ও সংকলনে ইমাম বুখারী ও মুসলিম (রহ.)-এর শর্তাবলী, সহীহাইন-এর শর্ত পর্যালোচনা এবং সহীহাইন-এর শর্ত মোতাবেক উত্তীর্ণ হওয়ার উপায় বা পদ্ধতিসমূহ উপস্থাপন করা হয়েছে। চতুর্থ পরিচ্ছেদে আস্-সিহাহুস সিত্তাহ ব্যতীত অন্যান্য প্রসিদ্ধ

হাদীছের গ্রন্থসমূহ সম্পর্কে গুরুত্বপূর্ণ বিভিন্ন দিক সংক্ষেপে উপস্থাপন করা হয়েছে।

তৃতীয় অধ্যায় : হাদীছ সহীহ্ হওয়ার শর্তাবলী। এ অধ্যায়কে আমরা দু'টি পরিচ্ছেদে বিভক্ত করেছি। প্রথম পরিচ্ছেদে আমরা সহীহুল বুখারী সংকলন ও লিপিবদ্ধকরণ, সহীহুল বুখারী গ্রন্থের নামকরণ, সহীহুল বুখারী গ্রন্থ প্রণয়নের কারণ এবং সহীহুল বুখারী গ্রন্থের হাদীছের সংখ্যা প্রসংগে আলোচনা এবং দ্বিতীয় পরিচ্ছেদে 'সহীহুল বুখারী' গ্রন্থের ব্যাপারে হাদীছ বিশারদগণের মন্তব্য উপস্থাপন করা হয়েছে।

চতুর্থ অধ্যায় : সহীহ্ হাদীছ সংগ্রহে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি। এ অধ্যায়ের মধ্যে আমাদের গ্রন্থের মূল শিরোনামের প্রথমাংশ **'সহীহ্ হাদীছ সংগ্রহে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি"** সম্পর্কে তথ্যবহুল আলোচনা করা হয়েছে। এ অধ্যায়কে আমরা চারটি পরিচ্ছেদে বিভক্ত করেছি. প্রথম পরিচ্ছেদে হাদীছ নির্বাচনের পূর্বে গোসল, নামায ও ইস্তেখারার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ, সনদ-মতন ও জারহে ওয়াত তা'দীলের প্রতি গভীর গবেষণা, বরকতময় স্থান বায়তুল্লাহ ও মসজিদে নববীতে হাদীছ সংকলন এবং লক্ষ লক্ষ মুখস্থ হাদীছ হতে গবেষণা করে হাদীছ গ্রন্থাবদ্ধ করেন, তা উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় পরিচ্ছেদে হাদীছ বিষয়ক বিস্ময়কর প্রতিভার মাধ্যমে হাদীছ যাচাই, হাদীছ বিষয়ের উপর গবেষণায় পাণ্ডিত্য ও সূক্ষ্ম জ্ঞান অর্জন, আল-মু'আন'আন হাদীছ এবং হাদীছ বর্ণনাকারীগণের প্রতি ইমাম বুখারী (রহ.)-এর দৃষ্টিভঙ্গি সম্পর্কে আলোচনা করা হয়েছে তৃতীয় পরিচ্ছেদে ইমাম বুখারী (রহ.) হাদীছ বর্ণনাকারীগণের স্তর বিন্যাস নির্ণয়, 'শায়খ নির্বাচনের' ক্ষেত্রে তাঁর দৃষ্টিভঙ্গি, নির্ভরযোগ্য রাবী থেকে হাদীছ বর্ণনা এবং হাদীছ গ্রহণ ও সংকলনে 'শায়খদের' স্তর বিন্যাস সম্পর্কে আলোচনা করা হয়েছে। চতুর্থ পরিচ্ছেদে সন্দেহযুক্ত হাদীছ সম্পূর্ণরূপে পরিত্যাজ্য, শুধু সহীহ্ হাদীছ নির্বাচন এবং "رَاوِيٌ" ও "مَرْوِيٌ عَنْهُ" উভয়ের মধ্যে সাক্ষাত প্রমাণিত না হলে ইমাম বুখারী (রহ.) হাদীস গ্রহণ বা গ্রন্থাবদ্ধ করেননি মর্মে আলোচনা করা হয়েছে। ফলে হাদীছ অন্বেষণকারী জ্ঞান পিপাসুদের নিকট হাদীছের বিশুদ্ধতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে দৃঢ়ভাবে অবগত হবে।

পঞ্চম অধ্যায় : সহীহ্ হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি। এ অধ্যায়ের মধ্যে আমাদের গ্রন্থের মূল শিরোনামের

দ্বিতীয়াংশ "সহীহ্ হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধ করণে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি" সম্পর্কে তথ্যবহুল আলোচনা করা হয়েছে। এ অধ্যায়কে আমরা কোন পরিচ্ছেদে বিভক্ত না করে সরাসরি ৩৮টি শিরোনামে ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধ করণে কর্মপদ্ধতিসমূহ উপস্থাপন করা হয়েছে যেমন, পরিচ্ছেদ শিরোনামে কুরআ'নের আয়াত আনয়নে বিভিন্ন পদ্ধতি অবলম্বন, সরাসরি কুরআ'নের আয়াত দিয়ে পরিচ্ছেদ শুরু, কুরআ'নের আয়াত লিখার ক্ষেত্রে ভাষাগত বিভিন্ন পদ্ধতি অবলম্বন, একই আয়াত দিয়ে একাধিক পরিচ্ছেদের নামকরণ, তাবি'ঈ ও সাহাবীদের উদ্ধৃতি দিয়ে পরিচ্ছেদ শুরু, পরিচ্ছেদ শিরোনাম লিখে কুরআ'নের আয়াতকে দলীল হিসেবে উপস্থাপন, হাদীছের মূল অংশকে দলীল হিসেবে উপস্থাপন, আগে কুরআ'নের আয়াত পরে পরিচ্ছেদ শিরোনাম উপস্থাপন, পরিচ্ছেদ শিরোনামে শুধু কুরআ'নের আয়াত পর পর উল্লেখ, "تَرْجَمَةُ الْبَاب" না লিখে কুরআ'নের আয়াত উল্লেখ, অধ্যায় (كِتَاب)-এর নাম লিখেই হাদীছ উপস্থাপন, জটিল জটিল শব্দের বিশ্লেষণ, রাসূলুল্লাহ (সা.)-এর বাণী দ্বারা 'পরিচ্ছেদ শিরোনাম' উপস্থাপন, রাসূলুল্লাহ (সা.)- এর 'আমল দ্বারা পরিচ্ছেদ শিরোনাম, রাসূলুল্লাহ (সা.)-এর নিষেধাজ্ঞা সূচক বাণী দ্বারা পরিচ্ছেদ, রাসূলুল্লাহ (সা.)-এর নির্দেশ দ্বারা পরিচ্ছেদ, রাসূলুল্লাহ (সা.) নিষেধ করার পরে পুনঃ অনুমতি দ্বারা পরিচ্ছেদ শিরোনাম, পরিচ্ছেদ শিরোনাম লিখার পর ঐ পরিচ্ছেদের বিশ্লেষণ, পরিচ্ছেদ শিরোনাম না লিখেই ঐ পরিচ্ছেদ সরাসরি হাদীছ উল্লেখ, পরিচ্ছেদ শিরোনাম ভিন্ন ভিন্ন লিখার পর ঐ পরিচ্ছেদ একই হাদীছ বর্ণনা, পরিচ্ছেদ শিরোনামে 'ফিক্হী মাসআলা' বর্ণনা, শুধু (بَاب) 'পরিচ্ছেদ' দিয়েই হাদীছ বর্ণনা পরিচ্ছেদ শিরোনামে "বিভিন্ন 'আমলের ফযীলত" বর্ণনা, সাহাবায়ে কেরামদের 'আমল দ্বারা পরিচ্ছেদ শিরোনাম, 'প্রশ্ন' দ্বারা পরিচ্ছেদ শিরোনাম বর্ণনা, পরিচ্ছেদ শিরোনামে সাহাবায়ে কেরামদের উদ্ধৃতি উল্লেখ, পরিচ্ছেদ শিরোনাম হাদীছ বর্ণনাকারী তাবি'ঈ-এর উদ্ধৃতি উল্লেখ, পরিচ্ছেদ শিরোনামে ইমাম বুখারী (রহ.)-এর মন্তব্য, "بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ"-এর বিশ্লেষণ, একই পরিচ্ছেদ পর পর দু'বার 'পরিচ্ছেদ শিরোনাম' উল্লেখ, গ্রন্থে "قَالَ بَعْضُ النَّاسِ" বাক্যটি উল্লেখ, গ্রন্থে "قَالَ فُلَانٌ" বাক্যটি উল্লেখ, বড় বড় 'পরিচ্ছেদ শিরনাম' উল্লেখ করে এর বিশ্লেষণ, পরিচ্ছেদ শিরোনাম (تَرْجَمَةُ الْبَاب)-এর তাৎপর্য,

বর্ণনাকারীর নাম উল্লেখ না করে رُيَ অথবা رُوِيَ শব্দ উল্লেখ, তাসমিয়াহ-এর মাধ্যমে ওহী দ্বারা গ্রন্থের সূচনা, পুনরুল্লেখ (تَكْرَار) হাদীছ উপস্থাপন, সহীহুল বুখারী-এর প্রথম এবং শেষ হাদীছের মধ্যে সম্পর্কসমূহ গবেষণার মাধ্যমে উপস্থপন করার প্রাণন্তকর চেষ্টা করা হয়েছে।

উপসংহার অধ্যায়গুলোর শেষে বর্ণিত হয়েছে। গ্রন্থটিতে ভূমিকা ও পাঁচটি অধ্যায়ের আলোচনা-পর্যালোচনার সারকথা উপস্থাপন করা হয়েছে। 'আরবী বর্ণমালায় প্রতিবর্ণায়নের ক্ষেত্রে একটি স্বীকৃত পদ্ধতি (যা সাধারণত ইসলামী বিশ্বকোষ, ঢাকা : ই.ফা.বা.)-এর অনুসরণ করা হয়েছে। যার একটি তালিকা অত্র গ্রন্থের প্রারম্ভে প্রদান করা হয়েছে। কিছু কিছু গ্রন্থ ও গ্রন্থাকারের নাম আকারে বড় হওয়ায় অত্র গ্রন্থে ব্যবহারের সুবিধার্থে সংক্ষেপে 'সংকেত বিবরণী' শিরোনামে একটি তালিকা প্রদান করা হয়েছে। পরিশেষে এ গ্রন্থের শেষাংশে সহায়ক গ্রন্থপঞ্জির একটি বিবরণ বর্ণমালার ধারাবাহিকতায় প্রকাশ করা হয়েছে। বাংলা বানান গ্রহণের ক্ষেত্রে সাধারণতঃ "বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান" (২য় সং, সম্পা. আহ্‌মদ শরীফ, ঢাকা : বাংলা একাডেমী, ২০০২খ্রি.)-এর অনুসরণ করা হয়েছে।

এ গ্রন্থটি রচনার ক্ষেত্রে আমার শ্রদ্ধেয় স্যার, প্রফেসর ড. মোঃ শফিকুল ইসলাম (চেয়ারম্যান, আল-হাদীছ এণ্ড ইসলামিক স্টাডিজ, ই.বি, কুষ্টিয়া) বিদগ্ধ পণ্ডিত ও মুহাদ্দিছগণের দিক-নির্দেশনা সামনে রেখে গ্রন্থেটি সঠিক ও নির্ভুলভাবে তথ্য-উপাত্ত উপস্থাপন করতে সর্বাত্মক প্রচেষ্টা চালানো হয়েছে। "হাদীছের গুরুত্ব ও নির্ভুল হাদীছ বর্ণনায় সাহাবীগণের কর্ম পদ্ধতি : গবেষণামূলক পর্যালোচনা" শীর্ষক শিরোনামে গ্রন্থটি প্রকাশিত হলে পরবর্তী হাদীছ অন্বেষণকারী জ্ঞান পিপাসু, গবেষক, অনুসন্ধিৎসূ ও সাধারণ পাঠক-পাঠিকাদের চাহিদা পূরণে যেমন সহায়ক হবে, তেমনি হাদীছের প্রচার-প্রসার ও বিস্তৃতির ক্ষেত্রেও এক নতুন মাত্রার সংযোজন হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস। অনাকাঙ্ক্ষিত ভুল পরিলক্ষিত হলে দয়া করে জানালে পরবর্তী সংস্করণে তা সংশোধন করা হবে। মহান আল্লাহ আমাদের এ শ্রমকে কবূল করুন আমীন।

লেখক

ড. মুহাম্মদ মানজুরুর রহমান

প্রথম অধ্যায়

ইমাম বুখারী (রহঃ)-এর সংক্ষিপ্ত জীবন পর্যালোচনা

প্রথম পরিচ্ছেদ : ◂◂ নাম ও বংশ পরম্পরা
◂◂ জন্ম ও বাল্যকাল
◂◂ শৈশবকালে জ্ঞান সাধনা

দ্বিতীয় পরিচ্ছেদ : ◂◂ শিক্ষা জীবন ও প্রখর স্মৃতিশক্তি
◂◂ জ্ঞান চর্চার পরিবেশ
◂◂ হজ্জে গমণ ও হাদীছ বিষয়ক জ্ঞান অর্জন
◂◂ হাদীছ সংগ্রহের জন্য দেশ ভ্রমণ

তৃতীয় পরিচ্ছেদ : ◂◂ কর্মজীবন
◂◂ উস্তাদগণ
◂◂ ছাত্রবৃন্দ
◂◂ রচিত গ্রন্থাবলী
◂◂ চারিত্রিক মাধুর্য ও পরহেযগারী

চতুর্থ পরিচ্ছেদ : ◂◂ হাদীছ বিশারদগণের দৃষ্টিতে ইমাম বুখারী (রহ.)
◂◂ উদার মনের অধিকারী

পঞ্চম পরিচ্ছেদ : ◂◂ ইন্তিকাল
◂◂ ইন্তিকালোত্তর অলৌকিক ঘটনা
◂◂ ইন্তিকালোত্তর কতিপয় বুযুর্গানেদ্বীনের স্বপ্ন

প্রথম অধ্যায়

ইমাম বুখারী (রহঃ)-এর সংক্ষিপ্ত জীবন পর্যালোচনা

প্রথম পরিচ্ছেদ : এ পরিচ্ছেদে আমরা ইমাম বুখারী (রহ.)-এর "নাম ও বংশ পরম্পরা, জন্ম ও বাল্যকাল, শৈশবকালে জ্ঞান সাধনা" সম্পর্কে আলোচনা করবো ইন্‌শা'আল্লাহ।

✡ নাম ও বংশ পরম্পরা

ইমাম বুখারী (রহ.) (১৯৪/৮০৯-২৫৬/৮৭০)-এর নাম মুহাম্মদ।[১] উপনাম আবূ 'আবদিল্লাহ'[২] এবং উপাধী আমীরুল মু'মিনীন ফীল-হাদীছ।[৩] পিতার নাম ইসমা'ঈল।[৪] যিনি ছিলেন একজন খ্যাতিসম্পন্ন মুহা'দ্দিছ।[৫] মা

[১] ইব্‌ন হাজার আস্‌-কালানী : হুদা আস-সারী মুক্বাদ্দামাতু ফাতহিল বারী, নতুন সং, (করাচী : ক্বাদীমী কুতুব খানা, তা,বি), পৃ.৬৬২; ইব্‌ন নাদীম, মুহাম্মদ ইব্‌ন ইসহাক ইব্‌ন আবী ইয়া'কূব : আল-ফিহরিস্ত, ১ম সং, (বৈরূত : দারুল কুতুবিল ইসলামিয়্যাহ, ১৪১৬ হি.), পৃ.৩৮০; Qasim Syed, Muhammad : The Encyclopaedia of Islam (London : Luzav co new Edition-1965), V-1, ibit, P-1296; Dr. Muhammad Zubayar Siddiqi : Hadith Literature, (Calcatta. Calcatta University- 1961), P-88.

[২] ইব্‌ন কাছীর : আল-বিদায়াহ ওয়ান-নিহায়াহ, খ.১১শ, ১ম সং, (বৈরূত : দারু-ইহ্‌ইয়াইত তুরাসিল 'আরাবী, ১৪১৮ হি.), পৃ.২২।

[৩] ইব্‌ন আবী হাতিম : আল-জারহ ওয়াত-তা'দীল, (বৈরূত : দারুল-কুতুবিল 'ইলমিয়্যাহ, খ.৭ম, ১ম সং. (বৈরূত : দারুল-কুতুবিল 'ইলমিয়্যাহ), পৃ. ১৯১-১৯৭। উল্লেখ্য যে, 'আল্লামা বদরুদ্দীন আল-আইনী (রহ.) বলেন, "তাঁর উপাধি ছিল, আল-ইমামুল হুম্মাম, হুজ্জাতুল ইসলাম।"দ্র.-বদরুদ্দীন আল-আয়নী : 'উমদাতুল কারী, ১ম সং, (পাকিস্তান : মাকতা বাতুর রাশিদিয়্যাহ ১৪০৫ হি.) পৃ.২। আল-হি'ত্তাহ (১৪০৮/১৯৮৭) গ্রন্থকার বলেন, তাঁর একাধারে উপাধি হলো : আল-ইমাম, হাফিযুল ইসলাম, খাতেমাতুল-জাহাবাযা, আন্‌-নাক্বাদিল আ'লাম, শায়খুল হাদীছ ওয়া তাবীবু 'ইলালিহী। দ্র.-আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন, আল-ক্যান্নাওজী : আল-হিত্তাহ ফী যিকরিস্‌ সিহাহ আস-সিত্তাহ, ১ম সং, (বৈরূত : দারুল- জায়ীল, ১৪০৮/১৯৮৭), পৃ.৮২৯।

[৪] হাফিয শামসুদ্দীন আয্‌-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.৭ম, ১২শ, (বৈরূত : মুআস্‌সা সাতুর রিসালাহ, ১৪১৭/১৯৯৬), পৃ. ৩৯১; ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, (বৈরূত : দারুল-ইলম লিল-মালাইন, ২৫শ সং, ২০০২ ইং),

ছিলেন ধা[illegible]ক ও পরহেযগার।[৬]

বংশ পরম্পরা হলো : আবূ 'আবদিল্লাহ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল ইব্‌ন ইব্‌রাহীম ইব্‌ন মুগীরাহ ইব্‌ন বারদিযবাহ আল-জু'ফী[৭] আল-বুখারী।[৮]

✡ জন্ম ও বাল্যকাল

ইমাম বুখারী (রহ.) ১৯৪ হিজরীর ১৩ই শাওয়াল মোতাবেক ১৯শে জুলাই ৮০৯ খ্রিষ্টাব্দে শুক্রবার জুমু'আর নামাযের পর[৯] মুসলিম অধ্যুষিত

পৃ. ৩৯৬; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল-হাদীছ, ৫ম সং, (বৈরূত : আল-মাকতাবাতুল-ইসলামী, ১৪০৯/১৯৮৮), পৃ. ৬৯; Dr. Muhammad Zubayr Siddiqi : Hadith Literature, P-89; J. Robson : The Encyclopaedia of Islam, Vol.1, P-196; মুফতী আমীমুল ইহ্‌সান : হাদীছ সংকলনের ইতিহাস, অনু. মাওঃ শরীফ মো : ইউসুফ, ১ম প্রকাশ, (ঢাকা : ইসলামী একাডেমী, ১৪১১ হি.), পৃ.৪৭।

[৫] ড. তাকী উদ্দীন নদভী আল-মুযাহিরী : আল-ইমাম আল-বুখারী (দামেশ্‌ক : দারুল ক্বলম, ১৯৮১) পৃ. ২০-২১; ড. মুহাম্মদ মুজীবুর রহমান : ইমাম বুখারী, ৩য় সং, (ঢাকা : ই.ফা.বা, ১৪২৫/২০০৪), পৃ.১৭

[৬] কিরমানী : শরহুল বুখারী, খ.১ম, (বৈরূত : দারুল ফিক্‌র, তা.বি), পৃ.১১।

[৭] 'বারদিযবাহ' শব্দের অর্থ কৃষক। তিনি ছিলেন অগ্নি পুজারী। পারস্য বিজয়ের সময় মুসলমানদের হাতে তিনি বন্দী হন। তাঁর পুত্র মুগীরাহ বুখারার তৎকালীন গভর্ণর আল-ইয়ামানুল জু'ফী-এর হাতে ইসলাম গ্রহণ করেন। এ কারণেই তাঁকে জু'ফী বলা হয়। দ্র.-ইব্‌ন হাজার 'আসকালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ৬৬২; আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪২৯; মুহাম্মদ আনোয়ার শাহ আল-কাশমীরী : ফায়যুল বারী 'আলা সহীহিল বুখারী, খ.১ম, ১ম সং, মাতবা'আতু হিজাযী বিল-কাহেরা, ১৩৫৭/১৯৩৮), মুকাদ্দামা, পৃ.৩৩। মূল 'আরবী :

" بردزبة بالفرسية الزراع، وكان بردزبة فارسياً على دين قومه ثم أسلم ولده المغيرة علي يد اليمان الجعفي."

[৮] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, ১ম সং, (মিশর : মাকতাবাতুল-খানজী, ১৩৪৯/১৯৩০) পৃ. ০৬,মুহাম্মদ আনওয়ার শাহ কাশমীরী : ফায়যুলবারী, মুকাদ্দামা, প্রাগুক্ত, পৃ. ৩৩; ইব্‌ন হাজার আস-কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতুল ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৬২; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল-হাদীছ , নতুন সং-এর নতুন প্রকাশনা, (বৈরূত : দারুল ফিক্‌র ১৪২১/২০০১), পৃ.২০৩; 'আল্লামা সৈয়দ সুলায়মান নদভী : হায়াতে ইমাম বুখারী (রহ.), (ঢাকা : সাউদিয়া কুতুবখানা, তা.বি), পৃ.০৪; মাওঃ মুফতী রশীদ আহ্‌মেদ : ইরশাদুল-কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, (ঢাকা : কুতুব খানা রশীদিয়্যাহ, ১৪০৭ হি.), পৃ.৩৩।

[৯] ইব্‌ন হাজার 'আস-কালানী : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬২; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৬; ড.তাকী উদ্দীন নদভী আল-মুযাহিরী : আল-ইমাম

তৎকালীন ইসলামী শিক্ষা-সংস্কৃতি ও সভ্যতার লীলাভূমি উজবিকিস্তানের বুখারা[১০] নগরে 'আব্বাসীয় খলীফা আল-মামুনের শাসনামলে জন্মগ্রহণ করেন।[১১]

শৈশবকালেই তিনি পিতৃহারা হন, এরপর তিনি পুণ্যবতী মায়ের তত্ত্বাবধানে লালিত-পালিত হন।[১২] শৈশবেই বসন্ত রোগে তাঁর চোখের দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেন। এতে তাঁর মা চিন্তিত হয়ে আল্লাহ্ তা'য়ালার দরবারে অশ্রুশিক্ত নয়নে কায়মনোবাক্যে দু'আ করতে থাকেন। হঠাৎ এক রাত্রে স্বপ্নে ইবরাহীম (আ.) বলেন, তোমার ছেলের দৃষ্টিশক্তি ফিরে এসেছে এতে ঘুম থেকে উঠে তিনি দেখতে পান সত্যিই শিশু পুত্র সম্পূর্ণ দৃষ্টিশক্তি ফিরে পেয়েছে।[১৩]

আল-বুখারী, প্রাগুক্ত, পৃ ২০-২১ ; ইবন হাজার 'আসকালানী : তাহযীবুত-তাহ্যীব, খ.৯ম, (হায়দারাবাদ : দা'ইরাতুল মা'আরিফ আন-নিযামিয়্যাহ, ডিকান, ১৩২৬/১৯০৮), পৃ.৪২; ইবনুল-জাওযী : আল-মুনতাযাম, খ.৭ম, (বৈরূত : দারুল-ফিকর, ১৫/১৯৯৫), পৃ. ৯৫; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ , প্রাগুক্ত, পৃ. ২০৩।

১০ বুখারা বর্তমানে সদ্য স্বাধীন রাষ্ট্র উজবেকিস্তানের অন্তর্গত একটি শহর। যা পূর্বে সোভিয়েত ইউনিয়নের একটি বিখ্যাত শহর ছিল। ইহা 'জীহুন' নদীর তীরে 'মা-ওয়ারাউন্-নাহার' এলাকার একটি প্রধা ন নগর রূপে গণ্য, যা সমরকন্দ হতে ৩০০ কিলোমিটার দূরে অবস্থিত। দ্র.- মুহাম্মদ সেকান্দার 'আলী : তারাজিমুল-মুহাদ্দিছীন ওয়া মানাহিজুহুম ফীল-জাম'ই ওয়াত-তাদ্'ওয়ীন, ১ম সং, (ঢাকা : সোনালী সোপান ১৪১৭/১৯৯৬), পৃ-.৭২। মূল 'আরবী :

" بخاري إحدى مدن ماوراء نهر جيحون علي بعد ثمانية أيام من سمرقند من بلاد فارس الواقعة تحت حكم روسيا الأن و هي ولاية أزبكستان في أسيا الوسطي.

১১ ইবন হাজার 'আস-কালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬২; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৩০; ড মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল-হাদীছ , প্রাগুক্ত, পৃ.২০৪।

১২ ইবন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬২; ইবন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ, খ. ১১শ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ২২। মূল 'আরবী :

"مات إسماعيلُ ومحمدٌ صغيرٌ فنشأ في حَجْرِ أمه،

১৩ হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন-নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ. ৩৯৩; ইবন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬২-৬৬৩; ইবন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান-নিহায়া, খ.১১শ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ২২। মূল 'আরবী :

"أن محمد بن إسماعيلَ ذهبتْ عيناه في صغره فرأتْ والدتُه الخليل إبراهيمَ في المنام فقال لها· ياهذه قَدْ رَدَّ اللهُ علي ابنك بصره بكثرة دُعائكِ، قال ·فأصْبحَ ,وقَدْ رَدَّ اللهُ عَلَيْهِ بَصرَهُ،"

✲ শৈশবকালে জ্ঞান সাধনা :

ইমাম বুখারী (রহ.) পাঁচ বছর বয়সে বুখারার এক প্রাথমিক মাদরাসায় ভর্তি হন। বাল্যকাল থেকেই প্রখর স্মৃতিশক্তি ও মেধার অধিকারী ছিলেন। মাত্র ছয় বছর বয়সেই কুরআ'ন মাজীদ হিফ্জ করেন এবং দশ বছর বয়সে প্রাথমিক শিক্ষা সমাপ্ত করেন।[১৪]
এ বয়সেই তাঁর মনে হাদীছ শিক্ষা লাভের প্রতি গভীর আগ্রহ সৃষ্টি হয়। এ প্রসংগে ইমাম বুখারী (রহ.) বলেন: "মকতবে প্রাথমিক লেখাপড়ার সময়ই হাদীছ মুখস্থ করার প্রয়োজনীয়তা সম্পর্কে আমার মনে ইলহাম হয়। এ সময় তাঁর বয়স কত ছিল জিজ্ঞেস করায় তিনি বলেন, দশ কিংবা তারও কম।"[১৫]

দ্বিতীয় পরিচ্ছেদ : এ পরিচ্ছেদে ইমাম বুখারী (রহ.)-এর "শিক্ষা জীবন ও প্রখর স্মৃতিশক্তি, জ্ঞান চর্চার পরিবেশ, হজ্জে গমণ ও হাদীছ বিষয়ক জ্ঞান অর্জন এবং হাদীছ সংগ্রহের জন্য দেশ ভ্রমণ"সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো।

✲ শিক্ষা জীবন ও প্রখর স্মৃতিশক্তি

ইমাম বুখারী (রহ.)-এর অসম্ভব জ্ঞান, অসাধারণ মেধা, অপরিমেয় প্রজ্ঞা, প্রতিভা ও প্রখর স্মৃতিশক্তির কথা বর্ণনা করতে গিয়ে বিভিন্ন রিজাল শাস্ত্রবিদগণ বলেন: "ইমাম বুখারী (রহ.) যখন কোন একটি কিতাব মাত্র এক বার দেখতেন, ঐ কিতাবটি তাঁর মুখস্থ হয়ে যেতো"।[১৬] তিনি ছিলেন

---

১৪ মুহাম্মদ ইবন ইসমা'ঈল : বুখারী শরীফ, ৫ম, সং, খ.১ম, ভূমিকা অংশ, (ঢাকা : সম্পাদনা পরিষদ, ই.ফা.বা, ১৪২৫/২০০৪), পৃ.৩৪।

১৫ মুহাম্মদ আনওয়ার শাহ্ আল-কাশমীরী : ফায়যুল-বারী, প্রাগুক্ত, পৃ ৩৩; ইবন হাজার 'আস-কালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬৩; মুহাম্মদ মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল-মুহাদ্দিছূন, (বৈরূত : দারুল কিতাবিল 'আরাবী, ১৪০৩/১৯৮৩), পৃ. ৩৫৩।
মূল 'আরবী :

" قا ل الفربري : سمعتُ محمدَ بن أبي حاتِمٍ وراقَ البُخاريَّ يقولُ : سمعتُ ا لبخاريَّ يقولُ : ألهِمْتُ الحفظَ الحديثَ أنا في الكِتابِ، قلتُ. وكَمْ أتي عليك إذ ذاك قال عشرُ سِنِيْنَ أوْ أقلّ".

১৬ আস্ সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ ৪৩২; আস-সুবকী :

সমগ্র বিশ্বের মধ্যে প্রখর স্মৃতিশক্তি সম্পন্ন ও নিখুঁত হাদীছ সংগ্রহকারী। এ ব্যাপারে সকল জীবনীকার গ্রন্থের লেখকগণ ঐক্যমত পোষণ করেছেন।[১৭] ইমাম বুখারী (রহ.) এগার বছর বয়সে তৎকালীন বিশিষ্ট মুহাদ্দিছ 'আল্লামা দাখিলীর হাদীছের দারসে উপস্থিত হয়ে তাঁর বর্ণিত হাদীছের সনদের ভুল সংশোধন করে অনন্য প্রতিভার সাক্ষর রাখেন।[১৮]

বিভিন্ন শহরের মুহাদ্দিছগণ ইমাম বুখারী (রহ.)-এর স্মৃতিশক্তি পরীক্ষা করে বিস্মিত হয়ে স্বীকার করেছেন যে, 'হাদীছ শাস্ত্রে তাঁর সমকক্ষ আর কেহ নেই।'[১৯] একদা তিনি বাগদাদে উপস্থিত হলে হাদীছ বিশারদগণ

তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, (মিশর : আল-মাতবা'আতুল হুসায়নিয়্যাহ, ১৩১৪ হি.), পৃ. ৬; তা'হির আল-জাযাইরী : কিতাবু তাওযীহিন নযর ইলা উসূলিল আছার, খ.২য়, (মিশর : আল-মাতাবা'আতুল জামালিয়্যাহ, ১৩২৯/১৯১১),পৃ. ১০৪; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ. ৩৫৪।
মূল 'আরবী :

"إنه كان ينظر في الكتاب مرة واحدة فيحفظ ما فيه من نظرة واحدة"

[১৭] ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল-হাদীছ , প্রাগুক্ত, পৃ.২০৫।
মূল 'আরবী :

"لقد كان الإمام البخاري أحد أعلام الدنيا في الحفظ والإتقان، وقد أجمعت جميع المصادر التي ترجمت له على ذكر هذا الخبر."

[১৮] একদা ইমাম দাখিলী (রহ) ছাত্রদের উদ্দেশ্যে একটি হাদীছের সূত্র (সনদ) বর্ণনা করেন এই ভাবে,- حدثنا سفيان عن أبي الزبير عن إبراهيم، তখন সংগে সংগে ইমাম বুখারী (রহ.) বলে উঠলেন, إن أبا الزبير لم يروعن إبراهيم، 'আবূয যুবাইর ইবরাহীম হতে আদৌ কোন হাদীছ বর্ণনা করেননি'। মূলতঃ সঠিক সূত্রটি হচ্ছে, "هو الزبير بن عدي عن إبراهيم" সত্যতা যাচাই পূর্বক আল্লামা দাখিলী (রহ.) স্বীয় পাণ্ডুলিপি সংশোধন করে নিলেন। দ্র.- মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল-মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ. ৩৫৩; শামসুদ্দীন আয্-যাহাবী · তাযকিরাতুল হুফ্ফায, খ. ২য়, ৩য় সং, (হায়দারাবাদ, ডিকান : দা'ইরাতুল মা'আরিফ, ১৩৭৬/১৯৫৬), পৃ ৫৫৭; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৬-৭; মাওঃ মুফতী রশীদ আহমেদ, শাইখুল হাদীছ : ইরশাদুল ক○ারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৩৪; আস-সুবকী : তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৪; মাওঃ মুহাম্মদ 'আবদুল সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু) (লাহোর : ফারুকী কুতুবখানা, ১৯৮৬), পৃ. ৪৫।

[১৯] ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬৮-৬৬৯; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ২৩; আস-সুবকী : তাবাকাতুশ্ শফি'ঈয়্যাহ, খ. ১ম, প্রাগুক্ত, পৃ. ৮; ইয়াহইয়া ইব্ন শরফ আবূ যাকারিয়া, আন্-নবভী :

তাঁকে পরীক্ষা করার জন্য একশত হাদীছের সনদ ও মতন পরিবর্তন করে দিলেন। ইমাম বুখারী (রহ.) ভুল হাদীছগুলো ধারাবাহিকভাবে সঠিক উত্তর প্রদান করলে তাঁরা অভিভূত হয়ে যান।[২০]

অনুরূপভাবে তিনি একবার সমরকন্দে উপস্থিত হলে প্রায় চারশত মুহাদ্দিছ তাঁকে হাদীছের সনদ-মতন পরিবর্তন করে এর সত্যতা যাচাই করার অনুরোধ করলেন। তিনি প্রত্যেকটি হাদীছকে তার আসলরূপে সনদসহ সজ্জিত করে জবাব শুনালে সবাই সঠিক বলে গ্রহণ করলেন।[২১] বস্তুতঃ তাঁর নিকট সমস্ত হাদীছই ছিল দর্পনের মতো উজ্জ্বল।[২২]

ইমাম বুখারী (রহ.) মাত্র ১৬ বছর বয়সে 'ইলমুল হাদীছের দু'জন

তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, (বৈরূত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ, তা.বি), পৃ. ৬৯।

[২০] মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ. ৩৫৪; ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭২; ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসত .লাহুহু, প্রাগুক্ত, পৃ. ৩৯৭; ইব্নুল আছীর : জামি'উল উসূল, খ.১ম, ১ম সং, (বৈরূত : দারুল ফিক্র, ১৪১৭/১৯৯৭), পৃ. ১৮৩; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ , প্রাগুক্ত, পৃ.২০৪।

[২১] ইবন হাজার 'আস-কালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৭৭২; জালালুদ্দীন, 'আবদুর রহমান আস্-সুয়ূতী : তাদরীবুর রাবী, (মিশর : আল-মাতবা'আতুল খায়রিয়্যাহ, ১৩৫৭/১৯৩৮), পৃ. ১০৬-১০৭; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ. ৩৫৪; ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ. ২২।

[২২] আল্লাহ প্রদত্ত অসাধারণ মেধা ও প্রজ্ঞা সম্পর্কে মুহাম্মদ ইব্ন আবী হাতিম (রহ.) বলেন, আমাকে 'আল্লামা সালিম ইব্ন মুজাহিদ (রহ.) বর্ণনা করেছেন, "একদা আমি মুহাদ্দিছ মুহাম্মদ ইব্ন সালাম আল-বাইকান্দি (রহ.) (মৃত-২২৫/৮৩৯)-এর নিটক উপস্থিত হলাম। তিনি বলেন, একটু আগে আসলে এমন একজন প্রতিভাবান বালককে দেখতে পেতে, যার সত্তর হাজার হাদীছ মুখস্থ রয়েছে। তাঁর কথা শুনে আশ্চর্যান্বিত হয়ে ঐ বালকের খোজে বের হলাম এবং সৌভাগ্যক্রমে তাঁর সাক্ষাতও পেয়ে গেলাম। জিজ্ঞেস করলাম, হে বৎস! তুমি নাকি সত্তর হাজার হাদীছ মুখস্থ রাখার দাবী রাখ? উত্তরে তিনি বললেন, হ্যাঁ। বরং তা অপেক্ষাও অধিক হাদীছ আমার মুখস্থ আছে।"
দ্র.- আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৩৩; আবুল 'আব্বাস আহ্মদ ইব্ন মুহাম্মদ আল-কাসতালানী : ইরশাদুস্ সারী লি-শারহ সহীহিল বুখারী, (বৈরূত : দারু ইহইয়াইত তুরাসিল 'আরাবী, তা.বি) পৃ. ৩৩; 'আবদুল সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ৪৮।

সুবিখ্যাত ইমাম 'আবদুল্লাহ ইব্নু মুবারক (রহ.) [২৩] (১১৮/৭৩৬-১৮১/৭৯৭) এবং ইমাম ওয়াকী' ইব্নুল জাররাহ (রহ.) [২৪] (১২৯/৭৪৭-১৯৭/৮১২)-এর সংকলিত হাদীছের গ্রন্থদ্বয় মুখস্থ করেন। [২৫]

✡ জ্ঞান চর্চার পরিবেশ

তাঁর জন্মকালীন সময় ছিল আব্বসীয় খলীফাদের যুগ। তখন সারা বিশ্বে মুসলিম জাতির একটি বিশেষ মর্যাদা ও প্রভাব ছিল। জ্ঞান-বিজ্ঞানে মুসলিম জাতি অগ্রনায়কের ভূমিকা পালন করছিল। মুসলিম জাহানে হিজরী তৃতীয় শতকে প্রায় সর্বত্রই হাদীছের ব্যাপক চর্চা ও শিক্ষা কেন্দ্র গড়ে উঠে। সে সময় মর্যাদা ও সম্মান লাভের মানদণ্ড ছিল 'ইলমুল হাদীছ। যিনি যতবেশি 'ইলমুল হাদীছ-এর পারদর্শী, তিনি তত সম্মান ও মর্যাদার অধিকারী। যেমন আজকের যুগকে 'বিজ্ঞান ও প্রযুক্তির' যুগ বলা হয়, ঠিক তেমনিভাবে ইমাম বুখারী (রহ.)-এর যুগকে (তথা হিজরী তৃতীয়

[২৩] 'আবদুল্লাহ ইব্নুল মুবারক একজন প্রসিদ্ধ হাদীছ বিশারদ ও হাদীছ বর্ণনাকারী ছিলেন। তিনি ১১৮/৭৩৬ সনে মারভ-এ জন্মগ্রহণ করেন। তিনি সিরিয়া, হিজায, ইয়ামন, মিশর, কূফা ও বসরার বিভিন্ন শহর ও নগর পরিভ্রমণ করে প্রসিদ্ধ মুহাদ্দিছগনের নিটক থেকে হাদীছ শিক্ষা লাভ করেন। নিঃসন্দেহে তিনি 'ইলমুল হাদীছের একজন বড় ইমামের মর্যাদার অধিকারী ছিলেন। তিনি ১৮১/৭৯৭ সনে ইন্তিকাল করেন। দ্র.- সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, খ.১ম, (ঢাকা : ই. ফা.,বা. ১৪০২/১৯৮২) পৃ. ৩৯।

[২৪] ওয়াকী ইবনুল জাররাহ্ (রহ.) একজন মুহাদ্দিছ ও ফকীহ ছিলেন। তিনি ১২৯/৭৪৬ সনে কূফায় জন্মগ্রহণ করেন। তিনি ইসমা'ঈল, আ'মাশ, সুফিয়ান সাওরী, আওযা'ঈ প্রমুখের নিকট হতে হাদীছ বর্ণনা করেন। তাঁর থেকে 'আবদুল্লাহ ইবনুল মুবারক, ইয়াহইয়া ইব্ন আদাম, আহমদ ইব্ন হাম্বল, ইয়াহ্ইয়া ইব্ন মু'ঈন প্রমূখ মুহাদ্দিছগণ হাদীছ বর্ণনা করেন। আস্-সিহাহ্ আস-সিত্তাহ্ হাদীছ গ্রন্থে তাঁর বর্ণিত ১৭৮টি হাদীছ স্থান লাভ করেছে। তিনি ১৯৬/৮১১ সনে হজ্জ পালন শেষে মক্কা হতে প্রত্যাবর্তন কালে পথিমধ্যে ১৯৭/৮১২ সালের ১০ই মুহাররম 'কায়দ' নামক স্থানে ইন্তিকাল করেন এবং সেখানেই তাঁকে দাফন করা হয়। দ্র.- ইব্ন সা'দ : আত্-তাবাকাতুল কুব্রা, খ.৬ষ্ঠ, (বৈরূত, লেবানন : তা.বি) পৃ. ৩৯৪।

[২৫] শামসুদ্দীন আয্-যাহাবী : তাযকিরাতুল হুফ্ফায, খ.২য়, বৈরূত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ্, তা, বি), পৃ.৫৫৭, ইব্ন হাজার আস্-কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬৩; ইবনুল জাওযী : আল-মুনতাযাম, খ.৭ম, প্রাগুক্ত, পৃ.৯৬। মূল 'আরবী :

(قَالَ الْبُخَارِيُّ) "فَلَمَّا طَعَنْتُ فِي سِتَّ عَشْرَةَ سَنَةً، حَفِظْتُ كُتُبَ ابْنِ الْمُبَارَكِ وَ وَكِيعٍ وَعَرَفْتُ كَلَامَ هَؤُلَاءِ يَعْنِي أَصْحَابَ الرَّأْيِ"

শতাব্দীকে) 'ইলমুল হাদীছের (عِلْمُ النَّهْضَةِ) 'স্বর্ণযুগ' বলা হয়। [২৬] এমন সময় এ পরিবেশেই ইমাম বুখারী (রহ.) জন্মগ্রহণ করেন। [২৭]

✡ হজ্জে গমণ ও হাদীছ বিষয়ক জ্ঞান অর্জন

ইমাম বুখারী (রহ.) ২১০ হিজরীতে ষোল বছর বয়সে তাঁর মা ও বড় ভাই আহ্মদের সাথে হজ্জ পালন করতে মক্কায় গমণ করেন। [২৮] হজ্জ পালন শেষে মা ও বড় ভাই ফিরে এলেন; কিন্তু তিনি 'আরবের বিশিষ্ট মুহাদ্দিছীনের নিকট 'ইল্ম হাদীছের উচ্চ শিক্ষার উদ্দেশ্যে অবস্থান করেন। [২৯] এভাবে তিনি মক্কায়, মদীনায় ও হিজাযে দীর্ঘ ছয় বছর অবস্থান করেন। ইমাম বুখারী আঠার বছর বয়সে 'কিতাবুল কাযা'য়া আস-সাহাবা ওয়াত-তাবি'ঈন ও 'আত্-তা'রীখুল কাবীর' নামক দুটি প্রসিদ্ধ গ্রন্থ প্রণয়ন করেন। [৩০]

✡ হাদীছ সংগ্রহের জন্য দেশ ভ্রমণ

ইমাম বুখারী (রহ.) ইসলামী বিশ্বের বহু দেশ ও নগর ভ্রমণ করে সম্ভাব্য

[২৬] 'আবদুল 'আযীয, আল-খাওলী : মিফতাহুস সুন্নাহ, ২য় সং, (মিশর : মাতবা'আতুল 'আরাবিয়্যাহ, ১৩৪৭/ ১৯২৮), পৃ.২১।

[২৭] ড. মুহাম্মদ রাইছ উদ্দিন : ইমাম বুখারী (রহ.) ও ইমাম মুসলিম (রহ.), ১ম সং, (ঢাকা : তাওহীদ পাবলিকেশন্স, ১৪২৫/২০০৫) ,পৃ. ২৮.

[২৮] ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬৩, মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.৩৫৪। মূল 'আরবী :

(قَالَ الْبُخَارِيُّ) " ثُمَّ خَرَجْتُ مَعَ أُمِّي وَأَخِي إِلَى الْحَجِّ، قُلْتُ: فَكَانَ أَوَّلُ رِحْلَتِهِ عَلَى هَذَا سَنَةَ عَشْرٍ وَ مِائَتَيْنِ "

[২৯] ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ. ২২। মূল 'আরবী :

" وَحَجَّ وَعُمْرُهُ ثَمَانِي عَشْرَةَ سَنَةً فَأَقَامَ بِمَكَّةَ يَطْلُبُ بِهَا الْحَدِيثَ"

[৩০] মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ. ৩৫৪; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ৭; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৪; 'আবদুল ওয়াহ্হাব ইব্ন তাকীউদ্দীন, আস-সুব্কী : তাবাকাতুশ শাফি'ঈয়্যাহ, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৫; শামসুদ্দীন আয্-যাহাবী : তাযকিরাতুল হুফ্ফায, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ১২২।

সকল হাদীছ আয়ত্ব করেন। তাঁর জন্ম ভূমি বুখারা ও তৎপার্শ্ববর্তী হাদীছ শিক্ষার প্রাণকেন্দ্র নায়শাপূর, খোরাসান, সমরকন্দ ও তাশখন্দ প্রভৃতি নগরে বহুবার গমণ করেন। তিনি কূফা, বসরা, বাগদাদ, শাম, মিশর, সিরিয়া, মার্ভ, বল্‌খ, হারাত, রায়, ওয়াসিত,'আস-কালান, হিম্‌স, দামিশ্‌ক, জাযীরাহ প্রভৃতি শহরে পরিভ্রমণ করেন।[৩১] প্রয়োজনে বিভিন্ন শহরে বার বার যাতায়াত করতেন। ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন, "আমি সিরিয়া, মিশর ও জাযীরায় দু'বার, বসরায় চারবার এবং হিজাযে ক্রমাগত ছয় বছর পর্যন্ত অবস্থান করেছি। আর কূফা ও বাগদাদে যে আমি কতবার গমণ করে মুহাদ্দিছগণের নিকট হাযির হয়েছি, তা গণনা করতে সক্ষম নই।"[৩২] এভাবে বিশাল ইসলামী সাম্রাজ্যের এমন কোন প্রদেশ বা শহর ছিল না যেখানে তিনি উপস্থিত হননি। 'আল্লামা খতীব আল-বাগদাদী (মৃ.- ৪৬৩ হি.), ইবনুল জাওযী (মৃ. ৫৯৭ হি.) ইব্‌ন কাছীর (মৃ.৭৭৪ হি.) ও 'আল্লামা শামসুদ্দীন আয্‌-যাহাবী (রহ.) (মৃ.৭৫৩ হি.) বলেন : ('رَحَلَ فِيْ طَلَبِ الْعِلْمِ إِلي سَائِرِ مُحَدِّثِي الاَمْصَار') 'ইল্‌ম হাদীছের সন্ধানে শহরের প্রত্যেক মুহাদ্দিছের নিকট তিনি গমণ করেছেন।[৩৩]

---

[৩১] ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৪; ইয়াকূত আল-হামাভী : মু'জামুল বুলদান, খ.১ম, (বৈরূত : দারুল ফিক্‌র, তা, বি), পৃ. ৪২২; আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৪৪; ইবনুল জাওযী : আল-মুনতাযাম, খ.৭ম, প্রাগুক্ত, পৃ. ৯৫; জিয়া উদ্দীন ইসলাহী : তাযকিরাতুল মুহাদ্দিছীন, (আযমগড় : দারুল মাতবা'আতিল মা'আরিফ, ১৯৬৮খ্রি.), পৃ. ২০৫-২০৬।

[৩২] ড.মুসতাফা আস্‌-সুবা'ঈ : আস্‌-সুন্নাতু ওয়া মাকানাতুহা ফীত-তাশরী'ইল ইসলামী, ২য় সং, (বৈরূত : আল-মাতবা'আতুল ইসলামী, ১৩৯৮/১৯৭৮), পৃ.৪৪৫; মুহাম্মদ আবূ যাহ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ. ৩৫৪; ইব্‌ন হাজার 'আসকালানী : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৩; J. Robson: The Encyclopaedia of Islam, Vol.1, P-196.

মূল 'আরবী :

قَالَ الْبُخَارِيّ : دَخَلْتُ إلي الشام و مصر و الجزيرة مَرَّتَيْن والي البصرة أربعَ مَرَّاتٍ و أقَمْتُ بالحجاز ستّة أعوام ولاَ أُحصِي كم دَخلتُ الي الكوفة وبغداد معَ الْمُحَدِّثِيْن.

[৩৩] ইব্‌নুল আছীর : জামি'উল উসূল, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১৮৩; খতিব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, ২য় খ. প্রাগুক্ত, পৃ. ৪; আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-

তৃতীয় পরিচ্ছেদ :

এ পরিচ্ছেদে ইমাম বুখারী (রহ.)-এর "কর্মজীবন, সম্মানিত উস্তাদগণ, ছাত্রবৃন্দ, রচিত গ্রন্থাবলী এবং চারিত্রিক মাধুর্য ও পরহেযগারী" সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো।

☆ কর্মজীবন

ইমাম বুখারী (রহ.) ১৮ বছর বয়সে শিক্ষা সমাপ্তির পরেই অধ্যাপনা শুরু করেন। তাঁর পাণ্ডিত্য সব দিকে ছড়িয়ে পড়লে দূর দূরান্ত থেকে হাদীছের জ্ঞান লাভের জন্য শ্রোতাগণ ভিড় করতে থাকে তখনও তাঁর মুখে দাড়ি গজায়নি।[৩৪] প্রথমে মুহাম্মদ ইব্‌ন ইউসুফ আল-ফিরইয়াবীর বাড়ীতে হাদীছের জ্ঞান প্রচার শুরু করেন। পরবর্তীতে তিনি যেখানে যেতেন সেখানেই লোকজন জড়ো হয়ে যেতো। এমন কি পথা চলার সময় হাজার হাজার লোক হাদীছ শ্রবণের উদ্দেশ্যে তাঁকে ঘিরে ধরতো[৩৫]

নায়সাপূরের প্রখ্যাত মুহাদ্দিছ ও ইমাম মুসলিম (রহ.)-এর সম্মানিত শিক্ষক ইমাম মুহাম্মদ ইব্‌ন ইয়াহ্‌ইয়া আয-যুহলী (মৃ.-২১৪/৮২৯) তাঁর সকল ছাত্রকে ইমাম বুখারীর দরবারে উপস্থিত হয়ে হাদীছ শিক্ষার জন্য অনুমতি দিলেন। ইমাম বুখারী (রহ.)-এর হাদীছের গভীর জ্ঞান ও উত্তম চরিত্র দেখে ছাত্ররা তাঁর প্রতি মুগ্ধ হয়ে গিয়েছিলেন ফলে নায়সাপূরের মুহাদ্দিছের দরবার খালি হয়ে গিয়েছিল।[৩৬] হাদীছের দারসে এতো পরিমাণ লোকের সমাগম হতো যে, সেখানে তিল পরিমান জায়গা ফাঁক থাকত না।[৩৭] মুহাম্মদ ইব্‌ন ইউসুফ ইব্‌ন 'আ'সিম বর্ণনা করেন, 'ইমাম বুখারী (রহ.)-এর তিনটি হাদীছের মজলিস ছিল। তাঁর মজলিসে বিশ হাজারের

হিত্তাহ, প্রাগুক্ত, পৃ. ৪৪৪।

[৩৪] হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত পৃ. ৪৩৭; খতিব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ১৫; ইয়াহ্‌ইয়া ইব্‌ন শরফ আবূ যাকারিয়া, আন্‌-নবভী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭০।

[৩৫] আবুল ক'াসিম মুহাম্মদ হুসায়ন বাসুদেবপুরী : ইমাম বুখারী (রহ.), (ঢাকা : বাংলা একাডেমী, ১৯৬৮), পৃ. ৪৮-৪৯।

[৩৬] ঢাকা : ই.ফা.বা,পত্রিকা ৪২ বর্ষ, ৪র্থ সংখ্যা, (এপ্রিল-জুন ২০০৩), পৃ. ৯৪।

[৩৭] ড. মুহাম্মদ বেলাল হোসেন : 'উলূমুল হাদীছ, (রাজশাহী : সেন্টার ফর ইসলামিক রিসার্চ, ১৪২১/২০০০), পৃ. ২৭১।

বেশি লোক সমবেত হত।[৩৮] তাঁর জ্ঞানের গভীরতা দেখে উপস্থিত লোকজন হতবাক হয়ে যেতো। একদা ইমাম মুসলিম (রহ.) ইমাম বুখারী (রহ.)-এর হাদীছের দারস শুনে আশ্চর্যান্বিত ও মুগ্ধ হয়ে তাঁর কপালে চুমু খেলেন এবং আবেগাপ্লুত কণ্ঠে বলেন, 'হে সকল শিক্ষকের শিক্ষক, মুহাদ্দিছগণের সর্দার এবং হাদীছের রোগের চিকিৎসক ! আমাকে আপনার পদদ্বয় চুম্বন করার অনুমতি দিন।[৩৯]

✲ উস্তাদগণ

ইমাম বুখারী (রহ.)-এর শিক্ষক মণ্ডলীর সংখ্যা এক হাজারের অধিক। এ ব্যাপারে ইমাম বুখারী (রহ.) বলেন, "আমি এক হাজার অথবা এরও বেশি শিক্ষকের নিকট থেকে হাদীছ লিখেছি। তাঁদের প্রত্যেকের নিকট থেকে আমি দশ হাজার ও ততোধিক হাদীছ লিপিবদ্ধ করেছি। আমার কাছে এমন কোন হাদীছ নাই, যার সনদ আমি উল্লেখ করতে পারি না।"[৪০] অপর এক বর্ণনায় ইমাম বুখারী (রহ.) বলেন, 'আমি এক হাজার আশি জন

---

[৩৮] ইয়াহইয়া ইব্ন শরফ, আন্-নবভী : তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৭০।

[৩৯] ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৭৫; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ২৯; হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত পৃ. ৪৩২; ইয়াহ্ইয়া ইব্ন শরফ, আন্-নবভী : তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৭০; ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ. ২২; 'আল্লামা সুলায়মান নদভী : হায়াতে ইমাম বুখারী (রহ.), প্রাগুক্ত, পৃ. ১০; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.৩৫৪; মাওঃ মুফতী রশাদ আহ্মেদ : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৩৬; ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ৩৯৭; 'আল্লামা সৈয়দ সুলাইমান নদভী : হায়াতে ইমাম বুখারী (রহ.), (ঢাকা : সাউদিয়া কুতুবখানা,তা,বি), পৃ.১০।
মূল 'আরবী :

"دَعْنِيْ أُقَبِّلْ رِجْلَيْكَ يَا أُسْتَاذَ الْأُسْتَاذِيْنَ وَ سَيِّدَ الْمُحَدِّثِيْنَ وَ طَبِيْبَ حَدِيْثٍ فِيْ عِلَلِهِ"

[৪০] ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ , প্রাগুক্ত, পৃ. ২০৪; ইব্ন 'আসাকির : তারীখু মদীনাতি দিমাশক, খ.৫২শ, (বৈরূত : দারুল ফিকর, ১৪১৫/১৯৯৫), পৃ. ৫৮।
মূল 'আরবী :

كتبتُ عَنْ ألفِ شيخٍ أو أكثرَ، عَنْ كُلِّ وَاحِدٍ منهم عشرةَ آلافٍ وأكثرَ، مَا عِنْدِيْ حديثٌ إلا أذكرُ إسنادَه.

হাদীছ বিশারদ থেকে হাদীছ শুনেছি এবং লিখেছি।[৪১] তাঁদের মধ্যে উল্লেখযোগ্য কয়েক জন হলেন : "আবূ বকর 'আবদিল্লাহ ইব্নুয্-যুবায়ের আল হুমায়দী (মৃ.- ২১৯/৮৩৪), আবুল ওয়ালীদ আহ্মদ ইবনুল আয্রাকী (মৃ.-২২৮/৮৪২), ইব্রাহীম ইব্নুল মুনযার আল্-খুযামী (মৃ.২৩৬/৮৫০), সোলায়মান ইব্ন হারব (মৃ. ২২৪/৮৩৮), আবূ 'আ'সেম আন্-নাবীল (মৃ.২১২/৮২৭), আবুল ওয়ালীদ তায়ালিসী (মৃ. ২২৭/৮৪১), বাদল ইবনুল মুহবার (মৃ. ২১৫/৮৩০), মুহাম্মদ ইব্ন সালাম আল-বায়কান্দী (মৃ. ২২৫/৮৩৯), 'আবদুল্লাহ ইব্ন মুহাম্মদ আল্-মুসনাদী (মৃ.২২৯/৮৩৪), ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (মৃ. ২৪১/৮৫৫), মুহাম্মদ ইব্ন 'ঈসা (মৃ. ২২৪/৮৩৮), 'আল্লামা ইউসুফ আল-ফারইয়াবী (মৃ. ২১২/৮২৭), আবুল ইয়ামান হাকাম ইব্ন নাফি' (মৃ. ২২১/৮৩৫), আদম ইব্ন আবী ইয়াস (মৃ. ২২০/৮৩৫), সা'ঈদ ইব্ন আবী মারইয়াম (মৃ. ২২৪/৮৩৮), আসবাগ ইব্ন ফারজ, (মৃ. ২২৫/৮৩৯), আবূ না'ঈম (মৃ. ২১৯/৮৩৪), আল-হাসান ইবনুর রাবী' (মৃ. ২২১/৮৩৫), আবূ গাস্সান, (মৃ. ২১৯/৮৩৪), খালিদ ইব্ন মুখাল্লাদ, (মৃ. ২১৩/৮২৮), মাক্কী ইব্ন ইব্রাহীম, (মৃ. ২১৫/৮৩০), ইয়াহ্ইয়া ইব্ন ইয়াহ্ইয়া, (মৃ. ২২৬/৮৪০), মুহাম্মদ ইব্ন রাফি' (রহ.) (মৃ. ২৪৫/৮৫৯) প্রমুখ।[৪২]

✲ ছাত্রবৃন্দ

ইমাম বুখারী (রহ.)-এর ছাত্র সংখ্যা নব্বই হাজারেরও অধিক।[৪৩] অপর

---

[৪১] ইবনুল 'ইমাদ : শাযারাতুয্ যাহাব, খ.২য়, (বৈরূত : দারু-ইহ্ইয়াইত্ তুরাসিল 'আরাবী, তা.বি.), পৃ. ১৩৪; হাফেজ আহ্মদ ইব্ন 'আলী ইব্ন হাজার 'আস্কালানী : ফতহুল বারী শরহে সহীহিল বুখারী, মুকাদ্দামা, (কায়রো : ১৩৮০হি.), পৃ. ৪৭৯; ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৪; কিরমানী : শারহুল-বুখারী, (মুকাদ্দামা), (বৈরূত : দারুল ফিক্র, তা,বি.), পৃ.১১; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ. ৪৪। মূল 'আরবী :

قَالَ الْبُخَارِيُّ: رَوَيْتُ الْحَدِيْثَ عَنْ أَلْفٍ وَثَمَانِ مِائَةِ مُحَدِّثٍ.

[৪২] ইয়াহ্ইয়া ইব্ন শরফ আবূ যাকারিয়া, আন্-নবভী : তাহ্যীবুল-আসমা ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭১-৭২; হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ. ৩৯৪-৩৯৫।

[৪৩] তকী উদ্দীন নদভী : মুহাদ্দিছীন-ই-'ইযাম আওর উনকে ইলমী কারনাম, (করাচী : মযলিস-ই-নশরিয়াত-ই ইসলাম, ১৯৬৬ খ্রি.); পৃ.১৩৯; ইবনুল আছীর আল-জাযেরী :

বর্ণনায় এক লক্ষ।[৪৪] তাঁদের উল্লেখযোগ্য প্রসিদ্ধ কয়েকজন হচ্ছেন : ইমাম আবূ 'ঈসা আত-তিরমিযী (২০৯/৮২৪-২৭৯/৮৯২), ইমাম মুসলিম ইবনুল হাজ্জাজ (২০২/৮১৭ অথবা ২০৬/৮২১-২৬১/৮৭৫), ইমাম 'আবদুর রহমান আন-নাসা'ঈ (২১৫/৮৩০-৩০৩/৯১৫), মুহাম্মদ ইব্‌ন নাসির মারওয়াযী (মৃ. ২৯৪/৯০৬), মুহাম্মদ ইব্‌ন ইউসুফ আল-ফিরাবারী (মৃ. ৩২০/৯৩২), মুহাম্মদ ইব্‌ন 'আবদুল্লাহ্ মতীন (মৃ. ২৯৭/৯০৯), ইব্‌রাহীম ইব্‌ন ইসহাক আল-হারুভী (মৃ. ২৮৫/৮৯৮), আবূ বকর ইব্‌ন খুযাইমা (মৃ. ২২৩/৮৩৭-৩১১/৯২৩), সা'ঈদ ইব্‌ন আবী মারইয়াম (১৪৪/৭৬১-২৪৪/৮৫৮), মুহাম্মদ ইব্‌ন নাসির (২০২/৮১৭-২৯৪/৯০৬), ইব্‌রাহীম ইব্‌ন মা'কবল আন্-নাসাফী (মৃ. ২৯৪/৯০৬), হাফিয হাম্মাদ ইব্‌ন শাকির আন-নাসাভী (রহ.) (মৃ. ৩১১/৯২৩) প্রমূখ।[৪৫]

✲ রচিত গ্রন্থাবলী

ইমাম বুখারী (রহ.) ইসলামী জ্ঞানের ভাণ্ডার হিসেবে অনেকগুলো মহা মূল্যবান গ্রন্থ রচনা করেছেন. তার মধ্যে সর্বত্র অধিক সমাদৃত, খ্যাতি সম্পন্ন, মর্যাদাবান, সর্বশ্রেষ্ঠ ও অনবদ্য গ্রন্থ হচ্ছে, 'আল-জা'মিউ'স সহীহ্ আল-বুখারী'।[৪৬]

জামি'উল 'উসূল, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ১৮৩।

[৪৪] ড. মুহাম্মদ রাইছ উদ্দীন : ইমাম বুখারী (রহ.) ও ইমাম মুসলিম (রহ.), ১ম সং, প্রাগুক্ত, পৃ ৪৮।

[৪৫] ড.তাকী উদ্দীন নদভী আল মুযাহিরী : আল-ইমাম আল-বুখারী, প্রাগুক্ত, পৃ ৪৩-৪৪; ইউসুফ আল মিয্যী : তাহযীবুল কামাল ফী আসমা'ঈর রিজাল, খ ১৬শ, (বৈরূত : দারুল ফিক্‌র, ১৪১৫/১৯৯৫), পৃ ৮৬-৮৭, মাওঃ মুহাম্মদ হানীফ গাংগুহী : যফরুল মুহাসসিলীন বি আহওয়ালিল মুসাননিফীন, (দেওবন্দ : হানীফ বুক ডিপু, তা বি), পৃ. ১০৬।

[৪৬] ইমাম আল-বুখারী : সহীহুল বুখারী, (ইণ্ডিয়া : মাতবা'আ আসাহ্হুল মাতাবী', তা.বি.), পৃ. ৫; ইব্‌ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৮; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ.২০৬; ড. মো : শফিকুল ইসলাম : হাদীছ চর্চায় মহিলা সাহাবীদের অবদান, ১ম প্রকাশ, (ঢাকা · গবেষণা বিভাগ, ই.ফা.বা, ২০০৫খ্রি.), পৃ ৮৬, মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনু : (উর্দু) মাওঃ 'আবদুল হাকীম খাঁন, (দিল্লী : এ'তেকাদ পাবলিকেশন্স হাউজ, তা.বি.), পৃ. ২৩।

মহাগ্রন্থ আল-কুরআনের পরেই সহীহ বুখারী অপেক্ষা অধিকতর বিশুদ্ধ গ্রন্থ দুনিয়াতে আর নেই।[৪৭] তাঁর উল্লেখযোগ্য কয়েকটি গ্রন্থ হলো : আত্-তারীখুল কাবীর, কাযায়াস্ সাহাবাতি ওয়াত্ তাবি'ঈন, আত্-তারীখুল আওসাত, আত্-তারীখুস্ সগীর, আল্-জামি'উল কাবীর, আসমা'উস্ সাহাবা, রফ'উল ইয়াদাইন, কিতাবুল মাবসূত, কিতাবুল ওয়াহ্দান, কিতাবুল 'ইলাল, কিতাবুল কুনা, কিতাবুল হিবাহ্, কিতাবুর রিকাক, কিতাবুল আশরিবাহ্, কিতাবুল খালফি আফ'আ'লিল 'ইবাদ, কিতাবুদ্ দু'আফা'ইস সাগীর, বিররুল ওয়ালিদাইন, আত-তাফসীরুল কাবীর, আল-মুসনাদুল কাবীর, আল-'আকীদাহ ওয়াত্ তাওহীদ, আল-কিরআতু খালফাল ইমামে ইত্যাদি।[৪৮]

✲ চারিত্রিক মাধুর্য ও পরহেযগারী

ইমাম বুখারী (রহ.) অত্যন্ত আল্লাহ ভীরু 'আ'বিদ ও পরহেযগার ছিলেন। হুসায়ন ইব্‌ন মুহাম্মদ (রহ.) বলেন, 'তিনি স্বল্প ভাষী ছিলেন, অন্য লোকের নিকট যা আছে তার প্রতি লোভ করতেন না এবং অন্যদের কর্মকাণ্ডে আত্মনিয়োগ করতেন না। তাঁর পূর্ণ আত্মনিয়োগ ছিল জ্ঞানের প্রতি'।[৪৯] তিনি পরনিন্দা, গীবত-শেকায়েত মোটেও পছন্দ করতেন না। এ প্রসংগে ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন, 'আমি আশা করছি, আল্লাহ তা'আলার সাথে আমি এমতবস্থায় সাক্ষাৎ করব যে, আমি কারও গীবত করেছি এ হিসাব আমাকে দিতে হবে না'।[৫০] ক্ষণস্থায়ী জগতের প্রতি তাঁর কোন লোভ ছিল না। ওয়ারিশ সূত্রে প্রাপ্ত যাবতীয় বিশাল সম্পদ তিনি

---

[৪৭] ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহ্, প্রাগুক্ত, পৃ. ৩৯৭।

[৪৮] ইব্‌ন হাজার আস-কালানী : তাহ্যীবুত্-তাহ্যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ.৪৭-৫৫; ফু'আদ সিযকীন : তারিখুত-তুরাসিল 'আরাবী, খ.১ম, (রিয়াদ : ইদারাতুস সাকাফী, ১৪০৩/১৯৮৩), পৃ. ২৫২-২৫৯; ইব্‌ন খাল্লিকান : ওয়াফায়াতুল আ'ইয়ান, খ.১ম, ১ম সং, (বৈরূত : দারু-ইহ্‌ইয়াইত্ তুরাসিল 'আরাবী, ১৪১৭/১৯৯৭), পৃ. ৫৭২-৫৭৭; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন, : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ. ৪৩৬-৪৩৭; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.৩৫৬।

[৪৯] হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ.৪৪৮।

[৫০] পূর্বোক্ত, পৃ. ৪৩৯।

জ্ঞান আহরণে আল্লাহর পথে ব্যয় করেছেন।[৫১] তিনি রমযান মাসে দিনের বেলায় প্রতিদিন একবার কুরআ'ন খতম করতেন এবং ইফতারের সময় এ খতম সম্পন্ন করে বলতেন, 'প্রত্যেক খতমের সময় দু'আ' কবুল হয়।'[৫২] তিনি নামাজে আল্লাহর একনিষ্ঠ প্রেমে মুগ্ধ হয়ে যান। একদা নামাজে দাঁড়াইলে একটি বিষাক্ত বিচ্ছু তাঁর দেহের সতেরটি জায়গায় দংশন করে; তারপরও তিনি নামায ভঙ্গ করেন নি।[৫৩] এ ব্যাপারে তাঁকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন : (كُنْتُ فِي سُوْرَةٍ فَاَحبَبتُ أَنْ اُتِمَّهَا) "আমি একটি সূরাহ পাঠরত ছিলাম এবং তা সমাপ্ত করাকে পছন্দ করেছি"।[৫৪]

চতুর্থ পরিচ্ছেদ :

এ পরিচ্ছেদে "হাদীছ বিশারদগণের দৃষ্টিতে ইমাম বুখারী (রহ.) এবং ওয়ারিশ সূত্রে প্রাপ্ত যাবতীয় সম্পদ" সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো।

✡ মনীষীগণের দৃষ্টিতে ইমাম বুখারী (রহ.)

ইমাম বুখারী (রহ.)-এর সমসাময়িক 'আলিমগণও তাঁর অনেক ভূয়সী প্রশংসা করেছেন। ইমাম মুসলিম (রহ.) ইমাম বুখারী (রহ.)-এর নিকট উপস্থিত হয়ে বলেছেন,

(أَشْهَدُ اَنَّه لَيْسَ فِي الدُّنْيَا مِثْلُكَ)

"আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনার মতো দ্বিতীয় আর কেউ নেই"।[৫৫]

---

৫১ ড. মুহাম্মদ রাইছ উদ্দিন : ইমাম বুখারী (রহ.) ও ইমাম মুসলিম (রহ.), প্রাগুক্ত, পৃ. ৪২।

৫২ তাজুদ্দীন আস্-সুবুকী : তাবাকাতুশ্ শাফি'ঈয়্যাহ, খ.২য়, (বৈরূত : দারু-ইয়াহ্ইয়াইল কুতুবিল 'আরাবী, তা.বি), পৃ.২২৪; ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ. ১১শ, পৃ. ২৩।

৫৩ ইব্ন হাজার আসকালানী : তাহ্যীবুত্ তাহ্যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ.৪৩; হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ.৪৪১; আবুল হুসায়ন মুহাম্মদ ইব্ন মুহাম্মদ ইবনিল হুসায়ন আল-হাম্বলী : তাবাকাতুল হানাবিলাহ, খ.১ম, ১ম সং, (বৈরূত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ, ১৪১৭/১৯৯৭), পৃ. ২৫৭।

৫৪ মাওঃ মুহাম্মদ হানীফ গাংগুহী : যফরুল মুহাসসিলীন, প্রাগুক্ত, পৃ. ১১৪।

৫৫ ইব্নে হাজার 'আস-কালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৭১; ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ.৩৯৭; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান,

ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (রহ.) (মৃ.২৪১হি.) বলেন,

(مَا أَخْرَجَتْ خَرَسَان مِثْلَ مُحَمَّد بْنِ إِسْمَاعِيْلَ)

"খুরাসানে মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল-এর মতো অন্য কোন ব্যক্তি জন্ম নেয়নি"।[৫৬]

ইমাম তিরমিযী (রহ.) (মৃ.২৭৯ হি.) বলেন,

(قَال ابوعيسي الترمزي: لم أَرْ أَعلمُ بِالعللِ والأَسانيدِ مِنْ محمدِ بن إسماعيلِ البخارِيْ.)

"হাদীছের সনদ ও 'ইলাল (সূক্ষ্ম দোষ-ত্রুটি) সম্পর্কে ইমাম বুখারীর চেয়ে অধিক জ্ঞানী আমি আর কাউকে দেখিনি"।[৫৭]

আল-মুরজী ইব্ন রেজা (রহ.) (মৃ.২৪৯/৮৬৩) বলেন,

(هُوَ آيَةٌ مِنْ آيَاتِ اللهِ تَمْشِي عَلَي الأَرضِ)

"ইমাম বুখারী হচ্ছেন মহান আল্লাহর নিদর্শনাবলীর অন্যতম একটি নিদর্শন, যা জ্বলন্ত অবস্থায় পৃথিবীতে বিচরণ করে বেড়াচ্ছে"।[৫৮]

তিনি আরও বলেন,

(فَضْلُ البخارِيِّ عَلَي العلماءِ كَفَضلِ الرِّجَالِ عَلَي النِّسَاءِ. يَعْنِيْ فِيْ زَمَانِه)

: আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ. ৪৩৯; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ. ৩৫৫।

৫৬ ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, পৃ.২৩; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২১০; ইব্ন হাজার আসকালানী : তাহ্যীবুত্ তাহ্যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ.৪৪; ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৮; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ. ৩৫৪, আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ. ৪৩৯।

৫৭ ইব্ন হাজার : তাহ্যীবুত্ তাহ্যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ.৪৫; ইব্ন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭১; হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ. ৪৩২; ইয়াহ্ইয়া ইব্ন শরফ আবূ যাকারিয়া আন্-নবভী : তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭০; আস-সুবকী : তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৬; ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ.৩৯৭।

قال ابوعيسي الترمزي: لم أَرْ أعلمُ بالعلل والأسانيدِ مِنْ محمد بن إسماعيل البخاريْ

৫৮ ইব্ন কাছীর : আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ, খ.১১শ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.২২; ইব্ন হাজার : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৯।

"ইমাম বুখারী (রহ.)-এর মর্যাদা তেমন, যেমন নারীদের উপর পুরুষদের মর্যাদা"।[৫৯]

'আমর ইব্ন 'আলী আল্-ফাল্লাস (রহ.) বলেন,

(كُلُّ حديثٍ لايعرفُه البخاريّ فليس بحديثٍ)

"মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল অবগত নেই, এমন কোন হাদীছ থাকতেই পারে না"।[৬০]

ইয়া'কূব ইব্ন ইব্রাহীম আদ্-দাওরাকী (রহ.) (মৃ.২৫২/৮৬৬) বলেন,

(مُحَمَّدُ بن إِسْمَاعِيْل فَقِيْه هذه الأمّة)

"মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল হচ্ছেন এই উম্মতের শ্রেষ্ঠ ফকীহ্"।[৬১]

আবূ হাতিম আর-রাযী (রহ.) (মৃ.২৭৭/৮৯০) বলেন,

(يُقَدِّمُ عليكُمْ رجلٌ مِنْ أهلِ خُراسانَ. لم يخرجْ منها أحفظُ منه. ولاقَدِمَ العراقَ أعلمُ مِنه.)

"খোরাসানের অধিবাসীদের থেকে তোমাদের মধ্যে এমন এক ব্যক্তির আবির্ভাব ঘটেছে, যাঁর সমকক্ষ 'হাফিযুল হাদীছ' খুরাসানে আর জন্ম নেয় নি এবং তাঁর থেকে অধিক জ্ঞানবান ব্যক্তি 'ইরাকে শুভাগমণ করেন নি"।[৬২] মুহাম্মদ ইব্ন ইসহাক ইব্ন খুযাইমাহ (রহ.) (মৃ.২২৩/৮৩৭-৩১১/৯২৩) বলেন,

(مَارَأيتُ تَحْتَ أدِيْمِ السَّمَاءِ أعلمَ بحَدِيْثِ رَسُوْلِ اللهِ صلي الله عليه وسلم ولاأحفظَ لَهُ مِنْ مُحَمَّدِ بْنَ إِسْمَاعِيْلَ الْبُخَارِيّ)

---

[৫৯] ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.২২; ইব্ন হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৯; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ্, পৃ. ৪৪০।

[৬০] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ১৮; ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.২২; ইব্ন হাজার : হুদা আস-সারী, পৃ.৬৬৯; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ্, প্রাগুক্ত, পৃ.৪৪০।

[৬১] ইব্ন হাজার : তাহযীবুত্ তাহ্যীব, খ.৭ম, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৪; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২২; ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, পৃ.২২; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ.৩৫৫।

[৬২] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২৩; ইব্ন কাছীর : আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ, খ.১১শ, পৃ.২২।

"আকাশের নীচে ইমাম বুখারী (রহ.) অপেক্ষা হাদীছ শাস্ত্রে সর্বাধিক জ্ঞানী ও অধিক সংরক্ষণকারী আমি আর কাউকে দেখি নি"।[৬৩]

ইমাম বুখারী (রহ.) যখন বসরায় আগমণ করলেন, তখন প্রখ্যাত 'আলেম মুহাম্মদ ইব্ন ইয়াসার (রহ.) বলেন,

(دَخَلَ الْيَوْمَ سَيِّدُ الْفُقَهَاءِ)

"আজ ফকীহ্কুল সম্রাট আমাদের মাঝে শুভাগমণ করলেন"।[৬৪]

আবদুল্লাহ ইব্ন নুমায়র (রহ.) (মৃ. ২৩৪/৮৪৮) বলেন,

(مَارَأَيْنَا مِثْلَ مُحَمَّدِ بنِ إِسْمَاعِيْلَ)

"মুহাম্মদ ইব্ন ইসমা'ঈলের মতো আমরা কাউকে দিখিনি"।[৬৫]

হাফিযুল হাদীছ 'আবদুল্লাহ ইব্ন 'আবদুর রহমান আদ-দা'রিমী (রহ.) বলেন,

(قد رأيتُ العلماءَ بالحرمينِ والحجازِ والشامِ والعِراقِ فَمَا رأيتُ فِيْهِم أجمعَ مِنْ مُحَمَّدِ بْنِ إِسماعيل)

"আমি মক্কা, মদীনা, হিজায, সিরিয়া ও 'ইরাকে অসংখ্যা 'আলিমদেরকে দেখেছি, কিন্তু বুখারীর মতো অন্য কাউকে দেখিনি"।[৬৬]

তিনি আরও বলেন,

---

[৬৩] ইব্ন হাজার : তাযকীরাতুল হুফ্ফায, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৫৫৬; ইব্ন কাছীর : আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ, খ.১১শ, পৃ.২৩; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ.৩৫৫; ইব্ন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭১; ড. সুবহী আস-সালিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ৩৯৭; হাফিয শামসুদ্দীন আয্-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ.৪৩১; ইয়াহইয়া ইব্ন শরফ, আন্-নবভী : তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭০।

[৬৪] ইয়াহ্ইয়া ইব্ন শরফ আবূ যাকারিয়া, আন্-নবভী : তাহ্যীবুল-আসমা ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭০; ইব্ন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৮।

[৬৫] ইব্ন হাজার : তাহযীবুত্ তাহ্যীব, খ.৭ম, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৪; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.১৯; ইয়াহ্ইয়া ইব্ন শরফ আবূ যাকারিয়া, আন্-নবভী : তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৯; ইবনুল জাওযী : আল-মুনতাযাম, খ.৭ম, প্রাগুক্ত, পৃ.১১৬।

[৬৬] মাওঃ মুহাম্মদ হানীফ গাংগুহী : যফরুল মুহাসসিলীন, প্রাগুক্ত, পৃ.১১৪; ইব্ন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭০; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৪০।

(قَالَ ابو محمد عَبْدِ اللهِ بْنِ عَبْدِ الرَّحْمنِ الدَّارِمِيُّ: محمد بن إسماعيل البخاري أفقهنا وأعلمنا أغوصنا وأكثرنا طلباً.)

"মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল আমাদের সবার চয়ে জ্ঞানী, ফকীহ, হাদীছ অন্বেষী ও অধিক মনোযোগী গবেষক ছিলেন"।[৬৭]

মুহাম্মদ ইব্‌ন ইয়াহ্‌ইয়া আয্‌-যাহ্‌লী (রহ.) (১৭০/৭৮৬-২৫৮/৮৭১) বলেন,

(رأيت محمد بن يحيى الزهلي يسأل البخاري عن الأسامي والكني والعلل. وهو يمر فيه كالسهم. كأنه يقرأ قل هو الله أحد.)

"আমি কোনও কোনও সময় ইমাম বুখারী (রহ.) কে হাদীছের সনদের বর্ণিত রাবীদের নাম, উপনাম ও ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে জিজ্ঞেস করতাম, তখন তাঁর যেমন লক্ষ্যস্থলে পৌঁছে যায়, তেমনি ইমাম বুখারী (রহ.) ধারাবাহিকভাবে সনদসহ হাদীছ বলে যেতেন, যেন তিনি ' قُلْ هُوَ اللهُ أَحَد ' সূরাটি একদমে পাঠ করে যাচ্ছেন"।[৬৮]

ইয়াহ্‌ইয়া ইব্‌ন জা'ফর আল-বায়কান্দী (রহ.) (মৃ.২৪৩/৮৫৭) বলেন,

(لَوْ قدرْتُ أن أزيدَ مِن عُمرِي فِي عُمرِ البخاري لَفَعَلْتُ. فَإنَّ مَوْتِي يكون مَوْت رجلٍ واحدٍ وموته فيه ذهابُ العِلْمِ.)

"যদি আমার জীবন থেকে কিছু বছর মুহাম্মদ ইবন ইসমা'ঈলকে দেয়া যেতো, তা হলে আমি তাই করতাম। কেননা আমার মৃত্যু মানেই একজন মানুষের মৃত্যু। আর তাঁর মৃত্যু মানেই 'ইল্‌ম-এর মৃত্যু"।[৬৯]

---

৬৭ ইব্‌ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.২২-২৩; ইব্‌ন হাজার : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭০ মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ. ৩৫৫।

৬৮ খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২১; ইব্‌ন কাছীর : আল-বিদায়াহ ওয়ান-নিহায়াহ, খ.১১শ, পৃ.২৩; ইবনুল 'ইমাদ : শাযারাতুয্ যাহাব , খ.২য়, প্রাগুক্ত, পৃ.১৩৫; ইয়াহ্‌ইয়া ইব্‌ন শরফ আবূ যাকারিয়া, আন্‌-নবভী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৯।

৬৯ হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত,পৃ.৪৩১-৪৩২; আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৪০।

ইমাম বুখারী (রহ.) এর উস্তাদ মুহাদ্দিছ কুতায়বা ইব্‌ন সা'ঈদ সাকাফী (রহ.) (মৃ. ২৪০/৮৫৪) বলেন,

(جالستُ الفُقهاءَ و الزهادَ و العُبادَ. ما رأيت مُنذ عقلتُ مثل محمد بن أسماعيل. وهو في زمانه كعُمر في الصحابة.)

"আমি 'আবিদ, যাহিদ ও ফকীহ্‌গণের সাথে অনেক উঠা-বসা করেছি, কিন্তু মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈলের মতো আর কাউকে দেখিনি, তিনি তাঁর সময়ে এতই প্রসিদ্ধ ছিলেন, যেমনিভাবে সাহাবীদের মধ্যে উমর (রা.) ছিলেন"।[৭০]

তিনি আরও বলেন,

(لَوْ كَانَ مُحَمَّدُ بن إِسْمَاعِيْل فِي الصحابةِ لَكَانَ آيَةً.)

"ইমাম বুখারী (রহ.) যদি সাহাবীদের সময়ে আগমণ ঘটতো তা হলে তিনি একটি নিদর্শন হয়ে থাকতেন।"[৭১]

মুহাম্মদ 'আবদুল্লাহ ইব্‌ন মুহাম্মদ আল-মুসনাদী (রহ.) (মৃ.২২৮/৮৪৩) বলেন,

(محمدُ بْنُ إسماعيلَ إمامٌ فَمَنْ لَمْ يجعلْهُ إمَاماً فَاتَّهِمْهُ)

"মুহাম্মদ ইবন ইসমা'ঈল বুখারী (রহ.) হচ্ছেন একজন যুগ শ্রেষ্ঠ ইমাম। যে তাঁকে এ স্বীকৃতি দিল না, সে তাঁর প্রতি মিথ্যারোপ করলো"।[৭২]

ইমাম বুখারী (রহ.) উস্তাদ হা'ফিযুল হাদীছ ইসহাক ইবন রাহওয়াইহ্ (রহ.) (মৃ. ২৩৮/৮৫২) বলেন,

---

৭০ পূর্বোক্ত; ইব্‌ন হাজার : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭০; মাওঃ মুহাম্মদ হানীফ গাংগুহী : যফরুল মুহাসসিলীন বি আহওয়ালিল মুসান্নিফীন, প্রাগুক্ত, পৃ.১১৪ ।

৭১ হাফিয শামসুদ্দীন আয্‌-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ.৪৩১; ইব্‌ন হাজার : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬৭-৬৬৮।

৭২ ইব্‌ন হাজার : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭০; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ২৮; ইব্‌ন হাজার : তাহ্‌যীবুত্ তাহ্‌যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ. ৪৬ ; ইয়াহ্‌ইয়া ইব্‌ন শরফ আবূ যাকারিয়া, আন্‌-নবভী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৯ ।

(يَا مَعْشَرَ أَصْحَابِ الحديثِ أُنظرُوا إِلَي هذَا الشَّابِّ واكْتُبُوا عنه فإِنَّه لَوْ كَانَ فِي زَمَنِ الحَسَنِ بْنِ أَبِي الحَسَنِ البصريّ لاَحْتَاجَ إِلَيْه النَّاسُ لمعرفتِه بالحديثِ وَفِقْهِه.)

"হে জ্ঞানান্বেষী হাদীছ বিশারদগণ! এই যুবকটির প্রতি দৃষ্টিপাত করো এবং তাঁর থেকে যা পাও লিপিবদ্ধ করো। সে যদি হাসান বসরী (রহ.)-এর যুগেও আসতো, তবুও তাঁর হাদীছের জ্ঞান ও প্রজ্ঞার প্রতি মানুষ মুখাপেক্ষী হতো"।[৭৩]

হাফিয মূসা ইব্‌ন হারুণ (রহ.) (২১৪/৮২৯-২৯৪/৯০৬) বলেন, "সৌর জগতের সমস্ত মুসলিম সমাজ একত্রিত হয়ে সমবেত চেষ্টা করলেও ইমাম বুখারীর ন্যায় একজন লোক বের করতে পারবে না।"[৭৪]

হুসায়ন ইব্‌ন হুরাইস (রহ.) বলেন,

(لاَ أعلم أَنِّي رأيتُ مثلَ محمدِ بن إسماعيل. كَأَنَّه لم يخلقْ إلاَّ للحديثِ.)

"ইমাম বুখারী (রহ.)-এর মতো অপর একজন খ্যাতি সম্পন্ন হাফিযুল-হাদীছ আছে কিনা, তা আমার জানা নেই। মনে হয় তিনি যেমন একমাত্র হাদীছের খেদমতের জন্যই সৃষ্টি হয়েছেন।"[৭৫]

আহ্‌মাদ ইব্‌ন ইসহাক (রহ.) বলেন,

(مَنْ ارادَ أن ينظرَ إلي فقيهٍ بحقِه وصدقِه فلينظُرْ إلي محمدِ بنِ إسْماعيل)

"যদি কোন ব্যক্তি একজন প্রকৃত বিজ্ঞ ও সুদক্ষ ফকীহ্‌কে দেখতে চায়, সে যেন মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈলকে দেখে।"[৭৬]

---

[৭৩] শামসুদ্দীন আয্-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ.৪২১; ইবন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৮ ৬৬৯; ইবন হাজার : তাহ্‌যীবুত তাহ্‌যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ. ৪৫।

[৭৪] ড. মুহাম্মদ মুজীবুর রহমান : ইমাম বুখারী, প্রাগুক্ত, পৃ.৩৬।

[৭৫] ইব্‌ন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৬৯।

[৭৬] পূর্বোক্ত, পৃ.৬৭০।

আবদুল্লাহ ইব্‌ন হাম্মাদ আল-'আমালী (রহ.) বলেন,

(لَوَدِدْتُ أَنِّي كنتُ شَعْرَةً فِي جسدِه.)

'হায় আফসোস ! আমি যদি ইমাম বুখারী (রহ.)- এর শরীরের একটি পশম হিসাবে বিদ্যমান থাকার সৌভাগ্য লাভ করতে পারতাম।'[৭৭]

ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব বলেন,

(وقد ساعدُه وصبرُه وذكاؤه. وحبُّه للعلمِ علي بلوغِ مرتبةٍ في عصرِه.)

"হাদীছের জ্ঞান-অর্জনে তাঁকে সাহায্য করেছিল তাঁর অসীম ধর্য্য ও প্রখ্যাত স্মৃতিশক্তি, আর জ্ঞান অর্জনই ছিল তাঁর একমাত্র প্রিয় কাজ যার কারণে তিনি তাঁর যুগের সর্বশ্রেষ্ঠ মর্যাদায় সমাসীন হয়েছেন।[৭৮]

প্রখ্যাত মুহাদ্দিছ ইব্‌ন হাজার 'আসকালানী (রহ.) (মৃ.৭৭৩-৮৫২ হি.) যথার্থই বলেছেন, "ইমাম বুখারীর প্রশংসায় পরবর্তীদের উক্তিসমূহ যদি উদ্ধৃত করা যায় তাহলে কাগজ শেষ হয়ে যাবে এবং আয়ু নিঃশেষিত হয়ে যাবে। তবুও তাঁর প্রশংসা শেষ হবে না, এ যেন এক অতল সাগর বিশেষ।"[৭৯]

✲ উদার মনের অধিকারী :

ইমাম বুখারী (রহ.) যেমন ছিলেন অত্যন্ত তাকওয়াবান ও পরহেযগার, তেমনি ছিলেন উদার, মানব দরদী ও মহৎ চরিত্রের অধিকারী। ওয়ারিশ সূত্রে প্রাপ্ত যাবতীয় সম্পদ তিনি জ্ঞান আহরণে, গরীব-দুঃখী ও হাদীছ শিক্ষার্থীদের মাঝে অকাতরে বিলিয়ে দিয়ে মহান আল্লাহর প্রতি প্রেম এবং রাসূলুল্লাহ (সা.)-এর আদর্শের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেন।[৮০]

---

[৭৭] হাফিয শামসুদ্দীন আয্-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ.৪৩১ ইয়াহ্‌ইয়া ইব্‌ন শরফ আবূ যাকারিয়া, আন্-নববী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭, খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ২৮।

[৭৮] ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৪।

[৭৯] ড. মুহাম্মদ মুজীবুর রহমান : ইমাম বুখারী, প্রাগুক্ত, পৃ.৩৬ ।

[৮০] ইব্‌ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ. ২৩; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৪১; Dr. Muhammad Zubayr Siddiqi : Hadith Literature, P-90. মূল 'আরবী :
وَ كَانَتْ لَه جِدة وَ مَالٌ جَيِّد ينفقُ مِنْهُ سِرًّا وَ جَهْرًا، وَ كَانَ يَكْثُر الصَّدَقَة بِاللَّيْلِ وَ النَّهارِ

পঞ্চম পরিচ্ছেদ :

এ পরিচ্ছেদে ইমাম বুখারী (রহ.)-এর "ইন্তিকাল, ইন্তিকালোত্তর অলৌকিক ঘটনা, ইন্তিকালোত্তর কতিপয় বুযুর্গানেদ্বীনের স্বপ্ন" সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো।

✲ ইন্তিকাল

তিনি ২৫৬ হিজরীর ১লা শাওয়াল মোতাবেক ৩১শে আগষ্ট ৮৭০ খ্রিষ্টাব্দে শুক্রবার, 'ইশার নামাযের পর 'ঈদুল-ফিতর রাতে সমরকন্দের অন্তর্গত 'খরতংক' নামক গ্রামে ১৩ দিন কম ৬২ বছর বয়সে ইন্তিকাল করেন। সেখানেই 'ঈদের দিন যুহরের নামাযের পর তাঁকে দাফন করা হয়।[৮১]

✲ ইন্তিকালোত্তর অলৌকিক ঘটনা

ইমাম বুখারী (রহ.)-এর জানাযা শেষে দাফন করার পর তাঁর কবর থেকে মিশ্‌ক আম্বরের ন্যায় সুগন্ধি ছড়াতে থাকে, কিছুদিন পর্যন্ত তা সর্বদা বহাল থাকে এবং তাঁর কবর বরাবর আকাশে লম্বাকৃতির এক সাদা রেখা দেখা দিলে জনসাধারণ তা বিস্ময়ভাবে প্রত্যাক্ষ করে।[৮২] পরবর্তীতে কবরটি রক্ষাকল্পে পাহারাদার নিয়োগ করত : কাঠের ঘেরা দ্বারা বেষ্টিত করা হয়।[৮৩] অবশেষে জনৈক বুযুর্গ ব্যক্তি মানুষের 'আকীদাহ নষ্ট হয়ে যাওয়ার

---

[৮১] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৬; ইমাম আন্-নবভী : তাহ্যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৮; শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ. ৪৬৮; ইবনু হাজার : তাহ্যীবুত্ তাহ্যীব, খ.৭ম, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪২; ইবনু কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ. ২৩; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ. ৩৫৫; ইবনুল 'ইমাদ : শাযারাতুয যাহাব , খ.২য়, প্রাগুক্ত, পৃ.১৩৫; ইবনু হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৮১; সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ১২৩-১২৪।

[৮২] ইবনু কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ. ২৩; তাজুদ্দীন আস্-সুবকী : তাবাকাতুশ্-শাফি'ঈয়্যাহ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২৩৩; ইবনু হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৮১। মূল 'আরবী :

"حين ما دُفِنَ فاحتْ مِنْ قبره رائحةٌ غاليةٌ أطيبُ مِنْ ريحِ المسكِ ثُمَّ دامَ ذلكَ أيامًا ثم جعلت ترى سواري بيض بحذاءِ قبره"

[৮৩] তাজুদ্দীন আস্-সুবকী : তাবাকাতুশ্ শাফি'ঈয়্যাহ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২৩৪।

আশংকায় সে সুঘ্রাণ বন্ধ হওয়ার জন্য আল্লাহ তা'আলার নিটক দু'আ করলে তা বন্ধ হয়ে যায়।[৮৪]

✲ ইন্তিকালোত্তর কতিপয় বুযুর্গানেদ্বীনের স্বপ্ন

'আবদুল ওয়াহিদ ইব্‌ন আদম আত্-সাওয়াবীসী (রহ.) বলেন, আমি একদা রাসূলুল্লাহ (সা.) কে স্বপ্নে দেখি। তিনি স্বীয় সাহাবীগণের একটি জামা'আত নিয়ে এক স্থানে দাঁড়ানো অবস্থায় অপেক্ষা করছেন। আমি তাঁকে সালাম দিলাম। তিনি সালামের উত্তর দিলেন। আমি 'আরয করলাম হে আল্লাহর রাসূল! আপনি এখানে কার অপেক্ষায় রয়েছেন? তিনি বললেন,"আমি মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল আল-বুখারীর জন্য অপেক্ষা করছি"। অতপর আত্-তাওয়াবীসী (রহ.) বলেন, এর কিছুদিন পরেই আমি ইমাম বুখারী (রহ.)-এর ইন্তিকালের সংবাদ শুনতে পেলাম। তখন আমি হিসাব করে দেখলাম, ঠিক সে সময়েই তিনি ইন্তিকাল করেছিলেন। স্বয়ং রাসূলুল্লাহ (সা.) তাঁর সাহাবীগণকে নিয়ে এই অতিথির অভ্যর্থনা জানান"।[৮৫]

হাদীছ বিশারদ আবূ যায়দ মারওয়াযী (রহ.) (মৃ.২৮৯/৯১০) বর্ণনা করেন, "আমি একদা পবিত্র কা'বা ঘরে হাজরে আসওয়াদ ও মাকামে ইবরাহীমের মাঝে শায়িত ছিলাম, তখন স্বপ্নে দেখতে পেলাম রাসূলুল্লাহ (সা.) স্ব-শরীরে আমার সামনে উপস্থিত। তিনি আমাকে সম্বোধন করে বললেন, "হে আবূ যায়দ! তুমি আর কতকাল ধরে ইমাম শাফে'ঈ (মৃ.২০৪ হিঃ)-এর কিতাব পড়তে থাকবে? ওসব ছেড়ে দিয়ে এখন আমার কিতাব শিক্ষা

---

[৮৪] আল্লামা সৈয়দ সুলায়মান নদভী : হায়াতে ইমাম বুখারী (রহ.), প্রাগুক্ত, পৃ. ৩১।

[৮৫] ইবনু হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৮১; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৩৪; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৪৪৩; তাজুদ্দীন আস্-সুবকী : তাবাকাতুশ্-শাফি'ঈয়্যাহ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ২৩২; মুফতী রশীদ আহ্মেদ, শাইখুল হাদীছ : ইরশাদুল কারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৩৮। মূল 'আরবী :

عبد الواحد بن آدم الطواويسي قال : "رأيتُ النبي صلي الله عليه و سلم في النوم و معه جماعة من أصحابه وهو واقف في موضع فسلمتُ عليه فرد علي السلام فقلتُ ما وقوفك هُنا يا رسول الله صلي الله عليه وسلم، قال أَنْتظِرُ محمد بن إسماعيل، قال: فلم كان بعد أيام بلغني موته فنظرتُ فإذا هو قد مات في الساعة التي رأيت فيها النبي صلى الله عليه وسلم.

শুরু করো। আমি সইবনয়ে 'আরয করলাম, ইয়া রাসূলুল্লাহ (সা.)! আপনার কিতাব কোনটি? রাসূলুল্লাহ (সা.) জওয়াব দিলেন, "মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল আল-বুখারী (রহ.) যে হাদীছ গ্রন্থখানা সংকলন করেছেন, সেটিই হচ্ছে আমার কিতাব"।[৮৬]

বিশিষ্ট মুহাদ্দিছ নজম ইব্‌ন ফুযাইল (রহ.) বর্ণনা করেন, "একদা আমি স্বপ্নে দেখলাম রাসূলুল্লাহ (সা.) স্বীয় রওযা মুবারক থেকে বের হয়ে আসছেন এবং ইমাম বুখারী (রহ.) তাঁর পেছনে পেছনে হাঁটছেন। রাসূলুল্লাহ (সা.) যে স্থানে পা রেখে হাঁটছেন ইমাম বুখারী (রহ.) তাঁর পিছনে ঠিক সেই স্থানে পা রেখে হাঁটছেন"।[৮৭] অনুরূপভাবে বিশিষ্ট মুহাদ্দিছ মুহাম্মদ ইব্‌ন আবী হাতিম আল-বুখারী (রহ.) হুবহু এ ধরনের স্বপ্ন দেখেছেন"।[৮৮]

ইমাম বুখারী (রহ.)-এর বিশিষ্ট ছাত্র মুহাদ্দিছ 'আল্লামা ফারবারী (রহ.) বলেন,

(رأيتُ النبيَّ (صلى الله عليه وسلم) في النومِ. فقال أينَ تريد؟ فقلتُ أريدُ محمد

[৮৬] হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ. ৪৩৮ ইব্‌ন হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭৬; ইমাম আন্‌-নবভী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৫; মাওঃ মুফতী রশীদ আহমেদ, : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৭-৪৮; 'আবদুস সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৫৫। মূল 'আরবী :

"روي ابو زيد المروزي يقول: "كنتُ نائمًا بين الركنِ و المقامِ، فرأيتُ النبيَّ (صلى الله عليه وسلم) في المنامِ فقال لي: يا أبا زيدٍ الى متي تدرسُ كتابَ الشافعيِّ ولاتدرسُ كتابي؟ فقلتُ يا رسولَ اللهِ (صلى الله عليه وسلم) وما كتابُكَ ؟ قال: جامعُ محمدِ بنِ إسماعيلَ البخاريِّ."

[৮৭] 'আবদুস সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৫৪-১৫৫; আস-সুবকী : তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৪; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.১০।

[৮৮] ইব্‌ন হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.০৭।
মূল 'আরবী :

"روي محمد بن أبي حاتم البخاري: "رأيتُ محمدَ بنِ إسماعيلَ البخاريَّ في المنامِ يمشي خلفَ النبيِّ (صلى الله عليه وسلم) والنبيُّ (صلى الله عليه وسلم) يمشي فكلّما رَفَعَ النبيُّ (صلى الله عليه وسلم) وَضَعَ البخاريُّ قدمَه في ذالك الوضعِ."

بن إسماعيل البخاريِّ. فقال (النبي صلى الله عليه وسلم): أقرئه مني السلام.)

"আমি একদা রাসূলুল্লাহ (সা.) কে স্বপ্নে দেখলাম তিনি আমাকে জিজ্ঞেস করলেন, তুমি কোথায় যাচ্ছ ? আমি বললাম, মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈলের নিকট যাচ্ছি। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তাঁকে আমার সালাম পৌঁছে দিও"।[৮৯]

প্রকাশ থাকে যে, এ ধরণের উল্লেখযোগ্য আহ্‌লুল্লাদের স্বপ্নের কথা খ্যাতনামা সর্বজন স্বীকৃত বেশ কয়েকটি গ্রন্থে বর্ণিত হয়েছে। আশ্চর্যের ব্যাপার উল্লেখিত প্রতিটি স্বপ্নের সাথে রাসূলুল্লাহ (সা.)-এর নিদের্শনা রয়েছে। হাদীছ শরীফে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ (সা.) বলেন: "যে ব্যক্তি আমাকে স্বপ্নে দেখে সে প্রকৃত পক্ষে আমাকেই দেখে থাকে। কেননা শয়তান কখনও আমার রূপ ধারণ করতে পারে না"।[৯০]

[৮৯] মাওঃ মুফতী রশীদ আহ্‌মেদ, : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৩৮; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.১০, আস-সুবকী : তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৮; ইমাম আন্‌-নবভী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৮; ইব্‌ন হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭৬। মূল 'আরবী :

" قال الفربري : " رأيتُ النبيَّ (صلى الله عليه وسلم) في النومِ، فقال اين تريدُ؟ فقلتُ أريدُ محمد بن إسماعيل البخاريَّ فقال (النبي صلى الله عليه وسلم): أقرئه مني السلام."

[৯০] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, ৩য় সং, (করাচী : নূর মুহাম্মদ আসাহ্‌হুল মাতাবি', ১৩৮১/১৯৬১), পৃ.১০৩৬-১০৩৭। হাদীছটি হলো :

" عن انس (رضي الله عنه) قال قال رسول الله (صلى الله عليه وسلم): مَنْ رآني في المنامِ فقد رآني، فإنَّ الشيطانَ لايَتَخَيَّلُ بي الخ."

দ্বিতীয় অধ্যায়

মানহাজ, জামি', সুনান, সহীহ্, 'আস-সিহাহু সিত্তাহ' পরিচিতি এবং সহীহ্ হওয়ার শর্তাবলী

দ্বিতীয় অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

এ পরিচ্ছেদ হাদীছ গ্রহণের পদ্ধতি বা মানহাজ শব্দের আভিধানিক ও পারিভাষিক অর্থ এবং আল-জামি' ও আস-সুনান-এর পরিচিতি সম্পর্কে নিম্নে আলোচনা করা হলো :

✡ মানহাজ শব্দের অভিধানিক অর্থ

'মানহাজ' (اَلْمَنْهَجُ) শব্দটি মীমের উপর পেশ যোগে 'আল-মাযহাব' (اَلْمَذْهَبُ)-এর ওযনে ব্যবহৃত হয়। এর অর্থ বিভিন্ন গ্রন্থে বিবিধ অর্থ পরিলক্ষিত হলেও ইহা "اَلطَّرِيْقُ" - পদ্ধতি বা পথ অর্থে ব্যবহৃহ হয়। বিভিন্ন গ্রন্থে নিম্নে মানহাজ এর আভিধানিক অর্থ উপস্থাপন করা হলো :

* আল-মাওরেদ (اَلْمَوْرِد) গ্রন্থে মানহাজের শাব্দিক অর্থ এভাবে উল্লেখ করা হয়েছে –[৯১]

- مَنْهَجٌ : طَرِيْقَةٌ, أُسْلُوْبٌ, مُقَارِبٌ : Method, Procedure, Way, Course, Manner, Approach
- مَنْهَجٌ : نِظَامٌ : System : Order
- مَنْهَجٌ : طَرِيْقٌ الوَاضِحِ : Open (Plain, Clear, Easy) Order
- مَنْهَجٌ : بَرْنَامَجٌ : Program
- مَنْهَجٌ التَّعْلِيْمِ أَوْ الدِّرَاسَةِ : Curriculum
- مَنْهَجٌ اَلْبَحْث : Methodology of Research, Research methods, Research procedures
- عِلْمُ الْمَنْهَجِ : Methodology
- مِنْهَجٌ : رَاجِعُ مَنْهَجِ

---

[৯১] ড. রূহী আল-বা'বাকী : আল-মাওরেদ, (বৈরূত : দারুল 'ইল্‌ম লিল-মালাঈন, ১৯৮৮ খ্রি.) পৃ. ১১৩১।

* مَنْهَجِيّ : Methodical, Formal, Systematic, Orderly

* مَنْهَجِيَّة : Methodology : Methodicalness, Systematicness

* 'আল-মু'জামুল ওয়াসীত' (১৪২৫/২০০৪) গ্রন্থে 'মানহাজ' (اَلْمَنْهَجُ) সম্পর্কে বলা হয়েছে, 'মানহাজ' শব্দটির (نَهَجَ يَنْهَجُ نَهْجًا وَ نِهَاجًا) অর্থ : "اَلطَّرِيْقُ" - পদ্ধতি বা পথ। বহুবচনে 'মানা'হিজ' (اَلْمَنَاهَجُ)।[৯২] উল্লেখ্য যে, "اَلطَّرِيْقُ", 'মানহাজ' (اَلْمَنْهَجُ) এবং 'আল-মিনহাজ' (اَلْمِنْهَاجُ) অর্থের দিক থেকে উভয়ই সমান।[৯৩]

'আল-মিনহাজ' (اَلْمِنْهَاجُ) শব্দটি আল-কুরআ'নুল কারীমে এভাবে বর্ণিত হয়েছে :

"لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَّ مِنْهَاجًا" (আমি তোমাদের প্রত্যেককে একটি 'আইন ও পথ দিয়েছি)।[৯৪]

বিভিন্ন অবস্থার প্রেক্ষাপটে 'মানহাজ' (اَلْمَنْهَجُ) শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়।

* "اَلطَّرِيْقُ الْوَاضِحُ" বা সুস্পষ্ট পথ।[৯৫]

* "مِنْهَجُ الطَّرِيْقِ : وَاضِحَةً" বা চলার পাথেয়, যা স্পষ্ট।[৯৬]

---

[৯২] ইব্‌রাহীম মাদকূর : আল-মু'জামুল ওয়াসীত, ৪র্থ সং, (আল-কা'হেরা : মাকতাবাতুশ শুরুকিদ্দাউলিয়্যাহ, ১৪২৫/২০০৪), পৃ. ৯৮৫।

[৯৩] মুহাম্মদ ইব্‌ন আবী বকর ইব্‌ন 'আবদিল কা'দের আর-রাযী : মুখতা'রুস সিহাহ, (বৈরূত : মুওয়াস্‌সাসাতু 'উলূমিল কুরআ'ন, ১৪০৬/১৯৮৬), পৃ.৬৮১; ইব্‌ন মানযূর আল-আফরীকী : লিসানুল 'আরব, খ.২য়, (বৈরূত : দারু ইহ্‌ইয়াইত্‌ তুরাছিল 'আরাবী, ১৪১৩/১৯৯৩), পৃ. ৩৮৩।

[৯৪] আল-কুরাআ'নুল কারীম, সূরা আল-মায়েদাহ, আয়াত নং- ৪৮।

[৯৫] ইব্‌ন মানজুর আল-আফরীকী : লিসানুল 'আরব, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ৩৮৩; আস-শায়খ মাজদুদ্দীন আল-ফিরুযাবা'দী : আল-কা'মূছুল মুহীত, খ.১ম, (বৈরূত : দারুল ফিক্‌র, ১৯৮৩ খ্রি.), পৃ.২১০।

[৯৬] ইব্‌রাহীম মাদকূর : আল-মু'জামুল ওয়াসীত, প্রাগুক্ত, পৃ.৯৫৮।

* " اَلطَّرِيْقُ الْبَيِّنُ الْوَاضِحُ " বা এমন পথ যা একেবারেই সুস্পষ্ট। যেমন বলা হয়ে থাকে -

* "نَهْجُ الطَّرِيْقِ" চলার মাধ্যম।[৯৭]

* "اَلطَّرِيْقُ الْمُسْتَقِيْمُ" বা সহজ সরল পথ।[৯৮]

* "اَلطَّرِيْقُ الْوَاضِحُ السَّهْلُ" বা সুস্পষ্ট সহজ সরল পথ।[৯৯]

* "(نِظَامٌ) نَسَقٌ, نَمَطٌ, أُسْلُوْبٌ" পদ্ধতি, রীতি-নীতি, System.[১০০]

* বাংলা একাডেমী বাংলা থেকে ইংরেজী অভিধান গ্রন্থে 'মানহাজ' (اَلْمَنْهَجُ) শব্দটির অর্থ এভাবে উল্লেখ হয়েছে-[১০১]

* Way; Path; Course; Line; Road.
* Method; Mode; Mannes; Procedure; System; Rule.
* Custom; Practice.
* Stretch; Row; Series.

* Edward William Lane - এর মতে A manifest, Plainly apparent, or open road or way.[102] অনুরূপভাবে "Oxford Advanced Learner's Dictionary Of Current English"-গ্রন্থে মানহাজ শব্দের অর্থ এভাবে উল্লেখ করা হয়েছে : Way, Rood, Street, Path, etc.[১০৩]

---

[৯৭] মুহাম্মদ ইব্‌ন আবী বকর ইব্‌ন 'আবদিল কা'দের আর-রাযী : মুখতা'রুস সিহাহ, প্রাগুক্ত, পৃ. ৬৮১।

[৯৮] ইব্‌ন মানজুর : লিসানুল 'আরব, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ৩৮৩।

[৯৯] ইব্‌ন কাছীর, আবূল আল-হাফিয, আবুল ফেদা : তাফসীরু কুরআ'নিল 'আযীম, খ.২য়, (আল-কা'হেরা : মাকতাবাতুত তুরাছ, তা.বি) পৃ. ১৬৬।

[১০০] এ্যাডওয়ার্ড ই,ইলিয়াস : কা'মূস ইলিয়াস আল-'আসরী, (১৯৫৪ খ্রি.) পৃ.৭৫১।

[১০১] Bangla Academy : Dictionary of English to Bengali. P. 397

[১০২] Edward William Lane. مد القاموس part-8. Book-1(Lahore: Islamic Book Center,1978). P. 2856.

[১০৩] A,S, Hornby : Oxford Advanced Learner's Dictionary Of Current English P.971.

মোট কথা 'মানহাজ' (مَنْهَجٌ) শব্দটি (نَهْجٌ) 'নাহজুন' থেকে উৎপত্তি। যা অনুসৃত নীতি, পদ্ধতি, পন্থা, প্রণালী, সুস্পষ্ট পথ, তরীকা (ইংরেজীতে 'Method')[104] অর্থে ব্যবহৃত হয়ে থাকে।

✡ পারিভাষিক অর্থ

মানহাজ এর পরিচয় সম্পর্কে বিভিন্ন মনীষীগণ বিভিন্নভাবে সংজ্ঞায়িত করেছেন। কারণ উসূলবিদ, হাদীছ বিশারদ, ফকীহগণ প্রত্যেকেই স্ব স্ব পদ্ধতি অবলম্বন করে গ্রন্থ রচনা করেছেন। সে অনুযায়ী মানহাজের পারিভাষিক অর্থ নির্ধারণ হয়ে থাকে। মানহাজের পরিচয় প্রসংগে ড. মুহাম্মদ সেকান্দার 'আলী তাঁর গ্রন্থে বলেন : (هُوَ الطَّرِيقُ الَّتِيْ يرسمها المُؤَلِّفُ لِنَفْسِهِ. لِيَنْهَجُهَا فِيْ مَعَالِجَةِ القَضَايَا الَّتِيْ سَيَتَنَاوَلُهَا فِيْ مُؤَلِّفِهِ) "গ্রন্থ সংকলনের ক্ষেত্রে সংকলকগণের নিজেস্ব যে অনুসৃত পদ্ধতি, রীতি-নীতি ও পন্থা অবলম্বন করে থাকেন তাই মানহাজ।"[১০৫]

হাদীছ সংকলনের ক্ষেত্রে হাদীছ বিশারদগণ তাঁদের নিজস্ব গ্রন্থ সংকলনে যে পদ্ধতি অবলম্বন করেছেন, তাকে হাদীছ সংকলনের মানহাজ বলা হয়ে থাকে।

✡ "সিহাহ সিত্তার মানহাজ"- দ্বারা উদ্দেশ্য

"আস-সিহাহুস সিত্তাহ"-এর সংকলকগণ হাদীছ সংগ্রহ ও সংকলনের ক্ষেত্রে তাঁদের নিজস্ব নির্ধারিত পদ্ধতি ও নীতিমালা অবলম্বন করেছেন।

---

[১০৪] New Webster's Dictionary of The English language. College Ed.(Delhi: Surgeet Publication, 6th Ed Reprint. 1995) P 942.

[১০৫] মুহাম্মদ সেকান্দার 'আলী : তারাজিমুল মুহাদ্দিছীন ওয়া মানাহিজুহুম ফীল-জাম'ই ওয়াত তাদওয়ীন, ১ম সং, (ঢাকা : সোনালী সোপান ১৪১৭/১৯৯৬), পৃ. ১২। ড. নবীল মুহাম্মদ তাওফীক আস-সমা'লূতী (রহ.) মানহাজ-এর সংজ্ঞা এভাবে প্রদান করেছেন-

" المنهج العلمي على هذا الأساس هو الطريقة التي يستخدمها الباحث لتحقيق فروض معينة أو للإجابة على تساؤلات معينة يطرحها بصدد الموضوعات المخصصة في دراستها."

দ্র.- ড. নবীল মুহাম্মদ তাওফীক আস-সমা'লূতী : আল-ইসলামু ওয়া ফাদা'ইয়া' 'ইলমুন নফসিল হাদীছ, (জিদ্দা : দা'রুস্ সুরূক, ১৯৮৪খ্রি.), পৃ. ৩১।

সুতরাং এ জগত বিখ্যাত "আস-সিহাহুস সিত্তাহ"-এর সংকলকগণ প্রত্যেকেই তাঁদের স্ব স্ব অনুসৃত নীতিমালা অনুযায়ী হাদীছ সংগ্রহ ও সংকলন করেছেন। তার নামই হচ্ছে 'মানহাজ'। তাঁরা লক্ষ লক্ষ হাদীছ সনদ-মতনসহ হা'ফেজ, হুজ্জাত ও হা'কেম থাকার পরেও হাদীছকে সহীহ্ হিসেবে সনাক্তকরণের ক্ষেত্রে তাঁদের মানহাজ অনুযায়ী বিশ্লেষণ করেছেন। ফলে তাঁদের মানহাজে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত হাদীছকে তাঁদের কিতাবে স্থান দেননি। "সিহাহ সিত্তার মানহাজ"- দ্বারা উদ্দেশ্য হলো, তাঁদের হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণের ক্ষেত্রে, যে পদ্ধতিসমূহ অবলম্বন করেছেন সে সম্পর্কে জ্ঞাত হওয়া।

✡ আল-জামি'-এর পরিচিতি

যে গ্রন্থের মধ্যে 'আকাঈদ, আহ্কাম, রিকাক, আদব, তাফসীর, সিয়ার ও তারীখ, ফিতান, মানাকিব-এ আটটি শিরোনামের অধ্যায় বিদ্যমান থাকে, তাকে হাদীছের জামি' (اَلْجَامِعُ)গ্রন্থ বলা হয়।[১০৬]

নিম্নে "اَلْجَامِعُ"-এর শর্তসমূহ আলোচনা করা হলো :

১. (عَقَائِدٌ) 'আকাইদ' (বিশ্বাস) : 'আকাইদ বলতে ঐ সকল হাদীছসমূহকে বুঝায়, যেগুলো ঈমান ও "إعتقاد" বা বিশ্বাসের সাথে সম্পর্কযুক্ত।

---

[১০৬] ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয় মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ১২২; 'আল্লামা রশীদ আহ্মদ : ইরশাদুল কারী ইলা সহীহুল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৪১; মুফতী 'আমীমুল ইহ্সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৫০। মূল 'আরবী :

" اَلْجَوَامِعُ مِنْ كُتُبِ الْحَدِيْثِ تَشْتَمِلُ عَلَيْ جَمِيْعِ أَبْوَابِ الْحَدِيْثِ الَّتِيْ إِصْطَلَحُوْا عَلَيْ أَنَّهَا ثَمَانِيَةٌ : (١) بَابُ الْعَقَائِدِ (٢) بَابُ الأَحْكَامِ (٣) بَابُ الرِّقَاقِ (٤) بَابُ آدَابِ الطَّعَامِ وَ الشَّرَابِ (٥) بَابُ التَّفْسِيْرِ وَالتَّارِيْخِ وَ السِّيَرِ (٦) بَابُ السَّفَرِ وَ الْقِيَامِ وَ الْقُعُوْدِ (وَيُسَمَّي بَابُ الشَّمَائِلِ أَيْضًا) (٧) بَابُ الْفِتَنِ (٨) بَابُ الْمَنَاقِبِ وَ الْمَثَالِبِ. فَالْكِتَابُ الْمُشْتَمِلُ عَلَيْ هَذِهِ الأَبْوَابِ الثَّمَانِيَةِ يُسَمَّي جَامِعًا."

জামি'-এর আটটি শিরোনামের অধ্যায়সমূকে কবিতাকারে বলা হয়েছে-

سِيَرٌ وَآدَابٌ وَتَفْسِيْرٌ وَعَقَائِدٌ ✦ رِقَاقٌ وَأَشْرَاطٌ وَأَحْكَامٌ وَمَنَاقِبُ

২. (أَحْكَامٌ) 'আহ্‌কাম (শরী'আতের আদেশ-নিষেধ) : আহ্‌কাম বলতে ইসলামী শরী'আতের বিধি-বিধানসমূহকে বুঝায়। যা ফিক্‌হী-এর ধারাবাহিকভাবে হাদীছসমূহ বিন্যাস্ত থাকে।

৩. (رِقَاقٌ) 'রিকাক' (দয়া-সহানুভূতি/আত্মশুদ্ধি) : রিকাক বলতে এমন হাদীছসমূহকে বুঝায়, যেগুলো দ্বারা মানুষের মন দুনিয়ার আসক্তি হ্রাস পেয়ে আখেরাতমুখী হয়।

৪. (أَدَبٌ) 'আদাব' (শিষ্টাচার ও নিয়ম-পদ্ধতি) : এ অধ্যায়ে সাধারণত ভদ্রতা ও মার্জিত জীবন সম্পর্কিত হাদীছসমূহ বর্ণনা করা হয়। (যেমন : আচার-আচরণ, চাল-চলন, খাওয়া-দাওয়া, ভ্রমণের নিয়ম-পদ্ধতি ইত্যাদি)।

৫. (تَفْسِيْرٌ) 'তাফসীর' (আয়াতের ব্যাখ্যা-বিশেষণ) : এ অধ্যায়ে ঐশী বাণী আল-কুরআ'নুল কারীমের আয়াতসমূহের ব্যাখ্যা-বিশেষণ সম্বলিত হাদীছসমূহ উপস্থাপন করা হয়।

৬. (سِيَرٌ وَ تَارِيْخٌ) 'সিয়ার ও তা'রিখ' (রাসূলুলাহ (সা.)-এর জীবন চরিত) : এ অধ্যায়ে নবী ওহীলব্ধ জ্ঞানের ধারক-বাহক রাসূলুলাহ (সা.)-এর পূর্ণাঙ্গ জীবনের সূক্ষ্মাতিসূক্ষ্ম বিভিন্ন দিকের হাদীছসমূহ বর্ণনা করা হয়েছে। তাতে তাঁর জীবন চরিতের বিভিন্ন যুদ্ধ ও ঘটনাবলী উপস্থাপন করা হয়।

৭. (فِتَنٌ وَ اشراط) 'ফিতান ও আশরাত' (বিশৃঙ্খলা ও কিয়ামতের 'আলামত) : এ অধ্যায়ে কিয়ামত সংক্রান্ত এবং এ ব্যাপারে রাসূলুলাহ (সা.)-এর ভবিষ্যত বাণীসমূহ উল্লেখ করা হয়।

৮. (مَنَاقِبٌ) 'মানাকিব' (সাহাবায়ে কেরামের মান-মর্যাদা) : এ অধ্যায়ে সাহাবায়ে কেরামসহ বিভিন্ন মান-মর্যাদা সম্পর্কিত হাদীছসমূহ বর্ণনা করা হয়।

উল্লেখ্য যে, সর্ব প্রথম জামি' গ্রন্থ রচনা করেন, ইমাম সুফিয়ান আস-ছাওরী (রহ.) (৯৭/৭১৬-১৬১/৭৭৮)। ইমাম আন-নবভী (রহ.) বলেন, সহীহ্ হাদীছ সম্বলিত নিখুঁত ও একনিষ্ঠভাবে প্রথম জামি' গ্রন্থ রচনা করেন ইমাম

বুখারী (রহ.)।[১০৭]

আর সহীহ্ ও হাসান সম্বলিত জামি' গ্রন্থ রচনা করেন ইমাম তিরমিযী (রহ.)। আস-সিহাহুস সিত্তাহ্-এর মধ্যে দুটি গ্রন্থই জামি'-এর অন্তর্ভূক্ত। সহীহ্ মুসলিমে যেহেতু তাফসীর সংক্রান্ত হাদীছ খুবই কম তাই এটি জামি'-এর অন্তর্ভূক্ত নয়।[১০৮]

✡ আস-সুনান-এর পরিচিতি

'সুনান' হাদীছের এমন গ্রন্থ, যা ফিক্‌হ গ্রন্থের ক্রমানুসারে বিন্যাস করা হয়। যেমন সুনানু আবী দাউদ, সুনানুন-নাসাঈ, ইব্‌ন মাজাহ, সুনানু তিরমিযী, সুনানু দারেমী, সুনানু বায়হাকী প্রভৃতি।

ড. মাহমূদ আত-তাহ্‌হান বলেন, "সুনান হাদীছের এমন গ্রন্থসমূহকে বলা হয় যাতে আহ্‌কাম সম্বলিত মারফূ' হাদীছগুলোকে ফিক্‌হ শাস্ত্রের ক্রমবিন্যাস অনুসারে সন্নিবেশ করা হয়। যার মধ্যে মাওকূফ এবং মাকতু' হাদীছ থাকে না। কেননা মাওকূফ(مَوْقُوْفٌ) এবং মাকতু'(مَقْطُوْعٌ) হাদীছ সুনান-এর পর্যায়ভূক্ত নয়, তবে তা হাদীছের অর্ন্তভূক্ত"।[১০৯]

---

[১০৭] মুহাম্মদ জামাল উদ্দীন আল-কা'সিমী : কাওয়া'ইদুত তাহদীছ মিন ফুনূনি মুসতালাহিল হাদীছ, ৩য় সং, (বৈরূত : দারুন নাফা'য়েছ, ১৪২২/২০০১), পৃ. ৮৫।
মূল 'আরবী :

قال إمام النووي: أوَّلُ مُصنِّف في الصَّحيح المجرَّد، صحيحُ البُخاري.

[১০৮] ড. সুবহী সা'লিহ : উলূমুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১২২-১২৩; মুফতী, শায়খুল হাদীছ, 'আল্লামা রশীদ আহমদ : ইরশাদুল কারী 'আলা সহীহিল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৪১; মুফতী 'আমীমুল ইহ্‌সান : মিযানুল আখবার, আফলাতুন কায়ছার অনূদিত, (ঢাকা : নিউ আশরাফিয়া লাইব্রেরী, ১৪১৮/১৯৯৭), পৃ. ৪৪।

[১০৯] ড. মাহ্‌মূদ আত-তাহ্‌হান : রসূলুত তাখরীজ ওয়া দেরাসাতিল আসা'নীদ, (আল-মাদীনাতুল মুনাওয়ারাহ : মাকতাবাতুছ ছাওরাত লিন নাশর ওয়াত তাওযী', ১৩৯৮/১৯৭৮), পৃ. ১৩১; 'আতর, ড. নূর মুহাম্মদ : মানহাজুন্ নাকদে ফী 'উলূমিল হাদীছ, ৩য় সং, দামেস্ক : দারুল ফিক্‌র, ১৪০১/১৯৮১) পৃ. ১৯৯।
মূল 'আরবী :

السنن هي الكتب المرتبة على الأبواب الفقهيَّة وَ تشتملُ على الأحاديث المرفُوعة وَ لَيسَ فيها شئ من لموقوف و المقطوع، لأن الموقوفَ و المقطوعَ لا يُسَمَّي سُنَّة في إصْطِلاحِهِم، وَيُسَمَّي حَدِيثا.

অনুরূপভাবে 'আল্লামা কেনানী (রহ.) বলেন, "ফিক্‌হী বাবের তারতীব অনুসারে সজ্জিত গ্রন্থকে সুনান বলা হয়ে থাকে। যেমন কিতাবুত তাহারাত, সালাত, যাকাত ইত্যাদি অধ্যায়সমূহ দ্বারা হাদীছের গ্রন্থকে সুবিন্যাস্ত।"[১১০]

'মুহাদ্দিছগণের দৃষ্টিতে হাদীছ গ্রন্থসমূহ বিভিন্ন প্রকারে বিভক্ত। তন্মধ্যে একটি হচ্ছে 'সুনান। সুনান গ্রন্থে ফিক্‌হ বিষয়ক অধ্যায়সমূহ ধারাবাহিকভাবে সজ্জিত করা হয়। মুহাদ্দিছগণের পরিভাষায়, হাদীছের অধ্যায়সমূহকে ফিক্‌হী বাবের তারতীব অনুসারে সজ্জিত কিতাবকে 'সুনান' বলা হয়।[১১১]

'আল্লামা আনওয়ার শাহ্ আল-কাশমীরী (রহ.) বলেন, 'সুনান' বলতে ঐ সকল হাদীছের গ্রন্থসমূহকে বুঝায় যেগুলো ফিক্‌হ শাস্ত্রের ক্রমবিন্যাস অনুসারে লিপিবদ্ধ করা হয়। যেমন সুনানু নাসাঈ, সুনানু আবী দাউদ, সুনানু ইব্‌ন মাজাহ এবং আত-তিরমিযীকেও সুনান গ্রন্থ বলা হয়। কেননা আত-তিরমিযী গ্রন্থটি ফিক্‌হ শাস্ত্রের ক্রমবিন্যাস অনুসারে লিপিবদ্ধ করা হয়। যদিও গ্রন্থটি জামি'।[১১২]

---

১১০ আল-কাত্তানী, মুহাম্মদ ইব্‌ন জা'ফর : আর-রিসালাতুল মুসতাতরিফাহ, ৩য় সং, (দামিশ্‌ক : নাসরু দারিল ফিক্‌র, ১৩৮৩ হি.), পৃ. ২২।
মূল 'আরবী :

السُّنَنُ هِيَ الكتبُ المرتبةُ عَلَي الأبْوَابِ الْفِقْهِيَّةِ مِنَ الإيمَانِ وَ الطَّهَارَةِ وَ الصَّلاةِ وَ الزَّكَاةِ إلي أخرِهَا وَ لَيْسَ فِيْهَا شئ مِنَ الْمَوْقُوْفِ لأنَّ الموقوف لا يُسَمَّي في إصْطِلاحِهِم سُنَّةً و يُسَمَّي حَدِيْثًا.

১১১ মুফতী 'আমীমুল ইহ্‌সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৪২।

১১২ মুহাম্মদ আনওয়ার শাহ্ আল-কাশমীরী : মা'আরিফুস সুনান শারহ জা'মি' আত-তিরমিযী, খ. ১ম, (করাচী : আদব মঞ্জিল, ১৪০৯ হি.), পৃ.১৭-১৯।
মূল 'আরবী :

السُّنَنُ . وَ هِيَ مَا كَانَتْ بِتَرْتِيْبِ أبْوَابِ الْفِقْه كَسُنَنِ النَّسَائي وَ سُنَن أبِيْ دَاوُد وَ سُنَن إبن مَاجَه وَ يُسَمَّي التِّرمِذي سُنَنًا أيْضًا لِكَوْنِه علي تَرْتِيْب أبْوَابِ الْفِقْهِ وَ إنْ كَانَ جَامِعًا.

দ্বিতীয় পরিচ্ছেদ
আস-'সহীহ্'-এর পরিচিতি
আস-সিহাহ্ সিত্তাহ্ পরিচিতি

✲ 'আস-সহীহ্' শব্দের ব্যাখ্যা

'আস-সহীহ্' (الصَّحِيْحُ) শব্দটি একবচন, বহুবচনে 'আস-সিহাহ'(الصِّحَاحُ)। এর আভিধানিক অর্থ বিশুদ্ধ, ত্রুটিমুক্ত, নির্ভুল, যথার্থ, সত্য, সঠিক, সুস্থ।[১১৩] যে হাদীছ নির্ভরযোগ্য সনদ দ্বারা স্পষ্টভাবে প্রমাণিত, তাই সহীহ্। (الصَّحِيْحُ: السَّلِيْم مِنَ الْعُيُوْبِ وَالْأَمْرَاضِ) যা দোষ-ত্রুটি ও রোগ থেকে মুক্ত।[১১৪]

পারিভাষিক অর্থে যে হাদীছের সনদের ধারা অক্ষুন্ন ও সর্বস্তরে একজন বর্ণনাকারী থাকে, বর্ণনাকারীগণ সবাই পূর্ণ স্মরণশক্তির অধিকারী হন, কোন বিশ্বস্ত ব্যক্তির বর্ণনা অপর বিশস্ত ব্যক্তির বর্ণনার পরিপন্থী হয় না এবং হাদীছ বিশুদ্ধ হওয়ার পথে কোন প্রকার গুপ্ত কারণ বা প্রচ্ছন্ন ত্রুটি থাকে না এরূপ হাদীছকে সহীহ্ হাদীছ বলা হয়। ইহা দু'প্রকার সহীহ্ লি-যাতিহী ও সহীহ্ লি-গায়রিহী। সহীহ্ হাদীছের প্রয়োজনীয় শর্তাবলী বিদ্যমান থাকলে লি-যাতিহী এবং প্রয়োজনীয় শর্তাবলী বিদ্যমান থাকা সত্ত্বেও কোন বর্ণনাকারীর স্মৃতিশক্তি ত্রুটিপূর্ণ থাকলেও বিভিন্ন পন্থায় উক্ত ত্রুটি বিদূরিত হয়ে যায় এ ধরনের হাদীছ সহীহ্ লি-গায়রিহী নামে অভিহিত হয়।[১১৫]

উসূলুল-হাদীছ গ্রন্থে সহীহ্ হাদীছের সংজ্ঞা এভাবে দিয়েছেন ঃ

(الحديثُ الصَّحِيْحُ هُوَ مَا إتَّصَل سَنَده بِالْعَدْلِ الضَّابِطِيْن مِنْ غَيْرِ شُذُوْذٍ وَ لاَ عِلَّةٍ)

---

১১৩ মাওলানা মুহিউদ্দীন খান : আল-কাউছার ('আরবী-বাংলা অভিধান), ৫ম সং, (ঢাকা : মদীনা পাবলিকেশান্স, ১৪১৪/১৯৯৪), পৃ.৩২৬।

১১৪ ইব্‌রাহীম মাদকূর : আল-মু'জামুল ওয়াসীত, ৪র্থ সং, প্রগুক্ত, পৃ. ৫০৭।

১১৫ ড.এ.এফ.এম আমীনুল হক : মুফতী সাইয়িদ মুহাম্মদ আমীমুল ইহ্‌সান জীবন ও অবদান, (ঢাকা : ই.ফা.বা, ১৪২৩/২০০২), পৃ.১৫৪-১৫৫।

"যে হাদীছের সনদ নির্ভরযোগ্য ও সঠিকরূপে সংরক্ষণকারী, বর্ণনাকারীগণের মধ্যে বর্ণনাধারা অবিচ্ছন্নভাবে পরম্পরাপূর্ণ, যাতে বিরল ও ত্রুটিযুক্ত বর্ণনাকারী একজনও নেই। তাকে সহীহ্ হাদীছ বলা হয়"।[১১৬]

✲ আস-সিহাহুস সিত্তাহ (الصِّحَاحُ السِّتَّة)

'আস-সিহাহ্' (الصِّحَاح)-এর আভিধানিক অর্থ বিশুদ্ধ। আস্-সিত্তাহ (السِّتَّة)-এর অর্থ ছয়। সুতরাং আস-সিহাহ্ সিত্তাহ বলতে ছয়টি বিশুদ্ধ হাদীছের গ্রন্থকে বুঝায়। গ্রন্থসমূহ হলো : সহীহুল বুখারী, সহীহ্ মুসলিম, সুনানু আবী দাঊদ, সুনানু নাসাঈ, সুনানুত তিরমিযী, সুনানু ইব্ন মাজাহ।[১১৭] কোন কোন মুহাদ্দিছ সুনানু ইব্ন মাজাহ-এর পরিবর্তে 'মুয়াত্ত্বা' গ্রন্থকে সিহাহ্ সিত্তায় অন্তর্ভূক্ত করেছেন।[১১৮]

উল্লেখ্য যে, আস-সিহাহুস সিত্তায় 'সহীহাইন' ব্যতীত সুনানু আবী দাঊদ, সুনানু নাসাঈ, সুনানুত তিরমিযী ও সুনানু ইব্ন মাজাহ-কে এক সাথে

---

[১১৬] ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রগুক্ত, পৃ. ২০০; ড. মুহাম্মদ আস্-সাব্বাগ : আল-হাদীছ আন নবভী, মুসতালাহুহ, বালাগাতুহ, কুতুবুহ, ৪র্থ সং (বৈরূত : আল-মাকতাবাতুল ইসলামী, ১৪০২/১৯৮২), পৃ. ২৩০; হাফিয ইব্ন কাছীর : আল বা'ইছুল হাদীছ ফী ইখতিসারি 'উলূমিল হাদীছ, (পাকিস্তান : মাদানী কুতুবখানা, ১৪০৩/১৯৮৩), পৃ. ৬; ইব্ন হাজার 'আস্-কালানী : নুযহাতুন নাযার ফী তাওদীহে নুখবাতিল-ফিক্র, ('আরবী), প্রাগুক্ত, পৃ. ২৪; ড. মাহ্মূদ আত্-তাহ্হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, (দারুল কুতুবিল 'আরাবিয়্যা, তা বি), পৃ. ৩৩; ড. সুবহী সা'লিহঃ 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ১৪৪; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১১০; আস্-শায়খ মুহাম্মদ জামাল উদ্দীন আল-কা'সেমী : কাওয়া'ইদুত তাহ্দীছ মিন ফুনূনি মুসতালাহিল হাদীছ, ৩য় সং, প্রাগুক্ত, পৃ. ৮১; মাওঃ মুফতী রশীদ আহ্মেদ : ইরশাদুলকারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৪২; জালালুদ্দীন, 'আবদুর রহমান আস্-সুয়ূতী : তাদরীবুর রাবী শারহু তাকরীবিন নবভী, খ.১ম, (মদীনা : আল-মাকতাবুল ইসলামিয়্যাহ, ১৩৭৯/১৯৫৯), পৃ. ৬৩।

[১১৭] ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ১১৭-১১৮।
মূল 'আরবী :

أمَّا كُتُبُ الصِّحَاحِ فَهِيَ تَشْمِلُ الْكُتُبَ السِّتَّةَ لِلْبُخَارِيِّ وَ مُسْلِمٍ وَ أَبِيْ دَاوُد وَالتِّرْمِذِيِّ وَ النَّسَائِيِّ وَ اِبْنِ مَاجَه، إلاَّ أنَّ الْعُلَمَاء اِخْتَلَفُوْا فِي اِبْنِ مَاجَه، فَجَعَلُوا الْكِتَابَ السَّادِسَ مُوَطَّأ الإمَامِ مَالِك.

[১১৮] পূর্বোক্ত

সুনানু আরবাআ' (سُنَنُ الأَرْبَعَة) বলা হয়।[১১৯] বুখারী ও মুসলিম গ্রন্থে শুধুমাত্র 'সহীহ্' হাদীছের শর্তারোপ করা হয়েছে। কিন্তু সুনানু আরবাআ' গ্রন্থে শুধুমাত্র 'সহীহ্' হাদীছের শর্তারোপ করা হয় নি। বরং তাতে সহীহ্, হাসান এমনকি কিছু য'ঈফ হাদীছের সমন্বয়ে গ্রন্থ প্রণয়ন করা হয়েছে। অবশ্য য'ঈফ হাদীছের কারণ স্পষ্টভাবে তাঁরা ব্যাখ্যাও করে দিয়েছেন।[১২০] এসব কিতাবে সহীহ্, হাসান ও য'ঈফ সর্বপ্রকার হাদীছ বিদ্যমান থাকলেও সহীহ্ হাদীছের সংখ্যা অধিক হওয়ার কারণে 'আস-সিহাহুস সিত্তাহ'-এর অন্তর্ভূক্ত হিসেবে প্রসিদ্ধ লাভ করেছে। উক্ত গ্রন্থসমূহে প্রায় সকল হাদীছ মুসলিম জনতার সম্মুখে উপস্থিত থাকায় ইসলামী শরী'আতের উপর 'আমল করতে খুবই সহজ হয়েছে।

শায়খ 'আবদুল হক দেহলভী (রহ.) বলেন, 'আস-সিহাহুস সিত্তাহ', মুয়াত্তা মালিক ও সুনানে দারেমী এই মোট আটখানা সহীহ্ হাদীছ গ্রন্থ হিসেবে প্রসিদ্ধ। জামি' সুফিয়ান ছাওরী, মুসনাদে আহ্মদ ইব্ন হাম্বল ছাড়াও নিম্নোক্ত হাদীছসমূহ 'সহীহ্' হিসেবে পরিচিত, তবে উল্লেখিত গ্রন্থসমূহের পর্যায়ভূক্ত নয়। হাদীছসমূহ হলো : (১) সহীহ্ ইব্ন খুযাইমা, (২) সহীহ্ ইব্ন হাব্বান, (৩) সহীহ্ আবূ 'আওয়ানা, (৪) সহীহ্ ইব্ন সাকান, (৫) আল মুসতাদরাক, (৬) আল-মুনতাকা, ৭) আল মুখতার, (৮) মুসতাখরাজত।[১২১] 'আল্লামা সুয়ূতী স্বীয় "جَمْعُ الْجَوَامِع" নামক গ্রন্থে বিশুদ্ধ ও সহীহ্ হাদীছ গ্রন্থসমূহের এক তালিকা পেশ করেছেন যাতে পঞ্চাশেরও বেশি সহীহ্ হাদীছ গ্রন্থের নাম উল্লেখ করা হয়েছে।[১২২]

---

[১১৯] পূর্বোক্ত। মূল 'আরবী :

كُتُبُ (السنن) الأَرْبَعَةِ لِلتِّرْمِذِيِّ وَأبِيْ دَاوُد وَالنَّسَائِيِّ وَابْنِ مَاجَه هِيَ دُوْنَ الصَّحِيْحَيْنِ.

[১২০] ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২১০। মূল 'আরবী :

وَ انْ لَمْ يَشْتَرِطْ مُصَنِّفُوْهَا تَجْرِيْدُ الصَّحِيْحِ فِيْهَا، بَلْ أخْرَجُوْا الصَّحِيْحَ وَالْحَسَنَ وَ بَعْضُ الضَّعِيْفِ و بَيَّنُوْا ضَعْفَهُ

[১২১] মুহাম্মদ শামসুল হক দৌলতপূরী : হাদীছ শাস্ত্র পরিচিতি, ১ম প্র. (ঢাকা : ই.ফা.বা, ১৪১৫/১৯৯৫), পৃ ৫৩।

[১২২] পূর্বোক্ত, পৃ.৫৪।

তৃতীয় পরিচ্ছেদ
হাদীছ সহীহ্ হওয়ার শর্তাবলী

✲ হাদীছ সহীহ্ হওয়ার শর্তাবলী

'আস-সিহাহুস সিত্তাহ' গ্রন্থাবলীর সংকলকগণ 'সহীহ্ হাদীছ' গ্রহণ ও সংকলনের ব্যাপারে স্ব স্ব শর্তাবলী প্রদান করেছেন। এ পরিচ্ছেদে সহীহ্ হাদীছ সংগ্রহ ও সংকলনে ইমাম বুখারী ও মুসলিম (রহ.)-এর শর্তাবলী, সহীহাইন-এর শর্ত পর্যালোচনা এবং সহীহাইন-এর শর্ত মোতাবেক উত্তীর্ণ হওয়ার উপায় বা পদ্ধতিসমূহ নিম্নে উপস্থাপন করা হয়েছে।

✲ ইমাম বুখারী (রহ.)-এর মতে সহীহ্ হাদীছের শর্তাবলী

১. হাদীছের বর্ণনা সূত্রের পরম্পরা (سِلْسِلَةُ السَّنَد) ধারাবাহিকভাবে সংযুক্ত ও অবিচ্ছিন্ন (مُتَّصِل) হতে হবে।

২. হাদীছের রাবীকে তাঁর উস্তাদের সাহচর্যে উল্লেখযোগ্য সময় অতিবাহিত হতে হবে।

৩. রাবী প্রথম শ্রেণীর মধ্যে গণ্য, প্রসিদ্ধ (مَشْهُوْر) ও নির্ভরযোগ্য (ثِقَة) হতে হবে।

৪. রাবী যাঁর থেকে হাদীছ বর্ণনা করবেন, তাঁদের পরস্পরের মধ্যে সাক্ষাত প্রমাণিত হতে হবে।[১২৩]

✲ ইমাম মুসলিম (রহ.)-এর মতে সহীহ্ হাদীছের শর্তাবলী

১. হাদীছের বর্ণনা সূত্রের পরম্পরা অবশ্যই সংযুক্ত ও অবিচ্ছিন্ন "مُتَّصِل" হতে হবে। প্রসিদ্ধ ও নির্ভরযোগ্য রাবী অপর নির্ভরযোগ্য ও প্রসিদ্ধ রাবীর মাধ্যমে হাদীছ বর্ণনা করবেন।

২. রাবী যাঁর থেকে হাদীছ বর্ণনা করবেন, তাঁদের উভয়কে সমসাময়িক যুগের হতে হবে।

---

[১২৩] মাওলানা মুহাম্মদ 'আবদুর রহীম : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৬০০-৬০১।

৩. সনদ সূত্রের মধ্যে কোন বর্ণনাকারী অজ্ঞাত (مَجْهُوْل) থাকবে না। বরং বর্ণনাকারী প্রসিদ্ধ (مَشْهُوْر) হতে হবে।

৪. হাদীছ বর্ণনা রাবীর কোন প্রকার দুর্বলতার অস্তিত্ব থাকবে না।[১২৪]

⇨ সহীহাইন-এর শর্ত পর্যালোচনা

সহীহাইন-এর শর্ত পর্যালোচনা 'আল-হিত্তাহ' (১৪০৮/১৯৭৮) ও আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, (১৪০৩/১৯৮৪) গ্রন্থে বলা হয়েছে, "ইমাম বুখারী ও মুসলিমের শর্ত ছিল এই যে, তাঁরা এমন হাদীছ সংকলন করবেন, যা প্রসিদ্ধ সাহাবী হতে নির্ভরযোগ্য সনদসহ বর্ণিত হবে, প্রত্যেক স্তরের রাবীদের বিশ্বস্ততা ও নির্ভরযোগ্যতা সম্মতভাবে স্বীকৃত ও প্রমাণিত হতে হবে। কোন স্তরের কোন রাবীর বিশ্বস্ততা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোন প্রকার মতানৈক্য থাকবে না এবং সনদটিও অবিচ্ছিন্ন হতে হবে। যদি সাহাবীর নিকট হতে বর্ণনাকারী দুই বা ততোধিক ব্যক্তি হন, তবে তো তা খুবই উত্তম। আর যদি কোন স্তরে মাত্র একজন ব্যক্তি বর্ণনা করেন, তবে শেষ রাবী পর্যন্ত বিশুদ্ধ পরম্পরা পাওয়া গেলে ইমাম বুখারী ও মুসলিম উভয়েই সেই হাদীছ সংকলন করেছেন। অবশ্য ইমাম মুসলিম এমন কতিপয় ব্যক্তির হাদীছও সংকলন করেছেন, যাঁদের প্রতি ইমাম বুখারী (রহ.)-এর সন্দেহ হওয়াতে তিনি তাঁদের হাদীছ সংকলন করেননি। কিন্তু ইমাম মুসলিম সেই সন্দেহ দূর করে তাঁদের হাদীছ তাঁর সহীহ্ হাদীছ গ্রন্থে লিপিবদ্ধ করেছেন"।[১২৫]

ইমাম বুখারী (রহ.)-এর শর্ত পর্যালোচনা প্রসংগে 'আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন' (১৪০৩/১৯৮৪) গ্রন্থে 'আল-মাদখালু ইলা মা'রিফাতি কিতাবুল

---

[১২৪] ইমাম আন্-নবভী : শারহু সহীহ্ মুসলিম, (বৈরূত : দারু ইহ্ইয়াইত তুরাছিল 'আরবী, ১৩৯২/১৯৭২), পৃ.১৩। মূল 'আরাবী :

شرط مسلم في صحيحه أن يكون الحديث متصل الإسناد بنقل الثقة عن الثقة من أوله إلى منتهاه سالما من الشذوذ و العلة،

[১২৫] আস-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.২৯৫; মুহাম্মদ আবূ যাহু : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.৩৮৪-৩৮৫। মূল 'আরাবী :

"إن شرط البخاري و مسلم أن يخرجا الحديث المتفق على صحة نقلة الصحابي المشهور من غير اختلاف بين الثقات و الاثبات و يكون إسناده متصلا غير مقطوع، فإن كان للصحابي راويان فصاعدا فحسن، وإن لم يكن له إلا راو واحد و صح الطريق إلى ذلك الراوي أخرجاه."

'আকলীল গ্রন্থের উদ্ধৃতি দিয়ে বলেন, হাকিম আবূ 'আদিল্লাহ আন-নায়সাপূরী (রহ.) (মৃ.৪০৫/১০১৪) বলেন : "প্রসিদ্ধ সাহাবী রাসূলুল্লাহ (সা.) থেকে বর্ণনা করবেন এবং উক্ত বর্ণনাতে অন্তত আরও দু'জন নির্ভরযোগ্য রাবী থাকবেন। সাহাবীর নিকট থেকে এমন একজন তাবি'ঈ হাদীছ বর্ণনা করবেন, যিনি সাহাবীর নিকট হতে হাদীছ বর্ণনার ব্যাপারে প্রসিদ্ধ। তাঁর থেকে দু'জন নির্ভরযোগ্য রাবী হাদীছ বর্ণনাকারী থাকবেন। অতঃপর তাবি'তাবি'ঈ হাদীছ বর্ণনা করবেন, যিনি হাদীছের ব্যাপারে অত্যাধিক সতর্ক এবং হাদীছের হাফিয। তারপর তাবি'তাবি'ঈ নিকট থেকে হাদীছ বর্ণনাকারী যিনি হবেন, তিনি অত্যাধিক সতর্ক ও নির্ভরযোগ্য হবেন, তাঁরা চতুর্থ পর্যায়ের বর্ণনাকারীগণের মধ্যে গণ্য হবেন। অতঃপর হাদীছের সংকলনের ক্ষেত্রে ইমাম বুখারী (রহ.) বর্ণনা করবেন, তাঁর উস্তাদ প্রসিদ্ধ হাফিযুল হাদীছ, যিনি হাদীছ বর্ণনায় অত্যাধিক বিশ্বস্ত ও প্রসিদ্ধ"।[126]

শায়খ 'আবদুল হক মুহাদ্দিছ দেহলভী (রহ.) তাঁর 'হুজ্জাতুল্লাহিল বা'লিগাহ-এর মুকাদ্দমায় উল্লেখ করেন : "ইমাম বুখারী ও মুসলিমের শর্ত দ্বারা উদ্দেশ্য এই যে, সনদের রাবীগণ সেইসব গুণাবলী দ্বারা অলংকৃত হবেন, যা দ্বারা ইমাম বুখারী ও মুসলিমের রাবীগণ অলংকৃত। যেমন, সংরক্ষণ ক্ষমতা ও বিশ্বস্ততা বিদ্যমান থাকা এবং شُذُوذ ও نَكَارَة না থাকা। কোন কোন হাদীছ বিশেষজ্ঞের মতে, ইমাম বুখারী ও মুসলিমের শর্ত দ্বারা স্বয়ং তাঁরা নিজেরাই উদ্দেশ্য, অন্য কেহ নহেন"।[127]

---

[126] মুহাম্মদ আবূ যাহু : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.৩৮৪-৩৮৫। মূল 'আরাবী :
"قَالَ الحَاكِمُ أَبُو عَبْدِ اللهِ النَّيْسَابُورِي : الدَّرَجَةُ الأُولَى مِنَ الصَّحِيحِ وَ هُوَ أَنْ يَرْوِيَ الحَدِيثَ عَنْ النَّبِيِّ ﷺ الصَّحَابِيُّ الْمَشْهُورُ وَلَهُ رَاوِيَانِ ثِقَتَانِ، ثُمَّ يَرْوِيهِ عَنْهُ التَّابِعِيُّ الْمَشْهُورُ بِالرِّوَايَةِ عَنْ الصَّحَابِيِّ وَ لَه رَاوِيَانِ ثِقَتَانِ ثُمَّ يَرْوِيهِ عَنْهُ مِنْ أَتْبَاعِ التَّابِعِينَ حَافِظٌ مُتْقِنٌ وَ لَه رُوَاةٌ ثِقَاتٌ مِنَ الطَّبَقَةِ الرَّابِعَةِ ثُمَّ يَكُونُ شَيْخُ الْبُخَارِيِّ حَافِظٌ مَشْهُورًا بِالعَدَالَةِ فِي رِوَايَتِه."

[127] শায়খ 'আবদুল হক মুহাদ্দিছ দেহলভী : হুজ্জাতুল্লাহিল বা'লিগাহ, প্রাগুক্ত, পৃ.মুকাদ্দমা। মূল আরবী :
"وَ الْمُرَادُ بِشَرْطِ الْبُخَارِيِّ وَ مُسْلِم أَنْ يَكُونَ الرِّجَالُ مُتَّصِفِينَ بِالصِّفَاتِ الَّتِي يَتَّصِفُ بِهَا رِجَالُ الْبُخَارِيِّ وَ مُسْلِم مِنَ الضَّبْطِ وَ العَدَالَةِ وَ عَدَمِ الشُّذُوذِ وَ النَّكَارَةِ وَ الغَفْلَةِ وَ قِيلَ الْمُرَادُ بِشَرْطِ الْبُخَارِيِّ وَ مُسْلِم رِجَالُهُم أَنْفُسُهُم"

⇨ সহীহাইন-এর শর্ত মোতাবেক উত্তীর্ণ হওয়ার উপায়

কোন হাদীছটি ইমাম বুখারী ও মুসলিমের অনুসৃত শর্ত মোতাবেক উত্তীর্ণ তা নিরূপণ হওয়ার ব্যাপারে দু'টি অভিমত পাওয়া যায়।

প্রথমতঃ হাদীছের সনদে এমন সকল রাবী বিদ্যমান থাকবেন, যাঁদের হাদীছসমূহ অবিচ্ছিন্ন ধারা পরম্পরায় সহীহাইনের মধ্যে বর্ণিত হয়েছে। এরূপ অবস্থায় উক্ত হাদীছ সম্পর্কে বলা হয় :

"صَحِيحٌ رِجَالُه رِجَالُ الشَّيْخَيْنِ" অথবা "صَحِيحٌ عَلَى شَرْطِ الشَّيْخَيْنِ" চাই সেই হাদীছটি বুখারী ও মুসলিম শরীফে বর্তমান না-ই থাকুক। হাকিম আবূ 'আদিল্লাহ আন-নায়সাপূরী (রহ.)[128] -এর অভিমতও তাই। 'আল্লামা সাখাভী (রহ.)[129], ইমাম নববী,[130] 'আল্লামা ইবন দাকীক ও ইমাম

---

[128] আবূ 'আবদুল্লাহ মুহাম্মদ ইবন 'আবদিল্লাহ ইবন মুহাম্মদ ইবন হামদুভিয়াহ আল-হাকিম আন-নায়সাপূরী। ৩২১হি. তে জন্মগ্রহণ করেন। তিনি অগণিত হাদীছ বিশারদ থেকে হাদীছ শ্রবণ করেন। তাঁর শায়খগণের তালিকা এক হাজারের কাছাকাছি। হাফিয শামসুদ্দীন আয-যাহাবী (রহ.) বলেন : 'উলূমুল হাদীছ বিষয়ে তাঁর সংকলিত جُزْء-এর সংখ্যা ১৫০০ (পনের শতের) মত। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থসমূহ হলো : الصَّحِيحَيْن، العِلَل، الأَمَالِي، فَوَائِدُ الشُّيُوخ، فَضَائِلُ الإِمَامِ الشَّافِعِي، تَرَاجِمُ الشُّيُوخ، مَعْرِفَةُ عُلُومِ الحَدِيث، تَارِيخُ عُلَمَاءِ النَّيْسَابُور، فَضَائِلُ فَاطِمَةَ الزُّهْرَاء، الْمُسْتَدْرَك عَلَى الصَّحِيحَيْن ইত্যাদি। তিনি যাঁর যুগের হাদীছ বিশারদগণের অন্যতম ইমাম ছিলেন। সামানিয়া শাসনামলে ৩৫৯ হিজরী সনে বিচারপতির দায়িত্ব পালন করেন। ৪০৫ হিজরী সফর মাসে তৃতীয় তারিখ মঙ্গলবার ইন্তিকাল করেন। দ্র.- শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১৭শ, প্রাগুক্ত, ১৬২-১৭৭; শামসুদ্দীন আয-যাহাবী : তাবাকাতুল হুফ্ফায, প্রাগুক্ত,পৃ.৪০৯-৪১১; ইবন হাজার : লিসানুল মীযান, খ.৫ম, ১ম সং, (হায়দারাবাদ : দা'ইরাতুল মা'আরিফ,১৩২৯/১৯১১), পৃ.২৩২-২৩৩; শামসুদ্দীন আয-যাহাবী : মীযানুল 'ইতিদাল, খ.৩য়, ১ম সং (মিশর : দারু ইহ্ইয়াইল কুতুবিল 'আরাবিয়্যাহ, ১৩৮২/১৯৬৩),পৃ.৬০৮।

[129] 'আল্লামা শামসুদ্দীন আবুল খায়ের মুহাম্মদ ইবন 'আবদির রহমান আশ-শাফিঈ' (রহ.)। তিনি একজন মিশরীয় হাদীছ বিশারদ ও প্রখ্যাত 'আলিম পরিবারের সন্তান। প্রসিদ্ধ ধর্মশাস্ত্রবিদ শায়খ ইবন হাজার 'আসকালানী (রহ.) কর্তৃক হাদীছ বিজ্ঞানের সর্বোচ্চ শিক্ষা লাভ করেন। তিনি ৯ম/১০ম শতাব্দীতে স্মরণীয় ব্যক্তিবৃন্দের জীবন বৃত্তান্তের সুবিশাল অভিধান রচনা করেন। গ্রন্থটির নাম : আয-যাও'উল-লামি' ফী আইয়্যামিল কারনিত তাসি' (সম্পা. হুসামুদ-দীন আল-কুদসী, খ.১২শ, কায়রো, ১৩৫৩-৫/১৯৩৪-

শামসুদ্দীন আয-যাহাবী (রহ.)[১৩১] হতে অনুরূপ বর্ণনা করেছেন। শায়খ ইবনুস সালাহ (রহ.) তাঁর কিতাবের ভূমিকা অংশেও অনুরূপ মন্তব্য প্রকাশ করেছেন।

দ্বিতীয়তঃ সনদের রাবীগণ সেই সকল গুণাবলী দ্বারা অলংকৃত হবেন, যা দ্বারা ইমাম বুখারী ও মুসলিমের রাবীগণ অলংকৃত, চাই ইমাম বুখারী ও মুসলিম তাঁদের নিকট থেকে হাদীছ বর্ণনা না-ই বা বর্ণনা করে থাকেন। এক কথায় রাবীদের বিশ্বস্ততা ও ন্যায়পরায়ণতা সম্পর্কে কোন সন্দেহের অবকাশ থাকবে না যেমন, সনদের অবিচ্ছিন্ন ধারা পরম্পরা বর্ণিত হবে। যা شُذُوذ ও نَكَارَة প্রভৃতি ত্রুটি হতে মুক্ত।[১৩২]

৬)। তিনি কায়রোর কয়েকটি ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে শায়খুল হাদীছ পদের দায়িত্ব পালন করেন। শেষ বয়সে তিনি হিজাযে ফিরে এসে তাঁর কতিপয় রচনাকর্মের মূল পাঠ রচনার সমাপ্তি বা সংশোধনের কাজ এবং হাদীছের দারস প্রদান করে বাকী জীবন অতিবাহিত করেন এবং সেখানেই তিনি ইন্তিকাল করেন। দ্র.- ইসলামী বিশ্বকোষ, খ.২৪শ, ১ম ভাগ (ঢাকা : ই. ফা. বা, ১৪১৯/১৯৯৮),পৃ.২৬০-২৬১।

[১৩০] মহিউদ্দীন আবূ যাকারিয়া ইয়াহ্ইয়া ইব্‌ন শারফ হুরানী আন-নববী। তিনি ছিলেন শাফে'ঈ মাযহাবের একজন প্রসিদ্ধ 'আলিম, প্রখ্যাত হাদীছ বিশারদ ও ফিক্‌হ শাস্ত্রবিদ। তিনি তাঁর পূর্ণ জীবনটাই ইসলামের খেদমতে উৎসর্গ করেন। তিনি ছিলেন চির কুমার। বিনা বেতনে তিনি দামিশ্‌কে শায়খুল হাদীছ-এর দায়িত্ব পালন করেন। তিনি বেশ কিছু মূল্যবান গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে সহীহ্ মুসলিম এর ভাষ্য গ্রন্থ শরহুন নববী, সহীহ্ হাদীছের সংকলন 'রিয়াযুস সালিহীন' উল্লেখযোগ্য। এ প্রখ্যাত মুহাদ্দিছ দামিশ্‌কে 'নাওয়া' গ্রামে ৬৭৬/১১২৭৭ সনে মাত্র ৪৫ বয়সে ইন্তিকাল করেন। দ্র.- 'আল্লামা জালালুদ্দীন আস-সুয়ূতীঃ তাবাকাতুল হুফ্‌ফায, (কায়রো : মাকতাবাতু ওয়াহাবা, ১৩৯৩/১৯৭৩) পৃ. ৫১০; যাকারিয়া আন-নববী : রিয়াযুস সা'লিহীন, (ইন্দোনেশিয়া ছাপা, তা,বি.), পৃ. ভূমিকা অংশ।

[১৩১] শামসুদ্দীন আবূ 'আবদিল্লাহ আত-তুরকুমানী আল-ফারিকী দিমাশকী আয-যাহাবী। তিনি ৬৭৩/১২৭৪ সনে দামিশ্‌কে জন্মগ্রহণ করেন। তিনি একজন 'আরব ঐতিহাসিক মুহাদ্দিছ ও ফকীহ ছিলেন। তিনি দামিশ্‌কে, কায়রো, মিশর, মক্কা প্রভৃতি দেশের শতাধিক মুহাদ্দিছ ও ফকীহ থেকে হাদীছ এবং ফিকহ শাস্ত্র অধ্যয়ন করেন। তিনি শিক্ষা গ্রহণের পর দামিশ্‌কে উম্মুস সা'লিহ মাদরাসায় হাদীছের অধ্যাপক হিসেবে নিযুক্ত হন। তাঁর অনেক গ্রন্থের মধ্যে 'ইলমুর রিজাল' গ্রন্থটি জনপ্রিয়তা লাভ করে। তাছাড়াও তাঁর প্রণীত বেশ কয়েকটি গ্রন্থ প্রাচ্যে ও পাশ্চাত্যের নিকট নানাভাবে মর্যাদা লাভ করে। তিনি ৭৪৮/১৩৪৭ মতান্তরে ৭৫৩/১২৫২ সনে দামিশ্‌কে ইন্তিকাল করেন। দ্র.- ইসলামী বিশ্বকোষ, খ.২১শ, প্রাগুক্ত, পৃ.৫৭৭-৫৮৯।

[১৩২] মাওলানা আবুল কালাম মোঃ 'আবদুল লতীফ চৌধুরী : তারীখে 'ইলমুল হাদীছ, (ঢাকা : সাউদিয়া কুতুবখানা, ১৯৯৭ খ্রি.) পৃ. ৮৯-৯০।

তৃতীয় অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

আস্-সিহাহুস সিত্তাহ ব্যতীত অন্যান্য প্রসিদ্ধ হাদীছের গ্রন্থসমূহ

এ পরিচ্ছেদে আস্-সিহাহুস সিত্তাহ ব্যতীত অন্যান্য প্রসিদ্ধ হাদীছের গ্রন্থসমূহ মুয়াত্তা ইমাম মালেক, মুসনাদু আহ্মদ ইব্‌ন হাম্বল, আল্-মুস্তাদরাকে হা'কিম, জামি' সুফিয়ান ছাওরী, সহীহ্ ইব্‌ন হিব্বান, সুনানুদ্ দারিমী সম্পর্কে সংক্ষিপ্তভাবে আলোচনা করা হলো :

❖ মুয়াত্তা ইমাম মালেক

ইমাম মালেক (রহ.) (৯৩-১৭৯/৭১২-৭৯৫)-এর সংকলিত 'মুয়াত্তা' গ্রন্থটি হাদীছের একটি প্রসিদ্ধ গ্রন্থ।[১৩৩] এ গ্রন্থের নামকরণ সম্পর্কে ইমাম মালেক নিজেই বলেছেন: "আমি আমার গ্রন্থটি মদীনায় অবস্থানকারী সত্তর জন ফিক্‌হ বিশেষজ্ঞের সমীপে উপস্থাপন করি। তাঁরা প্রত্যেকেই গ্রন্থটির ব্যাপারে সমর্থন ব্যক্ত করেন। তাই আমি গ্রন্থটির নাম রেখেছি 'মুয়াত্তা'"।[১৩৪]

তিনি প্রথমে এক লক্ষ হাদীছ বর্ণনা করেন। উক্ত হাদীছ থেকে দশ হাজার হাদীছের সমন্বয়ে গ্রন্থটি প্রণয়ন করেন। অতপর গ্রন্থটিকে কুরআ'ন এবং সুন্নাহ্‌র দৃষ্টিতে সাহাবীগণের বর্ণিত আছা'র ও খবর এর ভিত্তিতে যাচাই-

[১৩৩] হাদীছের এ গ্রন্থটিতে প্রথমত রাসূলুল্লাহ (সা.)-এর কথা ও কাজ সংশ্লিষ্ট হাদীছসমূহ সন্নিবেশিত করা হয়েছে। অতপর সাহাবীগণের কথা এবং পরবর্তীতে তাবে'ঈগণের ফাতওয়াসমূহ (কুরআন হাদীছ ভিত্তিক) উপস্থাপন করা হয়েছে। দ্র.- মুহাম্মাদ আবূ যাহু : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ.২৪৫।

[১৩৪] 'আল্লামা জালালুদ্দীন আস্-সুয়ূতী : মুকাদ্দামাতু তানবীরিল হাওয়ালিক শারহি মুয়াত্তা ইমাম মালেক, (মুদ্রণ ও প্রেসের নাম উল্লেখ নেই, তা.বি.) পৃ.০৮ ।মূল 'আরবী :

عَرَضْتُ كِتَابِي هذا عَلَى سَبْعِينَ فَقِيهًا مِنْ فُقَهَاءِ الْمَدِينَةِ فَكُلُّهُمْ وَاطَأَنِي عَلَيْهِ فَسَمَّيْتُهُ الْمُوَطَّأ

বাছাই করে মাত্র পাঁচশত হাদীছের সমন্বয়ে গ্রন্থ প্রণয়ন করেন।[১৩৫] মুয়াত্তা গ্রন্থে মোট কতটি হাদীছ সন্নিবেশিত হয়েছে, এ ব্যাপারে 'অলিমদের বিভিন্ন অভিমত পরিলক্ষিত হয়। এ প্রসংগে ইমাম ইব্ন হাজম (রহ.) বলেন, "আমি মুয়াত্তা গ্রন্থের হাদীছসমূহ গণনা করেছি, এতে 'মুসনাদ' হাদীছ পেয়েছি পাঁচশটিরও বেশি আর প্রায় তিনশ হাদীছ 'মুরসাল' পর্যায়ের"।[১৩৬] আবূ বকর আল্-ইব্রাহীম (রহ.)-এর মতে, মুয়াত্তা গ্রন্থে মোট হাদীছের সংখ্যা এক হাজার সাতশ বিশটি[১৩৭] এর মধ্যে সনদযুক্ত হাদীছের সংখ্যা ছয়শত, মুরসাল হাদীছের সংখ্যা দুইশত, মাওকূফ হচ্ছে ছয়শত তের এবং তাবি'ঈগণের বাণী হচ্ছে দুইশত পঁচাশিটি।[১৩৮] পক্ষান্তরে 'আল্লামা জালালুদ্দীন আস-সুয়ূতী (৮৪৯/১৪৪৫-৯১১/১৫০৫) (রহ.)-এর মতে, 'এ গ্রন্থে কোন মুরসাল হাদীছ নাই'।[১৩৯]

মাকতাবাতুস্ শামিলাহ্ ও মাওকা'উ জা'মি'উল হাদীছ-এর বর্ণনা মোতাবেক ইমাম মালেক (রহ.)-এর 'মুয়াত্তা' গ্রন্থে -এর হাদীছের সংখ্যা দাঁড়ায় ১৫৯৪।[১৪০]

---

১৩৫ মুহাম্মাদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.২৪৮। মূল 'আরবী :
" إنَّ مَالِكًا رَوَى مِائَةَ اَلْفِ حَدِيْثٍ جَمَعَ مِنْهَا فِي الْمُوَطَّا عَشَرَةَ الآفٍ ثُمَّ لَمْ يَزَلْ يَعْرِضُهَا عَلَى الْكِتَابِ وَالسُّنَّةِ وَيَخْتَبِرُهَا بِالآثَارِ حَتَّى رَجَعَتْ إِلَى خَمْسِمِائَةٍ. "

১৩৬ পূর্বোক্ত, পৃ.২৪৯। মূল 'আরবী :
" أَحْصَيْتُ مَا فِي الْمُوَطَّا لِمَالِكٍ فَوَجَدْتُ فِيْهِ مِنَ الْمُسْنَدِ خَمْسَمِائَةِ حَدِيْثٍ وَ نَيِّفًا و ثَلَثَمِائَةٍ مُرْسَلًا وَ نَيِّفًا وَ فِيْهِ نَيِّفٌ وَ سَبْعُوْنَ حَدِيْثًا قَدْ تَرَكَ مَالِكٌ نَفْسُهُ الْعَمَلَ بِهَا. "

১৩৭ পূর্বোক্ত, পৃ.২৪৮-২৪৯।

১৩৮ 'আল্লামা জালালুদ্দীন আস্-সুয়ূতী : মুকাদ্দামাতু তানবীরিল হাওয়ালিক শারহি মুয়াত্তা ইমাম মালেক,পৃ.০৭।

১৩৯ ড. আবূ সুলাইমান 'আবদুল ওহ্হাব ইব্রাহীম : কিতাবুল বাহ্ছিল 'ইল্ম ওয়া মাছাদিরু দিরাসাতিল ইসলামিয়্যাহ, (মক্কা : দারুশ শুরুক, ১৯৮৬ খ্রি.), পৃ.২৩১।

১৪০ ইমাম মালেক . আল-মুয়াত্তা, (মাকতাবাতুশ্ শামিলাহ, আল-ইসদার আস-সানী, httpt//wwww. waqfeya.net/shamelat মাওকা'উ ইসলাম http://www al-islam.com। প্রথম এবং শেষ হাদীছ নিম্নরূপ ঃ
প্রথম হাদীছ – قَالَ حَدَّثَنِي اللَّيْثِيّ عَنْ مَالِك بْنِ أَنَس عَنِ ابْنِ شِهَابٍ أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيْزِ أَخَّرَ الصَّلَاةَ يَوْمًا فَدَخَلَ عَلَيْهِ عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ فَأَخْبَرَهُ أَنَّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ أَخَّرَ الصَّلَاةَ يَوْمًا وَهُوَ بِالْكُوفَةِ

গ্রন্থটি চূড়ান্তভাবে সমাপ্ত করতে চল্লিশ বছর সময় লেগেছে।[১৪১] 'আলিমগণ এ গ্রন্থকে জ্ঞানের মূল ভিত্তি হিসেবে উল্লেখ করেছেন।[১৪২] ইমাম শাফে'ঈ (রহ.) এ গ্রন্থের প্রশংসায় বলেন ঃ

(مَا عَلَى ظَهْرِ الارْضِ كِتَاب، بَعْدَ كِتَابِ اللهِ اَصَحُّ كِتَابُ مَالِك رحمه الله)

"পৃথিবীতে আল্লাহর কিতাবের পর ইমাম মালেক (রহ.)-এর প্রণীত 'মুয়াত্তা' গ্রন্থের চেয়ে আর অধিক বিশুদ্ধ গ্রন্থ নেই।"[১৪৩]

শাহ্ ওয়ালী উল্লাহ্ মুহাদ্দিছ দেহলভী (রহ.) বলেন : "ইমাম শাফে'ঈ ও মুহাম্মদ (রহ.) যে কিতাবুল আছারকে ভিত্তি করে ফিক্হ গ্রন্থ রচনা করেছিলেন তা মূলতঃ ইমাম মালেক (রহ.)-এর প্রণীত 'মুয়াত্তা'-এরই ফসল।"[১৪৪]

'মুয়াত্তা'-এর ব্যাখ্যা গ্রন্থসমূহ :

ইমাম মালেক (রহ.)-এর প্রণীত হাদীছের 'মুয়াত্তা' গ্রন্থটির অনেক হাদীছবেত্তা শরাহ বা ব্যাখ্যা গ্রন্থ রচনা করেছেন। নিম্নে উল্লেখযোগ্য

فَدَخَلَ عَلَيْهِ أَبُو مَسْعُودٍ الْأَنْصَارِيُّ فَقَالَ مَا هَذَا يَا مُغِيرَةُ أَلَيْسَ قَدْ عَلِمْتَ أَنَّ جِبْرِيلَ نَزَلَ فَصَلَّى فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ بِهَذَا أُمِرْتُ فَقَالَ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ اعْلَمْ مَا تُحَدِّثُ بِهِ يَا عُرْوَةُ أَوَ إِنَّ جِبْرِيلَ هُوَ الَّذِي أَقَامَ لِرَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقْتَ الصَّلَاةِ قَالَ عُرْوَةُ كَذَلِكَ كَانَ بَشِيرُ بْنُ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيُّ يُحَدِّثُ عَنْ أَبِيهِ قَالَ عُرْوَةُ وَلَقَدْ حَدَّثَتْنِي عَائِشَةُ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ فِي حُجْرَتِهَا قَبْلَ أَنْ تَظْهَرَ

শেষ হাদীছ – حَدَّثَنِي مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِي خَمْسَةُ أَسْمَاءٍ أَنَا مُحَمَّدٌ وَأَنَا أَحْمَدُ وَأَنَا الْمَاحِي الَّذِي يَمْحُو اللهُ بِيَ الْكُفْرَ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمِي وَأَنَا الْعَاقِبُ

১৪১ 'আল্লামা জালালুদ্দীন আস্-সুয়ূতী : মুকাদ্দামাতু তানবীরিল হাওয়ালিক শারহি মুয়াত্তা ইমাম মালেক, পৃ.০৭।

১৪২ ড. মুহাম্মাদ ইব্ন আবূ শাহ্বাহ্ : 'আলামুল মুহাদ্দিছীন, (মিশর : দারুল কুতুবিল 'আরাবী, তা.বি.) পৃ.৫৪।

১৪৩ পূর্বোক্ত, শাহ্ ওয়ালী উল্লাহ্ মুহাদ্দিছ দেহলভী : হুজ্জাতুল্লাহিল বা'লিগাহ, খ.১ম, ১ম সং, (দেওবন্দঃ আল-মাতবা'উল আশরাফী, ১৩৮৩ হি.), পৃ.১৩৩।

১৪৪ সা'দেক শিবলী জামান : হযরত ইমাম মালেক (রহ.), (ঢাকা : রহমানিয়া লাইব্রেরী, ১৯৭৭ খ্রি.) পৃ.১৩০।

কয়েকটি গ্রন্থের নাম উপস্থাপন করা হলো :

১. "التَّمْهِيْد"- আবূ 'উমর ইউসুফ ইবন 'আবদুল্লাহ (মৃ.৪৬৩ হি.)।
২. "المُنْقَطَع" আবুল ওয়ালীদ সুলায়মান ইব্ন খাল্ফ (মৃ.৪৭৪ হি.)।
৩. "القَبَض" আবূ বকর মুহাম্মদ ইব্ন আল-'আরাবী (মৃ.৫৪৬ হি.)।
৪. "المَسَالِك" আবূ বকর মুহাম্মদ ইব্ন আল-'আরাবী (মৃ.৫৪৬ হি.)।
৫. "كَشْفُ المُوَطَّأ" জালালুদ্দীন আস্-সুয়ূতী (মৃ.৯১১ হি.)।
৬. "شَرْحُ المُوَطَّأ" মুহাম্মদ ইব্ন 'আবদুল বাকী আয-যারকানী (মৃ.১১২২হি.)।
৭. "شَرْحُ المُوَطَّأ" ইব্ন হাবীব মালিকী (মৃ.২৩৯হি.)।
৮. "شَرْحُ المُوَطَّأ" ইব্ন 'আবদুল বার (মৃ.৪৩৬হি.)।
৯. "شَرْحُ المُوَطَّأ" 'আবদুল্লাহ ইব্ন মুহাম্মদ আন্দালুসী (মৃ.৫২১হি.)।
১০. "شَرْحُ المُوَطَّأ" মোল্লা 'আলী কারী (মৃ.১১২২হি)।
১১. "আল-মুছাওয়া" শাহ্ ওয়ালী উল্লাহ মুহাদ্দিছ দেহলভী (মৃ.১১৭৬হি.)।
১২."আল-মুছাফ্ফা" শাহ্ ওয়ালী উল্লাহ মুহাদ্দিছ দেহলভী (মৃ.১১৭৬হি.)।
১৩. "أَوْجَزُ المَسَالِك" মাওলানা জাকারিয়া কান্দলভী।[১৪৫]

মুসনাদু আহ্মদ ইব্ন হাম্বল

হাদীছ ও ফিক্হ শাস্ত্রের শ্রেষ্ঠ ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (রহ.) (মৃ.২১১/৮৫৫)।[১৪৬] তিনি স্বীয় যুগের হাদীছ বিশারদগণের ইমাম ছিলেন।

[১৪৫] ড. আবূ সুলাইমান 'আবদুল ওহ্হাব ইব্রাহীম : কিতাবু বাহছিল 'ইল্ম, পূর্বোক্ত, পৃ.২৩১-২৩৫।

[১৪৬] ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (রহ.) (মৃ.২১১/৮৫৫) সম্পর্কে শামসুদ্দীন আয যাহাবী বলেন, " প্রকৃত পক্ষে তিনি একজন হাদীছের ইমাম, ইসলামের একজন সুপণ্ডিত ছিলেন। তাঁর পূর্ণ নাম হলো : আবূ 'আবদিল্লাহ আহমদ ইব্ন মুহাম্মদ ইব্ন হাম্বল ইব্ন হেলাল ইবন

ধারণা করা হয় যে, তিনি তাঁর 'মুসনাদ'[১৪৭] গ্রন্থে এতো হাদীছ জমা' করেছেন যে, তা অন্য কারও পক্ষে সম্ভব হয়নি। তিনি দীর্ঘদিন অপরিসীম পরিশ্রম ও সাধনার বিনিময়ে দীর্ঘ ষোল বৎসর ব্যাপী সংগৃহীত সাত লক্ষ হাদীছ থেকে যাচাই-বাছাই করে গ্রন্থটি সংকলন ও গ্রন্থাবদ্ধ করেন। এতে চল্লিশ হাজার হাদীছ রয়েছে। পুনরুল্লেখ হাদীছের সংখ্যা দশ হাজার। পুনরুল্লেখ বাদে মোট হাদীছের সংখ্যা ত্রিশ হাজার।[১৪৮] কারও কারও মতে, প্রথমত ত্রিশ হাজার হাদীছ তাঁর গ্রন্থে সন্নিবেশিত হয়েছে। পরবর্তীতে তাঁর পুত্রের আরও সংযোজনের ফলে চল্লিশ হাজার হাদীছ পৌঁছে। ছুলাছিয়াত হাদীছের সংখ্যা প্রায় তিনশত [১৪৯] মাকতাবাতুস্ শামিলাহ্ ও মাওকা'উ জা'মি'উল হাদীছ-এর বর্ণনা মোতাবেক ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (রহ.)-এর 'মুসনাদ' গ্রন্থে-এর হাদীছের সংখ্যা দাঁড়ায় ২৬৩৬৩ টি।[১৫০]

আসাদ ইবন ইদরীস ইবন 'আবদুল্লাহ ইবন হাইয়ান ইবন 'আবদিল্লাহ ইব্ন ইয়ারভী ইবন 'আওফ আয-যুহলী আশ-শায়বানী আল-মারওয়াযী আল-বাগদাদী। দ্র.- শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১৪শ, প্রাগুক্ত, ১৭৭। মূল 'আরবী :

"هُوَ الإِمَامُ حَقًّا وَ شَيْخُ الإِسْلَامِ صِدْقًا أَبُوْ عَبْدِ اللهِ أَحْمَدُ محمد بنُ حَنْبَل بن هِلَال بن أَسَد بن إِدْرِيْس بن عَبْدُ اللهِ بن حَيَّان بن عَبْدِ اللهِ بن عَزْوِيْ بنْ عَوْف الذُّهْلِيُّ الشَّيْبَانِيُّ المَرْوَزِيُّ البَغْدَادِيُّ."

[১৪৭] যে সকল হাদীছ গ্রন্থে হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণে হাদীছ বর্ণনাকারী সাহাবীগণের নামের আদ্যাক্ষর অনুযায়ী পরপর সংকলিত হয়, তাকে (مُسْنَد) 'মুসনাদ' বলা হয়। -মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ.৩৬৪।

[১৪৮] মাওঃ নূর মুহাম্মদ 'আজমী : হাদীছের তত্ত্ব ও ইতিহাস, ৪র্থ সং, (ঢাকা : এমদাদিয়া লাইব্রেরী, ১৯৯২ খ্রি.), পৃ.৮৩-৮৪।

[১৪৯] আস-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান : আল-হিত্তাহ্, প্রাগুক্ত, পৃ.১১১। মূল 'আরবী :

"أَنَّ مُسْنَدَ الإِمَامِ أَحْمَد يَشْتَمِلُ عَلَى ثَلَاثِيْنَ أَلْفِ حَدِيْثٍ وَ مَعَ زِيَادَةِ وَلَدِهِ عَلَى أَرْبَعِيْنَ أَلْفِ حَدِيْثٍ."

[১৫০] ইমাম আহ্মদ ইব্ন হাম্বল : 'আল-মুসনাদ', (মাকতাবাতুশ্ শামিলাহ, আল-ইসদার আস-সানী, httpt//wwww. waqfeya.net/shamelat মাওকা'উ ইসলাম http://www.al-islam.com। প্রথম এবং শেষ হাদীছ নিম্নরূপ ঃ

প্রথম হাদীছ – حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ نُمَيْرٍ قَالَ أَخْبَرَنَا إِسْمَاعِيلُ يَعْنِي ابْنَ أَبِي خَالِدٍ عَنْ قَيْسٍ قَالَ قَامَ أَبُو بَكْرٍ رَضِيَ اللهُ عَنْهُ فَحَمِدَ اللهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ تَقْرَءُونَ هَذِهِ الْآيَةَ { يَا

মুসনাদ গ্রন্থসমূহের মাঝে 'মুসনাদে আহ্মদ' সবচেয়ে বিশুদ্ধ এবং পূর্ণাঙ্গ সনদ বিশিষ্ট গ্রন্থ। গ্রন্থটির মর্যাদা সম্পর্কে 'আল্লামা আহ্মাদুল বান্না বলেন : "মুসনাদু আহ্মদ গ্রন্থটি সর্বাধিক সংগৃহীত হাদীছের গ্রন্থ। যা হাদীছের বিশুদ্ধ গ্রন্থ সহীহাইনের পরে বিশুদ্ধতম হাদীছের গ্রন্থ।"[১৫১]

আবূ মূসা আল-মাদীনী (রহ.) থেকে বর্ণিত আছে যে,তিনি ইমাম আহমদ কে একটি হাদীছ সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন : (أُنْظُرُوْهُ فَإِنْ كَانَ فِيْ الْمُسْنَدِ وَ إِلَّا فَلَيْسَ بِحُجَّةٍ) 'তুমি মুসনাদে হাদীছটি অনুসন্ধান কর, যদি তাতে হাদীছটি পাওয়া যায় তবে গ্রহণযোগ্য, আর যদি পাওয়া না যায় তবে তা দলীল হিসেবে গ্রহণযোগ্য নয়।"[১৫২] তাঁর উল্লেখিত বক্তব্য থেকে বুঝা যায় যে, মুসনাদের প্রত্যেকটি হাদীছ সহীহ্। প্রকৃতপক্ষে এ গ্রন্থে বেশ কিছু য'ঈফ হাদীছও রয়েছে। ইব্নুল জাওযী (রহ.)-এর মতে মাওযূ' হাদীছের সংখ্যা ১৫ টি। হাফিজ ইরাকীর মতে ৯টি।[১৫৩] হাফিয নূরুদ্দীন

أيها الذين آمنوا عليكم أنفسكم لا يضركم من ضل إذا اهتديتم } وإنا سمعنا رسول الله صلى الله عليه وسلم يقول إن الناس إذا رأوا المنكر فلم يغيروه أوشك أن يعمهم الله بعقابه.

শেষ হাদীছ– حدثنا يزيد بن هارون قال أخبرنا جرير بن حازم قال ثنا محمد بن أبي يعقوب عن عبد الله بن شداد عن أبيه قال خرج علينا رسول الله صلى الله عليه وسلم في إحدى صلاتي العشي الظهر أو العصر وهو حامل حسن أو حسين فتقدم النبي صلى الله عليه وسلم فوضعه ثم كبر للصلاة فصلى فسجد بين ظهري صلاته سجدة أطالها قال إني رفعت رأسي فإذا الصبي على ظهر رسول الله صلى الله عليه وسلم وهو ساجد فرجعت في سجودي فلما قضى رسول الله صلى الله عليه وسلم الصلاة قال الناس يا رسول الله إنك سجدت بين ظهري الصلاة سجدة أطلتها حتى ظننا أنه قد حدث أمر أو أنه يوحى إليك قال كل ذلك لم يكن ولكن ابني ارتحلني فكرهت أن أعجله حتى يقضي حاجته

[১৫১] ড. মুহাম্মদ শফিকুল্লাহ্ : হাদীছ শাস্ত্রের ইতিবৃত্ত, (রাজশাহী : আল-মাকতাবাতুশ্ শাফিয়া, ২০০১খ্রি.) পৃ.৫৬।

[১৫২] 'আল্লামা আহ্মাদুল বান্না . বুলূগুল আমানী মিন আসরারি ফাতহির রাব্বানী, খ ১ম, (বৈরুত : দারু ইহ্ইয়াইত তুরাছিল 'আরাবী, তা.বি.) পৃ.০৯।

[১৫৩] আবুল 'আব্বাস ইব্ন তাইমিয়াহ : মিনহাজুস সুন্নাতিন নাবাযিয়্যাহ, খ.৫ম, ১ম সং, (মু'য়াস্সাসাতু কুরতুবা : ১৪০৬ খ্রি.), পৃ. ২৩।

হায়সামী বলেন, (مُسْنَدُ أَحْمَدَ أَصَحُّ صَحِيْحًا مِنْ غَيْرِهِ) 'সহীহ্ হাদীছ হিসেবে মুসনাদে আহমদ অপর হাদীছ গ্রন্থের তুলনায় অধিকতর বিশুদ্ধ।[১৫৪] গ্রন্থটি হাদীছ ও বর্ণনা সূত্রের ব্যাপকতা হওয়া সত্ত্বেও অনেক হাদীছ বাদ পড়েছে।

বলা হয়ে থাকে প্রায় দুইশত সাহাবীর বর্ণিত হাদীছ উক্ত গ্রন্থে স্থান পায়নি। অথচ হাদীছের বিশুদ্ধতম গ্রন্থ সহীহুল বুখারী ও সহীহ্ মুসলিমে তাঁদের বর্ণিত হাদীছসমূহ উলেখ করা হয়েছে।[১৫৫]

'মুসনাদু আহমদ ইব্ন হাম্বল'-এর ব্যাখ্যা গ্রন্থসমূহ : আবুল হাসান ইব্ন 'আবদিল হাদী (রহ.) (মৃ.১১২৯ হি.) মুসনাদের একটি ব্যাখ্যা গ্রন্থ প্রণয়ন করেন। যায়নুদ্দীন 'ওমর ইব্ন আহমদ আশ-শিমা' আল-হালবী (রহ.) উক্ত মুসনাদের "دُرُّ الْمُنْتَقِدِ مِنْ مُسْنَدِ الإِمَامِ أَحْمَدَ"-এ নামে একটি সংক্ষিপ্ত গ্রন্থ রচনা করেন। অনুরূপভাবে সিরাজুদ্দীন 'ওমর ইব্ন 'আলী আশ-শাফে'ঈ (রহ.) মুসনাদের একটি শরাহ গ্রন্থ প্রণয়ন করেন।

✲ আল্-মুস্তাদরাকে হা'কিম

আল্-মুস্তাদরাকে হা'কিম আন-নায়শাপূরী (রহ.)[১৫৬] (৩২১-৪০৫/৯৩৩-

[১৫৪] আস্-সুয়ূতী, 'আল্লামা জালালুদ্দীন : তাদরীবুর রাবী, প্রাগুক্ত, পৃ.৫৭।

[১৫৫] পূর্বোক্ত।

[১৫৬] তিনি ইব্নুল বায়্যি' (إِبْنُ الْبَيِّعِ) নামে প্রসিদ্ধ ছিলেন। তাঁর পূর্ণ নাম হলো : আবূ আবদুল্লাহ মুহাম্মদ ইব্ন আবদুল্লাহ্ ইব্ন মুহাম্মদ ইব্ন হামদূভিয়াহ্ আল-হা'কিম আন-নায়শাপূরী। তিনি ৩২১/৯৩৩ সালে নায়শাপূরে জন্মগ্রহণ করেন। তিনি অসংখ্য শায়খগণের নিকট থেকে তাফসীর, হাদীছ, ফিক্হ প্রভৃতি বিষয়ে অগাধ পাণ্ডিত্য অর্জন করেন। তাঁর শায়খের সংখ্যা প্রায় এক হাজার। উসূলুল হাদীছ বিষয়ে তাঁর সংকলিত جُزْء-এর সংখ্যা পনের শতের মত। তাঁর উল্লেখযোগ্য কয়েকটি গ্রন্থ হল : আস্-সহীহাইন, আল-'ইলাল, আল-'আমালী, ফাওয়াইদুশ শুয়ূখ, আমালীল 'আশিয়্যাত, তারাজিমুশ শুয়ূখ, মা'রিফাতু 'উলূমিল হাদীছ, তারীখু 'উলামা-ই নায়শাপূর, আল্-মাদখালু ইলা 'ইলমিস্ সহীহ্, আল-মুসতাদরাক 'আলাস্ সহীহাইন, ফাযাইলুল ইমাম আশ্-শাফি'ঈ, তাসমিয়্যাতু মান আখরাজাহুমুশ শায়খান, ফাযাইলু ফাতিমাতিয যুহরা। তিনি ৪০৫/১০১৪ সনে মঙ্গলবার ইন্তেকাল করেন। দ্র.- শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১৭শ, প্রাগুক্ত, পৃ.১৬৩; শামসুদ্দীন আয-যাহাবী : তাযকিরাতুল হুফ্ফায, প্রাগুক্ত,

১০১৪) "আল্-মুস্তাদরাক" নামক এমন একটি হাদীছের গ্রন্থ সংকলন করেছেন, যা ইমাম বুখারী ও ইমাম মুসলিম (রহ.)-এর সহীহ্ হাদীছের গ্রন্থ প্রণয়নের পর অবশিষ্ট সহীহ্ হাদীছসমূহ তাঁর নিজস্ব মানহাজের ভিত্তিতে প্রণয়ন করেন।[157] তিনি তাঁর গ্রন্থে প্রথমে ঐ সকল হাদীছ আনয়ন করেছেন, যেগুলো সহীহাইনের শর্তে উত্তীর্ণ। দ্বিতীয় পর্যায়ে ঐ সকল হাদীছ তিনি প্রণয়ন করেছেন যেগুলো সহীহ্ ইসনাদ দ্বারা প্রমাণিত। তিনি উক্ত গ্রন্থে এমন কিছু হাদীছ উপস্থাপন করেছেন, যা তাঁর নিজস্ব মানহাজের দৃষ্টিতে সহীহ্ নয়, তবে তিনি সেকথা, হাদীছ বর্ণনার পর স্পষ্টভাবে বলে দিয়েছেন। হাফিজ শামসুদ্দীন আয-যাহাবী (রহ.) (মৃ.৭৭৮হি) আল্-মুস্তাদরাক গ্রন্থের একটি সংক্ষিপ্ত সংকলন করেন। এতে যে সকল হাদীছ য'ঈফ অথবা মুনকার রয়েছে সেগুলো সনাক্ত করেছেন। এ ধরনের হাদীছের সংখ্যা প্রায় একশত।

মূলতঃ হা'কিম আন-নায়শাপূরী (রহ.) হাদীছকে বিশুদ্ধ বিবেচনার ক্ষেত্রে নমনীয়তা প্রদর্শন করেছেন। এ প্রসঙ্গে ইব্ন হাজার (রহ.) বলেন, এর কারণ হচ্ছে, গ্রন্থটি যখন তিনি পাণ্ডুলিপি আকারে প্রস্তুত করেন। চূড়ান্ত ভাবে সমাপ্ত করার পূর্বেই তিনি ইন্তেকাল করেন। ফলে গ্রন্থটি যাচাই-বাছাই ও পর্যালোচনার কোন সুযোগ পাননি এবং গ্রন্থটির মধ্যে সহীহ্, হাসান অথবা য'ঈফ যেহেতু বিদ্যমান রয়েছে সেহেতু গ্রন্থটির হাদীছ গ্রহণ সুযোগ পাননি।[158] কোন কোন হাদীছ বিশারদ উক্ত গ্রন্থের ব্যাপারে মন্তব্য করে বলেন, হাদীছ গ্রহণ করার ক্ষেত্রে মুস্তাদরাক হা'কিম গ্রন্থের ব্যাপারে সাবধানতা অবলম্বন করতে হবে। তবে এক্ষেত্রে এককভাবে সহীহ্ হিসেবে প্রমাণিত হাদীছগুলো গ্রহণ করতে কোন অসুবিধা নেই। মাকতাবাতুস্

পৃ.১০৩৯; শামসুদ্দীন আয-যাহাবী : মিযানুল ই'তিদাল, খ.৩য়, প্রাগুক্ত, পৃ.৬০৮; খতীব আল্-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.৫ম, প্রাগুক্ত, পৃ.৪৭৩।

১৫৭ হাজী খলীফাহ্ : কাশফুয্ যুনূন 'আন উসামীমিল কুতুব ওয়াল ফুনূন, খ.২য়, (বৈরূত : দারু-ইহ্ইয়াইত্- তুরাছিল 'আরাবী, তা.বি.), প্রাগুক্ত, পৃ.৩২৫।

১৫৮ মুহাম্মদ ইব্ন 'আবদুর রহমান আস-সাখাভী : ফাতহুল মুগীছ, খ.১ম, ২য় সং, (দারুল ইমাম আত-তাবারী, ১৯৯৬ খ্রি.), পৃ.৪১। মূল 'আরবী :

إنَّ السَّبَبَ فِيْ ذَالِكَ أنَّه صَنَّفَه فِيْ أوَاخِرِ عُمْرِه ......الخ

শামিলাহ্-এর বর্ণনা মোতাবেক "আল্-মুস্তাদরাক"-এর হাদীছের সংখ্যা ৮৯৫৬টি।[159]

জামি' সুফিয়ান ছাওরী

ইমাম সুফিয়ান ছাওরী (রহ.)[160] (৯৭-১৬১/৭১৫-৭৭৮) আল-জামি' গ্রন্থটি সংকলন করেন। সুফিয়ান ছাওরী (রহ.) ইমাম আবূ হানীফা (রহ.)-

---

১৫৯ হা'কিম আন-নায়শাপূরী : আল্-মুস্তাদরাক, মাকতাবাতুস্ শামিলাহ : http://www.al-islam. com । "আল্-মুস্তাদরাক"-এর প্রথম এবং শেষ হাদীছ নিম্নরূপ ঃ

প্রথম হাদীছ – أخبرنا أبو محمد عبد الله بن محمد بن إسحاق الخزاعي بمكة، ثنا عبد الله بن محمد بن أبي ميسرة، ثنا عبد الله بن يزيد المقرئ، ثنا سعيد بن أبي أيوب، حدثني ابن عجلان، عن القعقاع بن حكيم، عن أبي صالح، عن أبي هريرة ، قال : قال رسول الله ﷺ : « أكمل المؤمنين إيمانا أحسنهم خلقا »

শেষ হাদীছ – أخبرنا أبو عبد الله الصفار ، ثنا إسماعيل بن إسحاق القاضي ، ثنا موسى بن إسماعيل ، ثنا محمد بن عبد الرحمن الطفاوي ، ثنا أيوب، عن عبد الله بن أبي مليكة، أن رجلا سأل ابن عباس رضي الله عنهما عن قوله ﷻ: (وإن يوما عند ربك كألف سنة مما تعدون (١)) فقال : « من أنت ؟ » فذكر له أنه رجل من كذا وكذا، فقال ابن عباس رضي الله عنهما : « فما يوم كان مقداره خمسين ألف سنة ؟ » فقال الرجل : رحمك الله إنما سألتك لتخبرنا ، فقال ابن عباس : « يومان ذكرهما الله تعالى في كتابه الله أعلم بهما فكره أن يقول في كتاب الله بغير علم » « هذا حديث صحيح على شرط البخاري ولم يخرجاه » « آخر كتاب الأهوال، وهو آخر كتاب الجامع الصحيح المستدرك، تأليف الحاكم الإمام أبي عبد الله محمد بن عبد الله بن حمدويه الحافظ رحمه الله تعالى، والحمد لله وحده وصلاته وسلامه على سيدنا محمد وآله وصحبه أجمعين »

১৬০ আবূ আবদুল্লাহ সুফিয়ান ইব্ন সা'ঈদ ইবন মাসরূক আস ছাওরী আল কূফী (রহ.)। তিনি ৯৭/৭১৫ সনে জন্মগ্রহণ করেন। (কারও কারও মতে তিনি ৯৩/৭১১, ৯৫/৭১৩ অথবা ৯৬/৭১৪ সনে জন্ম গ্রহণ করেন) তিনি দ্বিতীয় শতাব্দীর একজন ধর্মতত্ত্ববিদ, হাদীছের পণ্ডিত ও সূফী হিসেবে বিখ্যাত ছিলেন। তাঁর পাণ্ডিত্য সম্পর্কে 'আবদুর রহমান ইব্ন মাহ্দী বলেন, "আমি সুফিয়ান ছাওরী অপেক্ষা অধিক হাদীছ মুখস্তকারী আর কাউকে দেখিনি।" তাঁর হাদীছ বিষয়ক অসাধারণ জ্ঞান ও প্রজ্ঞার কারণে তিনি সর্বত্র প্রশংসিত হন। তাঁর গ্রন্থ রচনাবলীর মধ্যে উল্লেখযোগ্য হলো : আল-জা'মি'উল কাবীর, আল-জা'মি'উস সাগীর, কিতাবুল ফারায়েজ ইত্যাদি। তিনি ১৬১/৭৭৮ সনে ৬৪ বৎসর বয়সে ইন্তেকাল করেন। দ্র.- শামসুদ্দীন আয-যাহাবী : তাবাকাতুল হুফ্ফায, প্রাগুক্ত, পৃ.২০৩-২০৬; মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ.১৯২; ইব্ন হাজার আল-'আসকালানী : তাহ্যীবুত তাহ্যীব, প্রাগুক্ত, পৃ.১১৪।

এর ফিক্‌হ বিষয়ক জ্ঞান অর্জন করতেন প্রসিদ্ধ পণ্ডিত 'আলী ইব্‌ন মাসহার (রহ.)-এর নিকট হতে। তাঁরই সহযোগিতা ও পরামর্শে হাদীছের এ বিশুদ্ধ গ্রন্থটি সংকলন করেন।[১৬১] গ্রন্থটি প্রণয়নের পর তৎকালীন হাদীছ বিশারদগণের নিকট পৌঁছলে সবাই গ্রন্থটিকে বহু মূল্যবান গ্রন্থ হিসেবে স্বীকৃতি জ্ঞাপন করেন। ইমাম আবূ দাঊদ (রহ.) এ প্রসংগে বলেন,

(جَامِعُ سُفْيَانَ الثَّوْرِيِّ فَإِنَّهُ أَحْسَنُ مَا وَضَعَ النَّاسُ فِي الْجَوَامِعِ) "সুফিয়ান আস্-ছাওরী জামি' একটি উত্তম গ্রন্থ। কেননা এ পর্যন্ত লোকেরা যত উত্তম গ্রন্থ প্রণয়ন করেছে, গ্রন্থটি তাদের অন্যতম।"[১৬২]

তৎকালীন হাদীছ বিশারদগণ তাঁর ব্যাপারে ফিক্‌হ ও হাদীছ বিষয়ক পাণ্ডিত্যের স্বীকৃতি দিয়ে বলেন, (كَانَ مِمَّنْ جَمَعَ بَيْنَ الْفِقْهِ وَالْحَدِيثِ ثِقَةً.) "তিনি হাদীছ ও ফিক্‌হ বিষয়ক উভয় জ্ঞানেরই বিশ্বস্ত পণ্ডিত ছিলেন।"[১৬৩]

✲ সহীহ্ ইব্‌ন হিব্বান

ইব্‌ন হিব্বান (রহ.)[১৬৪] (২৭৪-৩৫৪/৮৮৫-৯৬৫) তাঁর রচিত হাদীছের

---

[১৬১] মাওলানা মুহাম্মদ 'আবদুর রহীম : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ ৪২২।

[১৬২] সুলায়মান ইবন আশ'আছ আস-সিজিস্তানী : আর-রিসালা, (কলকাতা : আসাহহুল মাতাবি', দারুল ইশা'আতিল ইসলামিয়্যা, তা.বি), পৃ.০৭।

[১৬৩] শামসুদ্দীন আয যাহাবী : তাযকিরাতুল হুফফায, প্রাগুক্ত, পৃ ২৯১।

[১৬৪] তাঁর পূর্ণ নাম : মুহাম্মদ ইবন হিব্বান ইবন আহমদ ইবন হিব্বান আবূ হাতেম আল-বসতী আত-তামিমী। তিনি সিজিস্তিনের অন্তর্গত 'বুসত' এলাকায় ২৭৪/৮৮৫ সন জন্মগ্রহণ করেন বিধায় তাকে আল-বুসতী বলা হয়। তিনি ছিলেন একজন সম্মানিত মুহাদ্দিছ, হাদীছের বিভিন্ন শহরের বিভিন্ন শাইখ থেকে তিনি হাদীছ শ্রবণ করেন, তাই তিনি ছিলেন তৎকালীন সময়ের শ্রেষ্ঠ ভ্রমণকারী। ঐতিহাসিক ইবন সাম'আনী বলেছেন : "আবূ হাতেম ইব্‌ন হাব্বান ছিলেন হাদীছ জ্ঞানের যুগশ্রেষ্ঠ। তিনি হাদীছ শ্রবণ ও সংগ্রহের উদ্দেশ্যে শাম হতে আলেকজান্দ্রিয়া পর্যন্ত সুদূর পথ সফর করেন।" হা'কিম আন-নাযশাপূরী (রহ.) তাঁর ব্যাপারে বলেন, "তিনি ছিলেন জ্ঞানী ব্যক্তিদের মধ্যে থেকে বিভিন্ন জ্ঞান-বিজ্ঞান, ফিক্‌হ, হাদীছ, লুগাত, ওয়াজ ইত্যাদি বিষয়ে এক বিশাল পাণ্ডিত্বের অধিকারী।" 'আল্লামা খতীব আল-বাগদাদী বলেন (كَانَ ثِقَةً نَبِيلًا وَلَهُ التَّصَانِيفُ الْكَثِيرَةُ) "তিনি নির্ভরযোগ্য ও বিশ্বস্ত হাদীছের রাবী ছিলেন। তাঁর বহু সংখ্যাক হাদীছের গ্রন্থ রয়েছে।" তাঁর উল্লেখযোগ্য গ্রন্থে হলো : কিতাবুস্ সিকাত, মা'রিফাতু মাজরূহীন, আস-সাহাবাতুত তাবে'ঈন, আতবা'উত-তাবে'ঈন, আসামী মান ইউ'রাফুল কুনা প্রভৃতি। তিনি ৮০ বৎসর বয়সে সমরকন্দে শুক্রবার ৩৫৪/৯৬৫ সনে ইন্‌তেকাল করেন। দ্র.- 'আল্লামা জালালুদ্দীন আস-সুয়ূতী : তাবাকাতুল হুফ্‌ফায, খ.১ম, পৃ.৩৭৫; ড. আবূ সুলাইমান 'আবদুল ওহ্‌হাব ইব্‌রাহীম : কিতাবুল বাহছিল 'ইল্‌ম, পূর্বোক্ত, পৃ.২৩৭; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল সান'আনী : আল-আনসাব, (Leyden: E.J.Brill Imprime rie orientale Londen: Luzac & Co, Great Russell street, 1992), পৃ.৩৪৮-৩৪৯।

গ্রন্থ 'আল-মুসনদুস্ সহীহ্' নামে সংকলিত। তবে সহীহ্ ইব্‌ন হিব্বান এর হাদীছের এ গ্রন্থটি "الأَنْوَاعُ وَ التَّقَاسِيمُ" (আন্‌ওয়া'উ ওয়াত্-তাকাসীম) নামে প্রসিদ্ধ ছিল।[১৬৫] যা পাঁচ খণ্ডে বিভক্ত ছিল।[১৬৬] বলা হয়ে থাকে হাদীছের বিশুদ্ধতম গ্রন্থ সহীহাইনের পরে বিশুদ্ধতার দৃষ্টিকোণ থেকে গ্রন্থ রচনা করেন ইব্‌ন খুজায়মা ও সহীহ্ ইব্‌ন হিব্বান।[১৬৭]

কোন কোন মুহাদ্দীছের মতে সহীহ্ ইব্‌ন হিব্বান গ্রন্থটি সনানু ইব্‌ন মাজাহ্ থেকেও অধিকতর বিশুদ্ধ।[১৬৮]

হাদীছ বিষয়ক 'সহীহ্ ইব্‌ন হিব্বান গ্রন্থটি মুয়াস্‌সাসাতুর রিসালাহ্, বৈরূত থেকে প্রকাশিত হয়েছে যার হাদীছের সংখ্যা ৭৪৯১ টি মাকতাবাতুস্ শামিলাহ্ মাওকা'উ জা'মি'উল হাদীছ-এর বর্ণনা মোতাবেক সহীহ্ ইব্‌ন হিব্বান-এর হাদীছের সংখ্যা দাঁড়ায় ৭৬১৫টি।[১৬৯]

---

[১৬৫] মুহাম্মদ আবূ যাহু : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত, পৃ.৩৬৪।

[১৬৬] ড. আবূ সুলাইমান 'আবদুল ওহ্‌হাব ইব্‌রাহীম : কিতাবুল বাহছিল 'ইল্‌ম, পূর্বোক্ত, পৃ.২৩৭।

[১৬৭] পূর্বোক্ত; মুহাম্মদ আবূ যাহু : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, পৃ. ৪২৬। মূল 'আরবী :

مَنْ صَنَّفَ فِي الصَّحِيحِ الْمُجَرَّدِ بَعْدَ الشَّيْخَيْنِ ابْنُ خُزَيْمَةَ فَابْنُ حِبَّانَ.

[১৬৮] শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, প্রাগুক্ত, পৃ.৩৯।

[১৬৯] ইব্‌ন হিব্বান : আল-মুসনদুস্ সহীহ্, মাকতাবাতুস্ শামিলাহ সহীহ্ ইব্‌ন হিব্বানের প্রথম এবং শেষ হাদীছ নিম্নরূপ ঃ

প্রথম হাদীছ – أخبرنا الحسين بن عبد الله القطان ، قال : حدثنا هشام بن عمار، قال : حدثنا عبد الحميد بن أبي العشرين، قال : حدثنا الأوزاعي، عن قرة ، عن الزهري، عن أبي سلمة، عن أبي هريرة، قال : قال رسول الله ﷺ: « كل أمر ذي بال لا يبدأ فيه بحمد الله، فهو أقطع »

শেষ হাদীছ – أخبرنا محمد بن إسحاق بن خزيمة، حدثنا الربيع بن سليمان، حدثنا بشر بن بكر، حدثني ابن جابر، حدثني سليم بن عامر، حدثني أبو أمامة الباهلي، قال : سمعت رسول الله يقول : « بينا أنا نائم إذ أتاني رجلان، فأخذا بضبعي، فأتيا بي جبلا وعرا (1)، فقالا لي : اصعد حتى إذا كنت في سواء الجبل، فإذا أنا بصوت شديد، فقلت : ما هذه الأصوات ؟ قال : هذا عواء أهل النار، ثم انطلق بي فإذا أنا بقوم معلقين بعراقيبهم مشققة أشداقهم (٢) تسيل

✲ সুনানুদ্ দারিমী

ইমাম দারিমী (রহ.)[১৭০] (১৮১-২৫৫/৭৯৭-৮৬৯)-এর প্রণিত 'সুনানু দারিমী' নামক হাদীছের গ্রন্থটি প্রসিদ্ধ একটি সুনান গ্রন্থ। উক্ত হাদীছ গ্রন্থটিতে ফিক্হ বিষয়ক বিভিন্ন অধ্যায় স্থান পেয়েছে। কোন কোন হাদীছ বিশারদ মনে করে থাকেন, সুনানু ইব্ন মাজাহ এর চেয়ে সুনানু দারিমী অধিকতর উন্নত ও বিশুদ্ধ।

এ প্রসংগে হাফিয ইব্ন হাজার 'আসকালানী (রহ.) বলেন, "কিতাবুস সুনান যেটি মুসনাদু দারিমী হিসেবে প্রসিদ্ধ, সেটি মর্যাদার দিক থেকে অন্যান্য সুনান গ্রন্থ থেকে কম নয়, বরং পাঁচটি সুনান গ্রন্থের সাথে মিলালে এটি 'সুনানু ইব্ন মাজাহ' থেকে উত্তম। কারণ অধিকাংশ ক্ষেত্রে এটি ইব্ন মাজাহ থেকে চমৎকার।"[১৭১] সুনানু দারিমী প্রসংগে হাজী খলীফা বলেন, "ইব্নুস সালাহ এ কিতাবটিকে মাসানীদের অন্তর্ভূক্ত করেছেন। এতে তিনি সন্দেহে নিপাতিত হয়েছেন, কেননা এটি বাব অনুযায়ী সাজানো,

---

أشداقهم دما، فقلت : من هؤلاء ؟ فقيل : هؤلاء الذين يفطرون قبل تحلة صومهم، ثم انطلق بي، فإذا بقوم أشد شيء انتفاخا، وأنتنه ريحا، وأسوئه منظرا، فقلت : من هؤلاء، قيل : الزانون والزواني، ثم انطلق بي، فإذا بنساء تنهش ثديهن الحيات، قلت : ما بال هؤلاء ؟ قيل : هؤلاء اللاتي يمنعن أولادهن ألبانهن، ثم انطلق بي، فإذا أنا بغلمان يلعبون بين نهرين، فقلت : من هؤلاء ؟ فقيل : هؤلاء ذراري (٣) المؤمنين، ثم شرف بي شرفا، فإذا أنا بثلاثة يشربون من خمر لهم، فقلت : من هؤلاء ؟ قالوا : هذا إبراهيم، وموسى، وعيسى وهم ينتظرونك .

[১৭০] তাঁর পূর্ণনাম হলো : আল-ইমাম আল-হাফিয সমরকন্দের মাযখুল ইসলাম আবূ মুহাম্মদ 'আবদুল্লাহ ইবন 'আবদুর রহমান ইবনুল ফযল ইব্ন বাহরাম ইব্ন 'আবদুস-সামাদ আত-তামীমী আদ-দারিমী আস-সামারকান্দী। তিনি ১৮১/৭৯৭ সনে সমরকন্দে হাদীছ বিশারদ ইব্নুল মুবারকের মৃত্যুর বছর জন্ম গ্রহণ করেন। তিনি হাদীছ বিষয়ের অগাধ জ্ঞানের অধিকারী ছিলেন। তাঁর ধার্মিকতা, বিদ্যোৎসাহী ও তীক্ষ্ম মেধার কথা তৎকালীন সার্বজনীন স্বীকৃত। তিনি সুনান গ্রন্থটি ছাড়াও আত-তাফসির ও কিতাবুল জামি' নামক আরও দুইটি গ্রন্থ প্রণয়ন করেন। তিনি ২৫৫/৮৬৯ সনে ৮ই জিলহজ্জ তারিখে ইন্তিকাল করেন। দ্র.- শামসুদ্দীন আয-যাহাবী : তাযকিরাতুল হুফ্ফায, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২৩৪-২৩৬; সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ, খ.২য়, প্রাগুক্ত পৃ.০৮।

[১৭১] হাজী খলীফা : কশ্ফুয্ যুনূন, খ.২য়, প্রাগুক্ত,পৃ. ১৬৮ মূল 'আরবী :

قَالَ ابن حَجَر : وَأَمَّا كِتَابُ "السُّنَنُ" اَلْمُسَمّي (بِمُسْنَدِ الدّرمي) فَإِنَّهُ لَيْسَ دُوْنَ (السنن) فِي الْمُرْتَبَةِ بَلْ لَوْ ضُمَّ إِلي الْخَمْسَةِ لَكَانَ أَوْلَي مِنْ إِبْن مَاجَة، فَإِنَّهُ أَمْثَل مِنْه بِكَثِيْرٍ .

মুসনাদ অনুযায়ী নয়।"[১৭২] 'আল্লামা 'ইরাকী 'আন্-নাকত' গ্রন্থে এ প্রসংগে বলেন : "ইহা 'মুসনাদ' নামে প্রসিদ্ধ লাভ করেছে, যেমন ইমাম বুখারী (রহ.) তাঁর কিতাবের নাম রেখেছেন "اَلْمُسْنَدُ الْجَامِعُ"। তবে মুসনাদু দারিমী গ্রন্থে হাদীছে মুরসাল(مُرْسَل), মুনকাতি'(مُنْقَطِع), মু'দাল(مُعْضَل) ও মাকতু'(مَقْطُوع) হাদীছের বিরাট সমাহার ঘটেছে।[১৭৩] সুনানু দারিমী গ্রন্থটি ভারত থেকে ছাপানো হয়েছে।[১৭৪] মাকতাবাতুস্ শামিলাহ্-এর বর্ণনা মোতাবেক 'সুনানু দারিমীর' হাদীছের সংখ্যা দাঁড়ায় ৩৫৬৭টি।[১৭৫]

---

[১৭২] পূর্বোক্ত। মূল 'আরবী :

ابن الصَّلَاحِ فِي الْمَسَانِيْد فَوَهِمَ فِي ذَالِكَ، لِأَنَّهُ مرتب عَلَي الْأَبْوَابِ لَا عَلَي الْمَسَانِيد.

[১৭৩] পূর্বোক্ত। মূল 'আরবী :

قَالَ العِرَاقِي فِي (النُّكَتِ) : وَاشْتَهَرَ تَسْمِيَتُهُ (بِالْمُسْنَدِ) كَمَا سَمّيَ الْبُخَارِيْ كِتَابه (الْمُسْنَدُ الْجَامِعُ) إِلَّا أن (مُسْنَدُ الدّرامي) كَثِيْرُ الْاَحَادِيْثِ الْمُرْسَلَةِ وَ الْمُنْقَطِعَةِ وَ الْمُعْضَلَةِ وَ الْمَقْطُوْعَةِ .

[১৭৪] ড. শামীম আরা চৌধুরী : হাদীছ বিজ্ঞান, ১ম প্রকাশ, (ঢাকা : ই.ফা,বা. ১৪২২/২০০১), পৃ.১৬৩।

[১৭৫] ইমাম দারিমী : সুনানু দারিমী, মাকতাবাতুস্ শামিলাহ সুনানু দারিমী-এর প্রথম এবং শেষ হাদীছ নিম্নরূপঃ

প্রথম হাদীছ – باب مَا كَانَ عَلَيْهِ النَّاسُ قَبْلَ مَبْعَثِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنَ الْجَهْلِ وَالضَّلَالَةِ

শেষ হাদীছ – حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ سُفْيَانَ عَنِ ابْنِ عُلَيَّةَ عَنِ ابْنِ عَوْنٍ عَنْ مُحَمَّدٍ قَالَ : كَانُوا يَرَوْنَ هَذِهِ الأَلْحَانَ فِى الْقُرْآنِ مُحْدَثَةً.

তৃতীয় অধ্যায় :

✲ প্রথম পরিচ্ছেদ :

- সহীহুল বুখারী সংকলন ও লিপিবদ্ধকরণ
- সহীহুল বুখারী গ্রন্থের নামকরণ
- সহীহুল বুখারী গ্রন্থ প্রণয়নের কারণ
- সহীহুল বুখারী গ্রন্থের হাদীছের সংখ্যা

✲ দ্বিতীয় পরিচ্ছেদ :

- হাদীছ বিশারদগণের দৃষ্টিতে 'সহীহুল বুখারী' গ্রন্থ

তৃতীয় অধ্যায়
প্রথম পরিচ্ছেদ

এ পরিচ্ছেদে আমরা সহীহুল বুখারী সংকলন ও লিপিবদ্ধকরণ, সহীহুল বুখারী গ্রন্থের নামকরণ এবং সহীহুল বুখারী গ্রন্থ প্রণয়নের কারণ এবং সহীহুল বুখারী গ্রন্থের হাদীছের সংখ্যা প্রসংগে আলোচনা করবো।

✲ সহীহুল বুখারী সংকলন ও লিপিবদ্ধকরণ :

ইমাম বুখারী (রহ.) (১৯৪/৮১০-২৫৬/৮৭০) হাদীছ সংকলন ও লিপিবদ্ধ করেছিলেন হিজরী তৃতীয় শতাব্দীর মধ্যে। আর এ শতাব্দী ছিল ইসলামী জ্ঞান বিজ্ঞানের তথা হাদীছ সংকলনের স্বর্ণ যুগ। হাদীছ বিশেষজ্ঞ ইমাম বুখারী (রহ.) তাঁর কর্মবহুল জীবনে হাদীছ সংকলন ও সংগ্রহে রাবীদের সম্পর্কে সূক্ষ্মাতিসূক্ষ্ম আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে সহীহ্ হাদীছ সংকলন করেছেন। সহীহ্ পদ্ধতিতে হাদীছ সংকলন করতে গিয়ে তিনি তাঁর নিজস্ব সংকলন পদ্ধতি, অবস্থান, শ্রেষ্ঠত্ব, বৈশিষ্ট্য এবং কঠোর শর্তাবলী প্রদান করেছেন (পূর্বে আলোচনা হয়েছে)। যা ছিল অত্যন্ত কঠিন। তাঁর সমগ্র জীবন বিশুদ্ধ হাদীছ সংকলনের জন্য ব্যাপক গবেষণার দ্বারা রাসূলুল্লাহ (সা.)-এর অমীয় বাণীসমূহকে সহীহ্ ও য'ঈফ হাদীছসমূহের উপর যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে আল্লাহ তা'আলার অশেষ মেহেরবানীতে সহীহ্ হাদীছসমূহ সুসংবদ্ধ পূর্ণাঙ্গ সংকলন তৈরী করতে সক্ষম হয়েছেন।

হাদীছ বিশারদ ইমাম বুখারী (রহ.) সহীহ্ হাদীছ সংকলন ও লিপিবদ্ধের ক্ষেত্রে সাধারণতঃ প্রাথমিকভাবে একটি নির্দিষ্ট অধ্যায় ঠিক করে ঐ অধ্যায়ের উপর যত হাদীছ আছে ঐ সকল বিশুদ্ধ হাদীছসমূহকে তাঁদের মানহাজ অনুযায়ী একত্রিত করেছেন। অতপর প্রত্যেক হাদীছের সনদকে "عِلْمُ الْجَرْحِ وَالتَّعْدِيْل" (হাদীছ সমালোচনা বিজ্ঞান)[১৭৬]-এর দৃষ্টিতে

---

[১৭৬] হাদীছ বিষয়ক শতাধিক কোষের মধ্যে عِلْمُ الْجَرْحِ وَ التَّعْدِيْل বা 'হাদীছ সমালোচনা বিজ্ঞান'

সর্বোচ্চ সাবধানতার সাথে সূক্ষ্মাতিসূক্ষ্ম বিশ্লেষণ করেছেন। আর ইহা এমন একটি বিষয়, যার মাধ্যমে হাদীছ গ্রহণ ও বর্জন করার ক্ষেত্রে রাবীদের অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়।[১৭৭] অর্থাৎ যা দ্বারা রাবীগণের দোষগুণ, ন্যায়পরায়ণতা, নির্দিষ্ট শব্দের মাধ্যমে, রিজাল বিষয়ক সূক্ষ্মাতিসূক্ষ্ম বিশ্লেষণ করা হয়।[১৭৮] এ সবের পারস্পারিক পার্থক্য নিশ্চিতভাবে নিরূপন করে একটি হাদীছ অপর হাদীছের সাথে তুলনামূলক বিশ্লেষণের মাধ্যমে তাঁর স্ব স্ব মানহাজ অনুযায়ী (সহীহ্ হাদীছের শর্ত মোতাবেক) উত্তীর্ণ হওয়ার পর হাদীছটির বিশুদ্ধতার উপর চূড়ান্তভাবে নিশ্চিত হয়ে অত্যন্ত সাবধানতার সাথে জগৎ বিখ্যাত হাদীছের প্রসিদ্ধ ও বিশুদ্ধ গ্রন্থ 'সহীহুল বুখারী' বা 'আল-জামি' সংকলন ও লিপিবদ্ধ করেছেন।[১৭৯]

একটি গুরুত্বপূর্ণ কোষ। جَرْح শব্দটির আভিধানিক অর্থ-ক্ষত, আঘাত, জখম, কটাক্ষ, অস্ত্রোপচার এবং تَعْدِيْل অর্থ-ন্যায় পরায়ণতা, বিশ্বস্ততা ইত্যাদি। আর عِلْمُ التَّعْدِيْل বলতে ঐ জ্ঞানকে বুঝায় যা দ্বারা হাদীছ বর্ণনাকারীর চারিত্রিক গুণাবলী সম্পর্কে পূর্ণাঙ্গভাবে অবগত হওয়া যায়। যদি কোন রাবীর গুণ প্রকাশ পায় তখন তা 'তা'দীল (تَعْدِيْل)-এর অন্তর্ভূক্ত হয়। 'জরহ তাদীল' বিপরিতার্থক শব্দ। যেহেতু ইহা দ্বারা হাদীছ বর্ণনাকারীদের দোষ-গুণ, বিশ্বস্ততা, ন্যায়পরায়ণতা বিশ্লেষণ ও সমালোচনা করা হয়। সেহেতু ইহাকে عِلْمُ الْجَرْحِ وَ التَّعْدِيْل বলা হয়। দ্র.- মুনীর আল-বা'লাবাকী : আল-মাওরিদ, (বৈরূত : দারুল 'উলূম লিল মালাঈন, ১৯৮৯ খ্রি.) পৃ.৪৪৬৭।

[১৭৭] ব্যাপক অর্থে عِلْمُ الْجَرْحِ وَ التَّعْدِيْل শাস্ত্রে রাবীদের (বর্ণনাকারী) পরিচয়, জন্ম স্থান, জন্ম ও মৃত্যু তারিখ, ইসলামের প্রতি বিশ্বাস ও আনুগত্য, তাকওয়া, নৈতিক ত্রুটি, মেধাগত দুর্বলতা, হাদীছের সনদ-মতন (বর্ণনাকারীদের ক্রমধারা ও হাদীছের ভাষ্য) সততা, বিশ্বস্ততা, নিষ্ঠা ও মেধাগত দৃঢ়তা, স্মরণশক্তি, বিবেকশক্তি, চিন্তাশক্তি, বোধশক্তি, মতাদর্শ, মানসিক ও শারীরিক সুস্থতা, দোষ-গুণ বিচার করা হয়। দ্র.- 'আবদুল আযীয আল-খাওয়ালী : মিফতাহুস সুন্নাহ, প্রাগুক্ত,পৃ.১৪৬; ই.ফা.বা : ইসলামী বিশ্বকোষ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৫৩৩।

[১৭৮] ড. শামীম আরা চৌধুরী : হাদীছ বিজ্ঞান, ১ম প্রকাশ, (ঢাকা : ই.ফা,বা. ১৪২২/২০০১), পৃ.২০৯-২১০।

[১৭৯] হাদীছ বর্ণনাকারীদের জীবন বৃত্তান্ত জানা এবং তাঁদের নির্ভরযোগ্যতা ও অনির্ভরযোগ্যতা সম্পর্কে জ্ঞাত হওয়া (عِلْمُ الجرح وَ التَّعدِيل) ইল্‌ম হাদীছের জন্য একটি অতি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বিষয়। এর প্রয়োজন এই কারণে দেখা দিয়েছে যে, ইসলামের মধ্যে যখন বিভিন্ন ফেতনার উদ্ভব ঘটে এবং মানুষ নিজ নিজ চিন্তাধারার সমর্থনে হাদীছ জাল করতে

✲ সহীহুল বুখারী গ্রন্থের নামকরণ

হাদীছ বিশারদগণের নিকট সংক্ষিপ্তভাবে গ্রন্থটি 'সহীহুল বুখারী' বা 'আল-জামি'[১৮০] নামে পরিচিত হলেও ইমাম বুখারী স্বয়ং নিজে গ্রন্থটির

শুরু করে, তখন বিশুদ্ধ হাদীছ গ্রহণ করার ক্ষেত্রে প্রকট অসুবিধা হয়ে উঠে। তাই রাবীদের বিশ্বস্ততা, নির্ভরযোগ্যতা, হাদীছ মুখস্থ রাখার ক্ষমতা ইত্যাদির ব্যাপারে গভীরভাবে বিশ্লেষণ হয়। পরবর্তীতে ইহাই 'জারহ তা'দীল' (ক্রমে ক্রমে আসমউর রিজাল) নামে একটি স্বতন্ত্র শাস্ত্ররূপে প্রতিষ্ঠা লাভ করে।

য গ্রন্থের মধ্যে 'আকাঈদ, আহ্‌কাম, রিকাক, আদব, তাফসীর, সিয়ার ও তারীখ, ফিতান, মানাকিব-এ আটটি শিরোনামের অধ্যায় বিদ্যমান থাকে, তাকে হাদীছের জামি' (اَلْجَامِع)গ্রন্থ বলা হয়। "اَلْجَامِع"-এর শর্তসমূহ হলো : (১). (عَقَائِد) 'আকাইদ' (বিশ্বাস) : 'আকাইদ বলতে ঐ সকল হাদীছসমূহকে বুঝায়, যেগুলো ঈমান ও "اعتقاد" বা বিশ্বাসের সাথে সম্পর্কযুক্ত। (২). (اَحْكَام) 'আহকাম (শরী'আতের আদেশ-নিষেধ) : আহ্‌কাম বলতে ইসলামী শরী'আতের বিধি বিধানসমূহকে বুঝায়। যা ফিক্‌হী-এর ধারাবাহিকভাবে হাদীছসমূহ বিন্যাস্ত থাকে। (৩). (رِقَاق) 'রিকাক' (দয়া-সহানুভূতি/আত্মশুদ্ধি) : রিকাক বলতে এমন হাদীছসমূহকে বুঝায়, যেগুলো দ্বারা মানুষের মন দুনিয়ার আসক্তি হ্রাস পেয়ে আখেরাতমুখী হয়। (৪). (اَدَب) 'আদাব' (শিষ্টাচার ও নিয়ম-পদ্ধতি) : এ অধ্যায়ে সাধারণত ভদ্রতা ও মার্জিত জীবন সম্পর্কিত হাদীছসমূহ বর্ণনা করা হয়। (যেমন : আচার-আচরণ, চাল-চলন, খাওয়া দাওয়া, ভ্রমণের নিয়ম-পদ্ধতি ইত্যাদি)। (৫). (تَفْسِيْر) 'তাফসীর' (আয়াতের ব্যাখ্যা-বিশেষণ) : এ অধ্যায়ে ঐশী বাণী আল-কুরআ'নুল কারীমের আয়াতসমূহের ব্যাখ্যা-বিশেষণ সম্বলিত হাদীছসমূহ উপস্থাপন করা হয়। (৬). (سِيَر وَ تَارِيْخ) 'সিয়ার ও তা'রিখ' (রাসূলুলাহ (সা.)-এর জীবন চরিত) : এ অধ্যায়ে নবী ওহীলব্ধ জ্ঞানের ধারক-বাহক রাসূলুলাহ (সা.)-এর পূর্ণাঙ্গ জীবনের সূক্ষ্মাতিসূক্ষ্ম বিভিন্ন দিকের হাদীছসমূহ বর্ণনা করা হয়েছে। তাতে তাঁর জীবন চরিতের বিভিন্ন যুদ্ধ ও ঘটনাবলী উপস্থাপন করা হয়। (৭). (فِتَن وَ اشراط) 'ফিতান ও আশরাত' (বিশৃঙ্খলা ও কিয়ামতের 'আলামত) : এ অধ্যায়ে কিয়ামত সংক্রান্ত এবং এ ব্যাপারে রাসূলুলাহ (সা.)-এর ভবিষ্যত বাণীসমূহ উল্লেখ করা হয়। (৮). (مَنَاقِب) 'মানাকিব' (সাহাবায়ে কেরামের মান-মর্যাদা) : এ অধ্যায়ে সাহাবায়ে কেরামসহ বিভিন্ন মান-মর্যাদা সম্পর্কিত হাদীছসমূহ বর্ণনা করা হয়।

দ্র.-ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয় মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ১২২; মুফতী, শায়খুল হাদীছ, 'আল্লামা রশীদ আহমদ : ইরশাদুল কারী ইলা সহীহুল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৪১; মুফতী 'আমীমুল ইহ্‌সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৫০।

মূল 'আরবী :

"اَلْجَوَامِعُ مِنْ كُتُبِ الْحَدِيْث تَشْتَمِلُ عَلَي جَمِيْعِ اَبْوَابِ الْحَدِيْث الَّتِيْ إصْطَلَحُوْا عَلَي اَنَّهَا ثَمَانِيَةٌ :
(١) بَابُ الْعَقَائِدِ (٢) بَابُ الْاَحْكَامِ (٣) بَابُ الرِّقَاقِ (٤) بابُ آدَابِ الطَّعَامِ وَ الشَّرَابِ (٥)
بَابُ التَّفْسِيْرِ وَالتَّارِيْخِ و السِّيَرِ (٦) بَابُ السَّفَرِ و الْقِيَامِ وَ الْقُعُوْدِ (وَيُسَمَّي بابُ الشَّمَائِل أيْضًا)
(٧) بَابُ الْفِتَنِ (٨) بَابُ الْمَنَاقِبِ وَ الْمَثَالِبِ. فَالْكِتَابُ الْمُشْتَمِل عَلَي هذِهِ الأبْوَابِ الثَّمَانِيَةِ

পূর্ণনামকরণ করেছেন এভাবে:

"الجَامِعُ الصَّحِيحُ الْمُسْنَدُ الْمُخْتَصَرُ مِنْ أُمُوْرِ رَسُوْلِ اللهِ صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّم وَ سُنَنِه وَ أَيَّامِه" "আল-জামি' আস-সহীহ্ আল-মুসনাদ আল-মুখতাসার মিন উমূরি রাসূলিল্লাহে (সা.) ওয়া সুনানিহী ওয়া আইয়্যামিহী"।[১৮১] অর্থাৎ-রাসূলুল্লাহ (সা.)-এঁর আচার-আচরণ, জীবন বৃত্তান্ত আলোচনা সম্বলিত পূর্ণ সনদযুক্ত বিশুদ্ধ হাদীছের অত্যন্ত নির্ভরযোগ্য সংক্ষিপ্ত কিতাব।

উল্লেখ্য যে, হাফিয ইব্ন হাজার 'আসকালানী (মৃ.৮৫২হি.), আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন (মৃ. ১২৪৮/১৩০৭ হি.) ও মুহাম্মদ ইব্ন তা'হির, আল-মাকদাসী (রহ.) নামকরণ করেছেন এইভাবে[১৮২]

اَلْمُسْنَدُ الجَامِعُ الصَّحِيْحُ الْمُخْتَصِرُ مِنْ أُمُوْرِ رسولِ اللهِ صلّي اللهُ عَلَيْهِ وَ سَلَّم وَ سُنَنِه و أَيَّامِه"

يُسَمَّي جَامِعًا."

জামি'-এর আটটি শিরোনামের অধ্যায়সমূকে কবিতাকারে বলা হয়েছে-

سِيَرٌ وَآدَابٌ وَتَفْسِيْرٌ وَعَقَائِدُ ॰ رِقَاقٌ وَأَشْرَاطٌ وَأَحْكَامٌ وَمَنَاقِبُ

উল্লেখ্য যে, সর্বপ্রথম জামি' গ্রন্থ রচনা করেন, ইমাম সুফিয়ান আস-ছাওরী (রহ.) (৯৭/৭১৬-১৬১/৭৭৮)। ইমাম আন-নববী (রহ.) বলেন, সহীহ্ হাদীছ সম্বলিত নিখুঁত ও একনিষ্ঠভাবে প্রথম জামি' গ্রন্থ রচনা করেন ইমাম বুখারী (রহ.)। দ্র.- মুহাম্মদ জামাল উদ্দীন আল-কা'সিমী : কাওয়া'ইদুত তাহদীছ প্রাগুক্ত, পৃ. ৮৫।

আর সহীহ্ ও হাসান সম্বলিত জামি' গ্রন্থ রচনা করেন ইমাম তিরমিযী (রহ.)। আস-সিহাহুস সিত্তাহ-এর মধ্যে দুটি গ্রন্থই জামি'-এর অন্তর্ভূক্ত। সহীহ্ মুসলিমে যেহেতু তাফসীর সংক্রান্ত হাদীছ খুবই কম তাই এটি জামি'-এর অন্তর্ভূক্ত নয়। দ্র.- ড. সুবহী সা'লিহ : উলূমুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১২২-১২৩; মুফতী, শায়খুল হাদীছ, 'আল্লামা রশীদ আহ্মদ : ইরশাদুল কারী 'আলা সহীহিল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৪১; মুফতী 'আমীমুল ইহ্সান : মিযানুল আখবার, প্রাগুক্ত, পৃ. ৪৪।

[১৮১] ইমাম আল-বুখারী : সহীহুল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৫; ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ. ৮; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ.২০৬; ড. মোঃ শফিকুল ইসলাম : হাদীছ চর্চায় মহিলা সাহাবীদের অবদান, প্রাগুক্ত, পৃ. ৮৬; মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনু : (উর্দু) প্রাগুক্ত, পৃ. ২৩।

[১৮২] ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৮; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.২৯৪; মুহাম্মদ ইব্ন তা'হির, আল-মাকদাসী : শুরুতু আয়িম্মাতিস সিত্তাহ্, (আল-কাহিরাহ : মাকতাবাতুল কুদ্সী, ১৩৫৭ হি.), পৃ. ৬।

হাদীছ বিশারদ 'আল্লামা বদরুদ্দীন আল-'আইনী (রহ.) (মৃ. ৮৫৫হি.) উক্ত গ্রন্থের নামকরণ করেছেন এভাবে :[১৮৩]

'الجَامِعُ الْمُسْنَدُ الصَّحِيْحُ الْمُخْتَصَرُ مِنْ أُمُوْرِ رَسُوْلِ اللهِ صَلَّي اللهُ عَلَيْهِ وَ سَلَّم وَ سُنَنِه وَ أَيَّامِه"

✡ সহীহুল বুখারী গ্রন্থ প্রণয়নের কারণ

সহীহ্ হাদীছ সংকলনের কারণ প্রসংগে হাফিয ইব্ন হাজার 'আস্কালানী (রহ.) (মৃ.৭৭৩-৮৫২ হি.) বলেন,

" مَنْ صَنَّفَ عَلَي الأَبْوَابِ وَ عَلَي الْمَسَانِيْدِ مَعًا كَأَبِي بَكْرِ بْنِ أَبِي شَيْبَةَ. فَلَمَّا رَأَي الْبُخَارِيّ رَضِيَ اللهُ عَنْهُ هذه التَّصَانِيْفُ وَ رَوَاهَا وَ إِنْتَشَقَ رِيَاهَا وَ إِسْتَجْلي مَحْيَاهَا. وَجَدَهَا بِحَسْبِ الْوَضْعِ جَامِعَةَ بَيْنَ مَا يَدْخُلُ تَحْتَ التَّصْحِيْحِ وَ التَّحْسِيْنِ وَ الْكَثِيْرِ مِنْهَا يَشْمِنَهُ التَّضْعِيْفِ. فَلاَ يُقَالُ لَغثه سَمِين. فَحرك هَمَّتهُ لَجَمْعَ الْحَدِيْثُ الصَّحِيْحُ الَّذِيْ لاَيَرْتَابُ فِيْهِ أَمِيْن. وَقَوِي عَزْمَهُ عَلَي ذَلِكَ."

"অধিকাংশ হাদীছ বিশারদগণ যখন 'সনদ' (سند)[১৮৪] আকারে হাদীছ

---

[১৮৩] আল-'আইনী : 'উমদাতুল কারী শরহে সহীহুল বুখারী, খ.১ম, ১ম সং, (পাকিস্তান : মাকতাবাতুর রাশীদিয়্যাহ, ১৪০৬ হি.) পৃ.৫।

[১৮৪] মুসনাদ (مُسْنَد) : একবচন, বহুবচনে মাসানীদ (مَسَانِيْد) অর্থ : সন্দেহযুক্ত। এর পরিভাষাটি তিনটি অর্থে ব্যবহৃত হয়।

তা হলো ঃ

(এক) মুত্তাসিল মারফূ' (مُتَّصِلٌ مَرْفُوْع) রিওয়ায়াত কে মুসনাদ বলে।

(দুই) ঐ গ্রন্থকে 'মুসনাদ' বলা হয়, যাতে প্রত্যেক সাহাবীর বর্ণিত হাদীছসমূহ পৃথক পৃথকভাবে সন্নিবেশিত করা হয়েছে।

(তিন) রাবীগণের বর্ণনা পরম্পরাকে 'মুসনাদ' বলা হয়। তখন সনদের প্রতিশব্দ হিসাবে ব্যবহৃত হয়।

দ্র.- মাসিক দাওয়াতুল হক, (ড. মুহাম্মদ নেসার 'আলী : আন্-নাহজুল হাদীছ), ৪র্থ

সংকলন করতেন, তাঁদের মধ্যে যারা অধ্যায় ও সনদের মধ্যে সমন্বয় সাধন করে হাদীছ লিপিবদ্ধ করতেন। তাঁদের মধ্যে অন্যতম ছিলেন : আবূ বকর ইব্ন আবূ শায়বা (রহ.)। ইমাম বুখারী (রহ.) এই সকল সংকলন, বর্ণনা ধারা, লিখন ও বিন্যাস পদ্ধতি অবলকন করেন, তখন তিনি দেখতে পান ঐ সমস্ত কিতাবে সহীহ্ ও হাসান হাদীছের একই স্তরে বিন্যাস এবং পাশাপাশি অসংখ্য য'ঈফ হাদীছ বিদ্যমান। তখন ইমাম বুখারী (রহ.)-এর মনে দৃঢ়তার সাথে সাড়া দিল যে, এমন হাদীছের গ্রন্থকে মহামূল্যবান বলা যায় না। ফলে তিনি সহীহ্ হাদীছ সংকলন কাজে আত্মনিয়োগ ও সুদৃঢ় পরিকল্পণা গ্রহণ করলেন।"[১৮৫]

✲ সহীহুল বুখারী গ্রন্থের হাদীছের সংখ্যা

সহীহুল বুখারী গ্রন্থের হাদীছের সংখ্যার ব্যাপারে 'আল্লামা বদরুদ্দীন আল-'আয়নী, 'আল্লামা ইমাম নবভী, হাফিয আল 'ইরাকী, ড. মুহাম্মদ যুবায়র সিদ্দিকী ও ইব্নুস-সালাহ্ এর মতে : (جُمْلَةٌ مَا فِيْهِ مِنَ الْحَدِيْثِ الْمُسْنَدَةِ سَبْعَةُ آلَافٍ وَمِائَتَانِ وَخَمْسَةٌ وَسَبْعُوْنَ حَدِيْثًا بِالْأَحَادِيْثِ الْمُكَرَّرَةِ. وَبِحَذْفِهَا نَحْوُ أَرْبَعَةِ آلَافِ حَدِيْثٍ.) পুনরুল্লেখসহ এই গ্রন্থের হাদীছের সংখ্যা ৭২৭৫টি। আর পুনরুল্লেখ বাদে ৪০০০টি।[১৮৬]

হাফিয ইব্ন কাছীর (রহ.) অনুরূপ মন্তব্য করে বলেন :

(فَجَمِيْعُ مَا فِي الْبُخَارِيِّ بِالْمُكَرَّرِ: سَبْعَةُ آلَافِ حَدِيْثٍ وَمِائَتَانِ وَخَمْسَةٌ وَ

বর্ষ, ৩৯ সংখ্যা, (মাক্কাতুল মুকার্‌রমাহ : রাবিতাতুল্ 'আলামিল ইসলামী, মার্চ ১৪০৫/১৯৮৫), পৃ. ২০-২১; যা'ফর আহ্‌মদ আল-'উছমানী : ই'লাউস্ সুনান, খ.১ম, (করাচী : ইদারাতুল কুরআন ওয়াল 'উলূম আল-ইসলামিয়্যা, তা.বি) পৃ. ২০।

[১৮৫] ইব্ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৭।

[১৮৬] 'আল্লামা আনোয়ার শাহ্ কাশমীরী : ফায়যুল বারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৩৯; শামসুদ্দিন আয্-যাহাবী : তাযকেরাতুল হুফ্‌ফায, খ.২য়, (বৈরুত : দারু ইহ্‌ইয়াইত্ তুরাছিল 'আরাবী, ১৯৫৬ খ্রি.) পৃ.৫৫৬; ইব্ন হাজার : হুদা আস্-সারী, প্রাগুক্ত, পৃ.৬৪৮; সিদ্দিক হাসান খান : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৩০৬-৩০৭; আবূ শাহ্‌বাহ, ড.মুহাম্মদ ইব্ন মুহাম্মদ : আ'লামুল মুহাদ্দিছীন, (মিশর : দারুল কিতাবিল 'আরাবী, তা.বি.), পৃ.১৫২।

سَبْعُوْنَ حَدِيْثًا، وَبِغَيْرِ الْمُكَرَّرِ. أَرْبَعَةُ آلَافٍ.)[১৮৭]

বুখারী শরীফের বিখ্যাত ভাষ্যকার 'আল্লামা হাফিয ইব্ন হাজার 'আসকালানী (রহ.)-এর মতে,

(وَقَدْ ذَكَرَ الْحَافِظُ ابن حَجَر أن عدة مَا فِيْهِ مِنَ الأَحَادِيْثِ بِالْمُكَرَّرِ سوي الْمُعَلَّقَاتِ وَالْمُتَابَعَاتِ وَالْمَوْقُوْفَاتِ. وَبِغَيْرِ الْمُكَرَّرِ مِنَ الْمُتُوْنِ الْمَوْصُوْلَةِ ٠)

একাধিকবার উদ্ধৃত হাদীছসহ সর্বমোট হাদীছের সংখ্যা ৯০৮২টি। পুনরুল্লেখ (تَكْرَار) ব্যাতীত ২৬০২টি। তিনি সহীহ্ বুখারী শরীফে বর্ণিত হাদীছের সংখ্যার শ্রেণীবিভাগ করেছেন এভাবে, এতে মারফূ'আত (مَرْفُوْعَاتٌ) হাদীছের সংখ্যা ৭৩৯৭টি, মাওকূফাত (مَوْقُوْفَاتٌ) হাদীছের সংখ্যা ৩৪৪টি, (কোন কোন বর্ণনায় এর সংখ্যা ৩৪১টি উল্লেখ করা হয়েছে), মুতাকিব'আত (مُتَابَعَاتٌ) ও তা'লিকাত (تَعْلِيْقَات)সহ হাদীছের সংখ্যা দাঁড়ায় ৯০৯২টি। (কারও কারও মতে এর সংখ্যা ৯০৮৯টি), (পুনরুল্লেখ ব্যাতীত মোট কযটি হাদীছ আছে এ বিষয়ে কয়েকটি অভিমত পাওয়া যায় যেমন, কারও কারও মতে ২৭৬১টি, ২৬২৩টি, ২৫১৩টি, ২৪৬০টি)।

তবে 'মাক্‌তাবাতুশ্ শা'মেলা, http://www.shamela.ws -এর গণনা অনুযায়ী তাকরারসহ সহীহুল বুখারীতে মোট হাদীছের সংখ্যা ৭০০৮টি উল্লেখ করা হয়েছে।

সহীহুল বুখারীতে সংকলিত হাদীছের সংখ্যা নিরুপনে উল্লেখিত মতপার্থক্যের কারণ এই যে, ইমাম বুখারী এই গ্রন্থ দীর্ঘ ১৬ বছর কঠোর পরিশ্রম, ত্যাগ ও সাধানার বিনিময়ে সংকলন করেছেন। দীর্ঘ সময় ধরে এ গ্রন্থ সংকলিত হলেও পরবর্তীকালে এতে পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের কাজ অব্যাহত থাকে। ফলে হাদীসের সংখ্যার মতপার্থিক্য পরিলক্ষিত হয়।

সংকলনের প্রাথমিক পর্যায়ে যাঁরা ইমাম বুখারী (রহ.) থেকে হাদীছ শ্রবণ করেছেন এবং এর পরিবর্তন ও পরিবর্ধনের পর দ্বিতীয় পর্যায়ে যাঁরা হাদীছ

---

[১৮৭] ইব্ন কাছীর, আবূল ফিদা ইসমা'ঈ : আল-বা'ইছুল হাছীছ ফী ইখতিসারি 'উলূমিল হাদীছ, প্রাগুক্ত, ২৫।

শ্রবণ করেছেন, উভয়রই বর্ণনার মধ্যে হাদীছের সংখ্যার তারতম্য দেখা দেয়। দ্বিতীয় পর্যায়ের শ্রবণকারীর নিকট প্রথম পর্যায়ের শ্রবণকারীর তুলনায় ও নতুন সংযোজিত হাদীছের সংখ্যা পৌছলে উক্ত তারতম্যের প্রবণতা দেখা দেয়।[১৮৮]

মূলতঃ ইমাম বুখারী থেকে তাঁর হাদীছ গ্রন্থ শ্রবণ করেছেন শত-সহস্র লোক। কিন্তু যাঁদের মাধ্যমে প্রচার ও প্রসার ঘটেছে তাঁরা প্রধানত চার জন। তাঁরা হলেন : ইব্‌রাহীম ইব্‌ন মা'কল ইবনুল হাজ্জাজ আন্‌-নাসাফী (মৃ.২৯৪হি.), মুহাম্মদ ইব্‌ন শাকের আন্‌-নাসাফী (মৃ.৩১১হি), মুহাম্মদ ইব্‌ন ইউসুফ আল-ফারবারী (মৃ.৩২০হি), আবূ তা্লহা মনসুর ইব্‌ন মুহাম্মদ ইব্‌ন 'আলী ইব্‌ন কারীমা আল-বাযদুভী (মৃ.৩২৯হি)। ইমাম বুখারী (রহ.)-এর উল্লেখিত চার জন শিষ্য থেকে পরবর্তীকালে অনেকেই এ বিশুদ্ধ হাদীছ গ্রন্থটি শুনেছেন। বুখারী শরীফের সর্বপ্রধান বর্ণনাকারী 'আল্লামা ফারবারী (রহ.) সরাসরি ইমাম বুখারী (রহ.) থেকে দু'বার (একবার ফারবার নামক স্থানে ২৪৮হিজরীতে এবং দ্বিতীয়বার বুখারায় ২৫২হিজরীতে) হাদীছ শ্রবণ করেছেন। তাঁর নিকট রক্ষিত এ গ্রন্থের কপিতে মুহাম্মদ ইব্‌ন শা'কের (রহ.)-এর কপি থেকে ২০০টি হাদীছ বেশি রয়েছে এবং ইব্‌রাহীম ইব্‌ন মা'কাল (রহ.)-এর সংরক্ষিত কপি থেকে ৩০০টি হাদীছ বেশি। এতে সুস্পষ্টভাবে প্রামাণিত হয় যে, সহীহুল বুখারী গ্রন্থে ক্রমশ হাদীছের সংখ্যা বৃদ্ধি পেয়েছে।[১৮৯] ফলে প্রথম পর্যায়ের ছাত্রদের তুলনায় দ্বিতীয় পর্যায়ের ছাত্রদের নিকট রক্ষিত কপিতে হাদীছের সংখ্যা অপেক্ষাকৃত বেশি হওয়ায় এ পার্থক্য দেখা দেয়।

---

[১৮৮] ইব্‌ন হাজার : হুদা আস্‌-সারী, প্রাগুক্ত, পৃ.৬৫৩; ড.তাকী উদ্দীন নদভী : মুহাদ্দিছীন-ই-'ইযাম, প্রগুক্ত, পৃ.১২৭; মুহাম্মদ আবূ যাহ্‌ : আল্‌-হাদীছ ওয়াল মুহাদ্দিছুন, প্রাগুক্ত,পৃ.৩৭৯; 'আল্লামা আনোয়ার শাহ্‌ কাশমিরী : ফায়যুল বারী 'আলা সহীহিল বুখারী, প্রাগুক্ত, পৃ.৩৯; আস্‌-সাইয়্যেদ সিদ্দিক হাসান খান : আল-হিত্তাহ্‌, প্রাগুক্ত,পৃ.৩০৭; 'আল্লামা আনোয়ার শাহ্‌ কাশমিরী : ফায়যুল বারী 'আলা সহীহিল বুখারী, প্রাগুক্ত, পৃ.৩৯ মুফতী 'আমীমূল ইহ্‌সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ.৫১।

[১৮৯] মাওলানা মুহাম্মদ 'আবদুর রহীম : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ.৫১১-৫১২।

তৃতীয় পরিচ্ছেদ

✿ হাদীছ বিশারদগণের দৃষ্টিতে 'সহীহুল বুখারী' গ্রন্থ

তৎকালীন হাদীছ বিশেষজ্ঞ ও মুহাদ্দিছগণ এই মর্মে একমত যে, ইমাম বুখারী (রহ.)-এর প্রণীত 'সহীহুল বুখারী' গ্রন্থে সহীহ্‌ হাদীছ ছাড়া অন্য কোন হাদীছেই স্থান পায়নি। সহীহ্‌ হাদীছ নির্বাচন করাই ছিলো উদ্দেশ্য।'সহীহুল বুখারী' গ্রন্থের ব্যাপারে হাদীছ বিশারদগণের উল্লেখযোগ্য কিছু মন্তব্য নিম্নে উপস্থাপন করা হলো :

* হাদীছ বিশারদ আবূ যায়দ মারওয়াযী (রহ.) (মৃ.২৮৯/৯১০) বর্ণনা করেন,

(كنتُ نائمًا بين الركنِ و المقامِ. فرأيتُ النبيّ (صلى الله عليه وسلم) في المنامِ فقال لي : يا أبا زيدٍ إلى متي تدرسُ كتابَ الشافعيِّ ولاتدرسُ كتابي؟ فقلتُ يَا رسول اللهِ (صلى الله عليه وسلم) ومَا كتابَكَ؟ قال : جَامعُ محمدِ بنِ إسماعيل البخاريِّ.)

"আমি একদা পবিত্র কা'বা ঘরে হাজরে আসওয়াদ ও মাকামে ইব্‌রাহীমের মাঝে শায়িত ছিলাম, তখন স্বপ্নে দেখতে পেলাম রাসূলুল্লাহ (সা.) স্ব-শরীরে আমার সামনে উপস্থিত। তিনি আমাকে সম্বোধন করে বললেন, "হে আবূ যায়দ! তুমি আর কতকাল ধরে ইমাম শাফে'ঈ (মৃ.২০৪ হি.)-এর কিতাব পড়তে থাকবে? ওসব ছেড়ে দিয়ে এখন আমার কিতাব শিক্ষা শুরু করো। আমি সবিনয়ে 'আরয করলাম, ইয়া রাসূলুল্লাহ (সা.)! আপনার কিতাব কোনটি? রাসূলুল্লাহ (সা.) জওয়াব দিলেন, "মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল আল-বুখারী (রহ.) যে হাদীছ গ্রন্থখানা সংকলন করেছেন, সেটিই হচ্ছে আমার কিতাব"।[১৯০]

* ইমাম আন-নবভী (মৃ. ৬৭৬/১২৭৭) (রহ.)[১৯১] বলেন,

---

[১৯০] হাফিয শামসুদ্দীন আয-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, প্রাগুক্ত, পৃ. ৪৩৮ ইব্‌ন হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭৬; ইমাম আন্‌-নবভী : তাহ্‌যীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৫; মাওঃ মুফতী রশীদ আহ্‌মেদ, : ইরশাদুল কারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৭-৪৮; 'আবদুস সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৫৫।

[১৯১] মহিউদ্দীন আবূ যাকারিয়া ইয়াহ্‌ইয়া ইব্‌ন শারফ হুরানী আন-নবভী। তিনি ছিলেন শাফে'ঈ মাযহাবের একজন প্রসিদ্ধ 'আলিম, প্রখ্যাত হাদীছ বিশারদ ও ফিক্‌হ্‌ শাস্ত্রবিদ। তিনি তাঁর পূর্ণ জীবনটাই ইসলামের খেদমতে উৎসর্গ করেন। তিনি ছিলেন চির কুমার। বিনা বেতনে তিনি দামিশ্‌কে শায়খুল হাদীছ-এর দায়িত্ব পালন করেন। তিনি বেশ কিছু

(أَوَّلُ مُصَنَّفٍ فِي الصَّحِيحِ المجرَّدِ, صَحِيحُ الْبُخَارِيِّ.)

"সহীহ্ হাদীছ সম্বলিত নিখুঁত ও একনিষ্ঠভাবে প্রথম জামি' গ্রন্থ রচনা করেন ইমাম বুখারী (রহ.)।[১৯২]

* ইমাম যাইনুদ্দীন আল-'ইরাকী (মৃ.৮০৬হি.) (রহ.) অনুরূপ মন্তব্য প্রকাশ করেছেন।[১৯৩]

* বিশিষ্ট মুহাদ্দিছ নজম ইব্‌ন ফুযাইল (রহ.) বর্ণনা করেন,

(رأَيتُ محمدَ بنِ إسماعيلَ البخاريَّ فِي المنامِ يمشي خلفَ النبيِّ (صلى الله عليه وسلم) والنبيّ (صلى الله عليه وسلم) يَمْشِي فَكلَّمَا رَفَعَ النبيّ (صلى الله عليه وسلم) وَضَعَ البخاريّ قدمَه فِي ذالكَ الموضعِ.)

"একদা আমি স্বপ্নে দেখলাম রাসূলুল্লাহ (সা.) স্বীয় রওযা মুবারক থেকে বের হয়ে আসছেন এবং ইমাম বুখারী (রহ.) তাঁর পেছনে পেছনে হাঁটছেন। রাসূলুল্লাহ (সা.) যে স্থানে পা রেখে হাঁটছেন ইমাম বুখারী (রহ.) তাঁর পিছনে ঠিক সেই স্থানে পা রেখে হাঁটছেন"।[১৯৪] অনুরূপভাবে বিশিষ্ট মুহাদ্দিছ মুহাম্মদ ইব্‌ন আবী হাতিম আল-বুখারী (রহ.) হুবহু এ ধরনের স্বপ্ন দেখেছেন"।[১৯৫]

* ইমাম বুখারী (রহ.)-এর সহীহ্ হাদীছ নির্বাচন প্রসংগে 'আল্লামা ইব্‌ন হাজার 'আসকালানী (রহ.) (মৃ.৭৭৩-৮৫২ হি.) বলেন,

(أنه (الإمام البخاري) لايوردُ فيه إلاَّ حديثًا صحيحًا.)

মূল্যবান গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে সহীহ্ মুসলিম এর ভাষ্য গ্রন্থ শরহুন নববী, সহীহ্ হাদীছের সংকলন 'রিয়াযুস সালিহীন' উল্লেখযোগ্য। এ প্রখ্যাত মুহাদ্দিছ দামিশ্‌কে 'নাওয়া' গ্রামে ৬৭৬/১২৭৭ সনে মাত্র ৪৫ বয়সে ইন্‌তিকাল করেন। দ্র.-'আল্লামা জালালুদ্দীন আস-সুয়ূতীঃ তাবাকাতুল হুফ্‌ফায, (কায়রো : মাকতাবাতু ওয়াহাবা, ১৩৯৩/১৯৭৩) পৃ. ৫১০; যাকারিয়া আন-নববী : রিয়াযুস সা'লিহীন, (ইন্দোনেশিয়া ছাপা, তা,বি.), পৃ. ভূমিকা অংশ।

[১৯২] মুহাম্মদ জামাল উদ্দীন আল-কা'সিমী : কাওয়া'ইদুত তাহদীছ প্রাগুক্ত, পৃ. ৮৫।

[১৯৩] হাফিয 'আবদুর রহীম আল-'ইরাকী : ফাতহুল মুগীছ, খ.১ম, ১ম সং (কায়রো : ১৩৫৫/১৯৩৭), পৃ. ২৮।

[১৯৪] 'আবদুস সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৫৪-১৫৫; আস-সুবকী : তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ৪; খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.১০।

[১৯৫] ইব্‌ন হাজার : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.০৭।

"নিশ্চয় সহীহ্ হাদীছ ব্যতীত ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলনের অন্য কোন উদ্দেশ্য ছিলনা।[১৯৬]

* ইমাম বুখারী (রহ.) নিজেই সহীহ্ হাদীছ নির্বাচনের ব্যাপারে বলেন,

(لَمْ أُخَرِّجْ فِي هذا الْكِتَابِ إِلاَّ صَحِيْحًا. وَمَا تَرَكْتُ مِنَ الصَّحِيحِ أَكثر)

"আমি এ গ্রন্থে সহীহ্ হাদীছ ব্যতীত একটি হাদীছও সংযোজন করিনি। আর (গ্রন্থের পরিধি ব্যাপক হওয়ার কারনে) অনেক সহীহ্ হাদীছ লিপিবদ্ধ না করে ছেড়ে দিয়েছি"।[১৯৭]

* ইবরাহীম ইব্‌ন মা'কাল আন্-নাসাফী (মৃ.৯০৬/২৯৪হি.) (রহ.) বলেন, আমি ইমাম বুখারী (রহ.) কে তাঁর জামি' গ্রন্থ সম্পর্কে বলতে শুনেছি। তিনি বলেন,

"مَا أَدْخَلْتُ فِي كِتَابِي الجَامِعِ إلا مَاصَحَّ وَتَرَكْتُ مِنَ الصَّحِيحِ حَتَّى لاَ يَطُوْلَ."

"আমি আমার জামি' গ্রন্থটিতে সহীহ্ হাদীছ ব্যতীত একটি হাদীছও লিপিবদ্ধ করি নি এবং গ্রন্থটি অনেক বৃদ্ধি হওয়ার ভয়ে অসংখ্য সহীহ্ হাদীছ ত্যাগ করেছি।[১৯৮] যদি তিনি তাঁর মুখস্থ সকল হাদীছ জামি' গ্রন্থে স্থান দিতেন তাহলে গ্রন্থটি অত্যন্ত দীর্ঘ হতো। কারণ ইমাম বুখারী (রহ.) এক হাজার হাফিযুল হাদীছ[১৯৯] (حَافِظُ الْحَدِيْث) শায়খ হতে হাদীছ বর্ণনা করেছেন।[২০০]

[১৯৬] ইব্‌ন হাজার 'আস কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ০৮; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, (উর্দু) প্রাগুক্ত, পৃ. ২৫।

[১৯৭] পূর্বোক্ত, পৃ. ০৭; 'আল্লামা বদরুদ্দীন আল-'আয়নী : 'উমদাতুল কারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ১০।

[১৯৮] পূর্বোক্ত, পৃ. ০৯; ইয়াহ্‌ইয়া ইব্‌ন শারফ আন্-নববী : তাহযীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, পৃ.৭৪; মুহাম্মদ সেকান্দার 'আলী : তারাজিমুল মুহাদ্দিছীন, পৃ. ৯১।

[১৯৯] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ৯০; ইয়াহ্‌ইয়া ইব্‌ন শারফ আবূ যাকারিয়া, আন্-নববী : তাহযীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৪।

[২০০] হাফিযুল হাদীছ (حَافِظُ الْحَدِيْث) ঐ মুহাদ্দিছকে বলা হয়, যিনি সনদ ও সতন সহকারে এক লক্ষ হাদীছ মুখস্থ করেছেন, যিনি হাদীছ গবেষণায় মগ্ন থাকেন, হাদীছের রিওয়ায়াত ও দিরায়াত সম্পর্কে গভীর ধারণা রাখেন এবং যিনি তাঁর শায়খ ও শায়খের শায়খ সম্পর্কে পূর্ণ অবগত থাকেন। দ্র.- শামসুদ্দীন আয্-যাহাবী : তাযকিরাতুল হুফ্‌ফায, (উর্দু) খ.১ম, (লাহোর : ইসলামিক পাবলিশিং হাউজ, ১৪০১/১৯৮১) পৃ. ২৫।

চতুর্থ অধ্যায়

সহীহ্ হাদীছ সংগ্রহে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি

✲ প্রথম পরিচ্ছেদ

- ◂◂ হাদীছ নির্বাচনের পূর্বে গোসল, নামায ও ইস্তেখারা
- ◂◂ সনদ-মতন ও জারহে ওয়াত তা'দীলের প্রতি গভীর গবেষণা
- ◂◂ বরকতময় স্থান বায়তুল্লাহ ও মসজিদে নবভীতে হাদীছ সংকলন
- ◂◂ লক্ষ লক্ষ মুখস্থ হাদীছ হতে গবেষণা

✲ দ্বিতীয় পরিচ্ছেদ :

- ◂◂ হাদীছ বিষয়ক বিস্ময়কর প্রতিভার মাধ্যমে হাদীছ যাচাই
- ◂◂ হাদীছ বিষয়ের উপর গবেষণায় পাণ্ডিত্য ও সূক্ষ্ম জ্ঞান অর্জন
- ◂◂ হাদীছ বর্ণনাকারীগণের প্রতি ইমাম বুখারী (রহ.)-এর দৃষ্টিভঙ্গি
- ◂◂ আল-মু'আন'আন (الْمُعَنْعَنُ) হাদীছ

✲ তৃতীয় পরিচ্ছেদ :

- ◂◂ হাদীছ বর্ণনাকারীগণের স্তর বিন্যাসে ইমাম বুখারী (রহ.)
- ◂◂ 'শায়খ নির্বাচনের' ক্ষেত্রে ইমাম বুখারী (রহ.)-এর দৃষ্টিভঙ্গি
- ◂◂ নির্ভরযোগ্য রাবী থেকে হাদীছ বর্ণনা
- ◂◂ হাদীছ গ্রহণ ও সংকলনে 'শায়খদের' স্তর বিন্যাস

✲ চতুর্থ পরিচ্ছেদ :

- ◂◂ সন্দেহযুক্ত হাদীছ সম্পূর্ণরূপে পরিত্যাজ্য
- ◂◂ শুধু সহীহ্ হাদীছ নির্বাচন
- ◂◂ "رَاوِيْ" ও "مَرْوِيْ عَنْهُ" উভয়ের মধ্যে সাক্ষাত প্রমাণিত হতে হবে

চতুর্থ অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

সহীহ্ হাদীছ সংগ্রহকরণে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি

ইমাম বুখারী (রহ.) (১৯৪/৮১০-২৫৬/৮৭০) নিজে সহীহ্ হাদীছ নির্বাচনের মাপকাঠি এবং হাদীছ সংকলনের ব্যাপারে কিছুই বলেন নি। পরবর্তীতে মুহাদ্দিছগণ তাঁর রিওয়ায়েতের উপর আলোচনা-পর্যালোচনা ও গভীর গবেষণা চালিয়ে এ সিদ্ধান্ত উপনীত হয়েছেন যে, তিনি তাঁর সহীহ সংগ্রহ ও গ্রন্থ প্রণয়নের ক্ষেত্রে নিজস্ব "مَنْهَجْ" বা নীতিমালা, পদ্ধতি অবলম্বন করেছেন।

তিনি হাদীছ সংগ্রহের জন্য যেরূপ কঠোর নীতি (মানহাজ) অনুসরণ করে চলতেন, তজ্জন্য তাঁর কাজ আরও কঠিন হয়ে পড়েছিল। কিন্তু কঠোরতম সাধনায় সাফল্য অর্জনের জন্য যে অদম্য সাহস, অবিচল ধৈর্য ও অটল সংকল্পের প্রয়োজন, আল্লাহ রাব্বুল 'আলামীন তাঁকে তা পূর্ণভাবে দান করে ছিলেন।[২০১] নিম্নে হাদীছ সংগ্রহ ও সংকলনে ইমাম বুখারী (রহ.)-এর মানহাজসমূহ বর্ণনা করা হলো :

✲ হাদীছ নির্বাচনের পূর্বে গোসল, নামায ও ইস্তেখারা

হাদীছ লিখন ও সংকলনে ইমাম বুখারী (রহ.) এক অভূতপূর্ব ও বিস্ময়কর মানহাজ অবলম্বন করেন। যা ছিল অত্যন্ত কঠিন। তিনি গভীর অনুসন্ধান ও যাচাই-বাছাই করার পর একটি হাদীছের সনদ[২০২] ও মতন[২০৩] সহীহ্

---

[২০১] ড. মুহাম্মদ মুজীবুর রহমান : ইমাম বুখারী (রহ.), প্রাগুক্ত, পৃ.২১।

[২০২] সনদ (سَنَدٌ) : মূল হাদীছের (মতনের) পূর্বে পরম্পরা বর্ণনাকারীদের ক্রমধারাই হচ্ছে সনদ। দ্র.- ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২২; ড. মাহমূদ আত্-তাহ্হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১৫; ড. মুহাম্মদ আস্-সাব্বাগ : আল-হাদীছুন্ নবভী, প্রাগুক্ত, পৃ. ১৫৩; ইব্ন হাজার : নুয্'হাতুন নাযার ফী তাওদীহে নুখবাতিল ফিক্র, (আরবী), (ঢাকা : না'দিয়াতুল কুরআ'ন, তা.বি) পৃ. ০৬। মূল 'আরবী :

হওয়ার ব্যাপারে প্রাথমিকভাবে নিশ্চিত হয়ে গোসল করে দু'রাক'আত

"هُوَ طَرِيْقُ الْمَتْنِ- أَيْ سِلْسِلَةُ الرُّوَاةِ الَّذِيْنَ نَقَلُوْا الْمَتْنَ عَنْ مَصْدَرِهِ الْأَوَّلِ "

" قِيْلَ: أَمَّا الإِسْنَادُ فَهُوَ سِلْسِلَةُ أَسْمَاءُ الرُّوَاةِ الَّذِيْنَ نَقَلُوْا هَذَا الْحَدِيْثَ بِالتَّسَلْسُلِ وَاحِدٍ عَنْ وَاحِدٍ، يَبْتَدِئُ السَّنَدُ بِجَمْعِ الْمُؤَلِّفِ وَ يَنْتَهِيْ إِلَى رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم "

উল্লেখ্য যে, রাবীদের দোষ-গুণ বিচার, সত্য-মিথ্যা যাচাই এবং হাদীছের বিশুদ্ধতা 'সনদের' উপরই নির্ভরশীল। এর গুরুত্ব সম্পর্কে সুফইয়ান আস-সাওরী (রহ.) (৯৩-১৬১ হি.) বলেন:

(الإِسْنَادُ سِلَاحُ الْمُؤْمِنِ إِذَا لَمْ يَكُنْ مَعَهُ سِلَاحٌ فَبِأَيِّ شَيْئٍ يُقَاتِلُ؟) "সনদ হলো মুমিনদের জন্য (হাদীছের ক্ষেত্রে) অস্ত্র স্বরূপ। যদি তাঁর কাছে অস্ত্র না থাকে, তবে সে কি দিয়ে যুদ্ধ করবে?" এ প্রসংগে মুহাদ্দিছ 'আবদুল্লাহ ইব্ন মুবারক (রহ.) (১১৮/৭৩৬-১৮১/৭৯৮) বলেন : (الإِسْنَادُ مِنَ الدِّيْنِ لَوْ لَا الإِسْنَادُ لَقَالَ مَنْ شَاءَ مَا شَاءَ.) "হাদীছের সনদ হলো দ্বীনের অংশ। যদি সনদ পদ্ধতি না থাকতো তা হলে, যার যা ইচ্ছা তাই বলতো।" তিনি আরও বলেন : "مَثَلُ الَّذِيْ يَطْلُبُ أَمْرَ دِيْنِهِ بِلَا إِسْنَادٍ كَمَثَلِ الَّذِيْ يَرْتَقِي السَّطْحَ بِلَا سُلَّمٍ. " ইয়াযীদ ইব্ন যারী'আ (রহ.) বলেন : "لِكُلِّ دِيْنٍ فُرْسَانٌ، وَ فُرْسَانُ هَذَا الدِّيْنِ أَصْحَابُ الإِسْنَادِ" ইমাম সুফিয়ান আস-সাওরী (রহ.) বলেন, (৯৩-১৬১ হি.) বলেন : "الإِسْنَادُ زَيْنُ الْحَدِيْثِ، فَمَنْ إِعْتَنَى بِهِ فَهُوَ السَّعِيْدُ." ইমাম আল-আওযা'ঈ (রহ.) বলেন : "مَا ذَهَابُ الْعِلْمِ إِلَّا ذَهَابُ الإِسْنَادِ"

দ্র.- ইব্নুল আছীর আল-জাযেরী : জামি'উল উসূল ফী আহাদীছির্ রাসূল, খ.১ম, ১ম সং, (বৈরূত : দারুল-ফিক্র, ১৪১৭/১৯৯৭), পৃ. ১০৯; 'আবদুল ওয়াহ্হাব ইব্ন 'আলী আস্-সুবুকী : তাবাকাতুশ্ শাফি'ঈয়্যাহ, খ.১ম, ১ম সং, (আল-কা'হিরাহ : আল-মাতাবা'আতুল হুসাইনিয়্যাহ, ১৩২৪ হি.), পৃ. ৩১৪; খতীব আল-বাগদাদী : শরফু আস-হাবিল হাদীছ (মিসর : দারুল কুতুবিল মিসরিয়্যাহ, তা.বি), পৃ. ৪২; সম্পাদনা পরিষদ : ইসলামী বিশ্বকোষ, খ.২৫শ, (ঢাকা : ই.ফা.বা, ১৪১৭/১৯৯৬), পৃ.১৩২-১৩৩; আস্-শায়খ মুহাম্মদ জামাল উদ্দিন আল-কাসেমী : কাওয়া'ইদুত তাহদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৯-২১০।

[২০৩] মতন (مَتْن) : হাদীছের মূল বক্তব্যকে 'মতন' বলা হয়। অর্থাৎ সনদ সূত্র যে পর্যন্ত পৌচেছে তাঁর পরবর্তী অংশই হচ্ছে মতন। দ্র.- ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল-হাদীছ, প্রাগুক্ত, পৃ.১২; ইব্ন হাজার 'আস্কালানী : নুয'হাতুন নাযার প্রাগুক্ত, পৃ.৬; ড. মাহমূদ আত্-তাহ্হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১৫।

মূল 'আরবী :

"ما ينتهي إليه السند من الكلام."

নফল নামায আদায় করে ইস্তিখারা করতেন।[২০৪] অতঃপর সেই হাদীছটির বিশুদ্ধতার উপর পূর্ণরূপে নিশ্চিত ও দৃঢ় বিশ্বাসী হয়ে তা লিপিবদ্ধ করতেন। এ প্রসংগে ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন, "আমি আল-জামি'উস সহীহ্ গ্রন্থে প্রতিটি হাদীছ লিখার পূর্বে গোসল করেছি ও দু'রাকা'আত (নফল) নামায আদায় করেছি। এ পদ্ধতি অবলম্বন না করে একটি হাদীছ ও লিপিবদ্ধ করি নি।"[২০৫] ঐ নির্বাচিত হাদীছটির ব্যাপারে যখন ইমাম বুখারী (রহ.) পবিত্র অন্তর মোবারক পূর্ণাঙ্গভাবে সায় দিত তখন সাথে সাথেই হাদীছ লিপিবদ্ধ করতেন না; বরং ইস্তেখারার মাধ্যমে সুনিশ্চিত হয়ে হাদীছ লিপিবদ্ধ করেছেন। এ প্রসঙ্গে ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন, "আমি নামায পড়ার পর প্রতিটি হাদীছ সম্পর্কে মহান

---

[২০৪] ইস্তিখারা (إِسْتِخَارَة) : শব্দের অর্থ প্রার্থণা করা। এ প্রসংগে প্রখ্যাত সাহাবী জাবের ইব্ন 'আবদিল্লাহ (রা.) বলেন, রাসূলুল্লাহ (সা.) যেমন আমাদেরকে কুরআ'নের সূরাসমূহ শিক্ষা দিতেন তেমনি আমাদের প্রত্যেক কাজে ইস্তিখারা করার নিয়মও শিক্ষা দিতেন। তিনি বলতেন,"যখন তোমাদের সম্মুখে কোন কাজ আসবে, তখন তোমরা ফরয ব্যতীত নফল দু'রাক'আত নফল নামায আদায় করবে। তারঃপর ইস্তিখারার এই দু'আ পাঠ করবে :

"اللَّهُمَّ إِنِّيْ أَسْتَخِيْرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيْمِ، فَإِنَّكَ تَقْدِرُ وَ لَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ وَأَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ، اللَّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الأَمْرَ خَيْرٌ لِّيْ فِيْ دِيْنِيْ وَمَعَاشِيْ وَعَاقِبَةِ أَمْرِيْ أَوْ قَالَ فِيْ عَاجِلِ أَمْرِيْ آجِلِهِ فَاقْدُرْهُ لِيْ، وَيَسِّرْهُ لِيْ فِيْهِ وَ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الأَمْرَ شَرٌّ لِّيْ فِيْ دِيْنِيْ وَمَعَاشِيْ وَعَاقِبَةِ أَمْرِيْ أَوْ قَالَ فِيْ عَاجِلِ أَمْرِيْ وَ آجِلِهِ فَاصْرِفْهُ عَنِّيْ وَاصْرِفْنِيْ عَنْهُ وَاقْدُرْ لِيَ الْخَيْرَ حَيْثُ كَانَ ثُمَّ أَرْضِنِيْ بِهِ. "

দ্র.- মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল আল-বুখারী : সহীহুল বুখারী, খ.১ম, (মাতবা'আ-আসাহ্হুল-মাতাবি', তা.বি.), পৃ. ১৫৫।

[২০৫] ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ ৬৭৫; মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, মুকাদ্দমা, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৪; মুহাম্মদ আনোয়ার শাহ আল-কাশমীরী : ফায়যুল বারী আল সহীহিল বুখারী, মুকাদ্দামা, প্রাগুক্ত, পৃ. ৩৪; ইবনুল জাওযী : আল-মুন্তাযাম, খ.৭ম, প্রাগুক্ত, পৃ. ৯৬; ৮. খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ৯, মাওঃ মুহাম্মদ 'আবদুল সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৫৯; ইয়াহ্ইয়া ইব্ন শরফ আবূ যাকারিয়া, আন্-নবভী : তাহাযীবুল আসমা ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৪, ইবনুল 'ইমাদ : শাবারাতুয্-যাহাব, খ.২য়, (কায়রো : মাকতাবাতুল কুদসী, ১৩৫০/১৯৩১), পৃ. ১৩৬।

মূল 'আরবী :

"قَالَ أَبُوْ الْهَيْثَمِ الْكُشْمِيْهَنِيْ سَمِعْتُ الْفِرَبْرِيْ يَقُوْلُ سَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيْلَ الْبُخَارِيْ يَقُوْلُ: مَا وَضَعْتُ فِيْ كِتَابِ الصَّحِيْحِ حَدِيْثًا إِلَّا إِغْتَسَلْتُ قَبْلَ ذَالِكَ وَصَلَّيْتُ رَكْعَتَيْنِ. "

আল্লাহ তা'আলার নিকট ইস্তেখারার মাধ্যমে না জেনে এবং সকল দিক থেকে এর বিশুদ্ধতার উপর নিশ্চিত ও অকাট্যভাবে দৃঢ় বিশ্বাসী না হয়ে হাদীছ গ্রন্থাবদ্ধ করি নি।"[২০৬]

✡ সনদ-মতন ও জারহে ওয়াত তা'দীলের প্রতি গভীর গবেষণা

ইমাম বুখারী (রহ.)-এর সহীহ্ হাদীছ সংকলন ও লিপিবদ্ধের অন্যতম মানহাজ ছিল এরূপ, তিনি প্রথমতঃ নির্দিষ্ট অধ্যায় ঠিক করে ঐ অধ্যায়ের উপর যত হাদীছ আছে সকল মুখস্থ ও সংগৃহীত হাদীছ সামনে রেখে গভীর গবেষণা করতেন। এক এক করে প্রত্যেকটি হাদীছের সনদ ও জারহে ওয়াত তা'দীলের বিষয়টা সর্বোচ্চ সাবধানতার সাথে খতিয়ে দেখতেন। এ সবের পারস্পরিক পার্থক্য নিশ্চিতভাবে নিরূপন করতেন এবং একটি হাদীছ অপর একটি হাদীছের সাথে মিলিয়ে সহীহ্ হাদীছের শর্ত মোতাবেক উত্তীর্ণ হলে, কোন একটি হাদীছ নির্বাচন করতেন।

✡ বরকতময় স্থান বায়তুল্লাহ ও মসজিদে নবভীতে হাদীছ সংকলন

ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলনের অন্যতম মানহাজ হলো : তিনি পৃথিবীর শ্রেষ্ঠতম বরকতময় স্থান বায়তুল্লাহ ও মসজিদে নবভীকে হাদীছ লিখন ও সংকলনের স্থান হিসেবে নির্ধারণ করেছেন।[২০৭] এ প্রসংগে 'উমর

---

[২০৬] ০৬. ইব্‌ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৭৫; মুহাম্মদ আনোয়ার শাহ্ আল-কাশমীরী : ফায়যুল বারী, খ.১ম, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৫; বদরুদ্দীন আল-'আইনী : 'উমদাতুল কারী, ১ম সং (পাকিস্তান : মাকতাবাতুর রাশিদিয়্যাহ ১৪০৫ হি) পৃ ৫; মাওঃ মুহাম্মদ 'আবদুস সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৫৯-১৬০; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান, আল-ক্যান্নাওজী : আল-হিত্তাহ, প্রাগুক্ত, পৃ.৩১৩; ইবনে হাজার 'আস-কালানী : তাহ্যীবুত তাহ্যীব, খ.৯ম, প্রাগুক্ত, পৃ. ৪২; ড. মুসতাফা আস্-সুবা'ঈ : আস্-সুন্নাতু ওয়া মাকানাতুহা ফীত্ তাশরী'ইল ইসলামী, ২য় সং, প্রাগুক্ত, পৃ. ৪৪৫; মাওঃ মুফতী রশীদ আহ্‌মেদ : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৩৯। মূল 'আরবী :

"مَا أَدْخَلْتُ فِيهِ حَدِيثًا إِلَّا بَعْدَ إِسْتِخَرْتُ اللهَ تَعَالَى وَصَلَّيْتُ رَكْعَتَيْنِ وَتَيَقَّنْتُ صِحَّتَهُ."

[২০৭] 'আল্লামা বদরুদ্দীন আল-'আইনী (রহ.) (মৃ. ৮৫৫হি.)-এর গ্রন্থে বলেন, ইমাম বুখারী (রহ.)-এর গ্রন্থটি মক্কা, মদীনা, বসরা এবং বুখারা নগরীতে সংকলনের কাজ সম্পন্ন করেছেন। কেননা তিনি দীর্ঘ ষোল বছর এ মহান কাজে নিজেকে নিয়োজিত রেখেছিলেন। অতঃপর 'আল্লামা 'আয়নী (রহ.) মুহাম্মদ ইব্‌ন 'আলী (রহ.)-এর বর্ণনা

ইব্‌ন মুহাম্মদ ইব্‌ন বুজাইর আল-বুজাইরী (রহ.) বলেন : "আমি মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল আল-বুখারী (রহ.) কে বলতে শুনেছি তিনি বলেন, "আমি আমার আল-জামি' গ্রন্থটি মসজিদুল হারামে বসে সংকলন ও লিপিবদ্ধ করেছি।"[২০৮]

উল্লেখ করেন। তিনি বলেন, "ইমাম বুখারী (রহ.) কে আমি বলতে শুনেছি তিনি বলেন, আমি আমার জামি' গ্রন্থটি নিয়ে বসরায় পাঁচ বছর থেকেছি এবং গ্রন্থ সংকলনের কাজ করেছি। প্রতি বছর হজ্জ শেষে মক্কা থেকে বসরায় ফিরে আসতাম"। ইমাম বুখারী (রহ.) আরও বলেন, আমি মহান আল্লাহ তা'আলার নিকট আশা-প্রত্যাশা করি তিনি যেন আমার এ সহীহ্ গ্রন্থটির মধ্যে মুসলমানদের জন্য বিশেষ কল্যাণ ও বরকতময় করেন। দ্র.- বদরুদ্দীন আল-'আইনী : 'উমদাতুল কারী, খ.১ম, ১ম সং, প্রাগুক্ত, পৃ.০৫। মূল 'আরবী :

"كَانَ يُصَنِّفُ فِيهِ بِمَكَّةَ وَالْمَدِينَةِ وَالْبَصْرَةِ وَبُخَارِيَّ، فَإِنَّهُ مَكَثَ فِيهِ سِتَّ عَشْرَةَ سَنَةً، وَ فِي تَارِيخِ نَيْسَابُوْرِ لِلْحَاكِمِ عَنْ أَبِي عُمَرِ وَإِسْمَاعِيْلَ ثنا أَبُوْ عَبْدِ اللهِ مُحَمَّدُ بْنُ عَلِيٍّ قَالَ سَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيْلَ الْبُخَارِيَّ يَقُوْلُ أَقَمْتُ بِالْبَصْرَةِ خَمْسَ سِنِيْنَ مَعِي كُتُبِي أُصَنِّفُ وَ أَحُجُّ كُلَّ سَنَةٍ وَ أَرْجِعُ مِنْ مَكَّةَ إِلَي الْبَصْرَةِ قَالَ وَأَنَا أَرْجُو أَنَّ اللهَ تَعَالَي يُبَارِكُ لِلْمُسْلِمِيْنَ فِيْ هٰذِهِ الْمُصَنَّفَاتِ."

উল্লেখ্য যে, এ প্রসংগে হাফিয ইব্‌ন হাজার 'আস্‌কালানী (রহ.) (৭৭৩/৮৫২) তাঁর গ্রন্থে বলেন, "ইমাম বুখারী (রহ.) প্রথমে মসজিদুল হারামে বসে তাঁর সহীহ্ গ্রন্থ সংকলনের সূচনা, বিন্যাস এবং অধ্যায়সমূহ সাজিয়েছেন। তারপর স্বদেশ বুখারা ও অন্যান্য স্থানে সফর করে হাদীছ সংকলন করেন।" ইব্‌ন হাজার আরও বলেন, "পূর্বের বর্ণনার সাথে পরবর্তীর বর্ণনার কোন বিরোধ নেই। কেননা হতে পারে, ইমাম বুখারী (রহ.) প্রথমে সেখানে পাণ্ডুলিপি সংকলন করেন, তারপর বর্ণিত স্থানসমূহে রাসূলুল্লাহ (সা.)-এর রাওযা মোবারক ও মেম্বরের মধ্যস্থান) গিয়ে (গোসল, নামায ও ইস্তেখারা করার পর) নিশ্চিত হয়ে হাদীছের চূড়ান্তরূপ দান করেন।" দ্র.- ইব্‌ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ৬৭৫-৬৭৬। মূল 'আরবী :

"أَنَّهُ ابْتَدَأَ تَصْنِيفَهُ وَتَرْتِيبَهُ وَأَبْوَابَهُ فِيْ الْمَسْجِدِ الْحَرَامِ، ثُمَّ كَانَ يُخَرِّجُ الأَحَادِيثَ بَعْدَ ذَالِكَ فِي بَلَدِهِ وَ غَيْرِهَا...... (قال ابن حجر العسقلاني) : وَلَايُنَافِي هٰذَا أَيْضاً مَا تَقَدَّمَ لِأَنَّهُ يَحْمِلُ عَلَي أَنَّهُ فِي الأَوَّلِ كَتَبَهُ فِي الْمُسَوَّدَةِ وَهُنَا حَوَّلَهُ مِنَ الْمُسَوَّدَةِ إِلَي الْمُبَيَّضَةِ."

[২০৮] ইব্‌ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ৬৭৫; বদরুদ্দীন আল-'আইনী : 'উমদাতুল কারী, প্রাগুক্ত, পৃ.৫; মুহাম্মদ আনোয়ার শাহ্ কাশমীরী : ফায়যুল বারী 'আলা সহীহিল বুখারী, খ.১ম, ১ম সং, (মুকাদ্দমা), প্রাগুক্ত, পৃ.৩৪; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খান, আল-ক্যান্নাওজী : আল-হিত্তাহ ফী যিকরিস্-সিহাহ্ আস-সিত্তাহ্, প্রাগুক্ত, পৃ.৩১৩; মুহাম্মদ সেকান্দার 'আলী : তারাজিমুল

অপর এক বর্ণনায় ইব্ন 'আদী 'ইলমুল 'হাদীছের মাশায়েখগণের একটি জামা'আত থেকে উদ্ধৃতি দিয়ে বলেন, "নিশ্চয় ইমাম বুখারী (রহ.)-এর জামি' গ্রন্থে অধ্যায়ের সূচনা ও সমাপ্ত করেন রাসূলুল্লাহ (সা.)-এর রাওযা মোবারক ও মিম্বরের মধ্যস্থলে অবস্থান করেন। আর প্রতিটি অধ্যায়ের সূচনালগ্নে দু'রাক'আত নফল নামায আদায় করতেন।"[২০৯]

✲ লক্ষ লক্ষ মুখস্থ হাদীছ হতে গবেষণা

ইমাম বুখারী (রহ.) হাদীছ বিজ্ঞানের জগতে তাঁর অসাধারণ মেধা ও প্রজ্ঞা দিয়ে অনেক যাচাই-বাছাই করে অক্লান্ত পরিশ্রমের মধ্যেমে সনদ ও মতনসহ লক্ষ লক্ষ মুখস্থ হাদীছ হতে গবেষণা চালিয়ে নিজের মানহাজ অনুযায়ী জগৎ বিখ্যাত 'সহীহ্ বুখারী' গ্রন্থ প্রণয়ন করেন। এ প্রসংগে মুহাম্মদ ইব্ন হাম্‌দুবিয়া (রহ.) (মৃ.৩৩৯/৯৪০) বলেন, "আমি ইমাম বুখারী (রহ.) কে বলতে শুনেছি, তিনি বলেন : "আমি এক লক্ষ সহীহ্ ও দু'লক্ষ গাইরে সহীহ্ (সহীহ ব্যতীত) হাদীছ মুখস্থ করেছি।"[২১০]

মুহাদ্দিছীন ওয়া মানাহিজুহুম ফীল-জাম'ই ওয়াত তাদওয়ীন, প্রাগুক্ত, পৃ. ৮২।

মূল 'আরবী :

" قَالَ عُمَر بْن مُحَمَّد بْن بُجَيْرِيّ: سَمِعْتُ مُحَمَّدُ بْن إِسْمَاعِيل يَقُوْلُ صَنَّفْتُ كِتَابِي الْجَامِعُ فِي الْمَسْجِدِ الْحَرَام "

[২০৯] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, ১ম সং, প্রাগুক্ত, পৃ.০৯; ইব্ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, নতুন সং, প্রাগুক্ত, পৃ. ৬৭৬; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন, আল-ক্যান্‌নাওজী : আল-হিত্তাহ ফী যিকরিস্ সিহাহ আস-সিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৩১৩; হাফেয মাওঃ আহমদ 'আলী সাহরানপূরী : মুকাদ্দামাতু সহীহিল বুখারী, খ.১ম, (ইণ্ডিয়া : মাতবা'আ আসাহ্‌হুল মাতাবি', তা.বি.) পৃ. ০৪।

মূল 'আরবী :

"وَقَدْ رُوِيَ ابْنُ عَدِي عَنْ جَمَاعَةٍ مِنَ الْمَشَايِخِ أَنَّ الْبُخَارِيَّ حَوَّلَ تَرَاجِم جَامِعَهُ بَيْنَ قَبْرِ النَّبِيِّ (صلى الله عليه وسلم) وَمِنْبَرِهُ وَكَانَ يُصَلِّيْ كُلَّ تَرْجُمَةٍ رَكْعَتَيْن."

[২১০] হাফিয শামসুদ্দীন আয্-যাহাবী : সিয়ারু আ'লামিন নুবালা, খ.১২শ, ১ম সং, (বৈরূত : দারুল ফিক্‌র ১৪১৭/১৯৯৭), পৃ. ৪১৫; ইব্ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৬৭৪; ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহ্, প্রাগুক্ত, পৃ. ৩৯৬; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৪।

মূল 'আরবী :

এ ছাড়া ইমাম বুখারী (রহ.)-এর নিকট সংগৃহীত আরও তিন লক্ষ সহীহ হাদীছ বিদ্যমান ছিল। মোট ছয় লক্ষ হাদীছ তাঁর আয়াত্বাধীন ছিল।[২১১] এই ছয় লক্ষ হাদীছের উপর যাচাই-বাছাই ও গভীর গবেষণা চালিয়ে সুদীর্ঘ ষোল বছর ব্যাপী অক্লান্ত পরিশ্রম করে তাঁর নিজেস্ব মানদণ্ডে উত্তীর্ণ বিশুদ্ধ হাদীছের পূর্ণাঙ্গ জামি' গ্রন্থটি সমাপ্ত করেন। এ প্রসংগে ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন, "আমি ছয় লক্ষ (৬,০০০০০) হাদীছ যাচাই-বাছাই করে সুদীর্ঘ ষোল বছরে এ সহীহ্ জামি' গ্রন্থটি সংকলন করেছি এবং গ্রন্থটিকে আমার ও আল্লাহ তা'আলার মাঝে নাজাতের উসীলারূপে স্থাপন করেছি।"[২১২]

মাওঃ মুহাম্মদ 'আলী (রহ.)-এর মতে, তাঁর সহীহ্ গ্রন্থে নয় হাজার (৯০০০) হাদীছ স্থান পেয়েছে। আর অবশিষ্ট পাঁচ লক্ষ একানব্বই হাজার (৫৯১,০০০)হাদীছ সঠিক নয়, এ ধারণা ঠিক নয়। মূলতঃ ব্যাপারটা

"قَالَ مُحَمَّدُ بْن حَمْدُوَيْه: سَمِعْتُ الْبُخَارِيَّ يَقُوْلُ أَحْفَظُ مِائَةُ أَلْفِ حَدِيْثٍ صَحِيْحٍ وَ أَحْفَظُ مِائَتَيْ أَلْفِ حَدِيْث غَيْر صَحِيْح."

[২১১] ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহ্, প্রাগুক্ত, পৃ. ৩৯৬; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৫।

[২১২] ইব্ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৭৫; 'আবদুল্লাহ্ ইব্ন 'আলী আল-ইয়াফি'ঈ : মিরআতুল জিনান, খ.২য়, ১ম সং, (বৈরূত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ্, ১৪১৭/১৯৯৭), পৃ.১২৫; ইব্নুল আছীর আল-জাযেরী : জামি'উল উসূল ফী আহাদীছির রাসূল, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১৮৩; হাফেয মাওঃ আহ্‌মদ 'আলী সাহরানপূরী : মুকাদ্দামাতু সহীহিল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৪; মুহাম্মদ আনোয়ার শাহ্ কাশমীরী : ফায়যুল বারী 'আল সহীহিল বুখারী, খ.১ম, (মুকাদ্দমা), প্রাগুক্ত, পৃ.৩৪; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন, : আল-হিত্তাহ ফী যিকরিস্ সিহাহ আস-সিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৪৩৩; মাওঃ মুফতী রশীদ আহ্‌মেদ : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৩৯; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০৫; Maulana Muhammad Ali : The Religion of Islam, First Edition (Delhi : Motilal Banarsidass Publishers Private Limited, 1994), P-57; J. Robson: The Encyclopaedia of Islam, Vol.1, P-196. মূল 'আরবী ঃ

الْبُخَارِيّ قَالَ صَنَّفْتُ الْجَامِعُ مِنْ سِتِّمِائَةِ أَلْفِ حَدِيْث فِي عَشْرَة سَنَةٍ وَجَعَلْتُهُ حُجَّةً فِيْمَا بَيْنِيْ وَ بَيْنَ اللهِ."

হলো, ইমাম বুখারী (রহ.) একই হাদীছ বিভিন্ন বর্ণনায় বর্ণিত হয়েছে। যেমন আবূ হুরায়রা (রা.)-এর একটি হাদীছ বিশটি সনদে বর্ণিত হয়েছে। তাই বিশটি হাদীছ হলেও মূলতঃ একটি। এ হিসেবে তাঁর হাদীছের সংখ্যা বহুগুণে বেড়ে গিয়েছে [২১৩] সুতরাং যে ব্যক্তির সম্মুখে ছয় লক্ষ পরিমাণ হাদীছ উপস্থিত, সে ব্যক্তির সম্মুখে সহীহ্ জামি' গ্রন্থে মাত্র কয়েক হাজার হাদীছ আয়নার মতো স্পষ্ট।

দ্বিতীয় পরিচ্ছেদ :

✡ হাদীছ বিষয়ক বিস্ময়কর প্রতিভার মাধ্যমে হাদীছ যাচাই

বর্ণিত আছে যে, একদা রাত্রে তিনি তাঁর গ্রন্থ সম্পর্কে চিন্তা করেন যে, তিনি কতটি লাইন লিপিবদ্ধ করেছেন। তাতে তাঁর দৃষ্টি দু'লক্ষ হাদীছে গিয়ে পৌঁছে। এ প্রসংগে প্রখ্যাত মুহাদ্দিছ ইব্‌ন হাজার 'আস্‌কালানী (রহ.) (৭৭৭-৮৫২ হি.) তাঁর গ্রন্থে উল্লেখ করেন, ওয়ারাকাহ (রহ.) বলেন, আমি ইমাম বুখারী (রহ.) কে বলতে শুনেছি তিনি বলেন, "গত রাতে ঘুমাবার পূর্বে চিন্তা করলাম আমি আমার গ্রন্থটিতে কতগুলো হাদীছ বিন্যস্ত করেছি, তাতে প্রায় দু'লক্ষ হাদীছ আমার সামনে ভেসে উঠল।"[২১৪]

[২১৩] It is true that Bukhari took cognizance of 600,000 reports and knew some 200,000 of these by heart. It is also a fact that his book contains no more than 9,000 traditions. But it is not true that he found the other 591,000 reports to be false or fabricated. It must be clearly understood that those who were engaged in the dissemination and study of Tradition looked upon every report as a different tradition when even a single transmitter was changed. Let us, for instance, take a tradition for which the original authority in Abu Hurairah. Now Abu Hurairah had bout 800 disciples and the same tradition may have been reported by, say, ten of his disciple's whit or without any variation. Each of these reports would, according to the collectors, form a separate tradition Again, suppose each of the transmitters of Abu Hurairah's tradition had tow reporters, the same tradition would then be counted as twenty different reports. The number would thus go on increasing as the number of reporters increased At the time when Bukhari applied himself to Tradition in the first decade of the third century of Hijrah, there where schools of Tradition at different centers, and hundreds of students learned and transmitted reports to others. N.B. Maulana Muhammad Ali : The Religion of Islam, 1st ied. P-57-58.

[২১৪] ইব্‌ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৭৪। মূল 'আরবী :

অপর এক বর্ণনায় প্রখ্যাত মুহাদ্দিছ 'আলী ইবনুল হুসাইন আল-বায়কান্দী (রহ.) (মৃ.২২৫/৮৩৯) বলেন, "একদা ইমাম বুখারী (রহ.) আমাদের মাঝে আগমণ করলেন। আলোচনার এক পর্যায়ে আমাদের এক সাথী বলে উঠলেন, আমি ইস্‌হাক ইব্‌ন রাহ্‌ওয়াইহ্ (রহ.) কে বলতে শুনেছি। তিনি বলেন, আমার কিতাবের সত্তর হাজার হাদীছ মুখস্থ আছে। এ কথা শুনে ইমাম বুখারী (রহ.) বলেন, আপনি কি আশ্চর্যান্বিত হলেন? সম্ভবত এ যুগে এমন ব্যক্তিও বিদ্যমান আছেন, যিনি তাঁর কিতাবের দু'লক্ষ হাদীছ মুখস্থ রেখেছেন। এ কথা দ্বারা তিনি (ইমাম বুখারী) নিজেই নিজেকে বুঝিয়েছেন।"[২১৫]

ইমাম বুখারী (রহ.) বলেন, "যদি আমাকে মহান আল্লাহ তা'আলার নিকট দু'আ করতে বলা হয়, তা হলে আমি একটি দু'আতে দশ হাজার (১০,০০০) হাদীছের উদ্ধৃতি না দেওয়া পর্যন্ত থামবো না।"[২১৬]
'আবদুর রায্‌যাক আল-বুখারী (রহ.) থেকে বর্ণিত তিনি বলেন, আমি ইমাম বুখারী (রহ.) কে জিজ্ঞেস করলাম, আপনার হাদীছ গ্রন্থে যে সকল হাদীছ সংকলন করেছেন, সবগুলোই কি আপনার মুখস্থ ছিল? উত্তরে ইমাম বুখারী (রহ.) বলেন, "এ গ্রন্থে সকল হাদীছের মধ্যে একটি হাদীছও এমন নেই যা, আমার নিকট অস্পষ্ট ছিল।"[২১৭]

"قَالَ وَرَّاقَةُ: سَمِعْتُهُ يَقُوْلُ مَابِتُّ الْبَارِحَةَ حَتَّي عَدَدْتُ كَمْ اَدْخَلْتُ فِيْ تَصَانِيْفِيْ مِنَ الْحَدِيْثِ فَإِذَا نَحْوِ مِائَتَيْ أَلْفِ حَدِيْثٍ."

[২১৫] পূর্বোক্ত। মূল 'আরবী :

" قَالَ عَلِيُّ بْنِ الْحُسَيْنِ بْنِ عَاصِمُ الْبِيْكَنْدِيِّ قَدِمَ عَلَيْنَا مُحَمَّدُ بْنِ إِسْمَاعِيْل، فَقَالَ لَهُ رَجُلٌ مِنْ اَصْحَابِنَا سَمِعْتُ إِسْحَاقَ بْنِ رَاهَوَيْهِ يَقُوْلُ كَأَنِّيْ أَنْظُرُ إِلَي سَبْعِيْنَ أَلْفِ حَدِيْثٍ مِنْ كِتَابِيْ فَقَالَ لَهُ مُحَمَّدُ بْنِ إِسْمَاعِيْل أَوَ تَعْجَبُ مِنْ هٰذَا الْقَوْلِ، لَعَلَّ فِي هٰذَا الزَّمَانِ مَنْ يَنْظُرُ إِلَي مِائَتَيْ أَلْفِ أَلْفِ مِنْ كِتَابِهِ، وَ إِنَّمَا عَنِيْ نَفْسَهُ."

[২১৬] পূর্বোক্ত। মূল 'আরবী :

" وَقَالَ (الامام البخاري) أَيْضاً :لَوْ قِيْلَ لِيْ تَمَنَّ لما قمت حَتَّي أَرْوِيَ عَشَرَةَ آلافِ حَدِيْثٍ فِي الصلاة خاصة."

[২১৭] হাফেয মাওঃ আহমদ 'আলী সাহরানপূরী : মুকাদ্দামাতু সহীহিল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৫; ইব্‌ন হাজার আস্‌-কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৭৪। মূল 'আরবী :

" رُوِيَ عبد الرَّزَّاق الْبُخَارِيّ أَنّه قَالَ: قلتُ للبخاريِّ جميعُ الأحَادِيْثِ الَّتِيْ أَوْرَدتَهَا فِي مصنفاتِكَ

'আল্লামা ইব্ন কাছীর (মৃ.৭৭৪হি.) ও আল-হিত্তাহ্ (১৪০৮/১৯৮৭) গ্রন্থে বলা হয়েছে, " ইমাম বুখারী (রহ.) বালক বয়সে সত্তর হাজার হাদীছ (সনদ-মতনসহ) ক্রমান্বয়ে বলতে পারতেন।"[২১৮]

✡ হাদীছ বিষয়ের উপর গবেষণায় পাণ্ডিত্য ও সুক্ষ্ম জ্ঞান অর্জন

অল্প বয়সে ইমাম বুখারী (রহ.) হাদীছ শাস্ত্রের উপর গবেষণা চালিয়ে এমন পাণ্ডিত্য ও সূক্ষ্ম জ্ঞান অর্জন করেন যে, প্রসিদ্ধ হাদীছ বিশারদগণ ও তাঁর উপস্থিতিতে বিব্রতবোধ করতেন। তাঁদের সংশয়ের অবস্থা এমন হত যে, কখন কোন মুহূর্তে ত্রুটি-বিচ্যুতি ঘটে যায় এবং ছোট বালকের নিকট লজ্জিত হতে হয়।[২১৯] এ প্রসংগে হাফিয ইব্ন হাজার 'আস্কালানী (রহ.) (মৃ.৭৭৩-৮৫২হি.) হাদীছ বিশারদ 'আল্লামা বায়কান্দী (রহ.) (মৃ.২২৫/৮৩৯) থেকে বর্ণনা করেন, তিনি বলেন, "মুহাম্মদ ইব্ন

هَلْ تحفظها ؟ فقال : لَا يَخْفَى عَلَي شي مِنْهَا."

[২১৮] আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৩২; ইব্ন কাছীর : আল-বিদায়াহ্ ওয়ান নিহায়াহ্, খ.১১শ, প্রাগুক্ত, পৃ.২২; ইউসুফ কাত্তানী : রুবাইয়াতুল ইমামিল বুখারী, (বৈরূত : মাকতাবাতুল মা'আরিফ, ১৯৮৪ খ্রি.), পৃ.২৫। মূল 'আরবী :

" إنَّهُ كَانَ يَحْفَظُ وَ هُوَ صَبِيٌّ سبعين الف حديث سردا. "

[২১৯] ইমাম বুখারী (রহ.)-এর বিস্ময়কর প্রতিভার কথা স্মরণ করিয়ে দেয় তাঁর এগার বছর বয়সে তৎকালীন খ্যাতনামা শ্রেষ্ঠ মুহাদ্দিছ 'আল্লামা দাখেলী (রহ.)-এর হাদীছের দারস প্রদানকালে 'সনদের' ভুল সংশোধন করেদেন।

দ্র.- খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৬-৭; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৪৩১; মুহাম্মদ আবু যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দিছূন, প্রাগুক্ত, পৃ. ৩৫৩; মাওঃ মুহাম্মদ আবদুল-সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী, (উর্দু), প্রাগুক্ত, পৃ. ৪৫-৪৬।

"ثم خرجتُ من الكتاب فجعلتُ أختلفُ إلَى الدَّاخلي وَغيره فقالَ يَوْمًا فيما كانَ يقرأ للناس : سُفيانُ عَنْ ابي الزُّبيرِ عَنْ إبْراهيم, فقلتُ إنَّ أبَا الزُّبيرِ لَمْ يَرْوِ عَنْ إبْرَاهِيْمَ فانتهرني، فقلتُ لَه إرْجِعْ إلَي الأصلِ إنْ كَانَ عِنْدكَ، فَدَخَلَ، فَنَظَرَ فِيْهِ ثُمَّ رَجَعَ، فَقَالَ كيفَ هُوَ يَا غُلَامُ؟ فقلتُ هُوَ الزبيرُ وَ هُوَ ابنُ عَدِيّ عَنْ إبْرَاهِيْمَ، فأخذَ القلمَ وأصلَحَ كتابَه وقالَ لِيْ صدقتَ – فقالَ لَه انسان ابن كَمْ حِيْنَ رددتَ عليه؟ فقال ابن كم احدي عشرةَ سنة."

ইসমা'ঈল যখন আমাদের হাদীছ দারসে আসতেন এবং অবস্থান করতেন, তখন আমার খুব দ্বিধা ও সংশয় হতো যে, না জানি কখন, কোন দুর্বল মুহূর্তে ত্রুটি-বিচ্যুতি ঘটে যায়।"[২২০]

অপর এক বর্ণনায় ইমাম বুখারী (রহ.) বলেন, আমার সম্মানিত উস্তাদ 'আল্লামা বায়কান্দী (রহ.) (মৃ.২২৫/৮৩৯) আমাকে বলেন, "হে বৎস! আমার গ্রন্থটি ভালভাবে যাচাই-বাছাই কর, আর কোন প্রকারের ভুল দেখতে পেলে নিঃসংকোচে তা সংশোধন করে দাও।" এতে বিস্ময়বোধ করে বায়কান্দী (রহ.)-এর এক সাথী জিজ্ঞেস করলেন, মহাত্মন! এ নওজোয়ানটি কে? 'আল্লামা বায়কান্দী (রহ.) উত্তরে বলেন, "ইনি এমন এক মহান ব্যক্তি যার সমকক্ষ হাদীছের জগতে আর কেউ নেই।"[২২১]

হাদীছ বর্ণনাকারীগণের প্রতি ইমাম বুখারী (রহ.)-এর দৃষ্টিভঙ্গি

ইমাম বুখারী (রহ.) হাদীছ গ্রহণের ক্ষেত্রে বাল্যকাল থেকেই নিজস্ব মানহাজ অনুযায়ী হাদীছ গ্রহণ করেছেন। তিনি হাদীছ বর্ণনাকারীগণের পুঙ্খানুপুঙ্খ অবস্থা, সত্যবাদিতা, বিশ্বস্ততা, তাকওয়া, পরহেযগারী, স্মৃতিশক্তি, বর্ণনা ক্ষমতা, চারিত্রিক মাধুর্য, ব্যবহারিক জীবন, শিক্ষা ও বাসস্থান সম্পর্কে পূর্ণ ওয়াকিফহাল ছিলেন। রাবীদের জন্ম ও মৃত্যুর তারিখ সম্পর্কে পূর্ণ অবগত না হয়ে হাদীছ রেওয়ায়েত করেন নি। এ প্রসংগে সালীম ইব্ন মুজাহিদ (রহ.) বলেন, আমাকে মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল

[২২০] মাওঃ মুহাম্মদ 'আবদুল সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী, (উর্দু), প্রাগুক্ত, পৃ. ৪৮-৪৯, ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৮। মূল 'আরবী :

"محمدُ بن سلام البيكنديّ يقولُ : كلما دخلَ عليَّ محمدُ بنُ إسماعيلَ تحيرتُ ولَاأزال خائفًا منه يَعْنِيْ تَخشي انْ يخطئ بحضرته."

[২২১] ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৮; মাওঃ মুহাম্মদ আবদুল সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী, (উর্দু), প্রাগুক্ত, পৃ. ৪৮। মূল 'আরবী :

" قالَ البخاريُّ: " قالَ لِي مُحمد بن سلام البيكندي انظرْ في كتابيْ فما وجدتَ فيهَا مِنْ خطإ فاضربْ عليْهِ فقالَ لَهُ بَعْضُ أصْحابِهِ مَنْ هذا الفتي فَقَالَ هذا الذِي لَيْسَ مِثْلُه."

(রহ.) বলেছেন, "আমি হাদীছ বর্ণনাকারী সাহাবী[২২২] ও তাবে'ঈদের[২২৩]

---

[২২২] "সাহাবী ঐ ব্যক্তি, যিনি ঈমানসহকারে রাসূলুল্লাহ (সা.)-এর সাথে সাক্ষাত লাভ করেছেন এবং ইলামের উপর মৃত্যু বরণ করেছেন।" সুতরাং যারা রাসূলুল্লাহ (সা.)-এর সাক্ষাত লাভ করলেও ঈমান আনেনি তারা সাহাবী নয়। যেমন : আবূ জেহেল, আবূ লাহাব প্রমূখ। পক্ষান্তরে যাঁরা রাসূলুল্লাহ (সা.)-এর সাক্ষাত লাভ করেছেন কিন্তু অন্ধত্বের কারণে দেখতে পান নি, তাঁরাও সাহাবী হিসেবে গণ্য হবেন (যেমন : উম্মে মাকতুম (রা.)। যারা ঈমান অবস্থায় রাসূলুল্লাহ (সা.)-এর সাক্ষাৎ লাভে ধন্য হয়েছেন, কিন্তু পরে মুরতাদ হয়েছেন। ঐ ব্যক্তি পুনরায় ইসলাম ধর্ম গ্রহণ করার পর নতুন করে রাসূলুল্লাহ (সা.)-এর সাক্ষাত লাভ না হলেও তিনি সাহাবী বলে গণ্য হবেন। (যেমন : আশ'আস ইবনুল কায়স (রা.) (মৃ.৪০/৬৬১), তিনি ইসলাম গ্রহণের পর মুরতাদ হয়ে যান এবং আবূ বকর (রা.)-এর খিলাফতকালে (১১/৬৩২-১৩/৬৩৪) আবার ইসলাম ধর্মে ফিরে আসেন। মুহাদ্দিছগণ তাঁকে সাহাবী হিসেবেই হাদীছ গ্রহণ করেছেন।)

দ্র.- ইব্‌ন হাজার 'আস্‌কালানী : নুযহাতুন নাযার ফী তাওদীহে নুখবাতিল ফিক্‌র, (প্রাগুক্ত, পৃ.৮১-৮২; ড. মাহ্‌মূদ আত্‌-তাহ্‌হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১৯৭; জামাল উদ্দিন আল-কাসেমী : কাওয়া'ইদুত তাহদীছ, ৩য় সং, প্রাগুক্ত, পৃ. ২০৮; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, ৫ম সং, প্রাগুক্ত, পৃ. ২৪-২৫; ড. মুহাম্মদ 'উজ্জাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২৫৫-২৫৬; ড. মুহাম্মদ জামাল উদ্দীন : রিজাল শাস্ত্র ও জাল হাদীছের ইতিকথা, (ঢাকা : ই.ফা.বা. ১৪২৫/২০০৪), পৃ. ২৯৬; আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ১৫৭। মূল 'আরবী :

"فَالصَّحَابِيُّ عِنْدَ الْمُحَدِّثِيْنَ هُوَ : "مَنْ لَقِيَ النَّبِيَّ صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مُسْلِمًا وَ مَاتَ عَلَي الإِسْلَامِ وَلَوْ تَخَلَّلَتْ ذَالِكَ رِدَّةٌ عَلَي الأَصَحِّ".

উল্লেখ্য যে, হা'কেম আবূ 'আবদিল্লাহ আন্‌-নাইসাপূরী (৩২০-৪০৫ হি.) ও অন্যান্য মুহাদ্দিছগণ হাদীছ বর্ণনাকারী সাহাবীগণকে বারটি স্তরে বিভক্ত করেছেন। **(এক)** প্রথম পর্যায়ে মক্কায় ইসলাম গ্রহণকারী সাহাবীগণ, যেমন : 'আশারায়ে মুবাশ্‌শারা, খাদিজা ও বিলাল (রা.) প্রমূখ। **(দুই)** দারুন নদওয়ায় যে সমস্ত সাহাবী ইসলাম গ্রহণ করে ছিলেন হযরত 'উমর (রা.)-এর ইসলাম গ্রহণের পর। **(তিন)** হাবশায় হিজরতকারী সাহাবীগণ। তাঁদের মধ্যে ১১জন পুরুষ ও ৪ জন মহিলা ছিলেন। উল্লেখযোগ্য হলেন হযরত 'উছমান, যুবায়ির, ইব্‌নুল 'আওয়াম, রুকাইয়্যাহ বিনতে রাসূলুল্লাহ (সা.) প্রমূখ। হাবশায় যাঁরা দ্বিতীয়বার হিজরত করে ছিলেন তাঁরাও এ স্তরের অর্ন্তভূক্ত। তাঁদের সংখ্যা ছিল ৩৮ জন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন : জা'ফর ইব্‌ন আবী তালিব, আসমা বিনতে 'উমায়স, আবূ মূসা ও ইব্‌ন মাস'উদ (রা.) প্রমূখ। **(চার)** প্রথম আকাবায় অংশগ্রহণকারী সাহাবীগণ। যেমন : জা'বির ইব্‌ন 'আবদিল্লাহ, 'উক্‌বাহ ইব্‌ন 'আ'মের, আস'আদ ইব্‌ন যুরারাহ, 'উবাদাহ ইব্‌নুস সামিত (রা.) প্রমূখ। **(পাঁচ)** দ্বিতীয় 'আকাবায় ইসলাম গ্রহণকারী সাহাবীগণ। তাঁরা ছিলেন ৭০ জন আনসার সাহাবী এবং দু'জন মহিলা সাহাবী। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন : আল-বারা ইব্‌ন মা'রুর, কা'ব ইব্‌ন মালিক

(রহ.) প্রমূখ। **(ছয়)** মদীনায় হিজরতকারী সাহাবীগণ। **(সাত)** বদরের যুদ্ধে অংশগ্রহণকারী সাহাবীগণ। **(আট)** বদর ও হুদায়বিয়ার মধ্যবর্তী সময় উপস্থিত সাহাবীগণ। **(দশ)** হুদায়বিয়ার পর মক্কা বিজয়ের পূর্বে মধ্যবর্তী সময়ে মুহাজির সাহাবীগণ। যেমন : খালিদ ইব্‌ন ওয়ালিদ (রা.)। **(এগার)** মক্কা বিজয়ের দিন ইসলাম গ্রহণকারী সাহাবীবৃন্দ। যেমন : আবূ সুফিয়ান, হাকিম ইব্‌ন হিযাম প্রমূখ।**(বার)** শিশু-কিশোর সাহাবীগণ, যাঁরা মক্কা বিজয় ও বিদায় হজ্জে স্ব-চক্ষে রাসূলুল্লাহ (সা.) কে দেখেছেন। যেমন : হাসান ও হুসাইন ইব্‌ন 'আলী, আস-সাইব ইব্‌ন ইয়াযীদ, 'আবদুল্লাহ ইব্‌ন যুবাইর (রা.) প্রমূখ। দ্র.- ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ৩৫৫-৩৫৬; আস্‌-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ১৬০-১৬১। মূল 'আরবী :

"الأول : السابقون بالإسلام ممن آمنَ بمكةَ، كالعشرة المبشرة بالجنةِ، و خديجةَ و بلال.

الثانية : أصحاب دار الندوة الذين أسلموا بعدَ إسلامِ عمرَ (ﷺ).

الثالثة :من هاجرَ إلي الحبشةِ في السنةِ الخامسةِ من البعثةِ، و كانوا إحدَ عشَر رجلاً و أربع نسوةً،....

الرابعة : أهل العقبة الأولي، و فيهم إثنا عشر من الأنصارِ، و منهم جابر بن عبد اللهِ، و عقبة بن عامرٍ، و عبادة بن الصامت.

الخامسة : أهل العقبة الثانية الذين أسلموا بعد عام العقبة الأولي، وكانوا سبعين من الأنصار و معهم امرأتان.

السادسة : المهاجرون الذين وصلوا إلي المدينة و النبيﷺ في قُباء أن يدخل المدينة .

السابعة : أهل بدر .

الثامنة : من هاجر بين بدرٍ و الحديبيةً.

التاسعة : الذين بايعوا تحت الشجرة بحُدَيبية بيعة الرضوان.

العاشرة : المهاجرون قبل فتح مكة و بعد الحديبية، و منهم خالد ابنِ الوليد.

الحادية عشرة : الذين أسلموا في فتحِ مكةً. و هم يزيدون عن الألف، و منهم أبو سفيان بن حربٍ، و حكيمِ بنِ حزام.

الثانية عشرة : الصبيان الذين رأوا النبي ﷺ يوم الفتح و حجة الوداع، منهم الحسن و الحسين ابنا عليٍّ."

[২২৩] হাদীছ বর্ণনার ক্ষেত্রে সাহাবীগণের পরেই দ্বিতীয় স্তরের রাবী হলেন তাবে'ঈগণ। আর "তাবে'ঈ হচ্ছেন তাঁরাই, যাঁরা ঈমান সহকারে রাসূলুল্লাহ (সা.)-এর সাহাবীর সাথে সাক্ষাত লাভ করেছেন এবং ইসলামের উপর মৃত্যুবরণ করেছেন।" দ্র.- ইব্‌ন হাজার 'আসকালানী : নুযহাতুন নাযার ফী তাওদীহে নুখবাতিল ফিক্‌র, ('আরবী), প্রাগুক্ত, পৃ.

জন্ম-মৃত্যু এবং তাঁদের বাসস্থানের সার্বিক অবস্থা অবগত না হয়ে হাদীছ সংকলন করি নাই।

সাহাবী ও তাবে'ঈনদের থেকে বর্ণিত মাওকূফ[২২৪] হাদীছও (তাঁদের সার্বিক অবস্থা না জেনে) লিপিবদ্ধ করি নাই। মূলতঃ এই পদ্ধতিগুলো ছিল ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ গ্রহণের মূলনীতি। যা তিনি কিতাবুল্লাহ ও সুন্নাতে রাসূলুল্লাহ (সা.)-এর আলোকে সংরক্ষণ করেছেন।"[২২৫]

৮৪-৮৫; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২৫-২৬; ড. মাহ্‌মূদ আত্-তাহ্‌হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২০১; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন : আল-হিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, প. ১৬২। মূল 'আরবী :

"هُوَ مَنْ لَقِيَ صَحَابِيًا مُسْلِمًا وَمَاتَ عَلَى الإِسْلَامِ، وَ قِيْلَ : هُوَ مَنْ صَحِبَ الصَّحَابِيَ."

[২২৪] মাওকূফ (الموقوف) : যে হাদীছের সনদ কোন সাহাবী পর্যন্ত পৌছেছে, অর্থাৎ যে হাদীছ সাহাবীগণের কথা, কাজ ও মৌন সম্মতি সন্নিবেশিত হয়েছে, তাকে মাওকূফ হাদীছ বলা হয়। হাদীছের সনদ মুত্তাসিল হোক অথবা না হোক।

দ্র.- আস্-শায়খ মুহাম্মদ জামাল উদ্দিন আল-কা'সেমী : কাওয়া'ইদুত তাহদীছ মিন ফুনূনি মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১১৩; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২২০; ড. মাহ্‌মূদ আত্-তাহ্‌হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১২৯; ড. সুবহী সা'লিহ : 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ. ২০৮; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২৫০। মূল 'আরবী :

"الموقوفُ : هُوَ المرويُّ عن الصحابةِ قولاً لهم، او فعلاً أو تقريراً، متصلاً إسنادُه إليهم أو منقطعًا."

[২২৫] ইব্‌ন হাজার 'আস্‌কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, নতুন সং, প্রাগুক্ত, পৃ. ৬৭৩-৬৭৪; আবুল 'আব্বাস আহ্‌মদ ইব্‌ন মুহাম্মদ আল-কাসতালানী : ইরশাদুস্-সারী লি-শারহই সহীহিল বুখারী, প্রাগুক্ত, পৃ. ৩৩; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন, আল-ক্যান্নাওজী . আল-হিত্তাহ ফী যিকরিস্ সিহাহ আস-সিত্তাহ, প্রাগুক্ত, পৃ. ৪৩৩; 'আবদুল ওয়াহ্‌হাব ইব্‌ন তাকী উদ্দীন আস্-সুবকী : তাবাকাতুশ শাফি'ইয়্যাতুল কুবরা, খ.১ম, ১ম সং, (মিসর : আল-মাতবা'আতুল হুসায়নিয়্যাহ, ১৩১৪ হি.), পৃ. ৬; মাওঃ মুহাম্মদ 'আবদুস সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী (উর্দু), প্রাগুক্ত, পৃ. ৪৮। মূল 'আরবী :

"وقال سليمُ بن مُجاهد قال لي محمدُ بن إسماعيل : لا أجيء بحديثٍ عَنِ الصحابةِ والتابعين إلا عرفتُ مولدَهم أكثرَهم و وفاتَهم و مساكنَهم ولستُ أروي حديثًا مِنْ حَدِيْثِ الصحابةِ و التابعين

✡ আল-মু'আন'আন (الْمُعَنْعَنُ) হাদীছ

মুহাদ্দিছ ও হাদীছ গবেষকদের নিকট হাদীছ গ্রহণ ও সংকলনে মু'আন'আন (الْمُعَنْعَنُ) হাদীছের গুরুত্ব অপরিসীম। ইমাম বুখারী ও 'আলী ইব্‌নুল মাদানী (রহ.) (১৬১-২৩৪/৭৭৮-৮৪৯)সহ প্রমূখ মুহাদ্দিছগণের মতে "মু'আন'আন" হাদীছের ক্ষেত্রে হাদীছ বর্ণনাকারী (الرَّاوِيُ) এবং যার নিকট বর্ণনা করা হয়েছে (الْمَرْوِيُّ عَنْهُ) এ দু'জনের মধ্যে কমপক্ষে একবার হলেও সাক্ষাত হওয়ার শর্তারোপ করেছেন।[২২৬] 'আস-সিহাহুস সিত্তাহ' গ্রন্থসমূহের মধ্যে ইমাম বুখারী (রহ.) ব্যতীত অন্য কোন হাদীছ বিশারদ সহীহ্ হাদীছ গ্রহণ ও সংকলনে এমন শর্তারোপ করেন নি। এ দৃষ্টিকোন থেকে অধিকাংশ 'আলিম 'আস-সিহাহুস সিত্তাহ' গ্রন্থসমূহের মধ্যে ইমাম বুখারী (রহ.)-এর প্রণিত "সহীহুল বুখারী' কে অগ্রাধিকার প্রদান করে থাকেন।

তৃতীয় পরিচ্ছেদ :

✡ হাদীছ বর্ণনাকারীগণের স্তর বিন্যাসে ইমাম বুখারী (রহ.)

প্রখ্যাত মুহাদ্দিছগণ অনেক গবেষণা চালিয়ে হাদীছ বর্ণনাকারীদের গুণগত দিক থেকে পরীক্ষা-নিরীক্ষা, যাচাই-বাছাই এবং যথার্থ বিশ্লেষণ পূর্বক কঠোর নীতি অবলম্বন করে তাঁদের পাঁচ শ্রেণীতে বিভক্ত করেছেন। সহীহ্ হাদীছ গ্রহণের ক্ষেত্রে পদ্ধতিগুলো খুবই গুরুত্বপূর্ণ। প্রতিটি স্তরের জন্য ভিন্ন ভিন্ন দৃষ্টি পরিলক্ষিত হয় এবং এর মধ্যে রয়েছে বিরাট ব্যবধান। যাঁরা

يعني مِنَ الموقوفاتِ إلا وله أحفظُ ذالكَ عَنْ كتابِ اللهِ و سنةِ رسولِه."

[২২৬] হাদীছ শ্রবণ ও বর্ণনার শব্দাবলী (যেমন : سَمِعْتُ، حَدَّثَنِيْ، أَخْبَرَنِيْ ইত্যাদি) উল্লেখ না করে (فُلَانٌ عَنْ فُلَانٍ) (অমুক থেকে অমুক বর্ণনা করেছেন) বলে হাদীছ রিওয়ায়াত করাকে আল-মু'আন'আন (الْمُعَنْعَنُ) বলা হয়। দ্র.- ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু, প্রাগুক্ত, পৃ. ২৮৪; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ২৩৫; জামাল উদ্দীন আল-কা'সেমী : কাওয়া'ইদুত তাহ্‌দীছ, প্রাগুক্ত, পৃ. ১২৭।

প্রথম সারিতে অবস্থান করেছেন, তাঁদের বর্ণিত হাদীছ বিশুদ্ধতায় সর্বশীর্ষে গণ্য। ইমাম যুহরী (রহ.)[২২৭]-এর ছাত্রদের এই স্তরগুলো যদিও সকলের গ্রহণযোগ্য; কিন্তু গুণাবলীর তারতম্যের কারণে তাঁদের মাঝে বিভিন্ন স্তরের সৃষ্টি হয়েছে। বর্ণনাকারীদের পাঁচটি স্তর হলো :

প্রথম শ্রেণী : যাঁদের হাদীছ সংরক্ষণ ক্ষমতা অত্যাধিক এবং আপন

---

[২২৭] ইমাম যুহরী : তাঁর নাম মুহাম্মদ, উপনাম আবূ বকর, পিতা : মুসলিম। দাদার নাম : শিহাব। তাই তাঁকে ইব্ন শিহাব বলা হয়ে থাকে। পূর্ণ নাম : আবূ বকর মুহাম্মদ ইব্ন মুসলিম ইব্ন 'উবায়দুল্লাহ ইব্ন 'আবদুল্লাহ ইব্ন শিহাব ইব্ন 'আবদুল্লাহ ইব্নুল হারিস ইব্ন যুহরা আল-কুরাশী আয্-যুহরী। তিনি ৫০/৬৭০ সালে জন্মগ্রহণ করেন এবং রাসূলুল্লাহ (সা.)-এর অনেক সাহাবীর সাক্ষাত লাভের সৌভাগ্য লাভ করেন। তিনি হযরত আনাস ইব্ন মালিক, সহল ইব্ন সা'দ, সা'ঈদ ইব্ন ইয়াযীদ, শু'আইব আবূ জামীলা, 'আবদুর রহমান ইব্ন সা'দ, রবী'আত ইব্ন 'আতাদ, মাহ্মূদ ইব্ন রবী' ও আবূ তোফা'ঈল (রা.) প্রমূখ সাহাবী থেকে হাদীছ বর্ণনা করেছেন। অপরদিকে অনেক তাবে'ঈ তাঁর নিকট হতে হাদীছ বর্ণনা করেছেন। তাঁর স্মৃতিশক্তি ছিল অত্যন্ত প্রখর। মাত্র ৮০দিনে কুরআন হিফ্য করেন। তিনি নিজেই নিজের স্মরণশক্তি সম্পর্কে বলেন, " ما إستودعتُ حِفْظِي شَيْئًا فخانَنِي" কোন কিছু মুখস্থ করার পর আমি তা কখনও ভুলে যাই নি। ইমাম শাফি'ঈ (রহ.) (১৫০/৭৬৭-২০৪/৮১৯) বলেন, (لَوْ لاَ الزُّهْرِي لَذَهَبَ السُّنَنُ مِنَ الْمَدِيْنَةِ) ইমাম যুহরী না হলে মদীনায় হাদীছসমূহ নিঃসন্দেহে বিলীন হয়ে যেতো। মূলতঃ তিনি 'ইলমুল হাদীছের একজন সুবিখ্যাত মুহাদ্দিছ ও অবিসংবাদিত অপ্রতিদ্বন্দ্বী ইমাম ছিলেন। 'উমর ইব্ন 'আবদুল 'আযীয (রহ.) (৬১-১০১ হি.)-এর নির্দেশে তিনি প্রথম হাদীছের গ্রন্থ সংকলন করেন। তাঁর সংগৃহীত হাদীছের সংখ্যা দু'হাজার দশ। এ প্রখ্যাত মনীষী ১২৪/৭৪৩ সনে সিরিয়ায় 'শাগবাদ' নামক গ্রামে ইন্তিকাল করেন।

দ্র.- ইব্ন খাল্লিকান : ওয়াফায়াতুল আ'ইয়ান, খ.১ম, (বৈরূত : দারু-সাকাফা, ১৯৬৮), পৃ. ১০৮; মাওলানা মুহাম্মদ 'আবদুর রহীম : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৩০৪-৩০৫; 'আইনুল-বারী 'আলীয়াভী : হাদীছের সংরক্ষণ যুগে যুগে, ১ম সং, (কলকাতা : কাওমী প্রেস, ১৯৯৪), পৃ. ৩৭-৩৯; ড. শামীম আরা চৌধুরী : হাদীছ বিজ্ঞান, প্রাগুক্ত, পৃ. ১৬০-১৬১; আল-ইমামুল হা'কেম আবী 'আবদিল্লাহ মুহাম্মদ ইব্ন 'আবদিল্লাহ আল হাফেয আন্-নাইসাপূরী : কিতাবু মা'রিফাতু 'উলূমিল হাদীছ, ২য় সং, (বৈরূত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ, ১৩৯৭/১৯৭৭), পৃ. মুকাদ্দমা (ي); ড. এ.এইচ এম. ইয়াহ্ইয়ার রহমান : মাওয়ালী এবং ইসলামী 'উলূমে তাঁদের অবদান, (ঢাকা : ই.ফা.বা, ১৪১২/১৯৯২), পৃ.৫৩-৫৪।

শায়খের[২২৮] সাথে সম্পর্ক ঘনিষ্টতর ছিল। এ স্তরে মুহাদ্দিছগণ হাদীছ বর্ণনাকারীর ব্যাপারে অনুসন্ধান চালিয়ে নিশ্চিত হন যে, তাঁরা হিফ্য (حِفْظٌ) ধীশক্তি সম্পন্ন, ইতকান (اِتْقَان) বা নিখুঁত, যাবৃত (ضَبْطٌ)[২২৯] ও

---

[২২৮] শায়খ (شَيْخٌ)-এর বহুবচনে 'শুয়ূখ' (شُيُوْخٌ) অর্থ : উস্তাদ, সম্মানিত ব্যক্তি, বয়োবৃদ্ধ ইত্যাদি। 'উলূমুল হাদীছ-এর পারিভাষায় : প্রখ্যাত হাদীছ বিশারদ ও 'ইলমে হাদীছ শিক্ষাদাতা রাবীকে তাঁর শাগরিদের তুলনায় 'শায়খ' বলা হয়। দ্র.- মাওঃ আব নো'মান মুহাম্মদ নূরুর রহমান কা'সেমী, দরবেশপূরী, ফাজিলে দেওবন্দ : মুহাদ্দেছীনে দেওবন্দের বক্তব্যের আলোকে মুকাদ্দমায়ে মুসলিম শরীফের বাংলা ব্যাখ্যা, (ঢাকা : ভূঁইয়া প্রকাশনী, ১৪০৯/১৯৮৮), পৃ.৩; মাওঃ নূর মুহাম্মদ 'আজমী : হাদীছের তত্ত্ব ও ইতিহাস, ৪র্থ সং, (ঢাকা : এমদাদিয়া লাইব্রেরী ১৯৯২ খ্রি.), পৃ.৪; 'আবদুল গাফ্ফার হাসান নদভী, অনুঃ মুহাম্মদ মূসা : এন্তেখাবে হাদীছ, ৭ম সং, (ঢাকা : আল-হেরা প্রকাশনী, ১৯৯৭ ইং), পৃ.১৬।

[২২৯] 'যাবৃত (ضَبْطٌ) বহুবচনে 'যুবূত' (ضُبُوْطٌ) অর্থ : সংরক্ষণ করা, আটক রাখা, নিয়ন্ত্রণ রাখা, দখল রাখা ইত্যাদি। পরিভাষায় : যে শক্তি দ্বারা মানুষ শ্রুত বা লিখিত বিষয়কে বিস্মৃতি ও বিনাশ হতে রক্ষা করতে পারে এবং যখন ইচ্ছা তখন উহা হুবহু সঠিকভাবে স্মরণ করতে পারে তাকে 'যবত' বলে। উহা দু'প্রকার যব্তুস সদর (ضَبْطُ الصَّدْرِ) ও 'যবতুল কিতাব' (ضَبْطُ الْكِتَابِ)। যবতুস্ সদর হলো : উস্তাদ হতে যা শুনেছে, তা হুবহু শব্দাবলীসহ স্মৃতিতে স্মরণ রাখা। আর যবতুল কিতাব হলো : যে পাণ্ডুলিপিতে উস্তাদের কথা (শব্দাবলী) লিপিবদ্ধ করা এবং তা বর্ণনা করা পর্যন্ত অবিকল স্মরণ রাখা।

দ্র.- ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, ৫ম সং, প্রাগুক্ত, পৃ. ১১৩; 'আল্লামা শিব্বীর আহ্মেদ 'উছমানী : ফাতহুল মুলহিম, খ.১ম, ২য় সং, (করাচী : ইদারাতুল-ওয়া 'উলূমুল-ইসলামিয়্যাহ, তা, বি), পৃ.১৫; ড. মাহ্মূদ আত্-তাহ্হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১৪৫; ড. মুহাম্মদ জামাল উদ্দীন : ই.ফা.বা, ৪৩ বর্ষ, ১ম সং (ঢাকা : জুলাই-সেমেপ্টম্বর' ২০০৩), পৃ.২৯। মূল 'আরবী :

"اَلْمُرَادُ مِنَ الضَّبْطِ : " قُوَّةُ الْحَافِظَةِ، اَلْوَعْيُ الدَّقِيْقِ، وَ حُسْنُ الإِدْرَاكِ فِيْ تَصْرِيْفِ الأُمُوْرِ، وَ الثَّبَاتُ عَلَي الْحِفْظِ، وَ صِيَانَةُ مَا كَتَبَ مُنْذُ التَّحَمُّلِ وَ السَّمَاعِ إِلَي حِيْنَ التَّبْلِيْغِ وَ الأَدَاءِ،

كَانَ الضَّبْطُ عَلَي نَوْعَيْنِ :

(أ) ضَبْطُ الصَّدْرِ : أن يَحْفَظَ الرَّاوِيْ مَا سَمِعَهُ حِفْظًا يُمَكِّنُهُ مِنْ إِسْتِحْضَارِهِ مَتَي شَاءَ،

(ب) وَأَمَّا ضَبْطُ الْكِتَابِ : فَهُوَ أن يَصُوْنَ كِتَابَه الَّذِي كَتَبَ، مُنْذُ سَمِعَ فِيْهِ وَصَحَّحَهُ إِلَي أَنْ يُؤَدِّيَ مِنْهُ، وَلاَ يَدْفَعُهُ إِلَي مَنْ لاَ يَصُوْنَه وَيُمْكِن أن يُغَيِّرَ فِيْهِ أَوْ يُبَدِّل."

আদালাতের (عَدَالَةٌ)[২৩০]-এর গুণে গুণান্বিত এবং দীর্ঘকাল ব্যাপী শায়খ-এর সাহচর্য লাভে সৌভাগ্য হয়েছে। আর মূল রাবী[২৩১] থেকে হাদীছ

---

[২৩০] 'আদালাত (عَدَالَةٌ) অর্থ : ন্যায়পরায়নাতা, যথার্থতা, সত্যতা ইত্যাদি। পরিভাষায় : 'আদালাত সেই সুদৃঢ় শক্তির নাম, যার মাধ্যমে মানুষ দ্বীন ইসলামের উপর পূর্ণাঙ্গ অটল ও অবিচল থেকে তাকওয়া, আখলাক ও মুরুওয়াত আবলম্বন করতে এবং অন্যায় ও মিথ্যা আচরণ হতে বিরত থাকতে উদ্বুদ্ধ করে। দ্র.- ড. সুবহী সালিহ ঃ 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ.১২৯; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১১১। মূল 'আরবী :

"وَيَعْنُونَ بِعَدَالَةِ الرَّاوِي اِسْتِقَامَتَهُ التَّامَّةَ فِي شُؤُوْنِ الدِّيْنِ، وَ سَلَامَتَهُ مِنَ الْفِسْقِ كُلِّهِ، وَ سَلَامَتَهُ مِنْ خَوَارِمِ الْمُرُوْءَةِ."

উল্লেখ্য যে, 'তাকওয়া' দ্বারা এখানে শিরক, বিদ'আত ও ফিস্‌ক প্রভৃতি কবীরা গুনাহ, পিতা-মাতার অবাধ্যতা এবং পুনঃ পুনঃ সগীরা গুনাহ হতে বেঁচে থাকাবে বুঝানো হয়েছে। আর 'মুরুওয়াত' বলতে এমন অশোভন ও অভদ্রোচিত কাজ (যদিও তা মুবাহ বা বৈধ) যেমন, হাটে-বাজারে প্রকাশ্যে পানাহার করা, রাস্তার পাশে প্রস্রাব করা, উচ্চস্বরে ডাকা-ডাকি করা, হাঁটতে হাঁটতে কিছু খাওয়া ইত্যাদি থেকে বিরত থাকা। এরূপ কার্যে লিপ্ত ব্যক্তির বর্ণিত হাদীছ সহীহ্ নয়। দ্র.- ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১১১; 'আল্লামা শিব্বীর আহমদ 'উছমানী : ফাতহুল মুলহিম, খ.১ম, প্রাগুক্ত., পৃ.১৪-১৫; ড. মুহাম্মদ জামাল উদ্দীন : রিজাল শাস্ত্র ও জাল হাদীছের ইতিকথা, প্রাগুক্ত, পৃ.৪৬। মূল 'আরবী :

"تَعْتَبِرُ التَّقْوَى : بِاجْتِنَابِ الْكَبَائِرِ : كَالشِّرْكِ بِاللهِ، وَ عُقُوْقِ الْوَالِدَيْنِ، وَ شَهَادَةِ الزُّوْرِ، وَ بِعَدَمِ الْإِصْرَارِ عَلَى الصَّغَائِرِ وَ هِيَ صِغَارُ الذُّنُوْبِ وَ الْمُخَالَفَاتِ ..."

[২৩১] রাবী (رَاوِي) শব্দটি এক বচন। বহুবচনে 'রুওয়াত' (رُوَاةٌ)। অর্থ : বর্ণনাকাবী, বিবরণদাতা বিবৃতিদাতা ইত্যাদি। পরিভাষায় : যিনি (সনদ সহকারে) হাদীছ বর্ণনা করেন তাঁকে রাবী বলা হয়। তিনি পুরুষ অথবা নারী যেই হন না কেন। আমরা মাধ্যম ব্যতীত সরাসরি রাসূলুল্লাহ (সা.) থেকে হাদীছ পাইনি। তাই 'ইলমুল হাদীছে রাবী-এর গুরুত্ব অপরিসীম। হাদীছের বিশুদ্ধতা নিরূপনের লক্ষ্যে মুহাদ্দিছগণ রাবীদের জন্য ৮টি পদ্ধতি অবলম্বন করেছেন। সুতরাং কেউ যদি হাদীছ রিওয়াত করার পদ্ধতি অনুযায়ী হাদীছ বর্ণনা না করেন অথবা রাসূলুল্লাহ (সা.), সাহাবী কিংবা তাবি'ঈ ছাড়া অন্য কারও থেকে হাদীছ বর্ণনা করেন, তাকে ('ইলমে হাদীছের পরিভাষায়) রাবী বলা যাবে না। পদ্ধতিগুলো হলো : (এক) আস্-সিমা' (السَّمَاعُ) : শিক্ষক হাদীছ পড়বেন অথবা মুখস্থ বলবেন আর শিষ্য তা

শুনবেন, একেই আস্-সিমা' বলা হয়। এ পদ্ধতিকে আবার السَّمَاعُ مِنْ لَفْظِ الشَّيْخِ বলা হয়ে থাকে। (দুই) আল-কিরা'আহ (الْقِرَاءَةُ) : ছাত্র উস্তাদের রিওয়াতকৃত হাদীছ উস্তাদকে শুনাবেন। (তিন) আল-ইজাযাহ (الْإِجَازَةُ) : উস্তাদ ছাত্রকে তাঁর নিকট থেকে শ্রুত বিষয় অথবা রচিত কোন রিওয়ায়েত করার অনুমতি প্রদান করাকে 'ইজাযাহ' বলা হয়। (চার) আল্-মুনাওয়ালা (الْمُنَاوَلَةُ) : উস্তাদ তাঁর রিওয়ায়াতকৃত হাদীছের গ্রন্থ কাউকে এই বলে প্রদান করবেন যে, এ গুলো আমার রিওয়ায়াতকৃত হাদীছ। উত্তম মুনাওয়ালা তাকে বলা হয়, যার সাথে (হাদীছ রিওয়ায়াত কারার) অনুমতিও থাকে। (পাঁচ) আল-কিতাবাহ (الْكِتَابَةُ) : কোন উপস্থিত বা অনুপস্থিত ব্যক্তিকে শায়খ তাঁর রিওয়ায়াতকৃত হাদীছ লিখে কিংবা লিখায়ে দান করবেন। শায়খ যদি হাদীছ বর্ণনা করার লিখিত অনুমতি প্রদান করেন তাকে "ইজাযাহ বিল-মুকাতাবাহ" বা লিখিত অনুমতি বলে। এ ধরনের অনুমতি অধিকাংশ মুতা-আখ্খিরীন মুহাদ্দিছ রচনাবলীতে দেখা যায়। পক্ষান্তরে মুতাকাদ্দিমীন মুহাদ্দিছদের মতে একে 'আল-কিতাবাহ' গণ্য করা যায় না। তাঁদের মতে আল-কিতাবাহ হলো শায়খ অনুমতি সহকারে হাদীছ রিওয়ায়াত করতে আগ্রহী ব্যক্তির নিকট হাদীছ লিখে পাঠাবেন। (ছয়) আল-'ইলাম (الْإِعْلَامُ) : শায়খ কাউকে এ কথা বলে দিবেন যে, এটা আমার রিওয়ায়াত, কিন্তু সুস্পষ্টভাবে এতে হাদীছ রিওয়ায়াত করার অনুমতি উল্লেখ করা হয় না। উসূলবীদগণ এ পদ্ধতির মাধ্যমে হাদীছ রিওয়ায়াত করাকে অবৈধ মনে করলেও অধিকাংশ মুহাদ্দিছদের মতে এরূপ পদ্ধতিতেও হাদীছ রিওয়ায়াত করা বৈধ। কারণ এতে সুস্পষ্টভাবে অনুমতি উল্লেখ করা না হলেও এর দ্বারা হাদীছ রিওয়ায়াত করার সম্মতি প্রদান বুঝায়। (সাত) আল-ওয়াসিয়্যাত (الْوَصِيَّةُ) : কোন মুহাদ্দিছ-এর মৃত্যুকালে বা সফরে যাওয়ার সময় এরূপ ওয়াসিয়্যাত করে যাওয়া যে, অমুককে আমার রিওয়ায়াকৃত হাদীছসমূহ বর্ণনা করার অনুমতি দেয়া হলো। হাদীছ বর্ণনা করার ক্ষেত্রে ওয়াসিয়্যাত একটি দুর্বল পদ্ধতি। (আট) আল-ওজাদাহ্ (الْوِجَادَةُ) : কোন হাদীছ অন্বেষণকারীর নিকট যদি এমন কোন হাদীছের পাণ্ডুলিপি হস্তগত হয়, যার সংকলন বা রচয়িতা চিনা-জানা বা পরিচিত মুহাদ্দিছ হন, তখন হাদীছের উক্ত পাণ্ডুলিপিকে 'ওজাদাহ্' বলা হয়। উক্ত মুহাদ্দিছ হতে অনুমতি না পাওয়া পর্যন্ত "أَخْبَرَنِيْ فُلَانٌ" (অমুক আমাকের খবর দিয়েছে)-বলে হাদীছ রিওয়ায়াত করা জায়িয নেই। তবে - "وَجَدْتُ خَطَّ فُلَانٍ" (অমুকের পত্রের মারফত আমি পেয়েছি)-বলে রিওয়ায়াত করতে পারবে। উল্লেখ্য যে, মুহাদ্দিছগণের ঐক্যমতে এটি হাদীছ বর্ণনা করার সর্বনিম্ন পদ্ধতি।

দ্র.- ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.৩৪৪-৩৫৩; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব : উসূলুল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১৫১-১৬০; আস্-শায়খ মুহাম্মদ জামাল উদ্দিন আল-কা'সেমী : কাওয়া'ইদুত তাহদীছ, প্রাগুক্ত, পৃ.২১১-

রাবীদের স্তর বিন্যাস

বর্ণনার ক্ষেত্রে রাবীগণের স্তর[২৩২] পরিচিতি এবং তাঁদের বর্ণিত হাদীছের স্ত

২১২; আস্-সাইয়্যেদ সিদ্দীক হাসান খাঁন, : আল-হিত্তাহ, ১ম সং, প্রাগুক্ত, পৃ.২৩৭-২৪১; 'আল্লামা শিব্বীর আহ্মদ 'উছমানী : ফাতহুল মুলহিম, খ.১ম, মুক্বাদ্দামা, প্রাগুক্ত, পৃ.৭৫-৭৮; ড. মাহমূদ আত্-তাহ্হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.১৫৭-১৬৪।

[২৩২] হাদীছের রাবীগণের স্তর বলতে সাহাবী, তাবি'ঈ ও তাবি-তাবি'ঈদেরকে বুঝায়। প্রখ্যাত মুহাদ্দিছ ইব্ন হাজার 'আস্কালানী (রহ.) (৭৭৩/১৩৬৯-৮২৫/১৪৪৮) রাবীগণকে সিহাহ্ সিত্তার গ্রন্থাকারগণ পর্যন্ত মোট ১২টি স্তরে বিভক্ত করেছেন। স্তরগুলো হলো : (এক) সাহাবায়ে কেরাম। (দুই) প্রবীণ ও প্রখ্যাত তাবি'ঈগণ। (যেমন : সা'ঈদ ইবনুল মুসাইয়্যিব (রহ.) (মৃ.৯৪/৭১৩)। (তিন) মধ্যম পর্যায়ের তাবি'ঈগণ। যেমন : হাসান বসরী (মৃ.১১০-৭২৮), মুহাম্মদ ইব্ন সিরীন (রহ.) (মৃ.১১০/৭২৮) প্রমুখ। (চার) ঐ সকল তাবি'ঈ যাঁরা অধিকাংশ প্রবীণ তাবে'ঈদের নিকট হতে হাদীছ রিওয়ায়াত করেছেন। যেমন : কাতাদাহ্ (মৃ.১১৭ হি.), ইমাম যুহরী (৫০/৬৭০-১২৪/৭৪৩) যিনি সাহাবা ও বড় বড় তাবি'ঈ থেকে হাদীছ বর্ণনা করেছেন। তিনি ইমাম বুখারী (রহ.)-এর উস্তাদ ও তাঁর অন্যান্য মুহাদ্দিছীনদের উস্তাদেরও উস্তাদ ছিলেন। (পাঁচ) সে সব তাবি'ঈ যাঁরা দু'একজন সাহাবীকে দেখেছেন, কিন্তু তাঁদের নিকট থেকে হাদীছ শ্রবণ করেছেন বলে প্রমাণ নেই। যেমন : ইমাম আবূ হানিফা (৮০/৭০০-১৫০/৭৬৭), আ'মাশ (রহ.) (মৃ. ১৪৮/৭৬৫) প্রমূখ। (ছয়) তাবে'ঈদের সমসাময়িক তাবি' তাবি'ঈগণ (যারা সাহাবীগণের সাক্ষাৎ পান নি), যেমন : ইব্ন জুরায়্যীজ (রহ.) (মৃ.১৬৭/৭৭৭)। (সাত) প্রবীণ তাবি'-তাবি'ঈগণ। যেমন : ইমাম মা'লিক (৯৩/৭১১-১৭৯/৭৯৭), ইমাম সুফিয়ান ছাওরী (রহ.) (৯৭/৭১৫-১৬১/৭৭৮) প্রমূখ। (আট) মধ্যম পর্যায়ের তাবি'-তাবি'ঈগণ। যেমন : ইব্ন 'উয়াইনাহ (১০৭/৭২৪-১৯৮/৮১৫), ইব্ন 'উলাইয়্যাহ (রহ.) (মৃ.১৯৩/৮১০) প্রমূখ। (নয়) কনিষ্ঠ্য তাবি'-তাবি'ঈগণ। যেমন : ইমাম শাফি'ঈ (১৫০-২০৪ হি.), আবূ দাউদ আত্-তায়ালুসী (রহ.), (মৃ.২০৪/৮১১) প্রমূখ। (দশ) তাবি'-তাবি'ঈগণের মধ্যে প্রবীণ ও শীর্ষ পর্যায়ের। যেমন : ইমাম আহ্মদ ইব্ন হাম্বল (রহ.) (১৬৪-২৪১ হি.)। (এগার) তাবি'-তাবি'ঈগণের মধ্যে যাঁরা মধ্যম পর্যয়ের। যেমন : ইমাম বুখারী (রহ.) (১৯৪/৮০৯-২৫৬/৮৬৯)। (বার) তাবি'-তাবি'ঈগণের মধ্যে শেষ পর্যায়ের মুহাদ্দিছগণ। যেমন : ইমাম তিরমিযী (২০৯/৮২৪-২৭৯/৮৯৩), ইমাম নাসা'ঈ (রহ.) (২১৫/৮৩০-৩০২/৯১৪) প্রমূখ।
উল্লেখ্য যে, প্রথম ও দ্বিতীয় স্তরের রাবীদের সময়কাল হিজরী প্রথম শতকের শেষ পর্যন্ত, তৃতীয় স্তর হতে অষ্টম স্তরের রাবীদের সময়কাল হিজরী দ্বিতীয় শতকের শেষ পর্যন্ত এবং নবম স্তর হতে দ্বাদশ স্তরের রাবীদের সময়কাল হিজরী তৃতীয় শতকের শেষ পর্যন্ত। দ্র.- ইবনে হাজার 'আসকালানী : তাকরীবুত তাহ্যীব, খ.১ম, (বৈরূত : দারুল মা'আরিফা, ১৯৭৫ খ্রি.), পৃ.৪-৫; ড. সুবহী সা'লিহ 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত,

রভেদ সম্বন্ধে অবগত থাকতে হবে।
এ স্তরে উল্লেখযোগ্য বর্ণনাকারী হলেন, মা'লেক ইব্ন আনাস (৯৩-১৭৯ হি.) 'উকায়িল ইব্ন খা'লিদ, সুফিয়ান ইব্ন 'উয়াইনাহ (১০৭/৭২৪-১৯৮/৮১৫), ইউনুস ইব্ন বুকাইর ১৯৯/৮১৬ শু'আইব ইব্ন আবী হামযা (রহ.) প্রমূখ।

দ্বিতীয় শ্রেণী : যাঁদের হাদীছ সংরক্ষণ ক্ষমতা অত্যাধিক বটে, কিন্তু শায়খের সাথে সম্পর্ক ঘনিষ্টতর নয়। এ স্তরে যাঁরা পড়েন, তাঁদের হাদীছ রিওয়ায়াতের[২৩৩] ক্ষেত্রে হিফ্য, ইতকান, যব্ত ও 'আদালাতের ব্যাপারে

পৃ.৩৫০-৩৫১; আল-ইমামুল হা'কেম আবী 'আবদিল্লাহ মুহাম্মদ ইব্ন 'আবদিল্লাহ আল-হাফেয আন্-নাইসাপূরী : কিতাবু মা'রিফাতি 'উলূমিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.২২-২৩; ড. মুহাম্মদ আদীব সা'লিহ : লামহাতু ফী উসূলিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ৭৬। মূল 'আরবী :

"وقد حاول ابن حَجَر العسقلاني أن يحصر طبقات الرواية منذ عصر الصحابة إلي آخر عصر الرواية فوصف التي عشرة طبقة ليس فيها إلي من كانت له رواية في الكتب الستة

الأول : الصحابة علي اختلاف مراتبهم.

الثانية : طبقة كبار التابعين كسعيد بن المسيب

الثالثة : الطبقة الوسطي من التابعين كالحسن و ابن سيرين.

الرابعة : طبقة أخري تلي الوسطي أكثر مروياتهم من التابعين كالزهري و قتادة.

الخامسة : الطبقة لصغري من التابعين الذين لم يثبت لبعضهم السماع من الصحابة كالأعمش

السادسة : طبقة حضروا مع الخامسة ولم يثبت لهم لقاء أحد من الصحابة، كابن جُرَيْج

السابعة : طبقة كبار أتباع التابعين، كمالك بن أنس وسفيان الثوري.

الثامنة : الوسطي من أتباع التابعين كابن عُيَيْنة وابن عُلَيّة

التاسعة : الطبقة الصغري من أتباع التابعين كأبي داوود الطيالسي و الشافعي.

العاشرة : كبار الآخذين من أتباع الأتباع ممن لم يَلْقَ التابعين كأحمد بن حنبل.

الحادية عشرة : الطبقة الوسطي منهم كالذهلي والبخاري.

الثانية عشرة : صغار الآخذين من أتباع التابعين كالترمذي."

[২৩৩] রিওয়াত (رِوَايَة) এর বহুবচর (رِوَايَاتٌ), অর্থ কাহিনী (Story), ধারাবাহিক বিবরণ। পরিভাষায় : "হাদীছ রিওয়ায়াতের শব্দসমূহ দ্বারা হাদীছ ও সনদ বর্ণনা করাকে 'রিওয়ায়াত বলা হয়"। উল্লেখ্য যে, হাদীছ রিওয়ায়াতের শব্দসমূহ ৮টি স্তরে মুহাদ্দিছীনে কিরাম বিভক্ত করেছেন। স্তরগুলো হলো :
(এক) " سَمِعْتُ" (আমি শুনেছি) ও "حَدَّثَنِي " (তিনি আমাকে হাদীস বর্ণনা

করেছেন)। আর এই শব্দদ্বয় তখন বলবে যখন স্বয়ং শায়খ থেকে রিওয়ায়াতটি শুনবে। এই শব্দ দু'টির মধ্যে "حدثني" অপেক্ষা" سمعت" শব্দটি অধিক স্পষ্ট। "حدثني" বললে বর্ণনাকারী একজনকে বুঝাবে। আর حدثنا (বহুবচন দিয়ে) বললে বুঝাবে বর্ণনাকারীর সাথে অন্যান্যরাও শাইখ থেকে হাদীছ শুনেছেন। আবার কখনও রূপক হিসেবে বর্ণনাকারীর সম্মান প্রকাশার্থেও "حدثنا" শব্দ ব্যবহার করা হয়ে থাকে। আবার কখনও অনুমতির স্থলে حدثنا বলা হয়। তবে এতে তাদলীস বা অস্পষ্টতা থাকে।

(দুই) " قرأت " (আমি তাঁর সামনে পাঠ করেছি) ও " أخبرني " (তিনি আমাকে সংবাদ দিয়েছেন)। যখন শাইখ তাঁর রিওয়ায়াতকৃত কোন হাদীছ শিষ্যকে শুনান এই ক্ষেত্রে " أخبرنا " বহুবচন বলার অর্থ এই দাঁড়ায় যে, আমাদের একটি জামা'আতকে উক্ত দ হাদীছ শুনিয়েছেন। ফলে অন্যান্যদের সাথে আমিও তাঁর নিকট থেকে হাদীছটি শুনেছি।

(তিন) قرأ عليه و أنا أسمع অর্থাৎ তাঁর সামনে পাঠ করা হয়েছে তখন আমি শুনছিলাম।

(চার) أنبأني অর্থাৎ আমাকে তিনি সংবাদ দিয়েছেন।

(পাঁচ) ناولني : অর্থাৎ শাইখ নিজের মূল পাণ্ডুলিপি আমাকে প্রদান করেছেন।

(ছয়) شافهني بالإجازة অর্থাৎ শাইখ সরাসরি ও সামনা-সামনি আমাকে অনুমতি প্রদান করেছেন।

(সাত) كتب إلي بالإجازة অর্থাৎ শাইখ আমাকে লিখিত অনুমতি প্রদান করেছেন।

(আট) عن و غيرة অর্থাৎ অমুক হতে ইত্যাদি। তবে এই শব্দ দ্বারা শুনা বা নাশুনা এবং অনুমতি দেয়া সব কিছুরই সম্ভাবনা থাকে। যেমন : قال বলেছেন, ذكر উল্লেখ করেছে এবং روى রিওয়ায়াত করেছেন ইত্যাদি। কোন রাবী তাঁর সমসাময়িক পর্যায়ের শাইখ হতে "عن" শব্দযোগে হাদীছ রিওয়ায়াত করলে তা সিমা' (سماع) শ্রবণ পর্যায়ে গণ্য হবে। তবে শর্ত হলো রাবী মুদাল্লিস হতে পারবে না। আর সমসাময়িক না হলে তাঁর রিওয়ায়াত মুরসাল কিংবা মুনকাতি' হবে। আবার কারও কারও মতে "عن" শব্দযোগে সমসাময়িক রাবীর রিওয়ায়াত সিমা' (শ্রবণ) পর্যায়ে উন্নীত হতে হলে উভয়ের মধ্যে কমপক্ষে সারা জীবনে একবার সাক্ষাৎ প্রমাণিত হতে হবে। এটা 'আলী ইবনুল মাদীনী (র) ও ইমাম বুখারী (র)-এর অভিমত। কিন্তু ইমাম মুসলিম (রহ.) বলেন, যদি রাবী তাঁর শাইখের সমসাময়িক হন এবং তাঁদের উভয়ের মধ্যে সাক্ষাৎ হওয়ার সম্ভাবনা থাকে, যদিও সাক্ষাতের কোন প্রমাণ নাও পাওয়া যায়, আর তাঁদের একজনও যদি মুদাল্লিস না হন, তখন সেই রাবীর "عن" শব্দযোগে রিওয়ায়াত সিমা (سماع) অর্থাৎ শ্রবণের পর্যায়ে গণ্য হবে।

দ্র.- আহ্মদ ইব্ন 'আলী আল-খতীব আল-বাগদাদী : আল-কিফায়াতু ফী 'ইলমির রিওয়ায়াহ, (আল-হিন্দ : ১৩৫৭ হি.), পৃ.২৮৪-২৯২; ইবনুস সালাহ,'উছমান ইব্ন 'আবদির রহমান : কিতাবু 'উলূমুল হাদীছ, (মুকাদ্দামাতু ইবনিস সালাহ) (মিসর, সা'আদাহ প্রেস : ১৩২৬/১৯০৮), পৃ.৫২; ই.ফা.বা পত্রিকা, প্রাগুক্ত, পৃ.২৪-২৫।

প্রথম সারির রাবীগণের অংশীদার। তবে কর্তব্যনিষ্ঠার ক্ষেত্রে তাঁরা প্রথম স্তরের লোকদের ন্যায় ছিলেন না। এ স্তরে উল্লেখযোগ্য হলেন :- লাইস ইব্ন সা'আদ (মৃ.১৭৫ হি.) 'আবদুর রহমান ইব্ন আওয়া'ঈ (৯৩/৮০৮-১৫৭/৮৭২), আন্-নু'মান ইব্ন রাশেদ ইব্ন আবী যা'আব (রহ.) প্রমূখ।

তৃতীয় শ্রেণী : যাঁদের হাদীছ সংরক্ষণ ক্ষমতা অত্যাধিক নয়। কিন্তু শায়খের সাথে সম্পর্ক ঘনিষ্টতর। এ স্তরের লোকেরা শায়খের সাহচর্য ঠিক সেভাবেই লাভ করেছেন, যেভাবে প্রথম সারির বর্ণনাকারীগণ লাভ করে ছিলেন। কিন্তু জারহ্ ওয়াত্ তা'দীল-এর বিচারে তাঁরা ত্রুটি থেকে মুক্তি লাভ করতে পারেন নি। সুতরাং তাঁদের বর্ণিত হাদীছ প্রত্যাখান ও গ্রহণযোগ্যতার মাঝা-মাঝি পর্যায়ের অর্ন্তভূক্ত। যেমন : মু'আবিয়া ইব্ন ইয়াহ্ইয়া, ইসহাক ইব্ন ইয়াহ্ইয়া, মাসনা ইব্ন সাব্বাহ, জা'ফর ইব্ন বুরকান, সুফিয়ান ইব্ন হুসায়ন (রহ.) প্রমূখ।

চতুর্থ শ্রেণী : যাঁদের হাদীছ সংরক্ষণ ক্ষমতাও অত্যাধিক নয় এবং শায়খের সাথে সম্পর্ক ও ঘনিষ্টতর নয়। এ স্তরের তাঁরা পড়েন, "যারা জারহ্ ওয়াত্ তা'দীল-এর ক্ষেত্রে তৃতীয় স্তরের রাবীগণের মতন এবং শায়খের সাথে অল্প সময় কাটিয়েছেন। যেমন, যাম'আহ্ ইব্ন সা'লেহ (রহ.)।

পঞ্চম শ্রেণী : যাঁদের মধ্যে এ উভয় প্রকার (হাদীছ সংরক্ষণ ক্ষমতা অত্যাধিক নয় এবং শায়খের সাথে সম্পর্ক ও ঘনিষ্টতর নয়) গুণেরই স্বল্পতা রয়েছে, অধিকন্তু অন্যান্য ত্রুটিও বিদ্যমান। মূলতঃ এ স্তরে হলেন দুর্বল ও অপরিচিত রাবীগণ। অন্য হাদীছের সমর্থন কিংবা প্রমাণ উপস্থাপন ব্যতীত এ সব রাবীদের হাদীছ গ্রহণ করা সংগত নয়। যেমন : যাহার ইব্ন কাছীর, হাকাম ইব্ন 'আবদিল্লাহ (রহ.) 'আবদুল কুদ্দুস ইব্ন হাবীব, মুহাম্মদ ইব্ন সা'ঈদ আল-মাসলূব (রহ.) প্রমূখ।[২৩৪]

[২৩৪] 'আল্লামা শিব্বীর আহ্মদ 'উছমানী : ফাতহুল মুলহিম, খ.১ম, মুকাদ্দামা, প্রাগুক্ত, পৃ.৯৪; মাওঃ মুফতী রশীদ আহমেদ : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৬-৪৭; মুহাম্মদ আনওয়ার শাহ্ কাশমীরী : ফায়যুল বারী, প্রাগুক্ত, মুকাদ্দামা, পৃ.৩৪-৩৫; ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ৯-১০; মাওঃ মুফতী রশীদ আহ্মেদ : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৬-৪৭; মাওঃ মুহাম্মদ 'আবদুল সালাম মুবারকপূরী : সীরাতুল বুখারী,

উল্লেখ্য যে, ইমাম বুখারী (রহ.) উপরোক্ত পাঁচ শ্রেণীর রাবীদের মধ্যে থেকে প্রথম শ্রেণীর রাবীগণের রিওয়ায়াত অনুযায়ী হাদীছ গ্রহণ করেছেন। তাঁদের বর্ণিত হাদীছ বিশুদ্ধতার শীর্ষে। এ প্রসংগে শুরুতুল আয়িম্মাতিস্ সিত্তাহ (১৩৭৫হি.)-এর গ্রন্থাকার বলেন, "নিশ্চয়ই সহীহ্ হাদীছ গ্রহণ করার ক্ষেত্রে ঐ সকল মুহাদ্দিছই অর্ন্তভূক্ত, যাঁরা প্রথমতঃ রাবীদের ব্যাপারে অনুসন্ধান চালিয়ে নিশ্চিত হন যে, তিনি তাঁর শায়খগণ থেকে হাদীছ বর্ণনার ক্ষেত্রে 'আ'দিল বা ন্যায়নিষ্ঠ। ইহা সহীহ্ হওয়ার প্রথম স্তর। আর সহীহ্ হাদীছ গ্রহণই ইমাম বুখারী (রহ.)-এর একমাত্র উদ্দেশ্য।"[২৩৫]

ইমাম বুখারী (রহ.) দ্বিতীয় শ্রেণী থেকে অনেক যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা করার পর অল্প কয়েকজন নির্বাচিত রাবী থেকে হাদীছ গ্রহণ করেছেন। যেহেতু তাঁরা শায়খের সাথে ঘনিষ্ঠতর নয়। তিনি দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীগণ, যথা-লাইস ইব্‌ন সা'আদ, আওয়া'ঈ (রহ.) প্রমূখ থেকে হাদীছ গ্রহণ করেছেন সত্য; কিন্তু তাঁদের উপর সুদৃঢ় আস্থাশীল নন। যাঁদের এমন হাদীছ গ্রহণ করেছেন সে সব হাদীছ অন্যান্য রাবীগণও সুদৃঢ় সমর্থন ও বর্ণনা করেছেন। আর ইমাম বুখারী (রহ.) তৃতীয় শ্রেণী থেকে

(উর্দু), প্রাগুক্ত, পৃ. ১৬৯-১৭০। মূল 'আরবী :

"وأما شرطه (البخاري) فقال الحازمي : إنه لم يثبت شرطٌ عن أمام علي لسانه و إنما استفيدَ من متبعهم في مصنفاتهم وسبر كتبهم فما الرواة علي خمسة أنحاء:

الطبقة الاولي :كثير الضبط و العدالة والإتقان وكثير الملازمة لشيوخهم، فهو غاية في الصحة

الطبقة الثانية : شاركت الاولي في الضبط و العدالة والإتقان وقليل الملازمة لشيوخهم.

الطبقةالثالثة :جماعة لزموا الزهري مثل أهل الطبقة الولي غير أنهم لم يسلموا من غوائلِ الجرح فهم بين الرد والقبول.

الطبقة الرابعة : قليل الضبط و العدالة والإتقان و قليل الملازمة لشيوخهم.

الطبقة الخامسة : قليل الضبط و العدالة والإتقان و قليل الملازمة لشيوخهم مع غوائلِ الجرح سوي ذلك."

[২৩৫] আল-হাফিয আবূ বকর মুহাম্মদ ইব্‌ন মূসা আল-হাযিমী : শুরুতুল আয়িম্মাতিল খামসা, (কায়রো : মাকতাবাতুল কুদসী, ১৩৭৫ হি.), পৃ.৪০-৪১। মূল 'আরবী :

" أنّ مَذهبَ مَن يُخرجُ الصَّحِيْحَ : أن يَعْتَبِرَ حَالَ الرَّاوِي العَدْل في مَشَائِخِه فَمَنْ كَانَ فِيْ الطَّبَقةِ الأوْلي : فَهُوَ الغَايَةُ فِيْ الصِحَّةِ، وَ هُوَ غَايَةُ مَقْصَدُ الْبُخَارِي."

হাদীছ গ্রহণ সম্পূর্ণরূপে বর্জন করেছেন। তাঁর দ্বিতীয় শ্রেণী থেকে হাদীছ গ্রহণের ক্ষেত্রে মুহাদ্দিছ ইব্‌ন হাজার 'আস্কালানী (রহ.) (৭৭৩/১৩৭১-৮৫২/১৪৪৮) বলেন,[২৩৬] ইমাম বুখারী (রহ.) দ্বিতীয় স্তরের রাবীগণের অধিকাংশ রিওয়ায়াতেই তা'লীকরূপে[২৩৭] গ্রহণ করেছেন। ইব্‌ন হাজার আরও বলেন, "এটাই হচ্ছে সেই উদাহরণ যা আমরা উল্লেখ করেছি। মুকাছ্ছিরীণ[২৩৮] (مُكْثِرِيْن) তথা অধিক হাদীছ বর্ণনাকারীগণের ক্ষেত্রে এটা

---

[২৩৬] ইব্‌ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ১০। মূল 'আরবী :

"أكْثَرُ مَا يُخْرِجُ الْبُخَارِيْ حَدِيْثَ الطَّبَقَةِ الثَّانِيَةِ تَعْلِيْقًا."

[২৩৭] তা'লীক (تَعْلِيْق) ঐ হাদীছকে বলা হয় যা সকল রাবীগণের নাম বাদ দিয়ে "রাসূলুল্লাহ (সা.) বলেছেন" (قَالَ رَسُوْلُ اللهِ صَلَّي اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ كَذَا)-এরূপ বলে হাদীছ বর্ণনা করা। অথবা শুধু সাহাবী কিংবা সাহাবী ও তাবি'ঈর নাম রেখে সনদের অন্যান্য রাবীগণের নাম বিলুপ্ত করে হাদীছ রিওয়ায়াত করা। এরূপ করাকে তা'লিক (تَعْلِيْق) বলে।

দ্র.- ড. মাহ্‌মূদ আত্-তাহ্‌হান : তাইসীরু মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ.৬৮-৬৯; ড. সুবহী সা'লিহঃ 'উলূমুল হাদীছ ওয়া মুসতালাহুহু, প্রাগুক্ত, পৃ.১৩৬; জালালুদ্দীন, 'আবদুর রহমান, আস্-সুয়ূতী : তাদ্‌রীবুর রাবী, খ.১ম, (বৈরুত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ, ১৩৯৯/১৯৭৯), পৃ.২১৯; আস্-শায়খ মুহাম্মদ জামাল উদ্দিন আল-কা'সেমী : কাওয়া'ইদুত্ তাহদীছ মিন ফুনূনি মুসতালাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ১২৪।

উল্লেখ্য যে, ইমাম বুখারী (রহ.) সনদের প্রথম হতে কোন রাবীর নাম বাদ দিয়ে অথবা কখনো সম্পূর্ণ সনদ বাদ দিয়ে হাদীছ সংকলন করেছেন। এগুলোকে একত্রে "তা'লীকাতে বুখারী" (تَعْلِيْقَاتِ بُخَارِيْ) বলা হয় মুহাদ্দিছগণের অনুসন্ধানের পর সর্বসম্মতিক্রমে বলেছেন, হাদীছগুলো সহীহ্ হাদীছের সমান স্তরের। আর মা'রূফের (مَعْرُوْف) সীগাহ্ দ্বারা হলে অকাট্যভাবে উক্ত হাদীছটি সহীহ্। মুহাদ্দিছগণ গবেষণা করে দেখেছেন যে, সহীহ্ বুখারী সমস্ত মু'আল্লাক হাদীছই সনদ ও মুত্তাসিল।

দ্র.- সহীহ্ হাদীছ সংকলনের ক্ষেত্রে সহীহহাইন (صَحِيْحَيْن) বুখারী ও মুসলিম গ্রন্থে যদি দৃঢ়তার সাথের (যেমন - তিনি বলেছেন (قَالَ), তিনি করেছেন (فَعَلَ) ইত্যাদি শব্দ প্রয়োগ করে) হাদীছ বর্ণনা করেন, তাহলে সহীহ্ বলে গণ্য হবে। আর দুর্বল শব্দ (যেমন - বলা হয়েছে (قِيْلَ), বর্ণিত হয়েছে (رُوِيَ) ইত্যাদি প্রয়োগে) হাদীছ বর্ণনা করা হলে সে ক্ষেত্রে হাদীছটি সহীহ্, হাসান অথবা য'ঈফ হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে মাওযূ নয়। দ্র.- ইব্‌ন হাজার : নুয'হাতুন নাযার ফী তাওদীহে নুখবাতিল ফিক্‌র, প্রাগুক্ত, পৃ.৪৯।

[২৩৮] মুকাছ্ছিরীণ (مُكْثِرِيْن) : যাঁদের থেকে এক হাজারের অধিক হাদীছ বর্ণিত হয়েছে তাঁদেরকে 'মুকাছ্ছিরীণ' বলা হয় (مُكْثِرِيْن: هُمُ الَّذِيْنَ رَوَوْا أكْثَرُ مِنْ ألْفِ حَدِيْث)। এ জাতীয় রাবীর সংখ্যা সাত জন। তাঁরা হলেন :

প্রযোজ্য। এর উপর না'ফে', আ'মাশ, কাতাদাহ্ (রহ.) প্রমূখ শিষ্যগণের অবস্থা অনুমান করা যায়। প্রক্ষান্তরে গায়রে মুকাছ্ছিরীণ[২৩৯] (غَيْرُ مُكْثِرِيْنَ)

নং	নাম	মৃত্যু তারিখ	বর্ণিত হাদীছের সংখ্যা	বুখারী-মুসলিম সম্মিলিত	বুখারী	মুসলিম
১	হযরত আবূ হুরায়রা (রা.)	৫৮/৬৭৭	৫৩৭৪	৩২৫	৯৩	১৮৯
২	হযরত 'আবদুল্লাহ ইব্ন 'আব্বাস (রা.)	৬৮/৬৮৭	২৬৬০	১৭৩	১২০	৪৯
৩	হযরত 'আয়েশা (রা.)	৫৭/৬৭৬	২২১০	১৭৪	৫৪ তাকঃ ৮১৯	৫৮ তাকঃ ৬০৮
৪	হযরত 'আবদুল্লাহ ইব্ন 'উমর (রা.)	৭৩/৬৯২	১৬৩০	১৭৩	৮১	৩১
৫	হযরত জাবির ইব্ন 'আবদুল্লাহ (রা.)	৭৪/৬৯৩	১৫৪০	৬০	২৬	২৬
৬	হযরত আনাস ইব্ন . মালেক (রা.)	৯১/৭০৯	১২৮৬	১৬৮	৮৩	৯১
৭	হযরত আবূ সা'ঈদ খুদরী (রা.)	৭৪/৬৯৩	১১৭০	৪৬	১৬	৫২

দ্র.- মুফ্তী 'আমীমুল ইহ্সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ.১২-১৫।

[২৩৯] **গায়রে মুকাস্সিরীণ** (غَيْرُ مُكْثِرِيْنَ) : বর্ণনাকৃত হাদীছের সংখ্যার বিচারে সাহাবীগণকে তিনটি স্তরে বিভক্ত করা হয়েছে। যথা: মুতাওস্সিতীন, মুকিল্লীন ও আকাল্লীন।

* **মুতাওস্সিতীন** (الْمُتَوَسِّطِيْنَ) বলতে যে সকল সাহাবীর বর্ণনাকৃত হাদীছের সংখ্যা এক হাজারের কম এবং পাঁচ শতের অধিক, মুহাদ্দিছগণ তাঁদেরকে মুতাওস্সিতীন নামে আখ্যায়িত করেছেন। এ শ্রেণীর রাবীর সংখ্যা চার জন। যথা:

ক্রমিক নং	নাম	মৃত্যু তারিখ	বর্ণিত হাদীছের সংখ্যা	বুখারী-মুসলিম সম্মিলিত	বুখারী	মুসলিম
১	হযরত 'আবদুল্লাহ ইব্ন মাস'উদ (রা.)	৩২ হি.	৮৪৮	৬৪	২১	৩৫
২	হযরত 'আবদুল্লাহ ইব্ন 'আমর ইবনুল 'আস (রা.)	৬৩ হি.	৭০০			
৩	হযরত ''আলী (রা) (৪র্থ খলীফা)	৪০ হি.	৫৮৬	২০	৯	১৫
৪	হযরত 'উমর ইব্ন খাত্তাব (রা.) (২য় খলীফা)	৩২ হি.	৫৩৯			

* আকাল্লীন (الْأَقَلِّيْنَ) : উপরে আলোচিত সাহাবীগণ ব্যতীত আরও অনেক সাহাবী রয়েছেন যাদের বর্ণনাকৃত হাদীছের সংখ্যা চল্লিশের কম, তাঁরাই আকাল্লীন নামে খ্যাত। এঁদের সংখ্যা চল্লিশ জন। উল্লেখ্য যে, "এসাবা, উসদুল গা'-বাহ, ইস্তি'আব প্রভৃতি রিজাল শাস্ত্রে এই বর্ণনাকারী সাহাবীগণের বিস্তারিত বিবরণ রয়েছে। দ্র.- মুফ্তী 'আমীমুল ইহ্সান : হাদীছ সংকলনের ইতিহাস, ১ সং, প্রাগুক্ত, পৃ. ১৫-২০; মুহাম্মদ সেকান্দার 'আলী : তারাজিমুল মুহাদ্দিছীন, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ১৫৩-১৫৫।

* **মুকিল্লীন** (الْمُقِلِّيْنَ) বলতে যে সকল সাহাবীর বর্ণনাকৃত হাদীছের সংখ্যা পাঁচ শতকের কম এবং চল্লিশ এর অধিক, মুহাদ্দিছগণ তাঁদেরকে মুকিল্লীন নামে আখ্যায়িত করেছেন। এ শ্রেণীর রাবীর সংখ্যা ৬০ (ষাট) জন। তাঁরা হলেন :

ক্রমিক নং	নাম	মৃত্যু তারিখ	বর্ণিত হাদীছের সংখ্যা
১	হযরত উম্মে সালমা (রা.) (উম্মুল মো'মোনীন)	৫৯ হি.	৩৭৮
২	হযরত আবূ মূসা আশ'আরী (রা.)	৫৪ হি.	৩৬০
৩	হযরত বার্'আ ইব্ন আ'যিব (রা.)	৭২ হি.	৩০৫
৪	হযরত আবূ যর গিফারী (রা.)	৩২ হি.	২৮১
৫	হযরত সা'দ ইব্ন আবী ওয়াক্কাস (রা.)	৫৫ হি.	২১৫
৬	হযরত সাহল আনসারী (রা.)	৯১ হি.	১৮৮
৭	হযরত 'উবাদাহ ইব্ন সা'মিত (রা.)	৩৪ হি.	১৮১
৮	হযরত আবূদ্-দারদাহ (রা.)	৩১ হি.	১৭৯
৯	হযরত হারিস 'উরফে আবূ কাতাদাহ আনসারী (রা.)	৫৪ হি.	১৭০
১০	হযরত 'উবাই ইব্ন কাব (রা.)	১৯ হি.	১৬৪
১১	হযরত বুরাইদা ইব্ন হাসীব (রা.)	৬৩ হি.	১৬৪
১২	হযরত মা'য ইব্ন জাবাল (রা.)	১৮ হি.	১৭৫
১৩	হযরত আবূ আইয়ূব আল-আনসারী (রা.)	৫২ হি.	১৫০
১৪	হযরত 'উছমান ইবন 'আফ্ফান (রা.)	৩৫ হি.	১৪৬
১৫	হযরত জা'বির ইবন সামূরা (রা.)	৭৪ হি.	১৪৬
১৬	হযরত আবূ বকর (রা.) (প্রথম খলীফা)	১৩ হি.	১৪২
১৭	হযরত মুগীরাহ ইব্ন শু'বাহ (রা.)	৫০ হি.	১৩৬/১৩৩
১৮	হযরত আবূ বাকরাহ (রা.)	৪৯/৫২ হি.	১৩০/১৩৩
১৯	হযরত 'ইমরান ইব্ন হাসীন (রা)	৫২ হি.	১৩০
২০	হযরত মু'আবিয়া (রা.)	৬০ হি.	১৩০
২১	হযরত 'উসামা উবন যায়েদ (রা.)	৫৪ হি.	১২৮
২২	হযরত ছাওবান (রা.)	৫৪ হি.	১২৭
২৩	হযরত নো'মান ইবন বশীর (রা.)	৬৫ হি.	১২৪/১১৪
২৪	হযরত সামূরা ইব্ন জুন্দুব (রা.)	৫৮ হি.	১২৩
২৫	হযরত আবূ সা'ঈদ আনসারী (রা.)	৪০ হি.	১০২

তথা যাঁদের বর্ণিত হাদীছের সংখ্যা কম। তাঁদের মধ্য থেকে ইমাম বুখারী

২৬	হযরত জারীর ইব্ন 'আবদিল্লাহ (রা.)	৫১ হি.	১০০ (২০০ ইমাম নববী)
২৭	হযরত 'আবদুল্লাহ ইব্ন আবী 'আওফা (রা.)	৭৭ হি.	৯৫
২৮	হযরত যায়েদ ইব্ন সা'বিত (রা.)	৪৮ হি.	৯২
২৯	হযরত আবূ তালহা আনসারী (রা.)	৩৪ হি.	৯০
৩০	হযরত যায়েদ ইব্ন আরকাম (রা.)	৬৮ হি.	৯০
৩১	হযরত যায়েদ ইব্ন খালীদ (রা.)	৭৮ হি.	৮১
৩২	হযরত কা'ব ইব্ন মা'লিক আনসারী (রা.)	৫০ হি.	৮০
৩৩	হযরত রাফে' ইব্ন খাদীজ (রা.)	৭৪ হি.	৭৮
৩৪	হযরত সালমা ইবনুল আকওয়া (রা.)	৭৪ হি.	৭৭
৩৫	হযরত আবূ রাফে' (রা.)	৩৫ হি.	৮৮
৩৬	হযরত আসমা' বিনতে ইয়াযীদ (রা.)	....	৮১
৩৭	হযরত 'আউফ ইবন মা'লিক (রা.)	৭৩ হি.	৬৭
৩৮	হযরত 'আদী ইব্ন হাতীম (রা.)	৬৮ হি.	৬৬
৩৯	হযরত সালমান ফারসী (রা.)	৩৪ হি.	৬৪
৪০	হযরত উম্মে হাবীবা (রা.) (উম্মুল মো'মেনীন)	৪৪ হি.	৬৫
৪১	হযরত 'আবদুর রহমান ইবন আবী 'আওফা (রা.)	......	৬৫
৪২	হযরত 'আম্মার ইবন ইয়াসার (রা.)	৩৭ হি.	৬২
৪৩	হযরত হাফসা (রা.) (উম্মুল মো'মেনীন)	৪৫/৪১ হি.	৬০
৪৪	হযরত শাদ্দাদ ইব্ন 'আউস (রা.)	৬০ হি.	৬০
৪৫	হযরত জুবাইর ইন্ মুত'ঈম (রা.)	৫৮ হি.	৬০
৪৬	হযরত আসমা' বিনতে 'উমায়স (রা.)	৮০ হি.	৬০
৪৭	হযরত ওয়াসিলাহ ইব্ন আসকা (রা.)	৮৫ হি.	৫৬
৪৮	হযরত আসমা' বিনতে আবূ বকর (রা.)	৭৪ হি.	৫৬/৫৮
৪৯	হযরত 'উকবাহ ইব্ন 'আমির জুহানী (রা.)	৬০ হি.	৫৫
৫০	হযরত 'আমর ইব্ন 'উতবাহ (রা.)	৩৭ হি.	৪৮
৫১	হযরত ফুযালাহ ইব্ন 'উবা'য়দ (রা.)	৫৩ হি.	৫০
৫২	হযরত কা'ব ইব্ন 'আমর (রা.)	৫৫ হি.	৪৭
৫৩	হযরত মায়মুনাহ (রা.) (উম্মুল মো'মেনীন)	৫০ হি.	৪৬/৭৬
৫৪	হযরত উম্মে হানী বিনতে আবূ তালিব (রা.)	৫০ হি.	৪৬
৫৫	হযরত আবূ জুহাইফা (রা.)	৭৪ হি.	৪৫
৫৬	হযরত বিলাল (রা.) (মুয়া'জ্জিনে রাসূলুল্লাহ (সা.)	১৮ হি.	৪৪
৫৭	হযরত 'আবদুল্লাহ ইব্ন মুগাফ্ফাল (রা.)	৫৮ হি.	৪৩
৫৮	হযরত মিকাদ ইব্ন আসওয়াদ (রা.)	৫৩ হি.	৪৩
৫৯	হযরত উম্মে আতিয়া বিনেত হারিছ (রা.)	.....	৪০/৪১
৬০	হযরত হাকীম ইব্ন হিযাম (রা.)	৫৫ হি.	৪০

ও মুসলিম (রহ.) কেবল সে সব লোক থেকে হাদীছ বর্ণনা করেছেন, যাঁদের 'সিকাহ্' (ثِقَةٌ) ও 'আদালত' (عَدَالَتٌ) ইত্যাদি নির্ভরযোগ্য ও সম্ভাবনা কম। তাই তাঁরা ইয়াহ্ইয়া ইব্ন সা'ঈদুল আনসারী (রহ.)-এর 'মুফরাদ' (مُفْرَدٌ) হাদীছ গ্রহণ করেছেন।. কিন্তু যাঁদের সিকাহ্ ও আদালত ইত্যাদির ক্ষেত্রে ইমাম বুখারী ও মুসলিম (রহ.) আস্থাশীল নন, তাঁদের হাদীছও তাঁরা গ্রহণ করেছেন। তবে সে সব হাদীছ অন্যান্য রাবীগণও বর্ণনা ও সমর্থন করেছেন। আর এর সংখ্যাই অধিক।[২৪০]

ইমাম মুসলিম (রহ.) প্রথম ও দ্বিতীয় শ্রেণী থেকে বিনা দ্বিধায় হাদীছ গ্রহণ করেছেন এবং তৃতীয় শ্রেণী থেকে যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা করেছেন।[২৪১] অর্থাৎ দ্বিতীয় স্তরের ক্ষেত্রে ইমাম বুখারী (রহ.) যে মানহাজ অবলম্বন করেছিলেন, তৃতীয় স্তরের রাবীগণের ক্ষেত্রে ইমাম মুসলিম (রহ.) ঠিক সেই মানহাজই অবলম্বন করেছেন। তবে তিনি চতুর্থ ও পঞ্চম স্তরের কোন রাবীর বর্ণনা গ্রহণ করেন নি।

উল্লেখ্য যে, ইমাম আবূ দাউদ ও ইমাম নাসাঈ (রহ.) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর রাবীর থেকে হাদীছ গ্রহণ করেছেন এবং চতুর্থ শ্রেণী থেকে যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা করেছেন। আর ইমাম তিরমিযী (রহ.) চতুর্থ শ্রেণী থেকেও হাদীছ গ্রহণ করেছেন। কোন কোন বর্ণনায় ইমাম আবূ

---

[২৪০] ইব্ন হাজার 'আসকালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ. ১০

মূল 'আরবী :

"و هذا المثال الذي ذكرناه هو في حق المكثرين فيقاس على هذا أصحاب نافع و أصحاب الأعمش و أصحاب قتادة و غيرهم، فأما غير المكثرين فإنما إعتمد الشيخان في تخريج أحاديثهم على الثقة و العدالة و قلة الخطا، لكن منهم من قوي الإعتماد عليه فأخرجا ما تفرد به كيحيى بن سعيد الأنصاري، و منهم من لم يقو الإعتماد عليه فأخرجا ما شاركه فيه غيره و هو الأكثر."

[২৪১] পূর্বোক্ত।

মূল 'আরবী :

" فأما الطبقة الأولى فهم شرط البخاري، و قد يخرج من حديث أهل الطبقة الثانية ما يعتمده من غير إستيعاب، و أما مسلم فيخرج أحاديث الطبقتين على سبيل الإستيعاب، و يخرج أحاديث أهل الطبقة الثالثة على النحو الذي يصنعه البخاري في الثانية، و أما الرابعة و الخامسة فلايعرجان عليهما."

দাউদ (রহ.) পঞ্চম শ্রেণীর রাবীগণের হাদীছও গ্রহণ করেছেন। তবে এক্ষেত্রে অন্য রাবী বা হাদীছের সমর্থন কিংবা উল্লেখযোগ্য প্রমাণ বাধ্যতামূলক করেছেন।[২৪২]

✡ 'শায়খ নির্বাচনের' ক্ষেত্রে ইমাম বুখারী (রহ.)-এর দৃষ্টিভঙ্গি

ইমাম বুখারী (রহ.)-এর শায়খ নির্বাচন ও হাদীছ সংগ্রহের ক্ষেত্রে অন্যতম মানহাজ ছিল অত্যাধিক সতর্কতা অবলম্বন করা। এ প্রসংগে তাঁর হাদীছ সংগ্রহের জীবনী পর্যালোচনায় একটি ঘটনা প্রমাণ বহন করে। ঘটনাটি বিভিন্ন রিজাল শাস্ত্রে বর্ণিত হয়েছে। একদা তিনি কয়েক'শ মাইল অতিক্রম করে জনৈক হাদীছ বিশারদের কাছে উপস্থিত হয়ে দেখতে পেলেন, সেই হাদীছ বিশারদের হাত থেকে তার ঘোড়াটি ছুটে যায়। অনেক চেষ্টা করেও কিছুতেই ঘোড়াটি ধরতে পারছেন না। ঘোড়াটিতে বশে আনতে না পেরে লোকটি কৌশলের আশ্রয় গ্রহণ করলেন। তিনি একটি শূণ্য থলে/নিজের চাদরটি ঘোড়ার সামনে এমনভাবে ধরলেন যেন তাতে খাবার আছে বুঝা যায়। নির্বোধ (পশু) ঘোড়াটি তার চালাকি বুঝতে না পেরে খাবারের আশায় থলে/চাদরের কাছে আসলে তিনি ঘোড়াটি ধরে ফেললেন। তা দেখে ইমাম বুখারী (রহ.) তাঁর থেকে হাদীছ সহীহ্ হওয়ার পরেও গ্রহণ

[২৪২] মাওঃ মুফতী রশীদ আহ্‌মেদ : ইরশাদুল কারী ইলা সহীহিল বুখারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৪৭; মুহাম্মদ আনোয়ার শাহ্ কাশমীরী : ফায়যুল বারী 'আলা সহীহিল বুখারী, খ.১ম, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৩৫; 'আল্লামা শিব্বীর আহ্‌মদ 'উছমানী : ফাতহুল মুলহিম, খ.১ম, মুকাদ্দামা, প্রাগুক্ত, পৃ. ৯৪। মূল 'আরবী :

" فالبخاري يستوعب الأول وينتخب الثاني و يترك البواقي بالكلية و مسلم يستوعب الأول و الثاني و ينتخب الثالث و يترك البواقي و الرابع يأخذ منهم أبو داؤد و الخامس يأخذ عنهم الترمذي (رحمه الله تعالي)، و المراد منه التنزل إلي هؤلاء عند الاعواز في الباب فالبخاري لا يتنزل عن الثاني و أبو داؤد عن الرابع و الترمذي يتنزل إلي الخامس أيضاً لا أنهم يأخذون منهم فقط و لا يخرجون عن غير هم فإنه مغلطة نشأت من قلة الفهم و فرط الوهم. "

করলেন না। তিনি ফিরে আসলেন এবং বললেন : (" لَا أَخُذُ الْحَدِيْثَ عَمَّن يَكْذِبُ عَلَي الْبَهَائِمِ. ") "আমি এমন ব্যক্তির কাছ থেকে হাদীছ গ্রহণ করবো না, যে চতুস্পদ নির্বোধ পশুকে ধোঁকা দেয়।"[২৪৩]

ইমাম বুখারী (রহ.) গভীরভাবে চিন্তা করে দেখলেন, যে ব্যক্তি একটি নির্বোধ পশুকে ধোঁকা দিয়ে মিথ্যা প্ররোচনার মাধ্যমে বশে এনে ধরতে পারে, তার উপর সহীহ্ হাদীছ গ্রহণ নির্ভর করা যায় না। ইহা তাঁর মানহাজ বর্হিভূত, যা তাকওয়া (تَقْوَي) ও মুরুওয়াতের (اَلْمُرُوْءَةُ) খেলাফ। উপরোল্লিখিত ঘটনা দ্বারা স্পষ্ট প্রতীয়মান হয় যে, ইমাম বুখারী (রহ.)-শায়খ নির্বাচন ও হাদীছ সংগ্রহের মানহাজ ছিল অত্যন্ত কঠিন।

✡ শায়খ নির্বাচন

তিনি তাঁর সহীহ্ হাদীছ সংগ্রহ ও সংকলন প্রসংগে স্বয়ং ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন,[২৪৪]

(لَا يَكُوْنُ الْمُحَدِّثُ كَامِلاً حَتَّي يَكْتُبَ عَمَّن هُوَ فَوْقَهُ وَ عَمَّن هُوَ مِثْلَهُ وَ عَمَّن هُوَ دُوْنَهُ.) "কোন ব্যক্তি পরিপূর্ণ মুহাদ্দিছ হতে পারে না, যতক্ষণ পর্যন্ত যে তাঁর শিক্ষকবৃন্দ, সমসাময়িক স্তর এবং তার নিম্নস্তরের কাছ থেকে হাদীছ লিপিবদ্ধ না করে"।[২৪৫]

[২৪৩] মাওঃ মুহাম্মদ হানীফ গাংগুহী : যফরুল মুহাসসিলীন বি আহওয়ালিল মুসাননিফীন, প্রাগুক্ত, পৃ. ৯৬-৯৭।

[২৪৪] পূর্বোক্ত, পৃ.১০৫; ইবন হাজার 'আসকালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৬৪; মুফ্‌তী 'আমীমুল ইহ্‌সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ.৫৩।

[২৪৫] উল্লেখ্য যে, ইমাম বুখারী (রহ.) হাদীছ গ্রহণের ক্ষেত্রে তাঁর মানহাজে উত্তীর্ণ ব্যতীত রিওয়ায়েতকারীদের থেকে হাদীছ রিওয়ায়েত করেন নি। চাই সে বর্ণনাকারী শহরের হোক, উপ-শহরের হোক, গ্রামের হোক অথবা মফস্বলের হোক সেটা বিবেচ্যের বিষয় নয়। হাদীছটা 'সহীহ্'-এর মানদণ্ডে উত্তীর্ণ হলেই হলো। তাই জ্ঞান অর্জনের এতই বিনয়ী ছিলেন যে, বড় বড় মুহাদ্দিছ (তাবে'ঈ, তাবি' তাবি'ঈ ও তাঁর শায়খগণ) সমসাময়িক বন্ধু-বান্ধব ও ছাত্রদের থেকে হাদীছ গ্রহণের ক্ষেত্রে মর্যাদাগত পার্থক্যের প্রতি লক্ষ্য রাখতেন না। দ্র.- মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ মাওঃ 'আবদুল হাকিম খাঁন (উর্দূ) খ.১ম, প্রাগুক্ত, পৃ.৯।

ইমাম বুখারী (রহ.)-এর শিক্ষক নির্বাচনের ব্যাপারে মাওঃ হানীফ গাংগুহী (রহ.) ইমাম বুখারী (রহ.)-এর একটি উদ্ধৃতি এভাবে উল্লেখ করেন, "যাঁরা মনে করেন যে, ঈমান হচ্ছে মুখে স্বীকৃতি এবং কার্যের বাস্তবায়নের মাধ্যমে প্রমাণিত, আমি শুধু তাঁদের কাছ থেকে হাদীছ গ্রহণ করবো।"[২৪৬]

কারও মতে হাদীছ গ্রহণের ক্ষেত্রে যে মুহাদ্দিছগণ মুখে স্বীকৃতি (إِقْرَارٌ بِاللِّسَانِ) এবং কার্যের মাধ্যমে (عَمَلٌ بِالْأَرْكَانِ) তার যথার্থ বাস্তবায়নকে ঈমান[২৪৭] বলে বিশ্বাস করেন। তিনি শুধু মাত্র তাঁদের কাছ থেকে হাদীছ গ্রহণ করেছেন।

✡ নির্ভরযোগ্য রাবী থেকে হাদীছ বর্ণনা

ইমাম বুখারী (রহ.) ন্যায়-নিষ্ঠা ও পূর্ণ সংরক্ষণের দিক থেকে মোট চারশত ত্রিশ জন নির্ভরযোগ্য রাবী থেকে হাদীছ বর্ণনা করেছেন।[২৪৮] কোনও কোনও বর্ণনায় চারশত তিপ্পান্ন জন রাবী থেকে হাদীছ বর্ণনার কথা উল্লেখ পাওয়া যায়। তন্মধ্যে কেবল মাত্র আশি জন রাবীর ব্যাপারে 'উলামায়ে কেরাম কিছুটা ভিন্ন মত (সমলোচনা) থাকলেও হাদীছ বিশারদগণের মতে, তাঁদের রিওয়ায়েত নিশ্চিতভাবে গ্রহণযোগ্য। কেননা সহীহ্ বুখারী শরীফে যে সকল রাবীর ব্যাপারে 'উলামায়ে কেরাম কিছুটা

[২৪৬] মাওঃ মুহাম্মদ হানীফ গাংগুহী : যফরুল মুহাস্সিলীন বি আহওয়ালিল মুসাননিফীন, প্রাগুক্ত, পৃ. ১০৪; ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৬৪।
মূল 'আরবী :
" لَمْ أَكْتُبْ إِلاَّ عَمَّنْ قَالَ الإِيْمَانُ قَوْلٌ وَ عَمَلٌ. "

[২৪৭] ঈমান : অন্তরে বিশ্বাস, মুখে স্বীকৃতি এবং কাজে বাস্তবায়নের নাম হচ্ছে ঈমান।
মূল 'আরবী :
" الإِيْمَانُ هُوَ التَّصْدِيْقُ بِالْقَلْبِ وَ الإِقْرَارُ بِاللِّسَانِ وَ الْعَمَلُ بِالأَرْكَانِ. "
উল্লেখ্য যে, ইমাম বুখারী (রহ.) "قَوْلٌ" এবং "فِعْلٌ" উল্লেখ করে এ কথা বুঝিয়েছেন যে, ঈমান তথা (تَصْدِيْق) তাসদীককে মৌখিকভাবে স্বীকৃতি দিয়ে কাজে জীবনের প্রত্যেকটি স্তরে পূর্ণাঙ্গ 'আমলে পরিণত করতে হবে। এটাই হচ্ছে ঈমান। আর যে হাদীছ বর্ণনাকারী 'ইলেম অনুযায়ী পূর্ণাঙ্গ 'আমল করেছেন তাঁদের থেকে তিনি হাদীছ গ্রহণ করেছেন।

[২৪৮] ই.ফা.বা. পত্রিকা, প্রাগুক্ত, পৃ. ৮১।

ভিন্নমত করেছেন, সে সব রাবীর অধিকাংশই ইমাম বুখারী (রহ.)-এর সম্মানিত উস্তাদ ছিলেন। যাঁদের সম্পর্কে তিনি পূর্ণ ওয়াকিফহাল ছিলেন।[২৪৯] তিনি তাঁর সহীহ্ হাদীছ সংগ্রহ ও সংকলনের মানহাজের মানদণ্ডে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত কোন ক্রমেই তিনি হাদীছ লিখতেন না।

✡ হাদীছ গ্রহণ ও সংকলনে 'শায়খদের' স্তর বিন্যাস

ইমাম বুখারী (রহ.) তাঁর সহীহ্ হাদীছ সংকলনের মানহাজ অনুযায়ী যে সকল শায়খ বা শিক্ষকদের হতে হাদীছ বর্ণনা করেছেন, ইব্ন হাজার আল-আস্কালানী (রহ.) (৭৭৩/১৩৭১-৮৫২/১৪৪৮) তাঁর শায়খদের পাঁচটি স্তরে বিভক্ত করেছেন।

*** প্রথম স্তর : তাবি'ঈ**

যে সকল শায়খ তাবে'ঈদের নিকট হতে হাদীছ রিওয়ায়াত করেছেন, তাঁরা প্রথম স্তর অর্ন্তভূক্ত। যেমন : হুমাইদী (রহ.)। তিনি মুহাম্মদ ইব্ন 'আবদুল্লাহ আল-আনসারী হতে হাদীছ বর্ণনা করেছেন। এ স্তরে উল্লেখযোগ্য হচ্ছেন : মুহাম্মদ ইব্ন 'আবদুল্লাহ আনসারী, আবূ 'আসিম আন-নাবিল, মক্কী ইব্ন ইব্রাহীম, 'আবদুল্লাহ ইব্ন মূসা, আবূ না'ঈম খালদ ইব্ন ইয়াহ্ইয়া, 'আলী ইব্ন 'আয়াশ, ইসমা'ঈল ইব্ন আবূ খালিদ (রহ.) প্রমূখ।

*** দ্বিতীয় স্তর : তাবি' তাবি'ঈ**

এ স্তরে ঐ সকল তাবি' তাবি'ঈগণের নাম উল্লেখযোগ্য যাঁরা তাবি'ঈদের সমসাময়িক কালের মাশায়েখ হওয়ার পরও কোন বিশ্বস্ত ও নির্ভরযোগ্য তাবি'ঈ থেকে হাদীছ বর্ণনা করেন নি। যেমন : আদম ইব্ন আবূ 'আয়াস, আবূ মিসহার, 'আবদুল 'আলা ইব্ন মিসাহ, সা'ঈদ ইব্ন আবূ মরিয়ম, আইয়ূব ইব্ন সুলায়মান ইব্ন বেলাল (রহ.) প্রমূখ।

[২৪৯] মুহাম্মদ আবূ যাহ্ : আল-হাদীছ ওয়াল মুহাদ্দেছূন, প্রাগুক্ত, পৃ. ৩৯১।

*** তৃতীয় স্তর : সাধারণ শিক্ষকগণ**

এ স্তরে ঐ সকল মুহাদ্দিছের নাম উল্লেখ করা হয়েছে, যাঁরা প্রখ্যাত ও প্রবীণ তাবি' তাবি'ঈদের কাছ থেকে সরাসরি হাদীছ গ্রহণের সুযোগ লাভ করেছেন। কিন্তু তাবি'ঈদের সাথে তাঁদের সাক্ষাৎ হয় নি। মূলতঃ ইমাম বুখারী (রহ.) এ পর্যায়ের শিক্ষক সংখ্যাই বেশি এবং তাঁর জীবনে অতিমাত্রায় প্রভাব বিস্তারকারী। এ স্তরে উল্লেখযোগ্য হলেন : কুতায়বা ইব্ন সা'ঈদ (মৃ.১৪৯-২৪০ হি.), আহ্মদ ইব্ন হাম্বল, (২৪১/৮৫৫) ইসহাক ইব্ন রাহ্ওয়াইহ্.(মৃ.২৩৮/৮৫১ সুলাইমান ইব্ন হারব (মৃ.১৪০-২২৪ হি.), না'ঈম ইব্ন হাম্মাদ, 'আলী ইব্ন আল-মাদায়নী, ইয়াহ্ইয়া ইব্ন মু'ঈন (রহ.) (মৃ.১৫৮-২৩৩ হি.) প্রমূখ।

*** চতুর্থ স্তর : সমসাময়িক বন্ধু-বান্ধব**

এ স্তরে ঐ সকল মুহাদ্দিছ অর্ন্তভূক্ত, যাঁরা হাদীছ শিক্ষা ও সংগ্রহে ইমাম বুখারী (রহ.)-এর সমসাময়িক বন্ধু-বান্ধব বা সামান্য প্রবীণ। যেমন : মুহাম্মদ ইব্ন ইয়াহ্ইয়া যুহ্রী, আবূ হাতিম রাযী, মুহাম্মদ ইব্ন 'আবদুর রহীম, 'আব্দ ইব্ন হুমায়দ ও আহ্মদ ইব্ন নযর (রহ.) প্রমূখ।

*** পঞ্চম স্তর : সামসাময়িক ছাত্র ও সমকালীন বিজ্ঞজন**

হাদীছের জ্ঞান-বিজ্ঞানের জগতে হাদীছ সংগ্রহে তিনি ছিলেন খুবই বিনয়ী। ইমাম বুখারী (রহ.) ঐ সব সমসাময়িক মুহাদ্দিছের কাছ থেকেও হাদীছ গ্রহণ করেছেন, যাঁরা তাঁর ছাত্রের অর্ন্তভূক্ত। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন : 'আবদুল্লাহ ইব্ন হাম্মাদ আমেলী, 'আবদুল্লাহ ইব্ন আবুল 'আস খাওয়ারিযিমী, হুসায়ন ইব্ন মুহাম্মদ কুবানী (রহ.) প্রমূখ।[২৫০] এই স্তর

---

[২৫০] ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী মুকাদ্দামাতু ফাতহিল বারী, প্রাগুক্ত, পৃ.৬৬৪; বদরুদ্দীন আল-'আইনী : 'উমদাতুল কারী, ১ম সং, প্রাগুক্ত, পৃ.৭; মাওঃ মুহাম্মদ আবুল কালাম : তারীখে 'ইলমুল হাদীছ, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৮২-৮৩। মূল 'আরবী :

"مراتبُ مشايخه (الإمام البخاري) الذينَ كتب عنهم و حدّث عنهم في خمسِ طبقات:

(الطبقة الأولي): " من حدثه عن التابعين مثل محمد بن عبد الله الأنصاري حدثه عن حميد و مثل مكي بن إبراهيم حدثه عن يزيد بن أبي عبيد و مثل أبي عاصم النبيل حدثه عن يزيد بن أبي عبيد أيضاً و مثل عبيد الله بن موسي حدثه عن إسماعيل بن أبي خالد و مثل أبي نعيم حدثه عن الأعمش و مثل خلاد بن يحيي حدثه عن عيسي بن طهمان و مثل علي بن عياش و عصام بن خالد حدثاه عن حريز بن عثمان و شيوخ هؤلاء كلهم من التابعين".

(الطبقة الثانية): " من كان في عصر هؤلاء لكن لم يسمعْ من ثقاتِ التابعين كآدم بن أبي إياس و

হতে তাঁর রেওয়ায়াতের সংখ্যা খুবই কম। তিনি শুধু কতিপয় উপকারিতার ভিত্তিতে বিশেষ কারণে তাঁদের রিওয়ায়াত গ্রহণ করেছেন।

ইমাম বুখারী (রহ.) এ সব শাগরেদের কাছ থেকে হাদীছ গ্রহণের ব্যাপারে হযরত ওয়াকী' (রহ.)-এর কথার প্রতি বিশেষভাবে 'আমল করেছেন। তিনি বলেন,"কোন ব্যক্তি ততক্ষণ পর্যন্ত পরিপূর্ণ জ্ঞানী হতে পারে না, যতক্ষণ পর্যন্ত সে তাঁর শিক্ষকগণ, সমসাময়িকস্তর এবং নিম্নস্তরের (ছাত্রদের) কাছ থেকে হাদীছ বর্ণনা না করবে।[২৫১]

চতুর্থ পরিচ্ছেদ :

✲ সন্দেহযুক্ত হাদীছ সম্পূর্ণরূপে পরিত্যাজ্য

ইমাম বুখারী (রহ.) সন্দেহযুক্ত হাদীছ সম্পূর্ণরূপে পরিত্যাগ করেছেন। প্রখর স্মৃতিশক্তির অধিকারী ইমাম বুখারী (রহ.) হাদীছ সংকলনের ক্ষেত্রে বর্ণনাকারীর সামান্যতম সন্দেহ, সংশয় বা দ্বিধা থাকলে হাদীছ সহীহ্ হওয়া সত্ত্বেও তা গ্রহণ করতেন না। এ প্রসংগে 'তারীখু বাগদাদ' (১৩৪৯/১৯৯১) গ্রন্থে উল্লেখ করা হয়েছে, "মুহাম্মদ ইব্ন 'আবী হাতীম (রহ.) (মৃ.৩২৭/৯৩৮) বলেন, মুহাম্মদ ইব্ন ইসমা'ঈলকে প্রসংগক্রমে কোন একটি হাদীছের ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, হে অমুকের পিতা ! তুমি তো কেবল আমাকে একটি হাদীছ ত্যাগ করতে

أبي مسهر عبد الأعلي بن مسهر و سعيد بن أبي مريم و أيوب بن سُليمان بن بلال و أمثالهم.

(الطبقة الثالثة): " هي الوسطي من مشيخه و هم من لم يلق التابعين بل أخذ عن كبُارِ تبع الأتباع كسُليمان بن حرب و قتيبة بن سعيد و نعيم بن حماد و علي بن المديني و يحيي بن مُعين و أحمد بن حنبل و إسحاق بن راهويه و أبي بكر و عثمان ابني أبي شيبة و أمثال هؤلاء و هذه الطبقة قد شاركه مسلم في الأخذ عنهم. "

(الطبقة الرابعة) :" رفقاؤه في الطلب و من سمع قبله قليلاً كمحمد بن يحيي الذهلي و أبي حاتم الرازي و محمد بن عبد الرحيم صاعقة و عبد بن حميد و أحمد بن النضر وجماعة من نظرائهم و إنما يخرج عن هؤلاء ما فاته عن مشايخه أو ما لم يجده عنه غيرهم. "

(الطبقة الخامسة) :" قوم في عداد طلبته في السن و الإسناد سمع منهم للفائدة كعبد الله بن حماد الأملي و عبد الله بن أبي العاص الخوارزمي و حسين بن محمد القباني و غيرهم. "

[২৫১] ইব্ন হাজার আস্কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ৬৬৪; মুফ্তী 'আমীমুল ইহ্সান : হাদীছ সংকলনের ইতিহাস, ১ম সং, প্রাগুক্ত, পৃ. ৫২; মাওঃ মুহাম্মদ আবুল কালাম : তারীখে 'ইলমুল হাদীছ, প্রাগুক্ত, পৃ.৮৩। মূল 'আরবী :

" لاَ يَكُونُ الرَّجُلُ عَالِماً حَتَّي يُحَدِّثَ عَمَّن هُوَ فَوْقَهُ وَ عَمَّنْ هُوَ مِثْلُهُ وَ عَمَّنْ هُوَ دُونَهُ. "

দেখেছ। অথচ আমি এক ব্যক্তির দশ হাজার (১০,০০০) হাদীছ ত্যাগ করেছি শুধু তাঁর ব্যাপারে সন্দেহ-সংশয় হওয়ার কারণে। অনুরূপভাবে আরও এক লোকের (হাদীছ বর্ণনাকারী) দশ সহস্র বা এর থেকেও বেশি হাদীছ ত্যাগ করেছি আমার দ্বিধা-সন্দেহ থাকার কারণে।[২৫২]

ইমাম বুখারী (রহ.) এমন অসংখ্য হাদীছ ত্যাগ করেছেন, যার সংখ্যা হলো প্রায় লক্ষাধিক। কারণ সে সব হাদীছের বর্ণনাকারীদের নির্ভরযোগ্যতার ব্যাপারে তাঁর সন্দেহ ছিল।[২৫৩]

ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলনের একমাত্র উদ্দেশ্য ছিল 'সহীহ্ হাদীছ' দ্বারা তাঁর গ্রন্থ প্রণয়ন করা।[২৫৪] এ প্রসংগে ইমাম বুখারী (রহ.) নিজেই বলেছেন, "আমি আমার এ জামি' গ্রন্থটিতে 'সহীহ্ হাদীছ' ব্যতীত একটি হাদীছও সংযোজন করি নি। আর অনেক সহীহ্ হাদীছই লিপিবদ্ধ না করে ছেড়ে দিয়েছি।"[২৫৫] এর কারণ সম্পর্কে হযরত ইসমা'ঈল (রহ.) (মৃ.২৯৫/৯০৭) বলেন, তিনি যদি তাঁর সমুদয় হাদীছ সহীহ্ বুখারী শরীফে সংযোজন করতেন, তবে একটি অধ্যায়ে (باب) তাঁকে সাহাবীগণের একটি অংশ (জামা'আতের) হাদীছ সংযোজন করতে হতো এবং সহীহ্ বলে প্রমাণীত হলে তাঁদের প্রত্যেকেরই বর্ণনা পৃথক পৃথকভাবে উল্লেখ করতে হতো, ফলে গ্রন্থটি অনেক বড় হয়ে যেতো।[২৫৬]

---

[২৫২] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ.২৫। মূল 'আরবী :
"محمد بن أبي حاتم قال: " سئل محمد بن إسماعيل عن خبر حديث ، فقال: يا أبا فلان! تراني أدلس؟ تركت أنا عشرة آلاف حديث لرجل لي فيه نظر، و تركت مثله أو أكثر منه لغير لي فيه نظر."

[২৫৩] ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ৮; মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ মাওঃ 'আবদুল হাকিম খান (উর্দু), প্রাগুক্ত, পৃ.২৫।
মূল 'আরবী :
" أنه (الإمام البخاري) لا يورد فيه إلا حديثا صحيحا."

[২৫৪] পূর্বোক্ত, পৃ.৭; বদরুদ্দীন আল-'আয়নী : 'উমদাতুল কারী, প্রাগুক্ত, পৃ.১০।

[২৫৫] পূর্বোক্ত। মূল 'আরবী :
" لم أخرج في هذا الكتاب إلا صحيحا، و ما تركت من الصحيح أكثر."

[২৫৬] ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৭। মূল 'আরবী :
قال الإسماعيلي (رح): " لأنه لو أخرج كل صحيح عنده لجمع في الباب الواحد حديث جماعة من الصحابة، و لذكر طريق كل واحد منهم إذا صحت فيصير كتابا كبيرا جدا."

শুধু সহীহ্ হাদীছ নির্বাচন :

ইমাম বুখারী (রহ.) হাদীছ সংকলন-এর এক মাত্র উদ্দেশ্য হলো সহীহ্ হাদীছ নির্বাচন করা। সকল মুহাদ্দিছগণ এই মর্মে একমত যে, সহীহ্ হাদীছ ছাড়া অন্য কোন হাদীছেই তাঁর গ্রন্থে স্থান পায়নি। ইব্রাহীম ইব্ন মা'কাল আন্-নাসাফী (রহ.) বলেন, আমি ইমাম বুখারী (রহ.) কে তাঁর জামি' গ্রন্থ সম্পর্কে বলতে শুনেছি। তিনি বলেন, "আমি আমার জামি' গ্রন্থটিতে সহীহ্ হাদীছ ব্যতীত একটি হাদীছও লিপিবদ্ধ করি নি এবং গ্রন্থটি অনেক বৃদ্ধি হওয়ার ভয়ে অসংখ্য সহীহ্ হাদীছ ত্যাগ করেছি।[২৫৭] ইমাম বুখারী (রহ.)-এর সহীহ্ হাদীছ নির্বাচন প্রসংগে 'আল্লামা ইব্ন হাজার 'আসকালানী (রহ.) (৭৭৩-৮৫২ হি.) বলেন, "নিশ্চয় সহীহ্ হাদীছ ব্যতীত ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলনের অন্য কোন উদ্দেশ্য ছিলনা।[২৫৮] শুধু মাত্র সহীহ্ হাদীছ নির্বাচনের ব্যাপারে ইমাম বুখারী (রহ.) নিজেই বলেন, "আমি এ গ্রন্থে সহীহ্ হাদীছ ব্যতীত একটি হাদীছও সংযোজন করিনি। আর (গ্রন্থের পরিধি ব্যাপক হওয়ার কারনে) অনেক সহীহ্ হাদীছ লিপিবদ্ধ না করে ছেড়ে দিয়েছি"[২৫৯] যদি তিনি তাঁর মুখস্থ সকল হাদীছ জামি' গ্রন্থে স্থান দিতেন তাহলে গ্রন্থটি অত্যন্ত দীর্ঘ হতো। কারণ ইমাম বুখারী (রহ.) এক হাজার হাফিযুল হাদীছ[২৬০] শায়খ হতে হাদীছ বর্ণনা করেছেন।[২৬১] সুতরাং উল্লেখিত বর্ণনা দ্বারা আমরা স্পষ্টভাবে

---

[২৫৭] পূর্বোক্ত, পৃ. ০৯; ইয়াহ্ইয়া ইব্ন শারফ আন্-নবভী : তাহযীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, পৃ.৭৪; মুহাম্মদ সেকান্দার 'আলী : তারাজিমুল মুহাদ্দিছীন, পৃ. ৯১।

[২৫৮] ইব্ন হাজার 'আস কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ. ০৮; মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : বুখারী শরীফ, (উর্দু) প্রাগুক্ত, পৃ. ২৫।

[২৫৯] পূর্বোক্ত, পৃ. ০৭; 'আল্লামা বদরুদ্দীন আল-'আয়নী : 'উমদাতুল কারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ. ১০।

[২৬০] খতীব আল-বাগদাদী : তারীখু বাগদাদ, খ.২য়, প্রাগুক্ত, পৃ. ৯০; ইয়াহ্ইয়া ইব্ন শারফ আবূ যাকারিয়া, আন্-নবভী : তাহযীবুল আসমা' ওয়াল লুগাত, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৪।

[২৬১] শামসুদ্দীন আয্-যাহাবী : তাযকিরাতুল হুফ্ফায, (উর্দু) খ.১ম, প্রাগুক্ত, পৃ. ২৫।

উল্লেখ্য যে, আধুনিক ফুকাহায়ে কেরামের মতে হাফিযুল হাদীছ বলতে –

(من حفظ غالب أصول الحديث و فروعه بلا تخصيص الحفظ بعدد معين كمائة الف حديث) "যিনি উসূল (মৌলিক) এবং ফুরূ' (শাখা-প্রশাখা) সম্পর্কিত অধিকাংশ হাদীছ মুখস্থ করেছেন, তাঁকে হাফিযুল হাদীছ বলা হয়। তার জন্য নির্দিষ্টভাবে এক লক্ষ হাদীছের হাফিয হওয়া শর্ত নেই। দ্র.- তাকীউদ্দীন নদভী : 'ইলমু রিজালিল্ হাদীছ, ১ম সং, (লক্ষ্ণীঃ

বলতে পারি যে, ইমাম বুখারী (রহ.) হাদীছ সংকলনে একমাত্র সহীহ্ হাদীছই নির্বাচন করেছেন।

✲ "رَاوِيْ" ও "مَرْوِيْ عَنْهُ" উভয়ের মধ্যে সাক্ষাত প্রমাণিত হতে হবে :

এ প্রসংগে ড. মুস্তফা আস-সুবা'ঈ তাঁর গ্রন্থে বলেন[২৬২] : "ইমাম বুখারী (রহ.) রাসূলুল্লাহ (সা.)-এর হাদীছ সংকলনের ক্ষেত্রে সহীহ্ হাদীছ ব্যতীত অন্য হাদীছ সংকলন করেন নি। হাদীছ বর্ণনার ক্ষেত্রে তিনি মুত্তাসিল সনদসহ[২৬৩] বর্ণনা করতেন। বর্ণনাকারী সুস্পষ্ট 'আদালাত[২৬৪] যাবত্ এবং সাক্ষাত প্রমাণিত হতে হবে। তিনি বর্ণনাকারী (رَاوِيْ) ও যার নিকট বর্ণনা করা হয়েছে (مَرْوِيْ عَنْهُ) উভয় ক্ষেত্রে শুধু সমসাময়িক হওয়াটা যথেষ্ট মনে করতেন না। বরং দুই জনের মধ্যে সাক্ষাত হওয়াটা স্পষ্ট প্রমাণিত হতে হবে।[২৬৫] আর সকল হাদীছ গ্রন্থের মাঝে অত্যন্ত গুরুত্বপূর্ণ কঠিন শর্ত মোতাবেক উত্তীর্ণ সর্বপ্রথম যে সহীহ্ গ্রন্থ রচনা হয় তা হলো, সহীহ্ বুখারী শরীফ।

✲ সহীহ্ হাদীছ নির্বাচনের কারণ

সহীহ্ হাদীছ সংকলনের কারণ প্রসংগে হাফিয ইব্ন হাজার 'আস্কালানী (রহ.) বলেন, "অধিকাংশ হাদীছ বিশারদগণ যখন 'সনদ'[২৬৬] (سند) আকারে হাদীছ সংকলন করতেন, তাঁদের মধ্যে যাঁরা অধ্যায় ও সনদের মধ্যে সমন্বয় সাধন করে হাদীছ লিপিবদ্ধ করতেন। তাঁদের মধ্যে অন্যতম ছিলেন : আবূ বকর ইব্ন আবূ শায়বা (রহ.)। ইমাম বুখারী (রহ.) এই সকল সংকলন, বর্ণনা ধারা, লিখন ও বিন্যাস পদ্ধতি অবলকন করেন, তখন তিনি দেখতে পান ঐ সমস্ত কিতাবে সহীহ্ ও হাসান হাদীছের একই স্তরে বিন্যাস এবং পাশাপাশি অসংখ্য য'ঈফ হাদীছ বিদ্যমান। তখন ইমাম বুখারী (রহ.)-এর মনে দৃঢ়তার সাথে সাড়া দিল যে, এমন হাদীছের গ্রন্থকে মহামূল্যবান বলা যায় না। ফলে তিনি সহীহ্ হাদীছ সংকলন কাজে আত্মনিয়োগ ও সুদৃঢ় পরিকল্পণা গ্রহণ করলেন। ইমাম বুখারী (রহ.) সহীহ্ হাদীছ সংকলনের ক্ষেত্রে এমন কিছু মানহাজ গ্রহণ করলেন, যাতে কোন মানুষের মনে, বিশেষ করে হাদীছ জ্ঞান পিপাসু ও গবেষকদের মনে কোন সন্দেহ না থাকে।"[২৬৭]

মাতবা'আতু নদওয়াতিল 'উলামা, ১৪০৫/১৯৮৫) পৃ. ২১১-২১২; ইব্ন বাদরান : মুকাদ্দামাতু তাহ্যীবিত্ তারীখ দিমাশক্, খ.১ম, ২য় সং, (বৈরূত : ১৩৯৯ হি.) পৃ. ২০।

[২৬২] ড. মুসতাফা আস-সুবা'ঈ : আস-সুন্নাতু ওয়া মাকানাতুহা ফীত তাশরী'ঈল ইসলামী, ২য় সং, প্রাগুক্ত, পৃ. ৪৪৫। মূল 'আরবী :

" و لم يخرج فيه إلاّ ماصحّ عن رسول ﷺ بالسند المتصل الذي توفر في رجاله العدالة و الضبط و اللقي، و لم يكن يكتفي بامكان معاصرة التلميذ للشيخ، بل لا بد من ثبوت سماعة منه و لقياه له، و بهذا كان أول كتاب في السنة علي هذه الشروط الدقيقة."

[২৬৩] মুত্তাসিল সনদ বলতে সনদের প্রথম থেকে শেষ পর্যন্ত বর্ণনার ধারাবাহিকতা মিল থাকা এবং সনদের কোন স্তরে রাবী বাদ না পড়া। দ্র.- ড. মাহ্মূদ আত-তাহ্হান : তাইসীরু মুসতাহিল হাদীছ, প্রাগুক্ত, পৃ. ৩৩।

[২৬৪] আদালত বলতে শরী'আতের নিষিদ্ধ এবং ভদ্রতা ও শলীনতা বিরোধী কোন কাজে লিপ্ত না হওয়া। দ্র.- মাওলানা নূর মুহাম্মদ 'আজমী : হাদীছের তত্ত্ব ও ইতিহাস, ৪র্থ সং, প্রাগুক্ত, পৃ. ০৪; মুফতী 'আমীমূল ইহ্সান : হাদীছ সংকলনের ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৩৯।

[২৬৫] সমগ্র জীবনে অন্তত একবার হলেও সাক্ষাতের শর্তারোপ করেছেন। দ্র.- মুহাম্মদ আনোয়ার শাহ্ কাশমেরী : ফয়জুল বারী, মুকাদ্দামা, খ.১ম. প্রাগুক্ত, পৃ. ৩৫; সিদ্দিক হাসান খান : আল-হিত্তাহ্, প্রাগুক্ত, পৃ. ২৯৬-২৯৭।

[২৬৬] মুসনাদ (مُسْنَدٌ) : একবচন, বহুবচনে মাসানীদ (مَسَانِيْد) অর্থ : সন্দেহযুক্ত। এর পরিভাষাটি তিনটি অর্থে ব্যবহৃত হয়। তা হলো:

(এক) মুত্তাসিল মারূফ্' (مُتَّصِلُ مَرْفُوْع) রিওয়ায়াত কে মুসনাদ বলে।

(দুই) ঐ গ্রন্থকে 'মুসনাদ' বলা হয়, যাতে প্রত্যেক সাহাবীর বর্ণিত হাদীছসমূহ পৃথক পৃথকভাবে সন্নিবেশিত করা হয়েছে।

(তিন) রাবীগণের বর্ণনা পরম্পরাকে 'মুসনাদ' বলা হয়। তখন সনদের প্রতিশব্দ হিসাবে ব্যবহৃত হয়।

দ্র.- মাসিক দাওয়াতুল হক, (ড. মুহাম্মদ নেসার 'আলী : আন্-নাহজুল হাদীছ), ৪র্থ বর্ষ, ৩৯ সংখ্যা, (মাক্কাতুল মুকার্‌রমাহ : রাবিতাতুল্ 'আলামিল ইসলামী, মার্চ ১৪০৫/১৯৮৫), পৃ. ২০-২১; যা'ফর আহ্মদ আল-'উছমানী : ই'লাউস্ সুনান, খ.১ম, (করাচী : ইদারাতুল কুরআন ওয়াল 'উলূম আল-ইসলামিয়্যা, তা.বি) পৃ. ২০।

[২৬৭] ইব্ন হাজার 'আস্কালানী : হুদা আস-সারী, প্রাগুক্ত, পৃ.৭। মূল 'আরবী :

" مَنْ صَنَّفَ عَلَي الأَبْوَابِ وَ عَلَي الْمَسَانِيْدِ مَعًا كَابِيْ بَكْرِ بْنِ ابِيْ شَيْبَةَ, فَلَمَّا رَاٰيَ الْبُخَارِيْ رحمه الله هذه التَّصَانِيْفُ وَ رَوَاهَا وَ إِنْتَشَقَ رِيَاهَا وَ إِسْتَجْلِي مُحَيَاهَا, وَجَدَهَا بِحَسَبِ الْوَضْعِ جَامِعَة بَيْنَ مَا يَدْخُلُ تَحْتَ التَّصْحِيْحِ وَ التَّحْسِيْنِ وَ الْكَثِيْرِ مِنْهَا يَشْمِلُهُ التَّضْعِيْفِ, فَلاَ يُقَالُ لَغثه سَمِين, فَحرِكَ هِمَّتَهُ لِجَمْعِ الْحَدِيْثُ الصَّحِيْحُ الَّذِيْ لاَيَرْتَابُ فِيْهِ أَمِيْن, وَ قَوِي عَزْمَهُ عَلَي ذٰلِكَ."

পঞ্চম অধ্যায়

সহীহ্ হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধ করণে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি

- পরিচ্ছেদ শিরোনামে কুরআ'নের আয়াত আনয়নে বিভিন্ন পদ্ধতি অবলম্বন
- সরাসরি কুরআ'নের আয়াত দিয়ে পরিচ্ছেদ শুরু
- কুরআ'নের আয়াত লিখার ক্ষেত্রে ভাষাগত বিভিন্ন পদ্ধতি অবলম্বন
- একই আয়াত দিয়ে একাধিক পরিচ্ছেদের নামকরণ
- তাবি'ঈ ও সাহাবীদের উদ্ধৃতি দিয়ে পরিচ্ছেদ শুরু
- পরিচ্ছেদ শিরোনাম লিখে কুরআ'নের আয়াতকে দলীল হিসেবে উপস্থাপন
- হাদীছের মূল অংশকে দলীল হিসেবে উপস্থাপন
- আগে কুরআ'নের আয়াত পরে পরিচ্ছেদ শিরোনাম উপস্থাপন
- পরিচ্ছেদ শিরোনামে শুধু কুরআ'নের আয়াত পর পর উল্লেখ
- "ترجمة الباب" না লিখে কুরআ'নের আয়াত উল্লেখ
- অধ্যায় (كتاب)-এর নাম লিখেই হাদীছ উপস্থাপন
- জটিল জটিল শব্দের বিশ্লেষণ
- রাসূলুল্লাহ (সা.)-এর বাণী দ্বারা 'পরিচ্ছেদ শিরোনাম' উপস্থাপন

- রাসূলুল্লাহ (সা.)- এর 'আমল দ্বারা পরিচ্ছেদ শিরোনাম
- রাসূলুল্লাহ (সা.)-এর নিষেধাজ্ঞা সূচক বাণী দ্বারা পরিচ্ছেদ
- রাসূলুল্লাহ (সা.)-এর নির্দেশ দ্বারা পরিচ্ছেদ
- রাসূলুল্লাহ (সা.) নিষেধ করার পরে পুনঃ অনুমতি দ্বারা পরিচ্ছেদ শিরোনাম
- পরিচ্ছেদ শিরোনাম লিখার পর ঐ পরিচ্ছেদের বিশ্লেষণ
- পরিচ্ছেদ শিরোনাম না লিখেই ঐ পরিচ্ছেদ সরাসরি হাদীছ উল্লেখ
- পরিচ্ছেদ শিরোনাম ভিন্ন ভিন্ন লিখার পর ঐ পরিচ্ছেদ একই হাদীছ বর্ণনা
- পরিচ্ছেদ শিরোনামে 'ফিক্হী মাসআলা' বর্ণনা
- শুধু (باب) 'পরিচ্ছেদ' দিয়েই হাদীছ বর্ণনা
- পরিচ্ছেদ শিরোনামে "বিভিন্ন 'আমলের ফযীলত" বর্ণনা
- সাহাবায়ে কেরামদের 'আমল দ্বারা পরিচ্ছেদ শিরোনাম
- 'প্রশ্ন' দ্বারা পরিচ্ছেদ শিরোনাম বর্ণনা
- পরিচ্ছেদ শিরোনামে সাহাবায়ে কেরামদের উদ্ধৃতি উল্লেখ
- পরিচ্ছেদ শিরোনাম হাদীছ বর্ণনাকারী তাবি'ঈ-এর উদ্ধৃতি উল্লেখ
- পরিচ্ছেদ শিরোনামে ইমাম বুখারী (রহ.)-এর মন্তব্য
- "بسم الله الرحمن الرحيم"-এর বিশ্লেষণ
- একই পরিচ্ছেদ পর পর দু'বার 'পরিচ্ছেদ শিরোনাম' উল্লেখ

- গ্রন্থে "قَالَ بَعْضُ النَّاسِ" বাক্যটি উল্লেখ
- গ্রন্থে "قَالَ فُلَانٌ" বাক্যটি উল্লেখ
- বড় বড় 'পরিচ্ছেদ শিরনাম' উল্লেখ করে এর বিশ্লেষণ
- পরিচ্ছেদ শিরোনাম (تَرْجَمَةُ الْبَابِ)-এর তাৎপর্য
- বর্ণনাকারীর নাম উল্লেখ না করে يُ অথবা رُوِيَ শব্দ উল্লেখ
- তাসমিয়াহ-এর মাধ্যমে ওহী দ্বারা গ্রন্থের সূচনা
- পুনরুল্লেখ (تَكْرَار) হাদীছ উপস্থাপন
- সহীহুল বুখারী-এর প্রথম এবং শেষ হাদীছের মধ্যে সম্পর্ক

পঞ্চম অধ্যায়

সহীহ্ হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধ করণে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি

এ অধ্যায়ের মধ্যে আমাদের গ্রন্থের মূল শিরোনামের দ্বিতীয়াংশ "সহীহ্ হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধ করণে ইমাম বুখারী (রহ.)-এর কর্মপদ্ধতি" সম্পর্কে তথ্যবহুল আলোচনা করা হয়েছে। এ অধ্যায়কে আমরা কোন পরিচ্ছেদে বিভক্ত না করে সরাসরি ৩৮টি শিরোনামে ইমাম বুখারী (রহ.)-এর হাদীছ সংকলন ও গ্রন্থাবদ্ধকরণে কর্মপদ্ধতিসমূহ নিম্নে ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়েছে।

✲ পরিচ্ছেদ শিরোনামে কুরআ'নের আয়াত আনয়নে বিভিন্ন পদ্ধতি অবলম্বন

ইমাম বুখারী (রহ.) তাঁর গ্রন্থে প্রতিটি অধ্যায়ে "تَرْجَمَةُ الْبَابِ" বা পরিচ্ছেদ শিরোনামে কুরআ'নের আয়াত আনয়নের ক্ষেত্রেও বিভিন্ন পদ্ধতি অবলম্বন করেছেন। যেমন : তিনি কখনও পরিচ্ছেদ শিরোনাম প্রদান এভাবে লিখেছেন, "পরিচ্ছেদ : আল্লাহর বাণী" (بَابُ قَوْلِ اللهِ تَعَالَى)। নিম্নে উদাহরণ হিসেবে কয়েটি পরিচ্ছেদ উল্লেখ করা হলো:

অধ্যায়ের নাম	আয়াত নং	পরিচ্ছেদ শিরোনাম	পরিচ্ছেদ নং
كتابُ العلمِ	১৭ : ৮৫	بابُ قَوْلِ اللهِ تعالي : وَمَا أُوْتِيْتُمْ مِنَ العِلْمِ إلا قَلِيْلاً.[٢٦٨]	৮৯
كتابُ الحَيض	২২ : ৫	بابُ قَوْلِ اللهِ عَزَّ وَ جَلَّ : مُخَلَّقَةٍ و غَيرِ مُخَلَّقَةٍ .[٢٦٩]	২১৯

[২৬৮] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, (আসাহ্‌হুল মাতাবি', তা.বি.), পৃ.২৪; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.১ম, ৫ম সং, (ঢাকা : ই.ফা.বা, ১৪২৫/২০০৪), পৃ.৮৮।

[২৬৯] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৪৬; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১৭৫।

২৩৩	بابُ قَوْلِ اللهِ عَزَّ وَ جَلَّ : فَلَمْ تَجِدُوْا مآءً فتيَمَّمَوا صعيداً طيباً فامسَحُوْا بوجوهِكُمْ و اَيْديكم مِنهُ.[২৭০]	৪ : ৪৩	كتابُ التيمم
২৭১	بابُ قَوْلِ اللهِ تَعالي : وَ إتَّخِذُوا مِنْ مقامِ إبرهيمَ مُصَلّي.[২৭১]	২ : ১২৫	كتابُ الصلواة
৩৫২	بابُ قَوْلِ اللهِ : مُنِيْبِيْنَ إليهِ واتَّقوهُ و اَقِيْمُوا الصَّلاةَ و لاتكونوا مِنَ المُشرِكِينَ[২৭২]	৩০ : ৩১	كتابُ مَواقيتُ الصلواة
৫৯৪	بابُ قَوْلِ اللهِ تَعالي : فإذا قُضِيَتِ الصَّلاةُ فإنتشِروا في الارضِ و إبتغُوا مِنْ فَضْلِ اللهِ.[২৭৩]	৬২ : ১০	ـبُ الجُمُعَةِ
৬৬২	بابُ قَوْلِ اللهِ تَعالي : وَ تَجْعَلُوْنَ رِزْقَكُمْ اَنكُمْ تُكذبونَ.[২৭৪]	৫৬ : ৮২	كتابُ الإسْتِسْقَاء

[২৭০] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ ৪৭; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১৮৫।

[২৭১] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৫৭; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২২২।

[২৭২] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৫; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.২য়, ৫ম সং, (ঢাকা : ই.ফা.বা, ১৪২৫/২০০৪),পৃ.৪।

[২৭৩] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১২৮; খ.২য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১৯৪।

[২৭৪] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১৪১; খ.২য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৫০।

৯০৯	بابُ قَوْلِ اللهِ تعالي : فَامَّا مَنْ اعطَي واتَّقي وَ صدقَ بِالحُسْني فسَنُيَسره لليُسري و امَّا مَنْ بَخِلَ و استغني.[২৭৫]	৯২ : ৫-৮	كتابُ الزكاةِ
৯৩১	بابُ قَوْلِ اللهِ تَعالي : وَ فِيْ الرِقَابِ وَ الغَارِمِيْنَ وَ فِيْ سَبِيْلِ اللهِ.[২৭৬]	৯ : ৬০	كتابُ الزكاةِ
৯৩৫	بابُ قَوْلِ اللهِ تَعالي : لاَيَسْئَلُوْنَ النَاسَ إلْحافا.[২৭৭]	২ : ২৭৩	كتابُ الزكاةِ
৯৪৯	بابُ قَوْلِ اللهِ تَعالي : و العامِلِينَ عليهاَ.[২৭৮]	৯ : ৬০	كتابُ الزكاةِ
৯৬২	بابُ قَوْلِ اللهِ تَعالي : يأْتُوْكَ رِجلاً و علي كُل ضامِرٍ يأْتِينَ مِنْ كُل فَجٍّ عَميقٍ لِيَشْهدوا مَنافِعَ لهم.[২৭৯]	২২ : ২৭	كتابُ المَنَاسِكِ

[২৭৫] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১৯৩; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.৩য়, ৪র্থ সং, (ঢাকা : ই.ফা.বা,১৪০৯/১৪২৪), পৃ.২৭।

[২৭৬] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১৯৮; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৪৩।

[২৭৭] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.১৯৯; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৪৭।

[২৭৮] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২০৩; খ.৩য় , (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৫৯।

[২৭৯] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২০৫; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৬৭।

كتابُ	আয়াত	باب	নং
كتابُ المَناَسِكِ	২ : ১৯৭	بابُ قَوْلِ اللهِ تعالي : وَ تَزَوَّدُوْا فَإن خَيْرَ الزادِ التقْوَى.[২৮০]	৯৬৬
كتابُ المَناَسِكِ	২ : ১৯৭	بابُ قَوْلِ اللهِ تعالي : الحَجُّ اَشْهُر معْلُومات فَمَنْ فَرَض فِيْهِنَّ الحجَّ فَلاَ رَفَثَ وَ لاَ فُسُوْقَ لاَ جِدَالَ في الحجِّ.[২৮১]	৯৯৩
كتابُ المَناَسِكِ	২ : ১৯৬	بابُ قَوْلِ اللهِ تعالي : ذالكَ لِمَنْ لم يَكُنْ اَهْلُه حَاضِرِى المَسْجِدِ الحَرَامِ.[২৮২]	৯৯৭
كتابُ المَناَسِكِ	৬ : ৯৭	بابُ قَوْلِ اللهِ تعالي : جَعَلَ اللهُ الكَعْبَةَ البَيْتَ الحَرَامَ قِيمًا لِلناسِ و الشهْرَ الحَرَام.[২৮৩]	১০০৭
كتابُ المَناَسِكِ	২ : ১৯৭	بابُ قَوْلِ اللهِ تعالي : وَ لاَ فُسُوْقَ وَ لاَ جِدَالَ فِي الحَجِّ.[২৮৪]	১১৪২

[২৮০] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২০৬; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৭০।
[২৮১] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২১১; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৮৬।
[২৮২] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২১৩; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৯৩।
[২৮৩] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২১৬; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১০২।
[২৮৪] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৪৫; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২০১।

كتابُ	আয়াত	باب	নং
كتابُ البُيُوْعِ	২ : ২৬৭	بابُ قَوْلِ اللهِ تَعالي : إنْفِقُوْا مِنْ طَيباتِ ما كَسَبْتُمْ.[২৮৫]	১২৮৮
كتابُ الكَفَالَةِ	৪ : ৩৩	بابُ قَوْلِ اللهِ تَعالي : وَ الذِيْنَ عَقَدَتْ اَيْمانُكُمْ فاتُوْهُمْ نَصِيْبَهُم.[২৮৬]	১৪২৬
كتابُ المظالِمِ و القِصَاصِ	২ : ২০৪	بابُ قَوْلِ اللهِ تَعالي : وَ هُوَ اَلَد الخِصَامِ.[২৮৭]	১৫৩৯
كتابُ الصلحِ	৪ : ১২৮	بابُ قَوْلِ اللهِ تَعالي :اَنْ يصالَحَا بَيْنَهُمَا صُلْحاً وَ الصلْحُ خَيْر.[২৮৮]	১৬৭৬
كتابُ الجِهَادِ	৪ : ৪১	بابُ قَوْلِ اللهِ تَعالي : فَإن لِلَّهِ خُمُسَهُ وَ لِلرسُوْلِ.[২৮৯]	১৯৭৪

[২৮৫] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৭৭; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.৪র্থ, ৩য় সং, (ই.ফা.বা, ১৪২৪/২০০৩), পৃ.১০।
[২৮৬] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৩০৬; খ.৪র্থ, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১৩৯।
[২৮৭] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৩৩২; খ.৪র্থ, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৫৪।
[২৮৮] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৩৭১; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.৫ম, ৩য় সং, (ই.ফা.বা, ১৪২৪/২০০৩), পৃ.২৮।
[২৮৯] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৪৩৯; খ.৫ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৯৮।

সরাসরি কুরআ'নের আয়াত দিয়ে পরিচ্ছেদ শুরু

ইমাম বুখারী (রহ.) কখনও কখনও পরিচ্ছেদে শিরোনামে কুরআনের আয়াত লিখার ক্ষেত্রে "بَابُ قَوْلُ اللهِ تعالي" উল্লেখ না করেই সরাসরি কুরআ'নের আয়াত দিয়ে পরিচ্ছেদে শুরু করেছেন। নিম্নে এ জাতীয় কয়েটি পরিচ্ছেদ উল্লেখ করা হলো :

অধ্যায়ের নাম	আয়াত নং	পরিচ্ছেদ শিরোনাম	পরিচ্ছেদ নং
كِتَابُ الإِيْمَانِ	৯ : ৫	بَابُ فَإِنْ تابوْا وَاَقَامُوا الصلاةَ و اتوُا الزكواةَ فَخَلوْا سَبِيْلَهُمْ.[٢٩٠]	১৭
كِتَابُ المَنَاسِكِ	২ : ১৯৬	بَابُ فَمَنْ تَمتعَ بالعمرةِ الي الحَجِّ فَما إستَيْسَرَ مِنَ الهَدْيِ.لَمْ يَكُنْ اهله حاضري المسجدِ الحَرَامِ.[٢٩١]	১০৬৩
كِتَابُ المَنَاسِكِ	২২ঃ২৬-৩০	بَابُ وَإِذْ بَوأنَا لإبْراهيمَ مَكَانَ البَيْتِ اَنْ لاتُشْرِكَ بِيْ شَيْأً وطَهِّرْ بَيْتِيَ لِلطائِفِيْنَ وَ القَاءِمِيْنَ وَ الركعِ. الخ[٢٩٢]	১০৮৪
كِتَابُ الصوْمِ	২ : ১৮৪	بَابُ وَ عَلَي الذينَ يُطيْقُوْنَ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ.[٢٩٣]	১২২১

২৯০ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম. প্রাগুক্ত, পৃ.৮; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৩ ।

২৯১ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২২৮; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১৪৩ ।

২৯২ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৩২; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১৫৬ ।

২৯৩ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৬১; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৬৩ ।

অধ্যায়ের নাম	আয়াত নং	পরিচ্ছেদ শিরোনাম	পরিচ্ছেদ নং
كِتَابُ البُيُوْعِ	২ : ২৭৬	بابُ يَمْحَقُ اللهُ الربوا و يُرْبِي الصدَقَاتِ و اللهُ لا يُحِب كُلَّ كَفارٍ اَثِيْمٍ[٢٩٤]	১৩০২
كِتَابُ المغازي	৩ : ১২২	بابُ إِذْ هَمتْ طَائِفَتَانِ مِنْكُمْ اَنْ تَفْشلاَ وَ اللهُ و لِيهُمَا و عَلَي اللهِ فَلْيَتَوَكلِ المُؤمِنُوْنَ.[٢٩٥]	২১৮০
كِتَابُ المغازي	৩ : ১৫৩	بابُ إِذْ تُصْعِدُوْنَ وَلاَ تَلْوُوْنَ عَلي اَحَدِ و الرسُوْلُ يَدْعُوْكُمْ فِيْ اُخْرٰكُمِ.الخ.[٢٩٦]	২১৮২
كِتَابُ المغازي	৩ : ১২৮	بابُ لَيْسَ لَكُم مِنَ الأمرِ شَيْءٌ او يَتُوْبَ عَلَيْهِمْ اَوْ يُعَذبَهُمْ فَانهُمْ ظَالِمُوْنَ.[٢٩٧]	২১৮৩
كِتَابُ التفْسِيرِ	২ : ১৮৩	بابُ يَا اَيُّهَا الذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمْ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَي الذينَ مِنْ قَبْلِكُمْ لعلكُمْ تَتقُوْنَ.[٢٩٨]	২২৭৭

২৯৪ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৮০; খ.৪র্থ, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৪ ।

[illegible] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৫৮০; মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.৭ম, ৩য় সং, (ই.ফা.বা, ১৪২৪/২০০৩), পৃ.২৫ ।

২৯৬ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৫৮২; খ.৭ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৩১ ।

২৯৭ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৫৮২; খ.৭ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৩২ ।

২৯৮ মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৬৪৬ ; খ.৭ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.২৭১ ।

كِتَابُ الآدابِ	৪৯ : ১২	بابُ يَاأَيُّهَا الَّذينَ آمَنُوْا إجتَنِبُوْا كَثِيْرًا مِنَ الظَنِّ إن بَعْضَ الظَنِّ إثْمٌ وَ لاتَجَسَّسُوْا.[٢٩٩]	২৪৯০
كِتَابُ الإِسْتأذانِ	৫৮ : ১১	بابُ إِذَا قِيلَ لَكُمْ تَفَسَّحُوْا فِي المَجْلِسِ فَافْسَحُوْا يَفْسَحِ اللهُ لَكُمْ وَ إِذَا قِيلَ إنْشُزُوْا فَانْشُزُوْا الآيةَ.[٣٠٠]	২৫৯২

এ ছাড়াও 'তাফসীর' আধ্যায়ে ৪৮১ টি পরিচ্ছেদ শিরোনামে কুরআনের আয়াত উল্লেখ করেছেন।

✲ কুরআ'নের আয়াত লিখার ক্ষেত্রে ভাষাগত বিভিন্ন পদ্ধতি অবলম্বন

ইমাম বুখারী (রহ.) কখনও কখনও পরিচ্ছেদে শিরোনাম প্রণয়নে কুরআ'নের আয়াত লিখার ক্ষেত্রে ভাষাগত বিভিন্ন পদ্ধতি অবলম্বন করেছেন। নিম্নে উদাহরণ হিসেবে এ জাতীয় কয়েটি পরিচ্ছেদ উল্লেখ করা হলো :

অধ্যায়ের নাম	আয়াত নং	পরিচ্ছেদ শিরোনাম	পরিচ্ছেদ নং
كِتَابُ البُيُوْعِ	৬২ : ১০	بَابُ مَا جَاءَ فِي قَوْلِ اللهِ تَبارَكَ وَ تَعالي: فَإذا قُضِيَتِ الصلواةُ فَانْتَشِرُوْا فِي الأَرْضِ .الخ[٣٠١]	১২৭৭

[২৯৯] মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৮৯৬; মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.৯ম, ৩য় সং, (ঢাকা : ই.ফা.বা, ১৪২৪/২০০৩) পৃ.৪৩২।

[৩০০] মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৯২৭; খ.৩য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৫৩৪।

[৩০১] মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৭৪ ; খ.৪র্থ, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ৩ ।

كِتَابُ الوصايا	১১ : ৪	بَابُ تَاوِيْلِ قَوْلِ اللهِ تَعالي: مِنْ بَعْدِ وَصيةٍ يُوْصِيْ بِهاَ اَوْ دَيْنٍ.[٣٠٢]	১৭১৪
كِتَابُ الجهادِ	১৬৯ : ৩	بَابُ فَضْلِ قَوْلِ اللهِ تَعالي : وَلاتَحْسَبَنَّ الذيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللهِ اَمْواتًا بَلْ اَحْيَاء.[٣٠٣]	১৭৬০
كِتَابُ الفتنِ		بَابُ مَا جَاءَ فِي قَوْلِ اللهِ: وَاتَّقُوْا فِتْنَةً لاَ تُصِيبَنَّ الذينَ ظَلَمُوْا مِنكُم خاصةً.[٣٠٤]	২৯৭৭

✲ একই আয়াত দিয়ে একাধিক পরিচ্ছেদের নামকরণ

ইমাম বুখারী (রহ.) কখনও কখনও একই আয়াত দিয়ে একাধিক পরিচ্ছেদ শিরোনাম প্রদান করেছন। নিম্নে উদাহরণ হিসেবে দুটি পরিচ্ছেদ উল্লেখ করা হলো :

[৩০২] মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৩৮৪; খ.৫ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.৮৩।

[৩০৩] মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.২য়, প্রাগুক্ত, পৃ.৩৯৫; খ.৫ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১২৭।

[৩০৪] মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম,প্রাগুক্ত, পৃ.১০৪৫; মুহাম্মদ ইব্ন ইসমা'ঈল : বুখারী শরীফ, অনুঃ সম্পা. পরিষদ, খ.১০ম, ৩য় সং, (ঢাকা : ই.ফা.বা, ১৪২৪/২০০৩), পৃ.৩৬৭।

অধ্যায়ের নাম	আয়াত নং	পরিচ্ছেদ শিরোনাম	পরিচ্ছেদ নং
كِتَابُ الْبُيُوْعِ	৬২ : ১১	بابُ قَوْلِ اللهِ تَعالي : وَاذَا رَأَوْا تِجارَةً اَوْ لَهْوَا نِ انفَضُّوْا اِلَيْهَا .[305]	১২৮২
كِتَابُ الْبُيُوْعِ	৬২ : ১১	بابُ قَوْلِ اللهِ تَعالي: وَاذَا رَأَوْا تِجارَةً اَوْ لَهْوَا نِ انفَضُّوْا اِلَيْهَا وَ تَرَكُوْ كَ قَائِمًا.[306]	১২৮৭

✡ তাবি'ঈ ও সাহাবীদের উদ্ধৃতি দিয়ে পরিচ্ছেদ শিরোনামে

ইমাম বুখারী (রহ.) কখন ও কখন ও পরিচ্ছেদ শিরোনামে হাদীছ বর্ণনাকারী প্রখ্যাত তাবি'ঈ ও সাহাবীদের উদ্ধৃতি দিয়ে পরিচ্ছেদে শুরু করেছেন। নিম্নে উদাহরণ হিসেবে কয়েটি পরিচ্ছেদ উল্লেখ করা হলো ঃ

অধ্যায়ের নাম	পরিচ্ছেদ শিরোনাম	পরিচ্ছেদ নং
كتابُ العلمِ	بَابُ الحَيَاءِ فِى العلمِ و قال مُجاهدٌ لاَيَتَعَلَّمُ العِلْمَ مُسْتَحْي ولاَ مُسْتَكْبِرو قالتْ عائشة نِعْمَ النساءُ نِساءُ الأنصارِ لم يُمْنَعْهُنَّ الْحَيَاءُ اَنْ يَتَفَقَّهنَ فِي الدِينِ.[307]	৯২
كتابُ الصلاةِ	بَابُ المَسْجِدِ يَكُوْنُ فِي الطريقِ مِنْ غَيرِ ضَرَرٍ بالناسِ، و بهِ قَالَ الحَسَنُ وَ اَيوْبُ وَ مَالِك.[308]	৩২৭
كتابُ الصلاةِ	بَابُ الصلاَةِ فِي مَسْجِدِ السوقِ و صَلي اِبْنُ عَوْنٍ فِيْ مَسْجِدٍ فِيْ دارٍ يُغلَقُ عَلَيْهِمُ البَابُ.[309]	৩২৮
كتاب مُواقِيْتِ لصلاةِ	بابُ وَقْتِ المَغربِ و قَالَ عَطَاءٌ يَجْمَعُ المَرِيضُ بَيْنَ المَغربِ و العِشَاءِ [310]	৩৬৯
كتابُ الاَذانِ	بابُ رَفعِ الصوْتِ بِالنداءِ وَ قَالَ عُمَرُ بْنُ عَبْدِ العزيزِ اُذْنْ اَذانًا سَمْحًا وَ الا فَاعْتَزِلْنا .[311]	৩৯৭
كتابُ الاَذانِ	بابُ الكلامِ في الاَذانِ وَ تَكَلَّمُ سُلَيْمانُ بْنُ صُرَدٍ فِي اَذَانِه وَقالَ الحسنُ لاَ بَأسَ اَنْ يَضْحَكَ و هو يُؤَذِنُ اَوْ يُقِيْمُ.[312]	৪০২

[305] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৭৬; খ.৪র্থ, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১০।

[306] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.২৭৬; খ.৪র্থ, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ.১০।

[307] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ ২২; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ. ৯০।

[308] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৬; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ. ২৫৮।

[309] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৬৯; খ.১ম, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ. ২৫৯।

[310] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৭৯; খ.২য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ. ২০।

[311] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৮৫; খ.২য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ. ৪৩।

[312] মুহাম্মদ ইব্‌ন ইসমা'ঈল : সহীহুল বুখারী, খ.১ম, প্রাগুক্ত, পৃ.৮৬; খ.২য়, (ই.ফা.বা), প্রাগুক্ত, পৃ. ৪৬।

كتابُ الأذاَنِ	بابُ : قَوْلِ الرجُلِ فَاَتَتْنا الصلاةُ وَ كَرِهَ ابْنُ سِيْرِيْنَ اَنْ يَقُوْلَ فَاتَتْنا الصلاةُ [৩১৩]	৪১২
